মানুষের জ্ঞান ও ভাবকে বইয়ের মধ্যে সঞ্চিত করিবার যে একটা প্রচুর সুবিধা আছে, সে কথা কেহই অস্বীকার করিতে পারে না। কিন্তু সেই সুবিধার দ্বারা মনের স্বাভাবিক শক্তিকে একেবারে আচ্ছন্ন করিয়া ফেলিলে বুদ্ধিকে বাবু করিয়া তোলা হয়।

— রবীন্দ্রনাথ ঠাকুর

ভারতের একটা mission আছে, একটা গৌরবময় ভবিষ্যৎ আছে, সেই ভবিষ্যৎ ভারতের উত্তরাধিকারী আমরাই। নূতন ভারতের মুক্তির ইতিহাস আমরাই রচনা করছি এবং করব। এই বিশ্বাস আছে বলেই আমরা সব দুঃখ কষ্ট সহ্য করতে পারি, অন্ধকারময় বর্তমানকে অগ্রাহ্য করতে পারি, বাস্তবের নিষ্ঠুর সত্যগুলি আদর্শের কঠিন আঘাতে ধূলিসাৎ করতে পারি।

— সুভাষচন্দ্র বসু

Any system of education which ignores Indian conditions, requirements, history and sociology is too unscientific to commend itself to any rational support.

— Subhas Chandra Bose

Price : Rs. **475.00**

(*NSOU* -র ছাত্রছাত্রীদের কাছে বিক্রয়ের জন্য নয়)

Published by : Netaji Subhas Open University, DD-26, Sector-1, Salt Lake City, Kolkata-700 064 and
Printed at : Royal Hlaftone Co., 4, Sarkar Bye Lane, Kolkata-700 007

CBCS • UG • HHI • HISTORY (ইতিহাস) • CC-HI-04

NETAJI SUBHAS OPEN UNIVERSITY

Choice Based Credit System (CBCS)

SELF LEARNING MATERIAL

HHI
HISTORY

CC-HI-04

Under Graduate Degree Programme

উপক্রমণিকা

মহান দেশনায়ক সুভাষচন্দ্র বসুর নামাঙ্কিত এই মুক্ত বিশ্ববিদ্যালয়ের উন্মুক্ত শিক্ষাঙ্গনে আপনাকে স্বাগত। সম্প্রতি এই প্রতিষ্ঠান দেশের সর্বপ্রথম রাজ্য সরকারি মুক্ত বিশ্ববিদ্যালয় হিসেবে ন্যাক (NAAC) মূল্যায়নে 'এ' গ্রেড প্রাপ্ত হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন প্রকাশিত নির্দেশনামায় স্নাতক শিক্ষাক্রমকে পাঁচটি পৃথক প্রকরণে বিন্যস্ত করার কথা বলা হয়েছে। এগুলি হল—'কোর কোর্স', 'ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ', 'জেনেরিক ইলেকটিভ' এবং 'স্কিল' / 'এবিলিটি এনহ্যান্সমেন্ট কোর্স'। ক্রেডিট পদ্ধতির ওপর ভিত্তি করে বিন্যস্ত এই পাঠক্রম শিক্ষার্থীর কাছে নির্বাচনত্মক পাঠক্রমে পাঠ গ্রহণের সুবিধে এনে দেবে। এরই সঙ্গে যুক্ত হয়েছে যান্মাষিক মূল্যায়ন ব্যবস্থা এবং ক্রেডিট ট্রান্সফারের সুযোগ। শিক্ষার্থী কেন্দ্রিক এই ব্যবস্থা মূলত গ্রেড-ভিত্তিক যা অবিচ্ছিন্ন আভ্যন্তরীণ মূল্যায়নের মধ্য দিয়ে সার্বিক মূল্যায়নের দিকে এগোবে এবং শিক্ষার্থীকে বিষয় নির্বাচনের ক্ষেত্রে যথোপযুক্ত সুবিধা দেবে। শিক্ষাক্রমের প্রসারিত পরিসরে বিবিধ বিষয় চয়নের সক্ষমতা শিক্ষার্থীকে দেশের অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের আন্তঃব্যবস্থায় অর্জিত ক্রেডিট স্থানান্তরে সাহায্য করবে। শিক্ষার্থীর অভিযোজন ও পরিগ্রহণ ক্ষমতা অনুযায়ী পাঠক্রমের বিন্যাসই এই নতুন শিক্ষাক্রমের লক্ষ্য।

(UGC Open and Distance Learning Programmes and Online Programmes) Regulations, 2020 অনুযায়ী সকল উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক পাঠক্রমে এই সি.বি.সি.এস. পাঠক্রম পদ্ধতি কার্যকরী করা বাধ্যতামূলক—উচ্চশিক্ষার পরিসরে এই পদ্ধতি এক বৈকল্পিক পরিবর্তনের সূচনা করেছে। আগামী ২০২১-২২ শিক্ষাবর্ষ থেকে স্নাতক স্তরে এই নির্বাচনভিত্তিক পাঠক্রম কার্যকরী করা হবে, এই মর্মে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করেছে। বর্তমান পাঠক্রমগুলি উচ্চশিক্ষা ক্ষেত্রের নির্ণায়ক কৃত্যকের যথাবিহিত প্রস্তাবনা ও নির্দেশাবলী অনুসারে রচিত ও বিন্যস্ত হয়েছে। বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে সেইসব দিকগুলির প্রতি যা ইউ.জি.সি কর্তৃক চিহ্নিত ও নির্দেশিত।

মুক্ত বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে স্ব-শিক্ষা পাঠ-উপকরণ শিক্ষার্থী সহায়ক পরিষেবার একটি গুরুত্বপূর্ণ অংশ। সি.বি.সি.এস পাঠক্রমের এই পাঠ-উপকরণ মূলত বাংলা ও ইংরেজিতে লিখিত হয়েছে। শিক্ষার্থীদের সুবিধের কথা মাথায় রেখে আমরা ইংরেজি পাঠ-উপকরণের বাংলা অনুবাদের কাজেও এগিয়েছি। বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ শিক্ষকরাই মূলত পাঠ-উপকরণ প্রস্তুতির ক্ষেত্রে অগ্রণী ভূমিকা নিয়েছেন—যদিও পূর্বের মতই অন্যান্য বিদ্যায়তনিক প্রতিষ্ঠানের সঙ্গে সংযুক্ত অভিজ্ঞ বিশেষজ্ঞ শিক্ষকদের সাহায্য আমরা অকুণ্ঠচিত্তে গ্রহণ করেছি। তাঁদের এই সাহায্য পাঠ-উপকরণের মানোন্নয়নে সহায়ক হবে বলেই আমার বিশ্বাস। নির্ভরযোগ্য ও মূল্যবান বিদ্যায়তনিক সাহায্যের জন্য আমি তাঁদের আন্তরিক অভিনন্দন জানাই এই পাঠ-উপকরণ মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষণ পদ্ধতি-প্রকরণে নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। উন্মুক্ত শিক্ষাঙ্গনের পঠন প্রক্রিয়ায় সংযুক্ত সকল শিক্ষকের সদর্থক ও গঠনমূলক মতামত আমাদের আরও সমৃদ্ধ করবে। মুক্তশিক্ষাক্রমে উৎকর্ষের প্রশ্নে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

পাঠ-উপকরণ প্রস্তুতির সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক অভিনন্দন জানাই এবং এই উদ্যোগের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

অধ্যাপক (ড.) শুভ শঙ্কর সরকার
উপাচার্য

Netaji Subhas Open University

Under Graduate Degree Programme

Choice Based Credit System (CBCS)

নির্বাচনভিত্তিক মূল্যমান ব্যবস্থা

বিষয় : সাম্মানিক ইতিহাস

(Subject : Honours in History)

মধ্যযুগীয় বিশ্বের সমাজ গঠন ও সাংস্কৃতিক ধরন

Course Code : HI-CC-04

প্রথম মুদ্রণ : অক্টোবর, 2021

First Print : October, 2021

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দূরশিক্ষা ব্যুরোর বিধি অনুযায়ী মুদ্রিত।

Printed in accordance with the regulations of the Distance Education Bureau of the University Grants Commission.

Netaji Subhas Open University

Under Graduate Degree Programme
Choice Based Credit System (CBCS)
নির্বাচনভিত্তিক মূল্যমান ব্যবস্থা

বিষয় : সাম্মানিক ইতিহাস

(Subject : Honours in History)
Course Code : HI-CC-04
মধ্যযুগীয় বিশ্বের সমাজ গঠন ও সাংস্কৃতিক ধরন

: বিষয় সমিতি :

চন্দন বসু
Professor of History
NSOU and Chairperson, BoS

বলাই চন্দ্র বাড়ুই
Professor (Former) of History
University of Kalyani

সৌমিত্র শ্রীমানী
Associate Professor of History, NSOU

রূপ কুমার বর্মণ
Professor of History
Jadavpur University

ঋতু মাথুর (মিত্র)
Associate Professor of History, NSOU

মনোশান্ত বিশ্বাস
Assistant Professor of History, NSOU

বিশ্বজিৎ ব্রহ্মচারী
Associate Professor of History
Shyamsundar College

: রচনা :

একক ১- ১৪ : অরুণিমা রায়চৌধুরী
Assistant Professor of History
Sundarban Mahavidyalaya

একক ১৫-১৯ : অশোক কুমার চক্রবর্তী
Registrar (Former)
Institute of Historical Studies

একক ২০-২২ : লক্ষ্মী প্রামাণিক
Assistant Professor of History
Gourav Guin Memorial College

: সম্পাদনা :

একক ১-২২ : চন্দন বসু
Professor of History, NSOU

: *বিন্যাস সম্পাদনা* :

চন্দন বসু
Professor of History, NSOU

প্রজ্ঞাপন

এই পাঠ-সংকলনের সমুদয় স্বত্ব নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বারা সংরক্ষিত। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এর কোনো অংশের পুনর্মুদ্রণ বা কোনোভাবে উদ্ধৃতি সম্পূর্ণ নিষিদ্ধ।

কিশোর সেনগুপ্ত
নিবন্ধক

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

(Choice Based Credit System)

নির্বাচন ভিত্তিক মূল্যমান ব্যবস্থা

পাঠক্রম : CC-HI-04

পর্যায়-১

একক -১ ❐ প্রাচীন রোমের শাসনতান্ত্রিক ইতিহাস—প্রজাতন্ত্র, প্রিন্সিপেট এবং সাম্রাজ্য 7-14

একক ২ ❐ রোমের অধীনে ইতালির ঐক্যবদ্ধকরণ 15-27

একক ৩ ❐ রোমের কৃষিজ অর্থনীতি 28-34

একক ৪ ❐ রোমান বাণিজ্য ও নগরায়ণ 35-43

পর্যায় ২

একক ৫ ❐ প্যাট্রিসিয়ান ও প্লেবিয়ান দ্বন্দ্ব 44-53

একক ৬ ❐ প্রাচীন রোমের দাস ব্যবস্থা 54-60

একক ৭ ❐ রোমে নারীর অবস্থা 61-66

পর্যায়-৩

একক ৮ ❐ রোমের ধর্মীয় সমন্বয়বাদ 67-73

একক ৯ ❐ রোমান সভ্যতার সাহিত্য 74-82

একক ১০ ❐ রোমের শিল্প ও স্থাপত্য 83-87

পর্যায়-৪

একক ১১	❐	তৃতীয় শতাব্দীর সংকট	88-94
একক ১২	❐	কনস্টানটাইনের সংস্কার	95-102
একক ১৩	❐	পশ্চিম রোমান সাম্রাজ্যের অবক্ষয়	103-109
একক ১৪	❐	পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন	110-115

পর্যায়-৫

একক - ১৫	❐	দশম শতকের সংকট এবং সামন্ততন্ত্রের পত্তন	116-124
একক - ১৬	❐	উৎপাদন ব্যবস্থা, নগরের পত্তন এবং ব্যবসা বাণিজ্য	125-137
একক - ১৭	❐	সামন্ততন্ত্রের সংকট	138-145

পর্যায়-৬

একক - ১৮	❐	খ্রিস্টধর্ম, গীর্জা এবং পোপতন্ত্র	146-154
একক - ১৯	❐	মঠজীবনবাদ	155-163

পর্যায়-৭

একক ২০	❐	উপজাতীয় পটভূমি, উম্মাহ, খিলাফত রাষ্ট্র , সুলতানদের উত্থান	164-225
একক ২১	❐	ধর্মীয় বিকাশ : শরিয়ত, মিহনা এবং সুফিবাদ	226-257
একক ২২	❐	নগরায়ণ এবং বাণিজ্য	258-276

পর্যায় : ১

একক - ১ ◻ প্রাচীন রোমের শাসনতান্ত্রিক ইতিহাস—প্রজাতন্ত্র, প্রিন্সিপেট এবং সাম্রাজ্য

গঠন

১.০ : উদ্দেশ্য

১.১ : ভূমিকা

১.২ : রোমের কেন্দ্রীয় প্রশাসন

১.৩ : নাগরিকত্বের ধারণা

১.৪ : দ্বাদশ বিধান বা **The Code of the Twelve Tables**

১.৫ : উপসংহার

১.৬ : অনুশীলনী

১.৭ : সহায়ক গ্রন্থপঞ্জী

১.০ : উদ্দেশ্য

- প্রাচীন বিশ্বের পাশ্চাত্য সভ্যতার লীলাভূমি রোমের প্রশাসনিক কাঠামোর বহুমাত্রিক উপাদান অনুধাবন করার প্রয়াস আলোচ্য এককের মূল উদ্দেশ্য।
- প্রাচীন রোমের প্রজাতান্ত্রিক কাঠামোয় প্যাট্রিসিয়ান ও প্লেবিয়ান শ্রেণীর ভূমিকা সম্পর্কে শিক্ষার্থীদের অবগত করা এই এককের অপর উদ্দেশ্য।
- এই একক পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা রোমের সামরিক ও প্রশাসনিক কাঠামোর ধরন, নাগরিকত্ব লাভ এবং দ্বাদশ বিধান সম্পর্কেও অবগত হবে।
- রোমের প্রশাসনে প্লীটর, সেন্সর, কোয়েস্টার সহ বিভিন্ন প্রতিনিধি পরিষদের ভূমিকা জানতে পারবে।
- কলনিয়া ও মিউনিসিপিয়াম কিভাবে রোমের প্রাদেশিক শাসনব্যাবস্থাকে উন্নত ও সুসংহত করতে সক্ষম হয়েছিল -সেই বিষয়টিও আলোচ্য এককে স্থান পেয়েছে।

১.১: ভূমিকা

রোমান সভ্যতার প্রশাসনিক কাঠামোর ইতিহাস একমাত্রিক নয়। দীর্ঘ সময় জুড়ে তা বিবর্তিত হয়ে এক বহুমাত্রিক প্রকৃতি গ্রহণ করেছে। একেবারে আদিপর্বে এই সভ্যতা ছিল রাজতান্ত্রিক কাঠামোর দ্বারা পরিচালিত। রোমিওলাস এবং রোমাস এই কাঠামোর সূচনা করেছিলেন। কিন্তু খুব দীর্ঘ সময় এই কাঠামো স্থায়ী হয় নি। অচিরেই রোমানরা এই

এট্রুস্কান শাসকদের সিংহাসন থেকে উচ্ছেদ করে এবং প্রজাতান্ত্রিক শাসনকাঠামোর প্রতিষ্ঠা করে। শেষ এট্রুস্কান শাসক টার্কুইনাস সুপারবাস শাসনের অবসানের সাথে সাথেই রোমে রাজতন্ত্রেরও অবসান ঘটে।

যে বিপ্লবের দ্বারা এই রাজতন্ত্রের সমাপ্তি ঘটেছিল তা ছিল অভিজাতদের দ্বারা পরিচালিত এবং অভিজাতদের জন্যই পরিকল্পিত। তাই খুব স্বাভাবিকভাবেই প্রাথমিক পর্য্যায়ে রোমান প্রজাতন্ত্র ছিল অভিজাততন্ত্রেরই নামান্তর। সেই সময়ে রোমান সমাজ দুটি মূল শ্রেণীতে বিভক্ত ছিল। অভিজাতশ্রেণী পরিচিত ছিল প্যাট্রিসিয়ান নামে। আর সাধারণ মানুষ পরিচিত ছিল প্লেবিয়ান নামে। রোমান প্রজাতন্ত্রে প্রশাসনের সর্বোচ্চ পদে আসীন ছিলেন দুজন কনসাল। এঁরা নির্বাচিত হতেন সেনেট নামক নাগরিক পরিষদ থেকে। প্রাথমিকভাবে এই সেনেটের সদস্যপদ সংরক্ষিত ছিল শুধুমাত্র প্যাট্রিসিয়ানদের জন্যই। প্লেবিয়ানরা প্রশাসন থেকে বঞ্চিতই ছিলেন। এই প্রসঙ্গে মনে রাখা দরকার যে রোমান প্রজাতন্ত্রের নারী এবং পুরুষ উভয়ই নাগরিকত্ব লাভ করলেও ভোটাধিকার সংরক্ষিত ছিল শুধুমাত্র পুরুষদের জন্যই।

রোমান প্রশাসনের ইতিহাসে দীর্ঘকালব্যাপী স্থায়ী প্যাট্রিসিয়ান-প্লেবিয়ান দ্বন্দ্ব বিশেষ গুরুত্বপূর্ণ ছাপ ফেলেছিল। প্রথা অনুসারে এই দুই শ্রেণীর পরস্পরের থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন ছিল। এই দুই শ্রেণীর মধ্যে বিবাহ সম্পূর্ণ নিষিদ্ধ ছিল। তবে ক্রমশ প্লেবিয়ানরা তাদের অধিকারের দাবিতে সোচ্চার হতে থাকলে সেনেটে তাঁদের শ্রেণীর প্রতিনিধি হিসেবে ট্রিবিউনের নিয়োগ করা হয়। এই ট্রিবিউন সেনেটে ভেটো প্রয়োগের অধিকারী ছিলেন। সময়ের সাথে সাথে প্লেবিয়ানরা আরও শক্তিশালী হতে শুরু করেন এবং কনসাল পদের দাবিদার হওয়ার ক্ষমতা অর্জন করে। তবে তা সত্ত্বেও প্যাট্রিসিয়ান তাদের ধন সম্পদবল এই সামগ্রিক প্রশাসনের উপর অনেক বেশি প্রভাব বিস্তার করতে সক্ষম হয়েছিল। প্যাট্রিসিয়ান ও প্লেবিয়ান দ্বন্দ্বের সমাপ্তি রোমের গৌরব বৃদ্ধি করেছিল। ইতিমধ্যে একাধিক যুদ্ধে রোম জয়যুক্ত হওয়ায় তার গৌরব আন্তর্জাতিকভাবে বৃদ্ধি পায়। বিশেষত ইটালিয় যুদ্ধ, গল যুদ্ধ, ল্যাটিন যুদ্ধ এবং স্যামনাইট যুদ্ধ রোমকে বিশেষ শক্তি প্রদান করে। এর ফলে রোমের প্রজাতন্ত্র ক্রমশ সমৃদ্ধ এবং পরিপুষ্ট হয়ে ওঠে।

১.২ : রোমের কেন্দ্রীয় প্রশাসন

রোমান সভ্যতার সার্বিক প্রশাসন ব্যবস্থা পরিচালিত হত একটি নির্দিষ্ট সংবিধান অনুসারে। এই সংবিধান অনুযায়ী সামরিক এবং প্রশাসনিক বিভাগের সর্বোচ্চ ক্ষমতার অধিকারী ছিলেন দুজন কনসাল। এই প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে রাজতন্ত্রের সমাপ্তির পর রোমানরা স্বৈরতন্ত্রকে ফিরিয়ে আনতে একেবারেই অনিচ্ছুক ছিলেন। এইকারণে দুজন কনসালের উপর দায়িত্ব আরোপ করা হয়। কারণ একজন নির্বাচিত কনসালের উপর সমস্ত দায়িত্বভার অর্পিত হলে তার পক্ষে স্বৈরাচারী হয়ে ওঠা খুবই স্বাভাবিক সম্ভাবনা। কিন্তু এই দায়িত্ব দুজন সমক্ষমতাসম্পন্ন ব্যক্তির উপর আরোপিত হলে এই সম্ভাবনা অনেকটাই হ্রাস পায়। যদি কোনও একটি বিষয়ে উভয় কনসালের মধ্যে মতবিরোধ দেখা দিলে সেনেট মধ্যস্থতার ভূমিকায় অবতীর্ণ হত। স্বৈরতান্ত্রিক সম্ভাবনা অবদমনের জন্য কনসালদের কার্য্যনির্বাহের সময়কাল ছিল মাত্র এক বছর। কারণ মনে করা হত কোনও কনসাল এক বছরের বেশি সময় জুড়ে একই পদে থাকলে স্বৈরাচারী হয়ে ওঠার সম্ভাবনা দেখা দিতে পারে।

এইভাবে দেখা যায় রোমের মানুষ সব সময় চেষ্টা করেছে সর্বোচ্চ প্রশাসনিক পদকে জনসাধারণের নিয়ন্ত্রণের মধ্যে রাখার। তবে আপৎকালীন পরিস্থিতিতে কোনও একজন কনসাল ম্যাজিস্ট্রেট পপুলি বা একনায়ক হিসেবে ছ'মাস কার্য্যনির্বাহ করতে পারত। এই পদে থাকাকালীন আইনের শাসন ফিরিয়ে আনতে এবং শান্তি শৃঙ্খলা রক্ষা

করতে তিনি শাস্তিপ্রদানেরও অধিকারী ছিলেন। তবে স্বাভাবিক অবস্থা ফিরে এলে ম্যাজিস্ট্রেট পপুলি আবার কনসাল পদে ফিরে আসতেন।

১.৩ : নাগরিকত্বের ধারণা

রোমান প্রজাতন্ত্রের নাগরিকত্বের ধারণা সময়ের সঙ্গে সঙ্গে বিবর্তিত হয়েছে এবং পরবর্তী রোমান সাম্রাজ্যের সময় তাৎপর্য্যপূর্ণভাবে তা পরিবর্তিত হয়েছে। এট্রুস্কানদের স্বৈরশাসন থেকে মুক্তি লাভ করার পর রোমানরা প্রজাতন্ত্র স্থাপনের সময় পনের বছরের ঊর্ধ বয়স্ক সমস্ত পুরুষ যারা রোমের আদি জাতি তাদের সকলকেই নাগরিকত্ব প্রদান করা হয়। রোমের নাগরিকরা একটি বিশেষ ধরণের বস্ত্র পরিধানের মাধ্যমে নিজেদের ক্রীতদাস ও অনাগরিকদের থেকে পৃথক করত। সাধারণ নাগরিকরা অধিকাংশ সময়ে সাদা রঙের এই বিশেষ বস্ত্র পরিধান করত। এই বস্ত্র পরিচিত ছিল টোগা নামে। সাম্রাজ্যের যুগে রোমান সম্রাট নিজেকে সাধারণ নাগরিকদের থেকে পৃথক করার উদ্দেশ্যে বেগুনী রঙের বিশেষ ধরণের টোগা বস্ত্র ব্যবহার করতেন। নাগরিকদের মধ্যেও একাধিক শ্রেণী স্তর ছিল বর্তমান। সম্পূর্ণ নাগরিক শ্রেণীর মানুষ ভোটাধিকারের যোগ্য ছিলেন। তাঁরা যেকোনও মুক্ত নারীর সঙ্গে বৈবাহিক সম্পর্ক স্থাপন করতে সক্ষম ছিল। বাণিজ্য করার জন্য তাঁদের আলাদা কোনও অনুমতি নেওয়ার প্রয়োজন হত না। কিছু নাগরিক ভোটদানের বা সরকারী পদে অধিষ্ঠানের অধিকারী না হলেও অন্যান্য অধিকার ভোগ করতেন। আবার তৃতীয় এক শ্রেণীর নাগরিকের উল্লেখ পাওয়া যায় যারা ভোটাধিকার এবং বাণিজ্য করার অধিকারী হলেও সরকারী পদ এবং মুক্ত নারীকে বিবাহ করার অধিকারী ছিলেন না। প্রজাতন্ত্রের শেষের দিকে মুক্তিপ্রাপ্ত পুরুষ ক্রীতদাস সম্পূর্ণ নাগরিকত্ব লাভ করতে পারত। ৯০ খ্রি: পূ: নাগাদ রোমান প্রজাতন্ত্রের মিত্র অ-রোমান জাতিগোষ্ঠী নাগরিক অধিকার ভোগ করত। ২১২ খ্রি: নাগাদ কারাকাল্লা-র লিপি অনুসারে রোমান সাম্রাজ্যে বসবাসকারী সমস্ত মুক্ত মানুষ নাগরিক হিসাবে স্বীকৃত হয়।

১.৪ : দ্বাদশ বিধান বা The Code of the Twelve Tables

রোমান প্রজাতন্ত্রের অন্যতম উদ্ভাবন ছিল আইনের চোখে সমতার ধারণা। প্রাথমিকভাবে এই সমস্ত প্রচলিত আইনের কোনও লিখিত বিধান না থাকায় প্রায়শই তার অপপ্রয়োগ দেখা যেত। এই সমস্যা সমাধানের জন্য ৪৪৯ খ্রি: পূ: নাগাদ রোমান প্রজাতন্ত্রের কিছু নেতার উদ্যোগে রোমের প্রধান প্রধান আইনগুলি বারোটি প্রস্তরের খণ্ডের উপর খোদাই করা হয়। এই আইনবিধি দ্বাদশ বিধান নামে পরিচিত। এটি ছিল রোমান প্রজাতন্ত্রের প্রথম লিখিত বিধি অনুশাসন। যদিও আজকের প্রেক্ষিতে এই আইনগুলি ছিল যথেষ্ট কঠোর কিন্তু তা সত্ত্বেও বলা যায় যে এই আইন সমস্ত নাগরিকের জন্য আইনের চোখে সমান মর্য্যাদার ধারণাকে স্বীকৃত করেছিল।

আইন এবং নাগরিকত্বের প্রতি শ্রদ্ধা বজায় রেখে রোমানরা তাঁদের নতুন নতুন অধিগৃহীত ভূমির প্রতি এক অভিনব দৃষ্টিভঙ্গীর পরিচয় দিয়েছেন। অধিগৃহীত অঞ্চলের মানুষদের অধিকৃত প্রজা হিসাবে হীন মর্য্যাদায় পর্য্যবসিত না করে বরং তাঁদের নাগরিক হিসেবেই স্বাগত জানাতে সচেষ্ট হয়েছেন। ফলত এই মানুষরা নিজেদের খুব স্বাভাবিকভাবেই রোমের প্রতিদ্বন্দ্বী বা শত্রু মনে না করে রোমের অবিচ্ছেদ্য অংশে পরিণত করেন। বলা বাহুল্য যে খুব স্বাভাবিকভাবেই এই নতুন নাগরিকরা রোমে আদি নাগরিকদের মত একই আইনের অধিকার ভোগ করত।

প্রীটর

রোমের সাধারণ প্রশাসন শুধুমাত্র কনসালদের হাতেই নিয়োজিত ছিল না। এক্ষেত্রে প্রীটর নামে একটি পদের ভূমিকা ছিল বিশেষ গুরুত্বপূর্ণ। এই পদটি রোমান প্রশাসনের একটি অন্যতম প্রাণশক্তি হিসেবে চিহ্নিত করা অত্যুক্তি হবে না। রোমান প্রশাসনকে মসৃণভাবে পরিচালনা করাই এই পদের মূল কাজ ছিল। যুদ্ধকালীন পরিস্থিতিতে কনসালের পাশে বিশ্বস্ত সেনানায়ক হিসাবে প্রীটররা অংশগ্রহণ করতেন। রণকৌশল, যুদ্ধের উপকরণ এবং সৈন্যদের রসদ সরবরাহ, সৈন্যবাহিনীর সংগঠন প্রভৃতি বিষয়গুলির উপর যুদ্ধের সময় প্রীটররাই নজর দিতেন। একইসঙ্গে রণক্ষেত্রে কনসালের আদেশও এরা পালন করতেন। যুদ্ধের বিষয় ও স্বাভাবিক পরিস্থিতিতে প্রীটররা কনসালদের পরামর্শদাতার ভূমিকা পালন করতেন। কনসাল এবং প্রীটর মিলিতভাবে যুদ্ধ ও শান্তিস্থাপন সংক্রান্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলি গ্রহণ করতেন। প্রীটররা নিযুক্ত হতেন একবছরের জন্য। এই পদের ক্ষমতা ও গুরুত্বের কারণে এই পদ ক্রমশ জনপ্রিয় হয়ে ওঠে।

সেন্সর

সেন্সর পদটির মূল কাজ ছিল অর্থনীতি সংক্রান্ত। মূলত রোমান প্রজাতন্ত্রের আর্থিক নীতির পথ নির্ধারণই ছিল এই পদের মুখ্য সাংবিধানিক উদ্দেশ্য। প্রতি পাঁচ বছর অন্তর এই সেন্সররাই জনগণনার মত গুরুত্বপূর্ণ কাজের দায়িত্ব পালন করতেন। রোমে বসবাসকারী নাগরিকদের সম্পত্তির পরিমাণভিত্তিক তালিকা নির্ধারণ করা এবং সেই তালিকার ভিত্তিতে সংশ্লিষ্ট নাগরিকদের উপর কর ধার্য্য করাও ছিল সেন্সরদের অন্যতম প্রধান দায়িত্ব। আর ছিল রোমের কোষাগারের জন্য রাজস্ব সংগ্রহের মত অতি গুরুত্বপূর্ণ কাজের দায়িত্ব। রোমান প্রজাতন্ত্রের শক্তিবৃদ্ধির প্রধান কারণ ছিল তাঁর শক্তিশালী অর্থসংক্রান্ত নীতি। সেন্সররা তাঁদের পদে পাঁচ বছরের জন্য নির্বাচিত হতেন।

কোয়েস্টার

রোমান প্রজাতন্ত্রের প্রশাসনিক কাঠামোর সঙ্গে সংযুক্ত আরেকটি গুরুত্বপূর্ণ পদ হল কোয়েস্টার। এই পদটি ছিল মূলত কোষাধ্যক্ষের পদ। এঁরা মূলত মুদ্রার ব্যয় সংক্রান্ত বিষয়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতেন। এর পাশাপাশি সম্পত্তির নথিপত্র সংক্রান্ত অনুসন্ধান ও স্বীকৃতি দানের ক্ষেত্রেও এঁদের ভূমিকা ছিল বিশেষ গুরুত্বপূর্ণ। প্রশাসনিক ক্ষেত্রে ফৌজদারি আইনের প্রয়োগ সংক্রান্ত বিষয়েও তাঁদের ভূমিকা ছিল উল্লেখযোগ্য। প্রীটরদের মতই কোয়েস্টারদের কার্য্যকালেরও মেয়াদ ছিল এক বছর।

এডিল

সমাজে আইনের অনুশাসন এবং শান্তিশৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব ন্যস্ত ছিল এডিলদের উপর। মূলত আরক্ষা বাহিনীর কার্য্যকলাপ তত্ত্বাবধান করে এঁরা সমাজের অভ্যন্তরে অপরাধ দমনে সাহায্য করত। এডিলদের উপর ন্যস্ত একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব ছিল পৌরপ্রশাসন। এক্ষেত্রে তাঁরা সাধারণ মানুষের সঙ্গে জনসংযোগের প্রচেষ্টায় রত থাকতেন মসৃণভাবে পৌর প্রশাসন পরিচালনার জন্য। এডিল পদেরও কার্য্যকালের মেয়াদ ছিল এক বছর।

সেনেট

রোমের প্রশাসন ব্যবস্থার সবথেকে গুরুত্বপূর্ণ অঙ্গ হল সেনেট বা প্রতিনিধি পরিষদ। প্রায় তিনশত সদস্যকে নিয়ে এই সেনেট গঠিত হয়। মূলত অভিজ্ঞ এবং বয়ঃজেষ্ঠ্য মানুষই এর সদস্যপদ লাভের ক্ষেত্রে অগ্রাধিকার পেতেন। সেনেট ছিল একটি স্থায়ী সভা। তাই খুব স্বাভাবিকভাবেই এর সদস্যপদও ছিল আজীবন। যদিও রোমের প্রজাতান্ত্রিক প্রশাসনিক

কাঠামোর সর্বোচ্চ স্তরে ছিলেন কনসাল কিন্তু তাঁর অধিকাংশ কার্য্যকলাপ নিয়ন্ত্রিত হত সেনেটের পরামর্শক্রমেই। তাই সহজভাবে বলা যায় যে সেনেটের মূল কাজ ছিল কনসালদের পরামর্শদান করা। এর পাশাপাশি সেনেট বৈদেশিক নীতি নির্ধারণ করত। তাঁরা রাষ্ট্রীয় আয় ও ব্যয়ের হিসাব রক্ষা করত। এছাড়া সৈন্যবাহিনীর নিয়োগ, প্রাদেশিক প্রশাসন এবং রাষ্ট্রের প্রতিরক্ষা সম্বন্ধে সেনেটেই নীতি নির্ধারিত হত। কোনও আইনই সেনেটের স্বীকৃতি ব্যতীত বৈধতা প্রাপ্ত হত না। তাই রোমের জনসাধারণের কাছে সেনেট ছিল অতি উচ্চ মর্য্যাদার আসনে প্রতিষ্ঠিত। রোমান প্রশাসনে সেনেটের ভূমিকা ছিল বর্তমান সময়ের আইনবিভাগের অনুরূপ। একথা বলা বাহুল্য যে সেনেটের সদস্যদের সততা, আন্তরিকতা এবং আত্মনিবেদনের মানসিকতা রোমান প্রজাতন্ত্রের শক্তিবৃদ্ধির অন্যতম প্রধান কারণ ছিল।

রোমান সেনেটের ইতিহাস প্রায় রোম নগর রাষ্ট্রের ইতিহাসেরই সমপ্রাচীন। সর্বপ্রথম এক শত জন সদস্যকে নিয়ে এট্রুস্কান রাজাদের আমলেই এই পরামর্শদাতা পরিষদটি গড়ে উঠেছিল। পরবর্তী সময়ে এট্রুস্কান রাজাদের হাত ধরেই এর সদস্য সংখ্যাও বৃদ্ধি পায় এবং তিন শত স্থির হয়। এট্রুস্কান রাজাদের অপসারণের পর রোমে প্রজাতন্ত্র স্থাপিত হয়। প্রজাতন্ত্রের কালে সেনেট সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ প্রশাসনিক অঙ্গে পরিণত হয়। এই প্রসঙ্গে মনে রাখা দরকার যে শুধুমাত্র রাষ্ট্রপ্রধানকে পরামর্শদানের ক্ষমতাই যে সেনেট ভোগ করত তা নয়, রাষ্ট্রের সর্বোচ্চ শাসন অধিকর্তা কনসালরা নির্বাচিতই হতেন এই সেনেট সদস্যদের ভোট দ্বারা।

বহু শতাব্দী জুড়ে সেনেটের সদস্যপদ শুধুমাত্র প্যাট্রিসিয়ানদের জন্যই সীমাবদ্ধ ছিল। তাঁরা প্রত্যেকেই ছিলেন বাগ্মিতায় অসাধারণ প্রতিভার অধিকারী ছিলেন। রোমান ফোরামের ক্ষেত্রে অবস্থিত কিউরিয়া নামক ভবনে সেনেটের অধিবেশন বসত এবং সেখানেই বিভিন্ন আইন স্বীকৃতি পেত। জুলিয়াস সীজারের আমলে সেনেটের বিস্তারের জন্য তিনি একটি বৃহত্তর কিউরিয়া নির্মাণ করান। খ্রী: পূ: তৃতীয় শতাব্দী নাগাদ রোম তার সাম্রাজ্য বিপুল পরিমাণে বিস্তৃত করতে সক্ষম হয়। এই বিস্তৃত সাম্রাজ্য জুড়ে সেনেট সদস্যরা সৈন্য প্রেরণ, সন্ধিচুক্তির শর্ত নির্ধারণ এবং প্রজাতন্ত্রের সার্বিক অর্থনৈতিক বিষয়ের উপর নিয়ন্ত্রণ কায়েম করেন।

বিপুল ক্ষমতা সত্ত্বেও ৮২ খ্রী: পূ: নাগাদ সুল্লা সেনেটের নিয়ন্ত্রণের উপর প্রশ্ন তোলেন এবং প্রকাশ্যে অমান্য করতে শুরু করেন। সুল্লার আমলে শতাধিক সেনেটর নিহত হন এবং একই সঙ্গে সেনেটের সদস্যসংখ্যা তিন শত থেকে বৃদ্ধি করে ছয় শত করা হয়। এই সময়েই প্যাট্রিসিয়ান ছাড়াও বহু প্লেবিয়ানও সেনেটর পদে নিয়োগের ছাড়পত্র পান। জুলিয়াস সীজার এই সংখ্যা বৃদ্ধি করে নয় শত করেন। তবে তাঁর হত্যার পর এই সংখ্যা হ্রাস করা হয়। ২৭ খ্রীঃ পূঃ রোমান সাম্রাজ্য সৃষ্টির পর সেনেট ক্রমশ দুর্বল হতে থাকে বিশেষত যখন রোমান সম্রাট বেশি শক্তিশালী হয়ে উঠতেন। তা সত্ত্বেও রোমের পতন পর্য্যন্ত এই সেনেট তার অস্তিত্ব টিকিয়ে রাখতে সক্ষম হয়েছিল। তবে ক্রমশ এটি সমৃদ্ধ বুদ্ধিজীবি মানুষের একটি আনুষ্ঠানিক সংগঠনে পরিণত হয়েছিল যার রাষ্ট্রীয় প্রশাসনে কোনও ক্ষমতা আর ছিল না।

ট্রিবিউন

সাধারণ ভাবে সেনেটের সদস্যরা ছিলেন অভিজাত বা প্যাট্রিসিয়ান সম্প্রদায়ভুক্ত। এই কারণে প্যাট্রিসিয়ান ও প্লেবিয়ান দ্বন্দ্বের সময়ে প্লেবিয়ানরা দাবি তোলেন যে প্যাট্রিসিয়ানদের অত্যাচারের হাত থেকে সাধারণ মানুষকে রক্ষা করতে সেনেট অক্ষম — কারণ তাতে প্লেবিয়ানদের প্রতিনিধিত্ব নেই। তাঁদের এই দাবির ফলে উত্থিত পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে ট্রিবিউন নামে প্রশাসনিক পদের সৃষ্টি করা হয়। প্লেবিয়ানদের জন্য সংরক্ষিত এই পদের মূল উদ্দেশ্য হল প্যাট্রিসিয়ানদের বৈষম্যমূলক আচরণ ও স্বৈরাচার থেকে প্লেবিয়ানদের রক্ষা করা। এক্ষেত্রেও কনসাল পদের

মতই দুটি সমক্ষমতাসম্পন্ন ট্রিবিউন পদ সৃষ্টি করা হয়, যাতে ট্রিবিউনরাও স্বৈরাচারী হয়ে উঠতে না পারেন। সাধারণ মানুষের জন্য ট্রিবিউনরা সর্বদা সক্রিয় ভূমিকা পালন করতেন। বিশেষত ম্যাজিস্ট্রেট অথবা কোয়েস্টারদের হাত থেকে সাধারণ মানুষদের সুরক্ষিত করে ন্যায়বিচার প্রতিষ্ঠা করাই এঁদের মূল লক্ষ্য ছিল। জনকল্যাণমূলক কাজের ক্ষেত্রেও এঁদের ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।

কমিশিয়া ট্রিবিউটা

প্যাট্রিসিয়ান ও প্লেবিয়ান গোষ্ঠীর অন্তর্দন্দ্বের অবসানের পর রোমের প্রশাসনে প্লেবিয়ানদের ভূমিকাও হয়ে ওঠে খুব গুরুত্বপূর্ণ। তাঁরা একটি জাতীয় সভা গঠন করেন যা কমিশিয়া ট্রিবিউটা নামে পরিচিত। প্রাথমিক পর্য্যায়ে এই সভা প্লেবিয়ানদের স্বার্থবিষয়ক আইনই কেবলমাত্র প্রণয়ন করত। তবে পরবর্তী কালে কমিশিয়া ট্রিবিউটা এর গৃহীত আইন সর্বজনীনতা লাভ করে, অর্থাৎ প্যাট্রিসিয়ানরাও এর আওতাভুক্ত হয়। কমিশিয়া ট্রিবিউটার অন্যতম প্রধান কাজ ছিল ট্রিবিউন নিয়োগ করা। এছাড়া সাধারণ মানুষের জনকল্যাণ বিষয়েও এই সভা দায়িত্বশীল ছিল। এই কারণেই বলা যায় যে রোমের প্রশাসনে এর গুরুত্ব ছিল যথেষ্ট।

কমিশিয়া সেঞ্চুরিয়েটা

রোমের প্রশাসনের সঙ্গে সংযুক্ত আরেকটি জাতীয় সভা হল কমিশিয়া সেঞ্চুরিয়েটা। বহু রোমান অভিজাত ছিলেন এর সদস্য। এই সভা মূলত একটি বিচার বিভাগীয় সংগঠন হিসেবে কার্য্যকর ছিল। আরও সূক্ষ্ম ভাবে বললে বলা যায় যে এর মুখ্য ভূমিকা ছিল আপীল আদালত হিসেবে। কাউন্সিলদের বিরুদ্ধে উত্থিত বিভিন্ন অভিযোগের শুনানি এবং বিচার হত এই আদালতে। কাউন্সিলরা দোষী প্রমাণিত হলে এই সভা তাঁদের শাস্তিপ্রদানের ক্ষমতা ভোগ করত। এভাবে রোমান প্রজাতন্ত্রে প্রশাসনিক ক্ষেত্রে প্রহসন রুখতে কমিশিয়া সেঞ্চুরিয়েটার ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রাদেশিক প্রশাসন — কলোনিয়া

রোমান সাম্রাজ্যে কলোনিয়াগুলি ছিল সাধারণত অধিগৃহীত অঞ্চলের রোমান ঘাঁটিস্বরূপ। তবে পরবর্তীকালে এই কলোনিয়া শব্দটির অর্থ পরিবর্তিত হয় এবং তা রোমান নগরগুলির মধ্যে সর্বোচ্চ স্থানের অধিকারী হয়। রোমান ঐতিহাসিক লিভি-র বর্ণনা অনুযায়ী ৭৫২ খ্রীঃ পূঃ নাগাদ রোমের প্রথম কলোনি স্থাপিত হয় অ্যান্টেম্নি এবং ক্রাস্টামেরিয়াম নগরীতে। অন্যান্য কলোনিগুলির মধ্যে সিগ্নিয়া নগরী খ্রীঃ পূঃ ষষ্ঠ শতকে রোমের অধীনে আসে। এরপর ভেলিট্রি এবং নোরবা খ্রীঃ পূঃ পঞ্চম শতাব্দীতে এবং অস্তিয়া, অ্যান্টিয়াম ও তাররাসিনা প্রভৃতি অঞ্চল খ্রীঃ পূঃ চতুর্থ শতকের শেষের দিকে রোমের অধীনস্থ হয়। প্রথম পর্য্যায়ের এই উপনিবেশিকরণের মূল উদ্দেশ্য ছিল সামরিকভাবে রোমান অধিগৃহীত অঞ্চলকে সুরক্ষিত রাখা। এই পর্য্যায় চলেছিল পিউনিক যুদ্ধের সমাপ্তির কাল পর্য্যন্ত।

কলোনিগুলি প্রাথমিকভাবে দুটি ভাগে বিভক্ত ছিল। যথা — নাগরিকদের কলোনি এবং ল্যাটিন কলোনি। এই দুই ধরণের কলোনি আকার, অঞ্চল এবং সংবিধানগত দিক থেকে ছিল পৃথক। নাগরিকদের কলোনিগুলি ছিল মূলত উপকূলীয় অঞ্চলে অবস্থিত। তাই এগুলি সাধারণত coloniae maritimae নামে পরিচিত ছিল। আয়তনের দিক থেকে এগুলি ছিল ক্ষুদ্র এবং রোমের মূল অঞ্চলের নিকটবর্তী। সর্বাধিক তিন শত পরিবারকে নিয়ে এই কলোনিগুলি গড়ে উঠত এবং এর অধিবাসীরা স্বাধীন পৌর জীবনযাপনের অধিকারী ছিলেন না। সেরউইন-হোয়াইট মনে করেছেন এগুলি ছিল এথেনীয় ক্লেরুকি-র অনুরূপ। প্রজাতন্ত্রের শেষের দিকে ট্রিবিউন গায়্যাস রাক্কাস-এর মত প্রভাবশালী ব্যক্তিরা রোমের ভূমিহীন নাগরিকদের বিভিন্ন কলোনিতে এবং অধিগৃহীত প্রদেশগুলিতে বসতি প্রদানের মত পোষণ করতেন। এই তত্ত্ব যদিও জনপ্রিয়তা পেয়েছিল এবং একে বাস্তবায়িত করবার বহু চেষ্টা দেখা দিয়েছিল কিন্তু বাস্তবে তা

খুব একটা সাফল্য পায় নি। খুব অধিক সংখ্যায় ভূমিহীন রোমান নাগরিককে কখনওই রোমান সাম্রাজ্যের অধিগৃহীত প্রদেশে পুনঃস্থাপিত বাস্তবে করা হয় নি।

খুব বড় সংখ্যায় বৃহত্তর আকারে কলোনির প্রতিষ্ঠা প্রিন্সিপেট পর্বের আগে রোমে দেখা যায় নি। অগাস্টাসের আমলে তাঁর সমর্থনকারী শত সহস্রাধিক মানুষকে গৃহযুদ্ধের উত্তর পর্বে পুনঃস্থাপিত করার জন্য সমগ্র সাম্রাজ্য জুড়ে বহুল কলোনি নির্মাণ করা হয়। তা সত্ত্বেও এই সমস্ত কলোনিই কিন্তু নতুন নগর ছিল না। এর মধ্যে অনেকগুলিই ছিল আগে থেকে অস্তিত্বশীল। তবে এই উপনিবেশিকরণের প্রক্রিয়ার ফলে পূর্বতন নগরগুলি নতুন করে বিস্তার লাভ করে। এদের মধ্যে অনেক কলোনি পরবর্তী কালে বৃহৎ নগরে পরিণত হয়েছিল। উদাহরণ হিসেবে বলা যায় যে আধুনিক নগর কোলোন প্রথমে এক রোমান কলোনি হিসেবেই স্থাপিত হয়েছিল। অগাস্টাসের আমলে প্রাদেশিক নগরগুলি অনেক সময়েই কলোনির মর্য্যাদা লাভ করে এবং বিশেষ কিছু অধিকার ও সুবিধা প্রাপ্ত হয়। সেভেরিয়ান সম্রাটদের পরবর্তী আমলে কলোনি ব্যবস্থায় কিছু পরিবর্তন দেখা যায়। এই সময় থেকে শুধুমাত্র নগরের পরিবর্তে কলোনি হয়ে ওঠে বিশেষ ধরণের সুবিধাপ্রাপ্ত নগরী। অধিকাংশ ক্ষেত্রে এই বিশেষ সুবিধাটি ছিল রাজস্ব থেকে মুক্তি।

মিউনিসিপিয়াম

মিউনিসিপিয়াম শব্দটি একটি ল্যাটিন শব্দ যার সাধারণ অর্থ হল শহর বা নগর। তবে প্রাচীনকালে রোমানরা এই শব্দটি ব্যবহার করত পৌর প্রশাসন বিষয়ে। প্রসঙ্গত উল্লেখ্য যে রোমান রাজ্যের অভ্যন্তরে কিন্তু মিউনিসিপিয়ামের উদ্ভব হয় নি। এর উদ্ভব হয়েছে রোম নগরের নিকটবর্তী প্রতিবেশী অঞ্চল থেকে রোমে জনসংখ্যা স্থানান্তরের পরবর্তী কালে রোমের নাগরিক কাঠামোয় উদ্ভূত পরিবর্তনের পরিণাম হিসেবে। রোমান প্রজাতন্ত্র রোম নগর রাষ্ট্রের অভ্যন্তরে প্রতিবেশী জাতিগোষ্ঠীদের আত্তীকরণের নীতি গ্রহণ করলে রোমের শাসনক্ষেত্রের অন্তর্গত একটি বিশেষ ব্যবস্থা হিসেবে মিউনিসিপিয়ামের ধারণার প্রয়োজনীয়তা দেখা যায়। রোমান প্রজাতন্ত্রের বিভিন্ন ধরণের মিউনিসিপিয়া এবং কলোনির মত বসতিগুলির মধ্যে যথেষ্ট প্রশাসনিক পার্থক্য ছিল। কিন্তু রোমান সাম্রাজ্যের কালে এই প্রশাসনিক পার্থক্য ক্রমশ হ্রাস পায় এবং প্লিনির বর্ণনা অনুযায়ী ক্রমশ রোমান সাম্রাজ্যের অন্তর্গত সমস্ত শহর ও নগর নির্বিশেষে নাগরিক মাত্রেই রোমের নাগরিকের সমমর্য্যাদা ও অধিকার লাভ করেন। ফলে এই স্তরে মিউনিসিপিয়াম পর্য্যবসিত হয় স্থানীয় পৌর প্রশাসন স্তরে যা সার্বিক প্রশাসনিক কাঠামোয় ছিল সর্বনিম্ন স্তরভুক্ত।

প্রাথমিক পর্বে মিউনিসিপিয়ার সদস্যরা দুটি স্তরে বিভক্ত ছিলেন। যথা — প্রথম শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী। প্রথম শ্রেণীর নাগরিকরা সম্পূর্ণ রোমান নাগরিকত্ব এবং নাগরিক অধিকারসমূহ civitas optimo iure ভোগ করত। এই অধিকারসমূহের মধ্যে রোমের সর্বোচ্চ নাগরিক অধিকার তথা ভোটদানের অধিকারও সংযুক্ত ছিল। দ্বিতীয় শ্রেণীর মিউনিসিপিয়ার নাগরিকরা পূর্ণ রোমান নাগরিকত্ব প্রাপ্ত হয় নি। এই শ্রেণী ছিল মূলত রোমের নিয়ন্ত্রণে আসা উপজাতীয় কেন্দ্রগুলির অধিবাসীরা। তবে এই সমস্ত অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটরা অবসর গ্রহণের পর পূর্ণ নাগরিকের মর্য্যাদা লাভ করতেন। দ্বিতীয় শ্রেণীর নাগরিকরা পূর্ণাঙ্গ নাগরিকের সমান কর্তব্য দ্বারা আবদ্ধ হলেও অধিকারের ক্ষেত্রে সর্বোচ্চ নাগরিক অধিকার তথা ভোটদানের অধিকার থেকে তাঁরা ছিলেন বঞ্চিত।

মিউনিসিপিয়ামের প্রশাসন পরিচালিত হত চারজন নির্বাচিত প্রধানের দ্বারা। এদের মধ্যে দুটি পদ ছিল দাম্ভির এবং দুটি পদ ছিল এডিল। এঁরা একবছরের জন্য নির্বাচিত হতেন। এই চারজন প্রধানের পরামর্শদাতা সভা হিসেবে ডেকিউরিয়ান নামে একটি স্থানীয় পরিষদ ছিল যাকে সেনেটের স্থানীয় বিকল্প বলা যায়। পরবর্তীকালে এই ডেকিউরিয়ানের সদস্যপদ বংশানুক্রমিক হয়ে যায়।

১.৫ : উপসংহার

এইভাবে দেখা যায় প্রাচীন রোমের প্রশাসন ব্যবস্থা ছিল অভিনব চরিত্রের। এটি ছিল অত্যন্ত সুনিয়ন্ত্রিত এবং সঠিক মাত্রায় সুষম। দুজন কনসালের উপস্থিতি একনায়কতন্ত্রের পথে প্রতিবন্ধক হিসেবে কাজ করেছিল। প্রশাসনের সঙ্গে সংযুক্ত কোনও ব্যক্তি ক্ষমতার অপব্যবহার করলে তাঁকে শাস্তি প্রদানের ক্ষেত্রে কমিশিয়া সেঞ্চুরিয়েটার ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। প্যাট্রিসিয়ানরা দীর্ঘদিন অধিক ক্ষমতাশালী হলেও তাঁদের স্বৈরাচার থেকে প্লেবিয়ানদের রক্ষা করার জন্য ট্রিবিউন পদের অস্তিত্ব ছিল। প্রাথমিক দ্বন্দ্বের অবসানের পর প্যাট্রিসিয়ান এবং প্লেবিয়ান এই দুই সামাজিক গোষ্ঠীর পারস্পরিক সহযোগিতা প্রাচীন রোমে এক নতুন যুগের সৃষ্টি করেছিল। বিশ্ব ইতিহাসের পাতায় রোমানরা তাঁদের এই বিজ্ঞানসম্মত প্রশাসন কাঠামোর কারণে সুবিখ্যাত।

পরিশেষে সামগ্রিক বিচারে বলা যায় যে রোমের শাসনতান্ত্রিক ইতিহাসের একটি দীর্ঘ বিবর্তনের পথ ছিল বর্তমান। বহু পরিবর্তনের মধ্য দিয়ে এই শাসন কাঠামো এক সুসংহত রূপ ধারণ করেছিল। তা সত্ত্বেও একথা বলা যায় যে যদিও সময়ের সাথে সাথে নানা পরিবর্তন রোমে দেখা যায় তবুও তার মূল শাসন কাঠামোর চরিত্র কিন্তু প্রায় অপরিবর্তিতই থেকে গিয়েছিল।

১.৬ : অনুশীলনী

১। রোমান সভ্যতার শাসন কাঠামোর বিবর্তনের ধারা সম্পর্কে একটি প্রবন্ধ লিখুন।

২। রোমান শাসন কাঠামোকে অভিজাততান্ত্রিক কাঠামো বলা কতদূর যুক্তিযুক্ত?

৩। প্রাচীন রোমের পৌর প্রশাসন সম্পর্কে টীকা লিখুন।

৪। দ্বাদশ বিধি সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন।

১.৭ : সহায়ক গ্রন্থপঞ্জী

1. M. Cary and H. H. Scullard– *A History of Rome*– New York– 1975.
2. A. H. McDonald– *Republican Rome*– New York– 1966.
3. H. Mattingly– *Roman Imperial Civilization*– London– 1957.

পর্যায় ১

একক - ২ ❐ রোমের অধীনে ইতালির ঐক্যবদ্ধকরণ

গঠন

২.০ : উদ্দেশ্য

২.১ : ভূমিকা

২.২ : প্রথম স্যামনাইট যুদ্ধ

২.৩ : দ্বিতীয় স্যামনাইট যুদ্ধ

২.৪ : তৃতীয় স্যামনাইট যুদ্ধ

২.৫ : রোমানদের গ্রীক উপনিবেশ দখল

২.৬ : রোম ও কার্থেজ সংঘাত

২.৭ : প্রথম পিউনিক যুদ্ধ

২.৮ : প্রত্যক্ষ কারণ

২.৯: দ্বিতীয় পিউনিক যুদ্ধ

২.১০: তৃতীয় পিউনিক যুদ্ধ

২.১১: উপসংহার

২.১২: অনুশীলনী

২.১৩: সহায়ক গ্রন্থপঞ্জী

২.০ উদ্দেশ্য

- এই একক পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা ইতালিকে ঐক্যবদ্ধ করতে স্যামনাইট উপজাতির সাথে রোমের যে তিনটি যুদ্ধ সংঘটিত হয়েছিল - সেই রাজনৈতিক ইতিহাসকে অনুধাবন করতে পারবে।
- উক্ত এককের অপর উদ্দেশ্য হল রোমের গ্রীক উপনিবেশ দখলের কারন ও সংশ্লিষ্ট ঘটনাকে বিশ্লেষণ করা।
- সিসিলি দ্বীপকে কেন্দ্র করে রোম ও কার্থেজের মধ্যে যে তিনটি পিউনিক যুদ্ধ সংঘটিত হয়েছিল তার বর্ণনা করাও এই এককের অন্যতম উদ্দেশ্য।

২.১: ভূমিকা

প্রাচীন বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ সভ্যতা ছিল রোম নগরীকে কেন্দ্র করে গড়ে ওঠা রোমান সভ্যতা। প্রাথমিক পর্য্যায়ে যদিও এই সভ্যতার ভরকেন্দ্র ছিল ইতালিয় উপদ্বীপ কিন্তু ক্রমশ পুরো ভূমধ্যসাগরীয় অঞ্চলেই এর শক্তির ভরকেন্দ্র স্থাপিত হয়ে ছিল। এক্রস্কান শক্তির পতনের পর ক্রমশ পুরো ইতালীয় উপদ্বীপই রোমের নিয়ন্ত্রণে চলে আসে। সে সময়ে ইতালি ছিল বহু জাতি উপজাতি এবং গোষ্ঠী ও উপগোষ্ঠীতে বিভক্ত। এই সমগ্র অঞ্চলকে একত্রিত করতে প্রায় দুই শতাব্দীর কাছাকাছি সময় লেগে গিয়েছিল। এটি বলা বাহুল্য যে এই ঐক্যবদ্ধকরণের পুরো প্রক্রিয়াটি না তো ছিল মসৃণ এবং না তো ছিল রক্তপাতহীন।

রোমান সম্প্রসারণের প্রথম পর্বটি ছিল মধ্য ইতালিতে। বিশেষত ল্যাটিয়াম অঞ্চলে এই প্রভাব সবার আগে বিস্তার লাভ করে ছিল। ল্যাটিন ভাষাভাষী অধ্যুষিত এই অঞ্চলটি রোমান সভ্যতার পটভূমি রচনা করেছিল। ল্যাটিয়াম অঞ্চলটি টাইবার নদীর মুখ থেকে সিরসিয়ান পর্বত ও তার সংলগ্ন পাদদেশ পর্য্যন্ত উপকূলীয় সমভূমি নিয়ে গঠিত। এই অঞ্চলটিতে ল্যাটিনদের পাশাপাশি আরও একাধিক উপজাতির বসবাস ছিল। কিন্তু এই সমস্ত উপজাতিদের অভিবাসন এতটাই সুপ্রাচীন পর্বে ঘটেছিল যে তার কোনও সামাজিক স্মৃতিও আর অস্তিত্বশীল ছিল না। অধিকাংশ রোমান লেখকই ল্যাটিনদের লাইগুরিয়ান এবং সিসিলিয় উপজাতির সম্বয়ে গঠিত জাতি বলেই মনে করেছেন। এক্রস্কানদের পতনের পরেই রোম ল্যাটিন ভাষী গোষ্ঠীগুলির সাথে একটি সক্ষম হয়েছিল। এই জোট রোমানদের এক্রস্কান, সেবাইন, ভলসি, এবং আউকির আক্রমণ প্রতিহত করার ক্ষেত্রে বিশেষ সহযোগিতা করেছিল। অল্যাটিন প্রজাতিদের বিরুদ্ধে রোমের এই আগ্রাসন যখন যথেষ্ট উত্তেজনাপূর্ণ পর্য্যায়ে পৌঁছেছিল ঠিক সেই সময়েই খ্রি: পূ: ৩৯৬ অব্দ নাগাদ রোম এক্রস্কান নগর হেই দখল করতে সক্ষম হয়। হেইয়ের বিজয় রোমানদের মধ্যে ইতালির অন্যান্য অঞ্চলগুলিতে প্রবেশের পথ প্রশস্ত করে দিয়েছিল। কিন্তু এরপর ইতালিতে কেলটিক আক্রমণের কারণে রোমানদের সম্প্রসারণের গতি কিছুটা মন্দীভূত হয়ে যায়। কেলটিক উপজাতি ছিল ইন্দো ইউরোপীয় গোষ্ঠীর একটি শাখা। এই শাখার বিশেষত গল উপজাতি দীর্ঘকাল আগেই উত্তর ইতালিতে প্রবেশ করেছিল এবং বসবাস শুরু করে। ক্রমান্বয়ে এক শতাব্দীর মধ্যে তারা আল্পস এবং পো নদীর মধ্যবর্তী অঞ্চলটি দখল করে নিয়েছিল। খ্রি: পূ: ৩৯০ অব্দের দিকে রোম গলদের দ্বারা ব্যাপক ভাবে ন্ট্রিত হয়েছিল। খুব স্বাভাবিকভাবেই এই অভিযান ছিল রোমানদের জন্য একটি বড় ধাক্কা। তবে খুব তাড়াতাড়ি এই অভিঘাত থেকে নিজেদের ক্ষমতা পুনর্গঠিত করে খ্রি: পূ: চতুর্থ শতাব্দীর মাঝামাঝি সময়ে রোম সম্প্রসারণবাদী কর্মসূচী গ্রহণ করে।

এই সম্প্রসারণবাদী অভিযানে প্রাথমিকভাবে রোমানরা ল্যাটিন জনগণের সমর্থন পেয়েছিল। কিন্তু ক্রমশ তাদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া শুরু হয় এবং ইতালিয় অঞ্চলে রোমের কর্মকাণ্ডের বিরুদ্ধে প্রতিরোধ দানা বাধতে শুরু করে। খুব স্বাভাবিকভাবেই এই প্রতিরোধের ফলস্বরূপ রোমানরা ল্যাটিয়ামে একাধিক অভিযান শুরু করে। দীর্ঘ এক পর্য্যায়ের সংঘর্ষের পর রোমানরা অবশেষে খ্রি: পূ: ৩৩৮ অব্দে ল্যাটিন রাজ্যগুলিকে পরাজিত করে সাফল্য অর্জন করেছিল।

ল্যাটিয়াম অঞ্চলে সফল অভিযানের পর রোমের দৃষ্টি পড়ে ক্যাম্পানিয়ার উর্বর সমভূমি অঞ্চলের দিকে। এই অঞ্চলটি ছিল স্যামনাইট উপজাতি অধ্যুষিত। স্যামনাইটরা ছিলেন অ্যাপেনাইন অঞ্চলের উসকান ভাষাভাষীর জনগোষ্ঠী। খ্রি: পূ: চতুর্থ শতকে স্যামনাইটদের অধ্যুষিত অঞ্চল অত্যন্ত ঘনবসতিপূর্ণ ছিল এবং সামরিক দিক থেকেও এই জাতি ছিল যথেষ্ট কুশলী। অধিকাংশ স্যামনাইটদের পেশা ছিল পশুচারণ এবং তারা নগরের তুলনায় গ্রাম্য জীবনেই বেশি অভ্যস্ত ছিল। স্যামনাইটদের সাথে রোমের সংঘাত অত্যন্ত দীর্ঘস্থায়ী হয়েছিল এবং খ্রি: পূ: প্রায় ২৯৫ অব্দ পর্য্যন্ত এই সংগ্রাম চলেছিল।

গল উপজাতিদের আক্রমণের পটভূমিতে স্যামনাইট এবং রোমানদের সম্পর্ক ততটাও বৈরিতাপূর্ণ ছিল না। কিন্তু ক্রমশই উভয়ের মধ্যেকার বন্ধন আলগা হতে থাকে এবং খ্রি: পূ: ৩৪৩ অব্দে রোমান ও স্যামনাইট মৈত্রী বিনষ্ট হয়ে যায়। রোমানরা স্যামনাইটদের চরম বৈরী কাপুয়ানদের সাথে জোটবদ্ধ হয়েছিল। স্যামনাইটদের সাথে রোমানদের আচমকা এই শত্রুতার কারণ সুস্পষ্ট নয়। তবে সম্ভবত সমভূমিগুলিতে বসতি স্থাপনকারী বিভিন্ন পশুচারক সম্প্রদায়ের মধ্যে ভূমি দখলকে কেন্দ্র করে স্বাভাবিক বৈরিতাই হয় তো এর পিছনে মূলত দায়ী ছিল। খ্রি: পূ: ৩৪৩ অব্দে প্রথম স্যামনাইট যুদ্ধের সূত্রপাত ঘটে। এই যুদ্ধে রোমানরা কাপুয়ান নগর ক্যাম্পানিয়া থেকে স্যামনাইটদের বিতাড়িত করতে সাফল্য লাভ করেছিল। ল্যাটিয়ামের দক্ষিণে শক্তিশালী হয়ে রোমানরা যখন মধ্য ইতালির উর্বর অঞ্চল ক্যাম্পানিয়া দখলে সচেষ্ট হয় তখনই স্যামনাইটদের সাথে তাদের বিরোধ তুঙ্গে ওঠে। কারণ স্যামনাইটরাও ক্যাম্পানিয়া দখল করতে সচেষ্ট হয়েছিল সমান ভাবে। ক্যাম্পানিয়াকে কেন্দ্র করে উভয়ের বিরোধ দুটি স্যামনাইট যুদ্ধের প্রধান কারণ হিসেবে কাজ করেছিল। শেষ পর্য্যন্ত তৃতীয় স্যামনাইট যুদ্ধের পর এই অঞ্চল রোমের কর্তৃত্বের অধীনে চলে আসে।

২.২: প্রথম স্যামনাইট যুদ্ধ

খ্রি: পূ: ৩৪৩ অব্দে কাপুয়ানদের তরফ থেকে রোমানের কাছে স্যামনাইটদের ক্যাম্পানিয়ায় কার্য্যকলাপের বিরুদ্ধে সাহায্য প্রার্থনা করা হলে রোমান তাতে সম্মত হয়। এই ঘটনায় স্যামনাইটরা অত্যন্ত ক্ষুব্ধ হয়। কারণ রোমানদের এই আচরণ খ্রি: পূ: ৩৫৪ অব্দে রোম স্যামনাইট মৈত্রী চুক্তিকে লঙ্ঘন করেছিল। রোমানদের কাছে সমৃদ্ধ ক্যাম্পানিয়া নগর আকর্ষনীয় বোধ হয়েছিল। তাদের উদ্দেশ্য ছিল ক্যাম্পানিয়ার বাসিন্দাদের রোমান নাগরিকত্ব দান করে এই নগরীকে হস্তগত করা। কাপুয়ানরা তাতে সম্মত হলে রোমানরা আভ্যন্তরীন স্বশাসন বজায় রাখা সত্ত্বেও সামরিক ছাউনি সেখানে স্থাপন করে রেখেছিল। স্যামনাইটরা এই ঘটনায় অত্যন্ত ক্ষুব্ধ হয়ে ক্যাম্পানিয়ায় অভিযান শুরু করে। ফলে রোমানরা তাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা করতে বাধ্য হয়। এই যুদ্ধে স্যামনাইটদের পরাজয় ঘটে এবং তারা বাধ্য হয়ে রোমানদের সাথে এক নতুন চুক্তি স্বাক্ষর করে। এই চুক্তি অনুসারে স্যামনাইটরা তেহান অঞ্চলে নিজেদের কর্তৃত্ব স্থাপন করে এবং ক্যাম্পানিয়ার উপর রোমানদের কর্তৃত্ব স্বীকার করে নেয়।

২.৩: দ্বিতীয় স্যামনাইট যুদ্ধ

খ্রি: পূ: ৩২১ অব্দ নাগাদ ক্যাম্পানিয়া শহরের আভ্যন্তরীন লড়াইয়ে হস্তক্ষেপের ফলে স্যামনাইট এবং রোমানদের মধ্যে শুরু হয় দ্বিতীয় স্যামনাইট যুদ্ধ। ক্যাম্পানিয়া নগরে এই সময়ে স্পষ্টত দুটি গোষ্ঠী তৈরি হয়েছিল। একদিকে ছিল রোম সমর্থিত অভিজাত গোষ্ঠী এবং অন্যদিকে ছিল স্যামনাইট সমর্থিত গণতান্ত্রিক গোষ্ঠী। এই যুদ্ধে প্রাথমিক ভাবে রোমানরা কোণ ঠাসা হয়ে পড়ে। ৩২১ খ্রি: পূ: কৌডিন ফর্কস-এর যুদ্ধে রোমান বাহিনীর পরাজয় ঘটে। আসলে তারা পাহাড়ি অঞ্চলে যুদ্ধের ক্ষেত্রে খুব একটা কুশলী ছিল না। এই পরাজয় থেকে শিক্ষা নিয়ে রোমান সৈন্যবাহিনী নতুন ভাবে বিন্যস্ত করা হয়। রোমান ব্রিগেডকে ৩০ টি ম্যানিপলে বিভক্ত করে যুদ্ধ পরিচালনার নীতি রোমানরা গ্রহণ করেছিল। এই নতুন নীতি গ্রহণের ফলে দ্বিতীয় স্যামনাইট যুদ্ধের সমাপ্তি হয়ে ছিল রোমানদের সাফল্যের মধ্য দিয়ে। দ্বিতীয় স্যামনাইট যুদ্ধের ফলে সাবেল উপজাতি এবং ক্যাম্পানিয়া নগরীর এক বৃহৎ অংশ সরাসরি রোমের নিয়ন্ত্রণে চলে এসেছিল।

২.৪: তৃতীয় স্যামনাইট যুদ্ধ

স্যামনাইটরা রোমানদের বিরুদ্ধে তাদের পূর্ববর্তী পরাজয়ের প্রতিশোধ নিতে বদ্ধপরিকর ছিল। আর সেই কারণেই তারা তারাস এবং গলদের সঙ্গে জোটবদ্ধভাবে রোমানদের বিরুদ্ধে অভিযান শুরু করে। প্রাথমিক ভাবে রোম বিরোধী এই জোট সাফল্য অর্জন করেছিল। কিন্তু অচিরেই তারা পরাজয়ের সম্মুখীন হয়। খ্রি: পূ: ২৯৬ অব্দে স্যামনাইটরা রোমানদের বিরুদ্ধে বড়সড় পরাজয়ের সম্মুখীন হয়। ইতিমধ্য এত্রুস্কানরা রোমানদের সঙ্গে শান্তিচুক্তিতে আবদ্ধ হয় এবং গলরাও উত্তরে ফিরে যেতে বাধ্য হয়। এই পরিস্থিতিতে স্যামনাইটদের পক্ষে একক ভাবে রোমের শক্তি প্রতিহত করা সম্ভবপর ছিল না। খ্রি: পূ: ২৯০ অব্দে রোমানদের বিরুদ্ধে স্যামনাইটদের চূড়ান্ত পরাজয় ঘটে। স্যামনাইটদের কেন্দ্রভূমি পুব্লিয়া রোমানরা দখল করে নেয়।

স্যামনাইট যুদ্ধের সমাপ্তির সাথে সাথে রোম মধ্য ইতালির প্রায় সমস্তটাই তাদের অধীনে ঐক্যবদ্ধ করে ছিল। ভূমধ্যসাগরীয় অঞ্চলে রোম একটি গুরুত্বপূর্ণ শক্তি হিসেবে আত্মপ্রকাশ করেছিল। এই পরিস্থিতিতে দক্ষিণ ইতালির গ্রীক উপনিবেশ বা ম্যাগনা গ্রেসিয়াগুলির সঙ্গে রোমের দ্বন্দ্ব ছিল অনিবার্য্য। খ্রি: পূ: তৃতীয় শতাব্দীর প্রথম দিকে লুকানিয় এবং গ্রুটিয়ানরা এই গ্রীক উপনিবেশগুলিতে আক্রমণ চালায়। খ্রি: পূ: ২৮৩ অব্দে রোমান আঞ্চলিক শক্তির কাছে তারা সাহায্যের আবেদন করেছিল। তৎকালীন ম্যাগনা গ্রেসিয়ার সব থেকে গুরুত্বপূর্ণ নগর ছিল টেরেন্টিয়াম।

২.৫: রোমানদের গ্রীক উপনিবেশ দখল

খ্রি: পূ: ২৯৫ অব্দ নাগাদ অধিকাংশ এত্রুস্কান অধ্যুষিত অঞ্চল নিজেদের নিয়ন্ত্রণে রোমানরা নিয়ে আসার পর দক্ষিণ ইতালির ম্যাগনা গ্রেসিয়া তথা গ্রীক উপনিবেশগুলি দখলের দিকে মনোনিবেশ করে। টেরেন্টিয়ামকে নেতৃত্ব স্থানে বসিয়ে গ্রীক উপনিবেশগুলি রোমের এই কার্য্যকলাপের যে তীব্র বিরোধিতা করেছিল সে বিষয়ে কোনও সন্দেহ নেই। সে সময়ে দ: পূ: ইতালির অবস্থানটি ভূমধ্যসাগরীয় সমুদ্র বাণিজ্যের জন্য একটি গুরুত্বপূর্ণ অঞ্চল হিসেবে আত্মপ্রকাশ করেছিল। ভৌগোলিক অবস্থান এবং গ্রীসের সাথে ঔপনিবেশিক সম্পর্কের কারণে টেরেন্টিয়াম তৎকালীন ইতালিয় নগরগুলির মধ্যে সব থেকে শক্তিশালী নৌবহরের অধিকারী ছিল। খ্রি: পূ: ৩০২ অব্দে টেরন্টিয়ামের সঙ্গে রোমানদের এক চুক্তি স্বাক্ষরিত হয় যাতে স্থির হয় গ্রীক নৌ বাহিনীর স্বায়ত্তশাসনের সম্মানে রোমান নৌবহর টেরেন্টিয়াম উপসাগরে প্রবেশ করবে না।

এই চুক্তি সত্ত্বেও আঞ্চলিক নগর রাষ্ট্র লোক্রি, রিগিম, ক্রোটন এবং থুরির কাছ থেকে লুসানিয়দের বিরুদ্ধে সাহায্যের আহ্বানে রোম খ্রি: পূ: ২২২ অব্দে সমুদ্র পথে সৈন্য প্রেরণ করে। থুরি নগরে রোমান সৈন্য ঘাঁটি স্থাপিত হয় যা স্পষ্টতই চুক্তির শর্ত ভঙ্গ করে। টেরেন্টিয়ামের তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় রোমান নৌবহরটি ধ্বংস প্রাপ্ত হয়। এর প্রত্যুত্তরে রোমান সেনেট পোস্টুমিয়াস মেগেলাসের অধীনে টেরেন্টিয়ামে একটি দৌত্য প্রেরণ করে। কিন্তু রোমানরা দাবি করে যে, টেরেন্টিয়ামের পক্ষে রোমান দৌত্যকে অত্যন্ত অপমান করা হয়। এই পরিস্থিতিতে টেরেন্টিয়ামের বিরুদ্ধে রোম যুদ্ধ ঘোষণা করে।

টেরন্টিয়াম উদ্ভূত পরিস্থিতির মোকাবিলায় নিজস্ব সেনা বাহিনী সমবেত করে রোমান স্বার্থের মধ্যে সমস্যা তৈরি করার প্রচেষ্টা শুরু করে। রোমানদের হাত থেকে নিজেদের রক্ষা করতে টেরেন্টিয়াম এপিরাসের রাজা পিরহাসের কাছে সাহায্য প্রার্থনা করে। ম্যাসিডোনিয়ার দিগ্বিজয়ী সম্রাট আলেকজাণ্ডারের আত্মীয় পিরহাস নিজেকে আলেকজাণ্ডার

হিসেবেই কল্পনা করতে স্বচ্ছন্দ ছিলেন। তাই তিনি সহজেই টেরেন্টিয়ামকে সহযোগিতার প্রস্তাবে সম্মত হয়ে যান। তবে এক্ষেত্রে তার অন্য উদ্দেশ্যও সম্ভবত কাজ করেছিল। প্লুটার্কের মতে এপিরাসের নিজের ক্ষমতা সুনিশ্চিত করার পর পিরহাসের আসল উদ্দেশ্য ছিল সিসিলির উর্বর অঞ্চলের উপর আধিপত্য বিস্তার করা। সে সময়ে ম্যাসিডোনিয় এই রাজ্যগুলি সামরিক বাহিনীর বিচারে রোমানদের তুলনায় অনেকটাই উন্নত ছিল। পিরহাস টেরেন্টিয়ামের কাছ থেকে এই চ্যালেঞ্জ গ্রহণ করে তার নিজস্ব বাহিনী এবং অন্যান্য আঞ্চলিক গ্রীক বাহিনীকে একত্রিত করে অ্যাড্রিয়াটিক অঞ্চল জুড়ে যুদ্ধযাত্রা করে ছিলেন এবং খ্রি: পূ: ২৮০ অব্দে ইতালিতে এক সুবিশাল বাহিনী নিয়ে অবতরণ করে ছিলেন। পিরহাসের হস্তী বাহিনী দেখে রোমানরা হতবাক হয়ে গিয়েছিল। কারণ এই বাহিনীর সঙ্গে তারা পরিচিত ছিল না। পিরহাসও অনুমান করেছিলেন যে, তার সামরিক বাহিনীর বহর দেখেই রোমানরা পরাজিত হবে। কিন্তু বাস্তবে রোমানরা তাদের আঞ্চলিক কর্তৃত্ব ত্যাগ করতে মোটেও আগ্রহী ছিল না।

উভয়ের মধ্যে প্রথম সাক্ষাত হয় হেরাক্লিয়ার উপকূলীয় নগরে। পাব্লিয়াস লাভারিয়াস লাভিনিয়াসের অধীনে রোমানরা পিরহাসের বাহিনীকে প্রবল বিক্রমে বাধা দেয়। এই যুদ্ধে রোমানরা পিরহাসের বাহিনীর কাছে পরাজিত হয় ঠিকই কিন্তু পিরহাসের যে পরিমাণ ক্ষয়ক্ষতি হয় তা ছিল কল্পনাতীত। বিপুল পরিমাণ সৈন্য এই যুদ্ধে হতাহত হয়, যা পিরহাসের জন্য ভয়াবহ ক্ষতির সৃষ্টি করে। এই ক্ষতি প্রায় অপূরণীয় হয়ে দাঁড়ায়। হেরাক্লিয়ার যুদ্ধে পিরহাসের এই আত্মঘাতী বিজয়ের দৃষ্টান্ত থেকে 'পিরহিক বিজয়' এই প্রবাদ বাক্যের উৎপত্তি হয়।

পিরহাস আশা করেছিলেন যে তার আক্রমণ রোমের ঐতিহ্যবাহী বৈরি গোষ্ঠীগুলিকে রোমের বিরুদ্ধে বিদ্রোহের দিকে উৎসাহিত করবে। কিন্তু বাস্তবে তার এই অনুমান ভ্রান্ত প্রমাণিত হয়েছিল। কারণ ততদিনে এই তথাকথিত বৈরি গোষ্ঠীগুলি রোমান প্রজাতন্ত্রের সদস্য হিসেবে রোমানিকৃত হয়ে পড়েছিল সম্পূর্ণ ভাবে। খ্রি: পূ: ২৭৯ অব্দে অস্কুলামের যুদ্ধে আবারও রোমান বাহিনী এবং এপিরাস বাহিনী মুখোমুখি সংঘাতে লিপ্ত হয়। হেরাক্লিয়ার মতই অস্কুলামের যুদ্ধও পিরহাস 'পিরহিক বিজয়' লাভ করেছিলেন। ব্যয় বহুল এই বিজয় স্বীকার করে পিরহাস রোমের কাছে শান্তি প্রস্তাব দিলেও তার ইতালিতে অবস্থানকালীন এই শান্তির শর্ত বাস্তবায়িত হয় নি। তিনি কার্থেজের সঙ্গে রোমের বৈরিতা বৃদ্ধির প্রচেষ্টা করলেও শেষ পর্য্যন্ত তার প্রচেষ্টা ফলপ্রসূ না হওয়ায় তিনি সিসিলিতে চলে যান। খ্রি: পূ: ২৪৫ অব্দে ইতালিতে প্রত্যাবর্তন করে দক্ষিণ ইতালির মালভেন্টাম শহরে পিরহাস আবার রোমানদের মুখোমুখি হন। কিন্তু এবারে তিনি চূড়ান্ত ভাবে পরাজিত হন। ভগ্ন হৃদয়ে তিনি এপিরাসে প্রত্যাবর্তন করেন। পিরহাসের প্রত্যাবর্তনের পর টেরেন্টিয়ামসহ দক্ষিণ ইতালির গ্রীক উপনিবেশগুলি রোমের স্বাভাবিক অনুগ্রহমূলক প্রস্তাব মেনে নিয়েছিল এবং টেরেন্টিয়াম ব্যতীত অন্যান্য রাজ্য ও উপজাতিরা আত্মসমর্পণ করেছিল। টেরেন্টিয়ামকে ল্যাটিন আইনের আওতায় এনে স্বশাসনের অনুমতি দেওয়া হলেও রোমান সেনা শিবির সেখানে স্থায়ীভাবে নির্মাণ করা হয়।

দক্ষিণ ইতালির গ্রীক বিজয় রোমের ছত্রছায়ায় প্রায় সমগ্র ইতালিকেই ঐক্যবদ্ধ করে তুলেছিল। আর কেবল বাকি ছিল রোমের শক্তিশালী প্রতিদ্বন্দ্বী কার্থেজকে দমন করা। কার্থেজের সঙ্গে রোমের প্রতিদ্বন্দ্বিতা দীর্ঘস্থায়ী হয়েছিল এবং প্রায় এক শতাব্দী জুড়ে স্থায়ী তিনটি পিউনিক যুদ্ধের পর কার্থেজ সম্পূর্ণ রূপে পরাস্ত হলে রোম একচ্ছত্র আধিপত্য স্থাপনে সক্ষম হয়।

২.৬ : রোম ও কার্থেজ সংঘাত

ইতালির দক্ষিণ দিকে অবস্থিত সিসিলি দ্বীপের অধিকারকে কেন্দ্র করে রোম ও কার্থেজের মধ্যে যে শতবর্ষব্যাপী যুদ্ধের সূচনা হয় ইতিহাসে সেই যুদ্ধ পিউনিক যুদ্ধ নামে খ্যাত। কার্থেজিয়রা জাতিতে ফিনিশীয় ছিল। ল্যাটিন জাতি ফিনিশীয়কে 'পুনি' উচ্চারণ করত। এই 'পুনি' থেকেই পিউনিক শব্দের উৎপত্তি হয়েছে বলে মনে করা হয়। ইতিহাসে তিনিটি পিউনিক যুদ্ধের উল্লেখ পাওয়া যায়। এই তিনটি যুদ্ধ এক শতাব্দীকাল ধরে চললেও কখনওই তা ধারাবাহিকভাবে সংঘটিত হয় নি — একাধিক বার যুদ্ধরত পক্ষ দ্বয়ের মধ্যে সাময়িক শান্তি স্থাপিতও হয়েছিল। কিন্তু এই শান্তি কখনওই দীর্ঘস্থায়ী হয় নি। এই কারণে কিছু বছর পরপর উভয় পক্ষই পুণরায় প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হয়ে ছিল। শেষ পর্য্যন্ত কার্থেজিয় শক্তি ও নগরীর সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্তি ঘটেছিল রোমানদের হাতে এবং এরপরই সম্পূর্ণ রূপে পিউনিক যুদ্ধের অবসান ঘটেছিল।

২.৭: প্রথম পিউনিক যুদ্ধ

বহু যুদ্ধ বিগ্রহের পর রোমানরা যখন সমগ্র ইটালির অধীশ্বর হয়ে গিয়েছিল তখন স্বভাবতই তাদের দৃষ্টি ভূমধ্যসাগরীয় অঞ্চলের উপর পড়েছিল। কারণ এই অঞ্চল ছিল রোমানদের সাম্রাজ্য ও বাণিজ্য বিস্তারের স্বাভাবিক কেন্দ্র। সুতরাং ভূমধ্যসাগরীয় অঞ্চলের উপর ইতালির একচ্ছত্র আধিপত্য প্রতিষ্ঠা ছিল কেবলমাত্র সময়ের অপেক্ষা। ইতিপূর্বে এই অঞ্চলে কার্থেজের প্রাধান্য দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত ছিল। ইতালির পশ্চিম উপকূলের কাছাকাছি অবস্থিত কর্সিকা, সার্ডিনিয়া প্রভৃতি দ্বীপগুলি কার্থেজিয় সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল এবং সিসিলি দ্বীপের পশ্চিমদিক পর্য্যন্ত কার্থেজের অধিকার বিস্তৃত হয়ে পড়েছিল। সমগ্র সিসিলিতে নিজের অধিকার কায়েম করার জন্য কার্থেজ গ্রীক উপনিবেশগুলির সঙ্গে বহুদিন ধরে যুদ্ধে লিপ্ত ছিল। এসব কিছুর মধ্যে দিয়ে পশ্চিম ভূমধ্যসাগরীয় অঞ্চলের বাণিজ্যে কার্থেজ তার সম্পূর্ণ নিয়ন্ত্রণ কায়েম করেছিল।

পিউনিক যুদ্ধের আভাস রাজা পিরহাস আগেই দিয়ে গিয়েছিলেন। সিসিলি থেকে চলে যেতে বাধ্য হলে তিনি ভবিষ্যদ্বাণী করেছিলেন যে একদিন এই সিসিলি নিয়েই রোম ও কার্থেজের মধ্যে আগুন জ্বলে উঠবে। পিরহাসের বিরুদ্ধে রোম ও কার্থেজ একজোট হলেও তিনি বিতাড়িত হবার পর দুই পক্ষই সিসিলিকে নিজের ক্ষমতার আওতায় আনার পরিকল্পনা সাজাতে থাকে।

কার্থেজের এই ক্রমবর্ধমান শক্তিবৃদ্ধিতে রোমানরা শঙ্কিত হয়ে পড়েছিল। ভৌগোলিক অবস্থানের দিক থেকে বিচার করলে কর্সিকা, সার্ডিনিয়া এবং সিসিলি প্রভৃতি দ্বীপগুলি প্রকৃতপক্ষে ইতালির অবিচ্ছেদ্য অংশ রূপে গণ্য করা যেতে পারে। এই দ্বীপগুলিকে সামরিক ঘাঁটি হিসেবে ব্যবহার করে কার্থেজের পক্ষে ইতালি আক্রমণ ও জয় করা সহজসাধ্য ছিল। এই ঘটনা ইতালিকে যথেষ্ট চিন্তান্বিত করেছিল। রোমের কাছে সিসিলির গুরুত্ব ছিল সর্বাধিক। তাই কার্থেজ যদি সমগ্র সিসিলির অধীশ্বর হয়ে যেত তাহলে সহজেই ইতালির দক্ষিণ ও পূর্ব অংশে রোমান অধিকার বিপন্ন হয়ে পড়ত। সুতরাং ইতালির ভবিষ্যত নিরাপত্তার কথা বিবেচনা করলে কার্থেজের শক্তিবৃদ্ধি লক্ষ্য করে রোমের পক্ষে উদাসীন থাকা অথবা নিরপেক্ষ নীতি অবলম্বন করা ছিল আত্মহত্যার সামিল। এই কারণে রোম ও কার্থেজের মধ্যে সংঘর্ষ অনিবার্য্য হয়ে দাঁড়িয়েছিল।

তাছাড়া কার্থেজের শক্তিবৃদ্ধি ভূমধ্যসাগরীয় অঞ্চলে রোমের বাণিজ্য বিস্তারের পথে প্রধান প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছিল। ইতিমধ্যে রোম সমগ্র ইতালিয় উপদ্বীপকে নিজের আয়ত্ত্বে নিয়ে আসতে সক্ষম হওয়ায় বহির্বাণিজ্য বৃদ্ধিতে তারা সচেষ্ট হয়। তারা এটা ভাল করেই উপলব্ধি করেছিল যে কার্থেজকে দমন করতে না পারলে ভূমধ্যসাগরীয় বাণিজ্যের রাশ নিজেদের হাতে নিয়ে আসা কখনওই সম্ভবপর হবে না। এইভাবে পশ্চিম ভূমধ্যসাগরীয় অঞ্চলের আধিপত্য স্থাপনের বিষয়টিও উভয় শক্তির মধ্যে সংঘাত অবশ্যম্ভাবী করে তোলে।

২.৮: প্রত্যক্ষ কারণ

প্রথম পিউনিক যুদ্ধের প্রাক্কালে সিসিলিতে প্রধান তিনটি পক্ষ ছিল - গ্রীক নগর রাষ্ট্র সিরাকিউজ, কার্থেজ আর ম্যামেরটাইন। ম্যামেরটাইনরা ছিল ক্যাম্পানিয়া থেকে আগত মার্সেনারি আর দস্যু। এরা একসময় অর্থের বিনিময়ে সিরাকিউজের রাজার পক্ষে কাজ করত। তবে ২৮৫ খ্রিস্টপূর্বাব্দে এরা মেসানা দখল করে নেয়। সিসিলির উত্তরপূর্বে গ্রীক নগর রাষ্ট্র মেসানা ইটালির মূল ভূখণ্ডের সাথে মাত্র তিন মাইল চওড়া প্রণালী দিয়ে যুক্ত ছিল। কৌশলগত দিক থেকে গুরুত্বপূর্ণ এই অঞ্চল অধিকার করতে ২৬৪-৬৫ খ্রিস্টপূর্বাব্দে সিরাকিউজের তৎকালীন শাসক দ্বিতীয় হিয়েরো মেসানা অবরোধ করেন। ম্যামেরটাইনরা তখন রোম ও কার্থেজ উভয়ের কাছেই সাহায্যের বার্তা পাঠায়। মেসানাকে কেন্দ্র করে সিসিলিতে আধিপত্য বিস্তারের অভিলাষে দুই পক্ষই সহযোগিতা করতে সম্মত হয়।

প্রাচীন গ্রীক ঐতিহাসিক ফিলিনাসের মতে, মেসানাতে হস্তক্ষেপ করার মাধ্যমে রোম কার্থেজের সাথে সম্পাদিত একটি চুক্তির শর্ত লঙ্ঘন করেছিল, যেখানে বলা হয়েছিল রোম সিসিলিতে এবং কার্থেজ ইতালিতে প্রভাব বিস্তারের চেষ্টা করবে না। তবে আধুনিক ঐতিহাসিকগণ এই তথ্যের সত্যাসত্য নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন। কারণ ফিলিনাস কার্থেজের শুভানুধ্যায়ী এবং রোম বিদ্বেষী হিসেবে পরিচিত ছিলেন। অপরদিকে পলিবিয়াস, যাকে মোটামুটি নিরপেক্ষ ধরে নেওয়া হয়, তাঁর বর্ণনা অনুযায়ী রোম ও কার্থেজের ছয়টি চুক্তির প্রমাণ পাওয়া গেলেও ফিলিনাসের বর্ণিত সেই চুক্তির কোনও প্রমাণ পাওয়া যায় নি।

কার্থেজ থেকে সেনাপতি হ্যানোকে দায়িত্ব দিয়ে পাঠানো হয়। কার্থেজের উপস্থিতিতে হিয়েরো অবরোধ তুলে নিতে বাধ্য হন। কার্থেজের সেনারা শহরে গ্যারিসন স্থাপন করে। এদিকে ২৬৪ খ্রিস্ট পূর্বাব্দে নির্বাচিত রোমান কন্সাল অ্যাপিয়াস ক্লডিয়াস কডেক্স তার আত্মীয় গাইয়াস ক্লডিয়াসকে ম্যামেরটাইনদের কাছে পাঠান রোমান সাহায্যের আশ্বাস দিয়ে। কার্থেজ আগে আসলেও ইতালির অংশ হিসেবে ম্যামেরটাইনরা রোমের কাছ থেকে সাহায্য নিতেই মনস্থির করে। আপসের ভিত্তিতে পিউনিক সেনাপতি শহর ত্যাগ করেন এবং কার্থেজের গ্যারিসন রোমান সেনা দিয়ে প্রতিস্থাপিত হয়। ঘটনা এখানে শেষ হতে পারত, কিন্তু হ্যানো কার্থেজে ফিরে গেলে তাকে দায়িত্ব পালনে ব্যর্থতার অভিযোগে ক্রুশবিদ্ধ করা হয়। এবার কার্থেজ হিয়েরোর সাথে জোটবদ্ধ হয়ে মেসানা অবরোধ করে বসে। শুরু হয় প্রথম পিউনিক যুদ্ধের ঘটনাপ্রবাহ।

প্রথম পিউনিক যুদ্ধ প্রায় চব্বিশ বছর ধরে চলেছিল। এই দীর্ঘ সময়ে প্রাথমিক ভাবে রোমানরা কোণঠাসা হয়ে পড়লেও ক্রমশ তারা নতুন ধরণের রণকৌশল উদ্ভাবনের ফলে জয়ী হয় এবং সিসিলিতে রোমান আধিপত্য স্থাপিত হয়। প্রথম পিউনিক যুদ্ধের ইতিহাসকে আলোচনার সুবিধার জন্য চারটি পর্বে বিভক্ত করা যায়। প্রথম পর্বের সূচনা হয়েছিল খ্রি: পূ: ২৬৪ অব্দ নাগাদ। প্রথম পিউনিক যুদ্ধ শুরু হলে সিরাকিউজের শাসক দ্বিতীয় হিয়েরো আর

কার্থেজিনিয়ান সেনাপতি হ্যানো (প্রথমোক্ত হ্যানো থেকে ভিন্ন) মেসানা ঘিরে রাখে। ইতালি ও মেসানার সংযুক্তকারী প্রণালীতে কার্থেজের নৌবাহিনী আর স্থলভাগে সিরাকিউজের বাহিনী অবস্থান নেয়। ম্যামেরটাইনরা রোমের সাহায্য প্রার্থনা করলে ক্লডিয়াস তার সাথে থাকা বাহিনী নিয়ে প্রণালী পার হওয়ার চেষ্টা করেন। কিন্তু কার্থেজের বাধায় সেই চেষ্টা নস্যাৎ হয়ে যায়। এবার ক্লডিয়াস অন্য চাল চালেন। তিনি সিসিলি থেকে চলে যাচ্ছেন বলে গুজব ছড়িয়ে দেন এবং জাহাজের মুখ মেসানার দিক থেকে ঘুরিয়ে খোলা সাগরের দিকে যাত্রা করেন। এর ফলে কার্থেজের বাহিনীতে শিথিলভাব চলে আসে। এদিকে বাতাস মেসানার অনুকুলে বইতে শুরু করলে হঠাৎ করে ক্লডিয়াস সমস্ত জাহাজের মুখ ঘুরিয়ে মেসানার দিকে যাত্রা করেন। এবার তিনি কার্থেজের সেনাদের ফাঁকি দিয়ে শহরে এসে পৌঁছলেন।

সাধারণ ভাবে মনে করা হয় যে, ক্লডিয়াসের সাথে ছিল একটি কন্সুলার আর্মির সমান সংখ্যক সৈন্য, অর্থাৎ ২০,০০০ সৈন্যের এক বাহিনী। তার সাথে যোগ দেয় ম্যামারটাইনরা। ক্লডিয়াস প্রথমে সমঝোতার চেষ্টা করলেও তা ব্যর্থ হয়। আর অপেক্ষা করা সমীচীন হবে না মনে করে এবার তিনি সিরাকিউজের সেনাদের সাথে লড়াই শুরু করেন। ঐতিহাসিকদের মতে, যুদ্ধ অমীমাংসিতভাবে শেষ হলেও হিয়েরো রোমের সাথে শত্রুতা আর বাড়াতে চাননি। সিরাকিউজের বাহিনী মেসানার অবরোধ তুলে নিয়ে ফিরে যায়। এবার ক্লডিয়াস আক্রমণ করেন হ্যানোর নেতৃত্বে থাকা কার্থেজিনিয়ান সেনাদলকে। এবারও যুদ্ধে শেষ হলো অমীমাংসিতভাবে। কিন্তু পরিস্থিতি বিচার করে হ্যানো সিদ্ধান্ত নিলেন সিরাকিউজের সাহায্য ছাড়া মেসানা দখল করা সম্ভব নয়। সুতরাং তিনি ফিরে গেলেন এবং মেসানার উপর রোমের প্রভাব প্রতিষ্ঠিত হলো।

পরবর্তী বছর অর্থাৎ ২৬৩ খ্রি: পূ: দুই রোমান কন্সাল নিজ নিজ বাহিনী নিয়ে প্রায় চল্লিশ হাজার সৈন্যসহ সিরাকিউজ অবরোধ করলেন। দ্বিতীয় হিয়েরো বৃথাই কিছুদিন কার্থেজের সহায়তার প্রত্যাশায় থাকলেন। কার্থেজের নীরবতায় অবশেষে হতাশ হয়ে হিয়েরো রোমের সাথে আপস করে নিতে বাধ্য হন। পরবর্তী প্রায় পঞ্চাশ বছর সিরাকিউজ রোমের বিশ্বস্ত মিত্র হিসেবে রোমকে বিভিন্ন সময় গুরুত্বপূর্ণ সহায়তা দিয়ে গেছে।

এরপর রোম সিসিলির দ্বিতীয় গুরুত্বপূর্ণ গ্রীক নগর অ্যাগ্রিগেন্টাম অবরোধ করে। এরাও ছিল কার্থেজের মিত্র রাষ্ট্র। বস্তুত দক্ষিণ-মধ্য ইটালিতে অ্যাগ্রিগেন্টাম ছিল কার্থেজের অন্যতম প্রধান ঘাঁটি। সিরাকিউজের সাথে চুক্তির পর থেকে সিসিলির পূর্ব উপকূলে রোমের ক্রমবর্ধমান প্রভাব কার্থেজের অভিজাতশ্রেণীর মাথাব্যথার কারণ হয়ে দাঁড়ায়। এই পরিস্থিতিতে ২৬২ খ্রিস্টপূর্বাব্দ হ্যানিবাল নামে এক জেনারেলকে ৫০,০০০ সেনাসহ অ্যাগ্রিগেন্টামে পাঠান হয়। এই সেনারা বেশিরভাগই ছিল মার্সেনারি, তবে তাদের অফিসার ও জেনারেল ছিলেন কার্থেজিনিয়ান।

রোম থেকে দুই কন্সাল মেজিলাস ও ভেটুলাস তাদের বাহিনী নিয়ে অ্যাগ্রিগেন্টামের কাছে এসে পৌঁছেন। কাছাকাছি হার্বেসাস শহর থেকে রসদ ও অন্যান্য সরঞ্জাম যোগানের ব্যবস্থা করে তারা অ্যাগ্রিগেন্টাম অবরোধ করেন। হ্যানিবাল শহরের বাইরে এসে রোমানদের মোকাবেলা করলে তিনি পরাজিত হন। কাজেই তিনি অবশিষ্ট সেনাদের নিয়ে পিছু হটে শহরে চলে যান। মেজিলাস ও ভেটুলাস অবরোধ জারি রাখলে হ্যানিবাল ও তার সেনাদের অবস্থা খারাপ হয়ে যায়। তার বারংবার অনুরোধে কার্থেজ থেকে হ্যানোর নেতৃত্বে একটি সহায়তাকারী বাহিনী প্রেরণ করা হয়। হ্যানোর সাথে ছিল ৩০,০০০ সেনা এবং সাথে হস্তিবাহিনী ও অশ্বারোহী দল।

হ্যানো অতর্কিতে হামলা চালিয়ে হার্বেসাস দখল করে নেন। ফলে রোমান সেনাদলে খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর যোগান বন্ধ হয়ে যায়। তবে সিরাকিউজ থেকে হিয়েরো তাদের কিছু সাহায্য পাঠাতে সমর্থ হন। এদিকে

অবরুদ্ধ অ্যাগ্রিগেন্টামেও রসদপত্রের অভাবে দুর্ভিক্ষের পরিস্থিতি সৃষ্টি হয়। ফলে নগরের অবরোধ ভাঙা হ্যানোর জন্য জরুরি হয়ে পড়ে। তিনি রোমানদের সাথে সম্মুখযুদ্ধে অবতীর্ণ হন। কিন্তু এবারও কার্থেজের বাহিনী পরাজিত হয়ে পিছু হটে যেতে বাধ্য হয়। এরপর রোমানরা আবার অ্যাগ্রিগেন্টাম আক্রমন করে। হ্যানিবাল এবার শহর রোমানদের হাতে তুলে দেয়া ছাড়া আর কোনো উপায় দেখলেন না। তিনি হ্যানোর সাথে যোগ দিতে চলে যান। জয়ী রোমান সেনাদল শহরে ব্যাপক লুঠতরাজ চালায়।

ইতিমধ্যে প্রয়োজন উপলব্ধি করে রোম নিজের নৌবাহিনী সুসংগঠিত করে। প্রাথমিক ভাবে লিপারার যুদ্ধে রোমান নৌবাহিনী পরাজিত হলেও অল্প দিনের মধ্যেই সিসিলিয় উপকূলে মাইলের যুদ্ধে কার্থেজিয় নৌবহর রোমান বাহিনীর হাতে চূড়ান্ত ভাবে পরাস্ত হয়। এরপর রোমান কন্সাল রেগুলাসের নেতৃত্বে রোমান বাহিনী একেবারে কার্থেজ অভিমুখে যাত্রা করেন। ইকনোমাসের নৌযুদ্ধে কার্থেজিয় নৌবাহিনীকে পরাস্ত করে রোমান বাহিনী উত্তর আফ্রিকার উপকূলে অবতরণ করে। এখানে কার্থেজকে পরাজিত করে তারা ক্লুপিয়া ও টিউনিস দখল করে। কিন্তু অচিরেই স্পার্টান বংশোদ্ভূত কার্থেজিয় সেনাপতি জান্থিপ্পাসের কুশলী নেতৃত্বে রোম পরাজিত হয় এবং আফ্রিকা ত্যাগ করতে বাধ্য হয়।

- উক্ত একক পাঠের অপর উদ্দেশ্য হল যে রোমান স্থাপত্য শিল্প কিভাবে গ্রীক প্রভাব দ্বারা প্রভাবিত হয়েছিল তা বর্ণনা করা।
- রোমান স্থাপত্য ও শিল্পের বিভিন্ন নিদর্শনগুলি বিশ্লেষণ করাও আলোচ্য এককের অন্যতম উদ্দেশ্য।

১০.১ : ভূমিকা

প্রাচীন বিশ্বে বেশ কয়েক শতাব্দী জুড়ে অন্যতম শক্তিশালী জাতি হিসেবে নিজের অবস্থান ধরে রেখেছিল রোম। এই অবস্থানের জন্য যে কেবলমাত্র তাদের সামরিক সংগঠন বা আর্থ রাজনৈতিক কাঠামো দায়ী ছিল তা নয়, শিল্প স্থাপত্য এবং কারিগরী দক্ষতাও এর অন্যতম কারণ ছিল। তবে রোমান শিল্প স্থাপত্য অতিমাত্রায় হেলেনীয় এবং এত্রুরিয় প্রভাবের দ্বারা প্রভাবিত ছিল। এর ফলে একাধিক রোমান উদ্ভাবন সত্ত্বেও বহু গবেষক রোমান শিল্প স্থাপত্যকে অনুকৃত এবং উদ্ভাবনী শক্তির অভাবের প্রতিফলন হিসেবে চিহ্নিত করেছেন। তবে একথে সর্বত ভাবে গ্রহণযোগ্য নয়। সামগ্রিক ভাবে এটা বলা যেতে পারে যে রোমান শিল্প চরিত্রগতভাবে প্রধানত অমৌলিক হলেও তা বাস্তবতা সম্পন্ন এবং উপযোগী প্রকৃতির।

১০.২: রোমের শিল্প ও স্থাপত্য

হেলেনীয় এবং রোমানদের উত্থান প্রায় সমকালেই হয়েছিল। তবে রোমানদের তুলনায় হেলেনীয়রা অনেক দ্রুত উন্নতির পথে ধাবিত হয়েছিল। কিন্তু খ্রি: পূ: পঞ্চম শতাব্দীর পর ধ্রুপদী গ্রিসের সাংস্কৃতিক ঔজ্জ্বল্য ক্রমশ ম্লান হতে থাকে। ইতিমধ্যে গ্রিস বহু আভ্যন্তরীন লড়াইয়ে জর্জরিত হওয়ায় তাদের সভ্যতায় ভাঙ্গন ধরে।

রোমান সভ্যতার বিকাশে এত্রুস্কানরা এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। তাদের উৎস সম্পর্কে খুব কমই জানা যায় যেহেতু তাদের অসংখ্য শিলালিপি এখনও পুরোপুরি ব্যাখ্যা করা সম্ভব হয় নি। তারা সম্ভবত পূর্ব ইউরোপীয় অঞ্চল থেকে এসেছিল এবং মধ্য ইতালির এত্রুরিয়া অঞ্চলে বসতি স্থাপন করেছিল। তবে এটি বিশেষত গ্রিক ছিল যারা রোমান সভ্যতা গঠনে সবচেয়ে বেশি সহায়তা করেছিল। রোমানরা ছিল বাস্তববাদী পার্থিব মনের মানুষ। এদের আগ্রহ মূলত পরিবার ও বাড়ির মধ্যেই সীমাবদ্ধ ছিল।

প্রজাতান্ত্রিক যুগের স্থাপত্যের ক্ষেত্রে বিকাশ অনেকটাই সীমাবদ্ধ এবং প্রয়োজনানুগ ছিল। এত্রুস্কান এবং গ্রিক প্রভাব এই সময়ের স্থাপত্যগুলির উপর অত্যন্ত স্পষ্ট। রোমান সভ্যতার গৌরবময় পর্বটি শুরু হয়েছিল সম্রাট অগাস্টাসের সময় থেকে। মূলত এই সময়ে রোমান স্থাপত্য তার নিজস্ব বৈশিষ্ট্য প্রদর্শনে সক্ষম হয়েছিল। সম্রাট অগাস্টাস রোমকে ইঁটের শহর থেকে মর্মর প্রস্তরে নির্মিত শহরে রূপান্তরিত করতে সচেষ্ট হয়েছিল। এই সময়ে বিস্তৃত সাম্রাজ্য জুড়ে বিপুল সংখ্যায় নির্মাণ কার্য্য দেখা দেয়। এর জন্য অবশ্যই দায়ী ছিল সমসাময়িক রাজনৈতিক পরিস্থিতি। সুবিশাল সাম্রাজ্য এই সময়ে এক দীর্ঘকালীন শান্তির পরিবেশের আস্বাদ গ্রহণ করেছিল। বাণিজ্য থেকে আগত সম্পদ সমৃদ্ধি বয়ে এনেছিল। এর সঙ্গে যুক্ত হয়েছিল সুরক্ষা প্রদানের ক্ষমতার অধিকারী যোগ্য সম্রাটের অস্তিত্ব। এইভাবে সাম্রাজ্যের যুগে রোম শিল্প স্থাপত্যের ইতিহাসে উৎকর্ষের ছাপ রাখতে সক্ষম হয়।

স্থাপত্যের ক্ষেত্রে উৎকর্ষ বৃদ্ধির জন্য যে সহযোগী উপাদানটি অত্যন্ত গুরুত্বপূর্ণ তা হল নির্মাণ উপকরণের যোগানের নিশ্চয়তা। ইতালি এই দিক থেকে ছিল যথেষ্ট সমৃদ্ধ। রোমের নিকটবর্তী টিভোলি থেকে ট্র্যাভারটাইন নামের শক্ত পাথরের যোগান ছিল যথেষ্ট ভাল এবং ক্যারারা থেকে চকচকে সাদা মর্মর পাথর যথেষ্ট পরিমাণে পাওয়া যেত। ইঁটের জন্য ভাল কাদামাটি ছিল প্রচুর এবং কংক্রিটের জন্য রোমানরা আগ্নেয়গিরি থেকে নিঃসৃত পোজ্জোলানা নামের এক ইলিয়ান বেলেপাথর এবং লাভা তারা ব্যবহার করত যার যোগান ছিল যথেষ্ট। রোমানরা তাদের উপনিবেশগুলি থেকে প্রচুর পরিমাণে রঙিন মার্বেল পাথর এবং আলাবাস্টার পাথর আমদানি করত।

রোমানরা মূলত তিনটি গ্রিক ধারাকেগ্রহণ করেছিল। যথা ডেরি, আইওনিয় এবং করিন্থিয় শৈলি। এর সঙ্গে তারা টাস্কান শৈলির সংমিশ্রণ যুক্ত করেছিল। এই মিশ্র ধারা করিন্থিয় শৈলিকে একত্রিত করে এবং আইওনিয় শৈলিকে এর কেন্দ্রীয় কাঠামোয় পরিণত করে। এটি আরও অলংকৃত এবং সুউচ্চ খিলানগুলিতে প্রধানত ব্যবহৃত হত। গ্রিকরা তুলনামূলক অলংকরণযুক্ত কাঠামো তৈরি করত এবং মন্দিরের উপরই তাদের স্থাপত্য দক্ষতা কেন্দ্রিভূত ছিল। কিন্তু রোমানদের সাম্রাজ্যের বিশাল বিস্তৃতির কারণে আরও বিভিন্ন ধরণের এবং বৃহত্তর স্থাপত্যের প্রয়োজন অনুভূত হয়ে ছিল।

রোমানদের স্থাপত্যের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ নিদর্শন হল সুবিশাল সভাকক্ষগুলি। এই সভাকক্ষগুলি একটি বিশেষ ধরণের ছাদযুক্ত ছিল। মাঝখানে একটি বড় আভ্যন্তরীন অংশ ছিল সম্পূর্ণ ফাঁকা। কখনও কখনও পোল সিস্টেমের প্রয়োগ করা হত। যদিও তা খুব জনপ্রিয় ছিল না। কারণ এক্ষেত্রে হাইপো স্টাইল হলের মত বহু সংখ্যক স্তম্ভের ব্যবহার করতে হত। বহু কক্ষ বিশিষ্ট সভাগৃহ নির্মাণের ক্ষেত্রে রোমান স্থপতিরা অতিমাত্রায় স্তম্ভের প্রয়োগ

এড়াতে এক নতুন কাঠামোগত ব্যবস্থা উদ্ভাবন করে যা খিলান ব্যবস্থা নামে পরিচিত। খিলান বলতে বোঝায় অর্ধবৃত্ত আকারের স্থাপত্য শৈলী যা রোমান স্থাপত্যের অন্যতম প্রধান বৈশিষ্ট্য ছিল। একটি খিলান তৈরি করার জন্য একটি বৃত্তাকার কাঠের স্ক্যাফোল্ডিং যা সার্টিয়ারিং নামে পরিচিত ছিল, ভাউসারগুলিকে মূল পাথর স্থাপন না করা এবং মর্টার স্থাপন না করা পর্য্যন্ত স্থানে রাখার প্রয়োজন হয়। ততক্ষণ এটি সরানো যায় না। খিলানটি ছোট ব্লকসহ প্রশস্ত দূরত্বের বিস্তারের অনুমতি দেয়। খিলান দিয়ে রোমানরা প্যান্টিওনের উপরে ৪৩.১৪ মিটার একটি স্থান জুড়ে ছিল। দুর্দান্ত ওজন সহ্য করার ক্ষমতা এর আরেকটি বড় সুবিধা ছিল। তবে একই সময়ে খিলানের যথাযথ ব্লকগুলি যত বেশি এক সঙ্গে সংস্থিত হয় তত বেশি তার পাশের অংশটি ভাগ করে নেওয়ার প্রবণতা বৃদ্ধি পায়। সুতরাং ভোসোয়ার্সের বিস্তৃত অংশের নিচে নেমে যাওয়ার জন্য পর্য্যাপ্ত জায়গা না পাওয়া পর্য্যন্ত সর্বনিম্ন অংশগুলি আস্তে আস্তে আরও বেশি হয় এবং তার পরে পুরো খিলানটি ধসে যায়।

একেকটি খিলানের সঙ্গে থাকে পাথর বা ইঁটের খিলান যুক্ত ছাদ। যদি একটি খিলানকে তার গভীরতায় প্রসারিত করা হয় তবে এটি একটি টানেলের সাথে সাদৃশ্যযুক্ত হয়ে থাকে। একে ব্যারেল বা ওয়াগান ভল্ট বলা হয়। যেহেতু এটি একটি প্রসারিত খিলান, তাই এটি তার দৈর্ঘ্য জুড়ে একটি বাহ্যিক চাপ প্রয়োগ করে। নীচে এবং বাহ্যিক চাপ উভয়কে প্রতিরোধ করার জন্য যে দেওয়ালগুলির উপর এটি স্থিত রয়েছে সেগুলি অবশ্যই খুব পুরু হতে হবে। এর একটি বড় অসুবিধা হল জানলা খোলার কাটা অবশ্যই ভল্টের শুরুর নীচে কাটা থাকা উচিত। এই ব্যবস্থা সৌন্দর্য্যের ক্ষেত্রে আভ্যন্তরীন আলোকে হ্রাস করে এবং নান্দনিক দিক থেকে এমন দীর্ঘ নিরবচ্ছিন্ন খিলান যুক্ত ছাদটিকে অনেকটা একঘেয়ে দেখায়।

রোমানদের এট্রুস্ক্যানদের মতো আয়তক্ষেত্রাকার মন্দির ছিল, যাদের উপর প্রভাবের বিচারে গ্রিক তথা হেলেনীয় উপাদানও গুরুত্বপূর্ণ ছিল। এগুলি একটি উঁচু প্ল্যাটফর্ম বা পডিয়ামের উপর নির্মিত হয়েছিল। মন্দিরগুলির ধাপগুলির উপর একটি বিস্তৃত বিমানের অস্তিত্ব লক্ষ্য করা যায়।

বৃত্তাকার মন্দিরগুলি সম্ভবত এট্রস্কান প্রোটোটাইপগুলি থেকে উদ্ভূত ছিল। এই সমস্ত বৃত্তাকার ভবনের সাধারণ রূপগুলিতে, বৃত্তাকার ক্ষেত্র ঘিরে বেষ্টনী করা হয়। উদাহরণস্বরূপ রোমান ফোরামের ভেস্টা মন্দিরের কথা বলা যায়। সমস্ত বৃত্তাকার মন্দিরের মধ্যে, পান্থিয়ানটি সবচেয়ে চমতার। এটি রোমের প্রাচীন স্মৃতিস্তম্ভগুলির মধ্যে অন্যতম সেরা সংরক্ষিত।

তাদের সরকারী, বিচার বিভাগীয় এবং বাণিজ্যিক কার্য্যকলাপের জন্য রোমানরা দীর্ঘ স্তম্ভযুক্ত বেসিলিকা নামে একটি বড় ভবন স্থাপন করেছিল। এই দীর্ঘ আয়তাকার হলগুলিকে কেন্দ্রের প্রশস্ত এবং লম্বিয়ার ন্যাভকে বিভক্ত করেছে, পাশে সরু এবং নীচের অংশে প্রশস্ত ক্ষেত্র রয়েছে। স্তম্ভগুলি ক্লিস্টেরি দেয়ালগুলির ভার বহন করেছিল। এই দেওয়ালগুলি যা নাভকে আলোকিত করার জন্য জানালা দিয়ে বিদ্ধ করা হয়েছিল। উভয় সংকীর্ণ প্রান্তে একটি গম্বুজযুক্ত অর্ধবৃত্তাকার কুলুঙ্গি ছিল। এটিকে ট্রাইব্যুনাল বলা হত। কারণ সেখানে ম্যাজিস্ট্রেটরা বসতেন। শুরুতে ছাদগুলি কাঠের ছিল। তবে পরবর্তীকালে তা পাথর দিয়ে তৈরি করা হয়।

আরেক ধরণের স্থাপত্য ছিল সার্বজনীন স্নান কক্ষ বা থার্মিক। গ্রিক থার্মোস শব্দ থেকে থার্মিক শব্দের উৎপত্তি যার অর্থ হল গরম বা উষ্ণ। আধুনিক কালের ক্লাবগুলির মতই এই থার্মিকগুলিও প্রায় একই রকম ভূমিকা পালন করত। স্থাপত্যের শৈলীর দিক থেকে এগুলি ছিল অনবদ্য। এগুলি মূলত গ্রীক পুলেস্ট্রা (শারীরিক অনুশীলনের জায়গাগুলি) এবং প্রজাতন্ত্রের যুগের রোমান বলিনি (বুথ) এর সংমিশ্রণ ছিল। সম্রাটরা তাদের নৈতিক ভাবে ক্ষয়প্রাপ্ত বিনোদনকামী নাগরিকদের কাছে নিজেদের উদারতা প্রদর্শন করার জন্য এগুলি তৈরি করে ছিলেন। নাগরিকরা বিনা মূল্যে এই স্নান কক্ষগুলি ব্যবহার করতে পারত। লম্বা খিলানযুক্ত গ্যালারীগুলির দ্বারা সংযুক্ত হলগুলির আয়তক্ষেত্রাকার বা বিজ্ঞপ্তিগুলির

একটি অনুক্রমের মধ্যে বিভক্ত। এগুলি স্ট্যাচুরিয়ায় সজ্জিত এবং তাদের দেয়ালগুলি মূল্যবান মার্বেলের দ্বারা অলঙ্কৃত হয়েছিল। এর প্রধান বিভাগগুলি হ'ল ফ্রিগিডেরিয়াম (ওপেন সুইমিং পুল), টেপিডারিয়াম (উষ্ণ স্নানাগার) এবং ক্যালিডেরিয়াম (গরম জলের স্নান)। এছাড়াও ছিল ছোট ছোট স্নান ঘর ব্যক্তি বা পরিবারের জন্য, আঁকার ঘর, শারীরিক অনুশীলনের জন্য জায়গা এবং গেম পেরিস্টাইলগুলি সুন্দরভাবে রাখা হয়েছিল। বিস্তৃত উদ্যান, সাহিত্যের বিনোদনের জন্য হল, পাঠকক্ষ সহ গ্রন্থাগার, কখনও কখনও একটি ছোট স্টেডিয়ামও এখানে সংযুক্ত করা হত। এই স্থাপত্যের ক্ষেত্রে জলাধার একটি অতি গুরুত্বপূর্ণ অঙ্গ ছিল।

রোমানদের থিয়েটার এবং অ্যাম্পিথিয়েটারগুলি গ্রীক পরিকল্পনা অনুযায়ী নির্মিত হয়েছিল। ক্রমবর্ধমান স্তরগুলির সাথে অর্ধবৃত্তাকার স্থাপত্য বানানো হত। তবে এক্ষেত্রে গ্রিকদের মত ফাঁপা করার পরিবর্তে রোমানরা পুরো স্থাপত্যটি সংক্ষিপ্ত ভল্টস, স্টেপ এবং চারপাশের উঁচু দেয়াল দিয়ে তৈরি করেছিল। গ্রীকরা চারাসের জন্য যে নিচতলা বা অর্কেস্ট্রা সংরক্ষণ করেছিল, এখন তা মিলনায়তনের সেটের অংশে পরিণত হয়েছিল। সেনেট সদস্য এবং অন্যান্য বিশিষ্টদের জন্য একপাশে। এর একটি প্রকৃষ্ট উদাহরণ হল রোমের মার্কেলাসের থিয়েটার।

অ্যাম্ফিথিয়েটার শব্দের অর্থ হিসাবে বোঝানো হয় ডাবল বা উভয় পক্ষের। এটি একটি গোলাকার বা ডিম্বাকৃতি আকারের জন্য দুটি অর্ধবৃত্তাকার স্থাপত্যের যূথবদ্ধ ক্ষেত্র। গ্রীক থিয়েটারের অনুকরণে নির্মিত এই স্থাপত্যে আসনগুলির ক্রমোচ্চ স্তরগুলি পুরোপুরি জায়গাটিকে ঘিরে রাখে। গ্ল্যাডিয়েট্রদের মল্লযুদ্ধ বা পশুর সাথে যুদ্ধের সময় যে শোণিত ধারা প্রবাহিত হত তা শোষণ করার জন্য মূল ক্ষেত্রটি শুকনো বালি দ্বারা আবৃত করে রাখা হত। কভার্ন দুর্গে গ্ল্যাডিয়েটরদের আখড়ার সঙ্গে পশুদের খাঁচাও রাখা হত মূল স্টেডিয়ামের নীচের অংশে। দর্শকাসনের নীচের অংশ ঘিরে এই খাঁচার দরজা স্থাপন করা হত।

রোমানরা কারিগর হিসেবে দুর্দান্ত ছিল এবং তাদের প্রকাশ্য কাজগুলি কেবল স্থায়ী ছিল না বরং বলা যায় যে তা শৈল্পিকও ছিল। ফ্রান্সের নিমেসের পন্ট ডু গার্ড তাদের বিখ্যাত সেতুগুলির মধ্যে অন্যতম একটি। এছাড়াও রোমান ক্ষেত্রে খিলান সেতু অসংখ্য রয়েছে যা সাম্রাজ্যের প্রতিটি দিক থেকে রাজধানীতে নিয়ে যায়। এগুলি ঊনবিংশ শতাব্দীতে রেলওয়ের আবিষ্কার না হওয়া অবধি কেন্দ্রিয়করণে সহায়তা করেছিল। পরিবহনের মাধ্যম হিসেবে সেতুগুলি ছিল অতি গুরুত্বপূর্ণ।

মহাসড়কগুলি যোগাযোগের প্রধান মাধ্যম হিসাবে থেকে যায়। ক্যাপিটোলাইন পাহাড়ের পাদদেশে রোমের প্রাণকেন্দ্র ফোরাম ছিল। প্রথমে এটি আকারের সাথে রেখাযুক্ত একটি সাধারণ বাজার-স্থান ছিল; পরবর্তীতে এটি উন্মুক্ত স্থান, বক্তৃতাবিদদের একটি প্ল্যাটফর্ম এবং ভাস্কর্য্য সজ্জায় জনসাধারণের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়। এর চারপাশে ছিল প্রধান সরকারী ভবন। সম্রাটদের কাছাকাছি জায়গায় সম্রাট ফোরাম তৈরি করা হয়েছিল। বৃহত্তম ট্রাজানের আমলে এই ফোরাম তৈরি হয়।

রোমান স্থাপত্যের তুলনায় অতটা উৎকর্ষ পায় নি ভাস্কর্য্য। শুরুতে তাদের এই শিল্পের জন্য খুব কমই উদ্যোগ দেখা যায়। যুদ্ধে ঐতিহাসিক ঘটনাবলী এবং বিজয়ের স্মরণে রোমানরা তাদের স্থাপত্য কীর্তিগুলি ভাস্কর্য্য দিয়ে সজ্জিত করেছিল। এগুলি তাদের ব্যবহারিক মনের উপযোগী, এবং পাথরগুলিতে তাদের বিখ্যাত অন্বেষণ লিপিবদ্ধ করার জন্য সম্রাটদের কাছে একটি সাধারণ উপায় হয়ে ওঠে। আরার মুখের চারপাশের দেয়ালে সেরা নমুনাগুলি পাওয়া যায়। ব্যান্ডটি রিলিফ স্তম্ভের শ্যাফটির রিলিফগুলি সামরিক ইতিহাসের একটি আকর্ষণীয় প্রাচীন নথি।

ভাস্কর্য্যের ক্ষেত্রে প্রতিকৃতি ছিল রোমানদের সবচেয়ে বড় অবদান। তাদের বাস্তববাদী বোধ তাদের এই শিল্পে দক্ষ হতে সাহায্য করেছিল। গ্রীক আদর্শবাদ এবং সাধারণীকরণের বিপরীতে, তারা কুৎসিত হলেও শারীরিক বৈশিষ্ট্যগুলি

সত্যবাদীভাবে পুনরুতাদন করার লক্ষ্য নিয়েছিল। তাদের বাড়িতে পূর্বপুরুষের স্মৃতি রাখার প্রথা তাদের পূর্বপুরুষদের মোমের মুখোশগুলি এই প্রাকৃতিকবাদী প্রবণতা বিকাশে তাদের সহায়তা করেছিল। সমসাময়িক মহিলাদের প্রতিকৃতিগুলি প্রকৃতিবাদ এবং রোমানদের ব্যক্তিগত চরিত্রের প্রতিফলন।

ভ্যাটিকান যাদুঘরে অগাস্টাসের মূর্তি অনেকটাই আলাদা ধরণের। সম্রাট একটি সহজ ভঙ্গিতে দাঁড়িয়ে আছেন। তিনি একটি লিনেনের টিউনিক পরে আছেন, চামড়ার সাথে সংযুক্ত একটি ধাতব কুইরাস দিয়ে আবৃত। তার পাতার বাহুতে একটি সামরিক পোশাক শক্ত চামড়ার বিভিন্ন টেক্সচার এবং নরম, ভারী কাপড় দৃঢ়তার সাথে উপস্থাপন করা হয়। সে তার ডান বাহুটি সেদিকেই নির্দেশ করছে যা তার দিকে তাকিয়ে আছে এবং তার লিফটিতে একটি পৃথক করে রেখেছে। চেহারায় কোনও স্বতন্ত্র বৈশিষ্ট্য দেখা যায় না কারণ আগস্টান যুগে রোমে গ্রীক প্রভাব শীর্ষে ছিল। বৈশিষ্ট্যগুলি খ্রিস্টপূর্ব পঞ্চম শতাব্দীর নৈর্ব্যক্তিক গ্রীক ভাস্কয্যের সাথে সাদৃশ্যপূর্ণ।

শিশুর প্রতিকৃতি ছিল রোমান ভাস্করদের দ্বারা সর্বোৎকৃষ্ট সৃষ্টি। তারা দক্ষতার সাথে মসৃণ কোমল ত্বক এবং শিশুসুলভ বৈশিষ্ট্য মণ্ডিত প্রতিকৃতি রচনা করেছিল। তাদের সাফল্যের গোপনীয় বিষয় ছিল শিশু মনের একটি সহানুভূতিপূর্ণ বোঝাপড়া, যা তাদের হাসি এবং অশ্রুগুলির মধ্যে বিচলিত মুহূর্তটি কাঁপতে ক্রমাগত কম্পমান ঠোঁটে নিজেকে বিশ্বাসঘাতকতা করতে সক্ষম করে। শিশু অভিজাতদের প্রতিকৃতি দুর্দান্তভাবে সম্পন্ন হয়েছে এবং তাদের আসল অনুভূতি মর্মর মূর্তির মধ্যে দিয়ে কী অসাধারণ ভাবে উপস্থাপিত হয়েছে।

১০.৩: উপসংহার

উপসংহারে এটি বলা যেতে পারে যে রোমানরা গ্রীক আদর্শবাদের তুলনায় বাস্তববাদে বিশ্বাসী ছিল। হেলেনিক জগতের দুর্দান্ত প্রভাব থাকা সত্ত্বেও রোমানরা তাদের বিশ্বাসবাদকে বাস্তবতার উপর রাখতে সক্ষম হয়েছিল। রোমান শিল্প ও স্থাপত্যই সেই বাস্তববাদ এবং উপযোগবাদবাদের সর্বোত্তম প্রকাশ।

১০.৪ : অনুশীলনী

১। প্রাচীন রোমের শিল্প ও স্থাপত্য সম্পর্কে প্রবন্ধ লিখুন।

২। প্রাচীন রোমের শিল্প স্থাপত্যের উপর বাস্তববাদ এবং উপযোগবাদের প্রভাব আলোচনা কর।

১০.৫: গ্রন্থপঞ্জী

1. A. H. McDonald– *Republican Rome*– New York– 1966.
2. Geoffrey Parrinder (Ed.)– *An Illustrated History of the World's Religions*– Northampshire– 1983.
3. H. Mattingly– *Roman Imperial Civilization*– London– 1957.
4. M. Cary and H. H. Scullard– *A History of Rome*– New York– 1975.

পর্যায় ৪

একক - ১১ ❐ তৃতীয় শতাব্দীর সংকট

গঠন

১১.০: উদ্দেশ্য

১১.১ : ভূমিকা

১১.২: পটভূমি

১১.৩: সংকটের কাল পর্ব

১১.৪: বর্বর আক্রমণ

১১.৫: সাসানীয় পারস্যের উত্থান

১১.৬: প্রাকৃতিক পরিস্থিতি ও মহামারী

১১.৭: সামরিক অরাজকতা

১১.৮: উপসংহার

১১.৯: অনুশীলনী

১১.১০ : গ্রন্থপঞ্জী

১১.০ : উদ্দেশ্য

- এই এককের প্রধান উদ্দেশ্য হল কি কারনে রোমে তৃতীয় শতাব্দীর সংকট তৈরি হয়েছিল সেই কারন অনুসন্ধানে শিক্ষার্থীদের আগ্রহী করে তোলা।
- উক্ত একক পাঠের অপর উদ্দেশ্য হল তৃতীয় শতাব্দীর সংকটের বিভিন্ন কাল পর্বকে বিশ্লেষণ করা।
- আলোচ্য একক পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বর্বর আক্রমন, সাসানীয় সাম্রাজ্য আগ্রাসী নীতি, প্রাকৃতিক পরিবেশ ও মহামারী উক্ত সংকটকে কতটা মারাত্মক করে তুলেছিল -সেই বিষয়গুলি সম্পর্কেও অবগত হবে।
- এই একক পাঠের সর্বশেষ উদ্দেশ্য হল তৃতীয় শতাব্দীর সংকট সামরিক, সামাজিক ও আর্থিক দিকে কতটা অস্থিরতা তৈরি করেছিল তার বর্ণনা প্রদান করা।

১১.১ : ভূমিকা

তৃতীয় শতাব্দীর সংকটকে সাধারণত সামরিক অরাজকতা বা ইম্পিরিয়াল ক্রাইসিস হিসেবে অভিহিত করা হয়। খ্রি: ২৩৫ অব্দ নাগাদ রোমান সাম্রাজ্যের ইতিহাস এই গভীর সংকটের সম্মুখীন হয় এবং প্রায় অর্ধ শতাব্দী ব্যাপী এই সংকট স্থায়ী হয়েছিল। এই সময়ে রোমান সাম্রাজ্য একের পর এক বৈদেশিক আক্রমণ, গৃহযুদ্ধ, প্লেগ এবং অর্থনৈতিক সংকটের ফলে প্রবল চাপের সম্মুখীন হয়। বস্তুত তৃতীয় শতকের সংকটকে সামরিক, আর্থ রাজনৈতিক এবং সামাজিক সংকটের এক মিলিত ধারাবাহিক সংকট হিসেবে বর্ণনা করা অযৌক্তিক নয় যা রোমান সাম্রাজ্যকে প্রায় ধ্বংসের মুখে ঠেলে দেয়। প্রায় ৫০ বছর ধরে বিশ্বের অন্যতম বৃহত্তম সাম্রাজ্য এবং ইতিহাসের সব থেকে প্রভাবশালী রাষ্ট্র সেনা বিদ্রোহ, বর্বর আক্রমণ, অর্থনৈতিক সংকট, মহামারী এবং রাজনৈতিক বিভাজনে জর্জরিত হয়ে পড়েছিল। বহু বছর ধরে এর ফলে মনে হয়েছিল যে রোমান সাম্রাজ্য হয় তো খণ্ডিত হয়ে যাবে বা তার পতন ঘটবে।

খ্রি: তৃতীয় শতকেই রোমান সাম্রাজ্যের অভ্যন্তরে তিনটি পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতামূলক আবির্ভাব ঘটেছিল, যথা, গল, ব্রিটানিয়া, হিস্পানিয়া সহ পশ্চিমের রোমান প্রদেশগুলিকে নিয়ে গ্যালিক উপসাম্রাজ্য; প্যালেস্টাইন ও আলোজিস্তাসহ সিরিয়ার পূর্ব প্রদেশগুলিকে নিয়ে পালমিরিন উপসাম্রাজ্য; এবং ইটালিয় উপদ্বীপ কেন্দ্রিক তথা রোম কেন্দ্রিক আদি সাম্রাজ্য। পরবর্তী কালে অরেলিয়ান সম্রাটের আমলে উপসাম্রাজ্যগুলি পুনরায় মূল সাম্রাজ্যের সঙ্গে মিলিত হয়। ২৮৪ খ্রি: ডায়োক্লেশিয়ান রোমান সম্রাট হিসেবে সিংহাসনে আরোহনের পর একাধিক সংস্কার সাধন করে ছিলেন। এই সমস্ত সংস্কার এবং তার ব্যক্তিগত প্রতিভার ফলে তৃতীয় শতাব্দীর সংকটের সমাপ্তি ঘটে।

তৃতীয় শতকের সংকটের প্রত্যক্ষ সূচনা হয়েছিল ২৩৫ খ্রি: যখন আলেকজাণ্ডার সেভেরাস তার নিজস্ব সেনাবাহিনীর হাতে নিহত হয়ে ছিলেন। এই সময় থেকে আর ডায়োক্লেশিয়ানের সিংহাসনে আরোহনের সময় পর্য্যন্ত মাত্র পঞ্চাশ বছরে সম্রাটের খেতাব লাভের জন্য অন্তত ছাব্বিশ জন দাবিদারের অস্তিত্ব ছিল। এরা প্রত্যেকেই ছিলেন রোমান সেনাবাহিনীর বিভিন্ন গোষ্ঠীর নেতা। সুবিশাল রোমান সাম্রাজ্যের বিভিন্ন অংশে এরা ক্ষমতা দখল করেন এবং সেনেটের অনুমোদনের জন্য চাপ সৃষ্টি করেন। বলা বাহুল্য যে এদের প্রত্যেকের দাবিই রোমান সেনেট সরকারী ভাবে অনুমোদন করে। ফলে একথা বলা ভুল হবে না যে এরা প্রত্যেকেই বৈধ সম্রাট ছিলেন।

তবে একাধিক সামরিক সম্রাট তাদের রাজ্যকে রক্ষা করতেও সক্ষম হয়ে ছিলেন। এই সংকটের পর আরো প্রায় দুশ বছর পশ্চিম দিকে এবং হাজার বছরেরও বেশি সময় জুড়ে পূর্বদিকে রোমান সাম্রাজ্য তার অস্তিত্ব রক্ষা করতে সক্ষম হয়ে ছিল। যদিও তৃতীয় শতাব্দীর সংকটের উৎস ছিল বেশ জটিল তথাপি একথা বলা অযৌক্তিক নয় যে সংকটটি ছিল সেনাবাহিনীর শৃঙ্খলার অবনমন, বর্বর আক্রমণ, সানীয় সাম্রাজ্যের উত্থান এবং প্রাকৃতিক বিপর্য্যয়ের মিলিত ফলাফল।

১১.২: পটভূমি

তৃতীয় শতকের একেবারে সূচনা কালে ট্রাজানের শাসন কাল ও সেপ্টিমিয়াস সেভেরাসের শাসনের সময় রোমান সাম্রাজ্য তার সর্বোচ্চ সীমায় আরোহন করেছিল। এই পর্বে রোমান সাম্রাজ্য প্রায় অদম্য বলে প্রতীত হয়েছিল। এটি তার রাইন নদী ও দানিয়ুব নদীর সীমান্তে জার্মান ও অন্যান্য বর্বর উপজাতিগুলিকে নিয়ন্ত্রণে রাখতে সমর্থ হয়েছিল। রোমের পূর্ব অঞ্চলের সবচেয়ে শক্তিশালী সীমান্ত শত্রু পার্থিয়ান সাম্রাজ্য এই সময়ে আর ততটা আগ্রাসী হতে পারে নি। সাম্রাজ্যের স্থানীয়

অভিজাতরাও রোমানীকৃত (রোমানাইজড) হয়ে উঠেছিল এবং তারা রোমের প্রতি যথেষ্টই অনুগত ছিল।

সুতরাং তৃতীয় শতাব্দীর সূচনায় রোমের পরিস্থিতি আপাতদৃষ্টিতে যথেষ্ট স্বাভাবিক বলেই প্রতীত হয়েছিল। কিন্তু বাস্তবে ভিতরে ভিতরে একাধিক সমস্যার দ্বারা তার শক্তিক্ষয় ঘটেছিল। রোমান মুদ্রার অতি সচলতার স্বাভাবিক পরিণাম স্বরূপ মুদ্রাস্ফীতি অবিরাম অর্থনৈতিক সমস্যার সৃষ্টি করেছিল। তদুপরি খ্রি: ১৬০ এর দশকে রোম এবং তার বিভিন্ন প্রদেশগুলি প্লেগ মহামারীর কবলে প্রায় ধ্বংস হয়ে গিয়েছিল। জনসংখ্যা নাটকীয়ভাবে হ্রাস পেয়েছিল এবং রাজকীয় অঞ্চলগুলির উপর তা দীর্ঘমেয়াদী প্রভাব বিস্তার করেছিল।

সম্রাট সেভেরাসের মৃত্যুর পরে তার পুত্র গেটা এবং কারাকাল্লা সহযোগী সম্রাট হিসেবে শাসন করে ছিলেন। নিজের ভাইকে হত্যা করার পর রোমের একমাত্র সম্রাট হিসেবে সিংহাসন দখল করে ছিলেন কারাকাল্লা, যাকে এডওয়ার্ড গিবন 'মানব জাতির সাধারণ শত্রু' হিসেবে অভিহিত করে ছিলেন। কারাকাল্লার শাসনও কিন্তু খুব একটা দীর্ঘস্থায়ী হয় নি। সূর্য্য সংস্কৃতির প্রাক্তন পুরোহিত এল্গাবালাস কারাকাল্লার হত্যার পর নিজেকে সম্রাটের উত্তরসূরী হিসেবে দাবি করেন। কিন্তু সার্বিক পরিস্থিতি ছিল তার প্রতি বিরূপ। তিনি রোমে তার সূর্য্য ধর্ম চাপানোর প্রচেষ্টায় রত বলে তার বিরোধিতায় রোমানরা সরব হয়ে ওঠে। ২২২ খ্রি: তাকে হত্যা করার পর তার ভাগিনা আলেকজাণ্ডার সেভেরাস রোমের সিংহাসন দখল করেন। তিনি কিন্তু ছিলেন একজন সৌম্য শাসক এবং সেনেটকে সহযোগিতা করার জন্য তিনি ছিলেন সদা প্রস্তুত। কিন্তু শেষ অবধি তাকেও হত্যা করা হয়েছিল এবং তার মৃত্যুকেই তৃতীয় শতাব্দীর সংকটের সূচনা বিন্দু বলে সাধারণ ভাবে বর্ণনা করা হয়।

১১.৩: সংকটের কাল পর্ব

আলেকজাণ্ডার সেভেরাসের হত্যার প্রধান কারণ ছিল জার্মান আক্রমণকারীদের সঙ্গে তার সমঝোতা স্থাপনের প্রচেষ্টা। এই সমঝোতা সেনাবাহিনীর উপর খুব খারাপ প্রভাব ফেলেছিল। ফলত তিনি তার নিজের সেনাবাহিনীর হাতেই মৃত্যুবরণ করেন। তার মৃত্যুর পর প্রিটোরিয়ান প্রিফেক্ট ম্যাক্সিনাস ২৩৫ খ্রি: রোমের সম্রাট হিসেবে সেনেটের স্বীকৃতি লাভ করেন। এই সময়ে রাইন এবং দানিয়ুবের উপর সামরিক পরিস্থিতি অত্যন্ত গুরুতর ছিল। কারণ জার্মান উপজাতিগুলি রোমান প্রদেশগুলিতে ক্রমাগত আক্রমণ শুরু করেছিল। ২৩৮ খ্রি: একটি অভ্যুত্থানের মাধ্যমে ম্যাক্সিনাসকে পদচ্যুত করা হয় এবং মাত্র ১২ মাসের ব্যবধানে আরও পাঁচ সম্রাটের সিংহাসনে আরোহণ ও হত্যার ঘটনা দেখা যায়। এই সময়ে সাম্রাজ্যের বিরুদ্ধে বিদ্রোহী একাধিক সামরিক নেতা সাময়িকভাবে সিংহাসন অর্জন করে এবং তাদের হত্যার ঘটনা ঘটে। এককথায় বলা যায় কোনও কেন্দ্রীয় সরকার এই সময়ে কার্য্যত অস্তিত্বশীল ছিল না। সেনাবাহিনী ভেঙে পড়েছিল এবং বর্বরদের সাথে লড়াইয়ের পরিবর্তে অসংখ্য গৃহযুদ্ধে এই সেনাবাহিনী লিপ্ত হয়েছিল। এই ঘটনা এককালের শক্তিশালী ও গৌরবময় রোমান সৈন্যদলকে ব্যাপকভাবে দুর্বল করেছিল এবং নাগরিকদের উপর যথেষ্ট বোঝা চাপিয়ে দিয়েছিল।

সেনাবাহিনীর পাশাপাশি প্রিটোরিয়ান গার্ড বা সম্রাটের দেহরক্ষীরাও প্রায়শই রাজনৈতিক সাফল্য বা ক্ষমতা প্রাপ্তির লোভে তাদের প্রভু তথা সম্রাটের হত্যাকাণ্ডে সামিল হতে থাকে। খুব সংক্ষিপ্ত সময়কালের জন্য সম্রাট ফিলিপ পরিস্থিতি কিছুটা স্থিতিশীল করতে সক্ষম হন। কিন্তু অচিরেই তার হত্যাকাণ্ড সংকটকালে একটি নতুন মাত্রা সংযোজন করে। এভাবে এই সংকট আরও গাঢ় ভাবে ঘনীভূত হয়। ফিলিপের স্থলাভিষিক্ত হন ডেসিয়াস। তার আমলে গথরা রোমান সাম্রাজ্যে অভিযান চালায়। ২৫১ খ্রি: অ্যাব্রিটাসের যুদ্ধে তিনি পরাজিত ও নিহত হন। এই সময়ে প্রায়

ধারাবাহিকভাবে গথ এবং অন্যান্য বর্বরদের আক্রমণ শুরু হয় যা রোমের সীমান্ত প্রদেশকে ধ্বংস করতে থাকে। ইতিমধ্যে পূর্বের পার্থিয়ানরা সাসানীয় সাম্রাজ্যের দ্বারা প্রতিস্থাপিত হয়ে আরও মারাত্মক শত্রু হিসেবে আত্মপ্রকাশ করেছিল। সাসানীয় সম্রাট একাধিকবার রোমান সেনাবাহিনীকে পরাজিত করেছিলেন। তার সর্বাধিক সাফল্য ছিল রোমান সম্রাট ভ্যালেরিয়ানসহ পুরো রোমান সেনাবাহিনীর দখল। রোমান সম্রাটের আপাত ব্যর্থতা এবং প্রদেশগুলি রক্ষায় সেনাবাহিনীর ব্যর্থতা ক্রমশ প্রদেশগুলিকে বিচ্ছিন্নতার দিকে পরিচালিত করে এবং এর ফলে সাম্রাজ্যের খণ্ডীকরণ অনিবার্য্য হয়ে ওঠে। ২৬৮ খ্রি: রোমান সাম্রাজ্য তিনটি খণ্ডে বিভক্ত হয়ে পড়ে। পশ্চিম ইউরোপের বেশিরভাগ অংশ নিয়ে তৈরি হয় গ্যালিক সাম্রাজ্য। পূর্বদিকে ওডেনাথাসের অধীনে পালমিরা নগররাষ্ট্রকে কেন্দ্র করে গড়ে ওঠে পালমিরিন সাম্রাজ্য যা পরবর্তী কালে কিংবদন্তী সম্রাজ্ঞী জেনোবিয়া দ্বারা শাসিত হয়েছিল। এছাড়া ছিল রোম তথা ইটালি কেন্দ্রিক মূল রোমান সাম্রাজ্য।

সাম্রাজ্যের এই তিন খণ্ডের পাশাপাশি ডাসিয়া এবং রাইন প্রদেশগুলির বেশ কিছু অংশ জার্মান উপজাতিরা দখল করে নিয়েছিল। বস্তুত সাম্রাজ্যের আর কোনও অংশই আক্রমণকারীদের হাত থেকে নিরাপদ ছিল না। এমনকী এথেন্সকেও গথিক জলদস্যুরা ঘেরাও করেছিল। এইভাবে একের পর এক আক্রমণ ও যুদ্ধ এবং আগ্রাসনের ফলে অতি-ভূমধ্যসাগরীয় বাণিজ্য মারাত্মকভাবে হ্রাস পেয়েছিল। খুব স্বাভাবিকভাবেই এর ফলে মুদ্রাস্ফীতি বহুল পরিমাণে বৃদ্ধি পায়। রাজনৈতিক অস্থিরতা কৃষিক্ষেত্রের স্বাভাবিক ছন্দকেও ব্যাহত করেছিল। ফলে খাদ্যের অভাব প্রকট হয়ে ওঠে। এর সঙ্গে যুক্ত হয় চীনদেশ থেকে আগত প্লেগ রোগের মহামারী। তবে একাধিক সম্রাটের মিলিত প্রচেষ্টায় রোমান সাম্রাজ্য শেষ অবধি নিজেকে এই গভীর সংকটের হাত থেকে মুক্ত করতে সক্ষম হয়ে ছিল। যদিও রোমান সেনাবাহিনী অত্যন্ত দুর্বল হয়ে পড়ে ছিল। বেশ কিছু অরেলিয়ন সম্রাটের অধীনে প্রদেশগুলিতে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং সীমান্তকে কিছুটা সুরক্ষিত করা সম্ভবপর হয়েছিল।

দ্বিতীয় ক্লডিয়াস গথিক আক্রমণকে পরাজিত করেন। ২৭৫ খ্রি: তার লিজিয়নের অধ্যক্ষ অরেলিয়ান কর্তৃক ক্ষমতা হস্তান্তরিত হয়। অরেলিয়ান ছিলেন একজন উজ্জ্বল সেনাপতি এবং বেশ কয়েকটি বর্বর আক্রমণ তিনি দমন করতে সক্ষম হয়ে ছিলেন। এরপর তিনি গ্যালিক এবং পালমিরিন সাম্রাজ্যকে পরাজিত করতে অগ্রসর হন। তবে তার হত্যার পরেও অস্থিতিশীলতা অব্যহত ছিল। শেষ পর্য্যন্ত ডায়োক্লেশিয়ান রোমের সিংহাসনে আরোহণের পর এই সংকটের শক্ত হাতে নিয়ন্ত্রণের মাধ্যমে অবসান ঘটান। তবে সংকটের সমাপ্তি ঘটলেও সাধারণভাবে এটা বলা যায় যে তৃতীয় শতাব্দীর এই সংকট সাম্রাজ্যকে স্থায়ী ভাবে দুর্বল করে দিয়েছিল এবং এর ফলে যে প্রবণতাগুলির সূচনা হয়ে ছিল তাকে অনেক গবেষক আদি বিশ্বের সমাপ্তির সূচনা এবং মধ্যযুগীয় বিশ্বে উত্তরণের লক্ষণ হিসেবে বিবেচনা করেছেন।

১১.৪: বর্বর আক্রমণ

আলেকজাণ্ডার সেভেরাসের রাজত্বকালে জার্মানসহ বিভিন্ন বর্বর উপজাতিদের আক্রমণের সংখ্যা অত্যন্ত বৃদ্ধি পায়। এই অভিযানগুলি রোমান সাম্রাজ্যের সীমান্তবর্তী এলাকার জনসাধারণের প্রায় দৈনন্দিন জীবনের অঙ্গে পরিণত হয়েছিল। খ্রি: ২৩০ এর দশকের মধ্যে এগুলি পূর্বের চেয়ে আরও অনেক তীব্র এবং ভয়াবহ হয়ে ওঠে। এই সময়ে জার্মান উপজাতিগুলি আরও সুসংহত এবং ফ্রাঙ্কদের মত কনফেডারেশন বা উপজাতীয় যুক্তরাজ্যে সঙ্ঘবদ্ধ হয়ে ছিল।

এই সময়ে আধুনিক ইউক্রেন অঞ্চলে একটি বৃহৎ শক্তি হিসেবে গথদের উত্থান বলকান এবং কৃষ্ণ সাগর সংলগ্ন

প্রদেশগুলির জন্য একটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ তৈরি করেছিল। এই উপজাতি সামরিক দিক থেকে ছিল বিশেষ শক্তিশালী এবং অশ্বারোহীদের ক্ষেত্রে বিশেষভাবে দক্ষ। ২৫০ খ্রি: নাগাদ জলদস্যু হিসেবে আক্রমণ চালাতে এদের পারদর্শিতা এদের নৌচালনায় দক্ষতার পরিচয়ের ইঙ্গিত বহন করে। বর্বর আক্রমণ দুটি কারণে ক্রমশ হিংস্র হয়ে উঠেছিল। প্রথমত, রোমান ধ্রুব যুদ্ধের ফলে দুর্বল হয়ে পড়েছিল। ক্রমাগত রক্তাক্ত গৃহযুদ্ধগুলি রোমকে ধ্বংসাত্মক পরিণতির দিকে ঠেলে দেয়। রোমান সৈন্যবাহিনী আর বিদেশি আক্রমণ এবং অভিযানকে পরাস্ত করতে পারবে না একথা বহির্বিশ্বে ছড়িয়ে পড়ে। দ্বিতীয়ত, বর্বর উপজাতিগুলি প্রায়শই মরিয়া হয়ে ওঠে। জলবায়ু পরিবর্তন এবং ক্রমাগত বৃদ্ধিপ্রাপ্ত সমুদ্রের স্তরগুলি তাদের খাদ্য সরবরাহকে গভীরভাবে প্রভাবিত করেছিল। তারা সাম্রাজ্যের সীমান্তবর্তী অঞ্চলগুলি ছাড়াও ক্রমশ গভীর থেকে আরও গভীরে অভিযান করতে বাধ্য হয়েছিল। কারণ বেঁচে থাকার জন্য একদিকে যেমন আবাদ যোগ্য জমি দখল করা প্রয়োজন তেমনই আহরিত সম্পদ সুরক্ষিত রাখাও প্রয়োজনীয় হয়ে পড়েছিল। ক্রমাগত এই বর্বর আগ্রাসন রোমান সাম্রাজ্যকে দুর্বল থেকে দুর্বলতর করে তুলেছিল এবং এর ফলে রাইন ও দানিয়ুব নদী পেরিয়ে উপজাতিদের দ্বারা অভিযান পরিচালনা আরও সহজসাধ্য হয়েছিল।

১১.৫: সাসানীয় পারস্যের উত্থান

২২৪ খ্রি: আধুনিক ইরানের শাসনকর্তা আর্দাশির পার্থিয়ান শাসকদের পরাজিত ও হত্যা করে সাসানীয় সাম্রাজ্যের সূচনা ঘটান পারস্য দেশে। এই অঞ্চলকে তিনি জেরেক্সাসের মহতী পারসিক সাম্রাজ্যের উত্তরাধিকারী হিসেবে চিত্রিত করে ছিলেন। পার্থিয়ানদের তুলনায় সাসানীয়দের দ্বারা পরিচালিত এই সাম্রাজ্য ছিল অনেক বেশি শক্তিশালী। নব্য পারসিক বা সাসানীয় সাম্রাজ্য একটি শক্তিশালী কেন্দ্রীভূত রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে ছিল। এর সুশৃঙ্খল ভাবে সংগঠিত স্থায়ী সেনা বাহিনী ছিল।

ক্ষমতা দখলের সাথে সাথেই সাসানীয়রা সক্ষম এবং নির্মম হয়ে ওঠে। প্রথম শাপুর নেতৃত্বে তারা রোমান সিরিয়া এবং এশিয়া মাইনর অঞ্চলে আক্রমণ চালাতে শুরু করে। পূর্বে একটি শক্তিশালী নতুন সৈন্যবাহিনীর উত্থান রোমান সৈন্যদলের পক্ষে যথেষ্টই চ্যালেঞ্জের ছিল। ইউরোপের জার্মান এবং নিকট প্রাচ্যের পারসিকদের সাথে ধারাবাহিক লড়াই রোমান সেনাবাহিনীকে জর্জরিত করে তুলেছিল। এর স্বাভাবিক ফলস্বরূপ রোমান বাহিনী সীমান্ত রক্ষায় ব্যর্থ হয়ে ছিল। এর ফলে স্থানীয় সামরিক নেতাদের উত্থান ঘটে এবং এর পথ বেয়ে শেষ পর্য্যন্ত পালমিরা নগরকে কেন্দ্র করে পালমিরিন সাম্রাজ্যের জন্ম হয় যা একসময়ের জন্য প্রায় পূর্বাঞ্চল এবং মিশরের একটি বড় অংশের উপর অধিকার কায়েম রাখতে সক্ষম হয়েছিল। সাসানীয় সাম্রাজ্যের শক্তিশালী ভিত্তি এবং একাধিক যোগ্য সম্রাটের অস্তিত্বের ফল স্বরূপ তৃতীয় শতাব্দীর সংকটের কালকে ত্বরান্বিত করেছিল — যা ছিল একটি অতি গুরুত্বপূর্ণ ঘটনা।

১১.৬: প্রাকৃতিক পরিস্থিতি ও মহামারী

রোমানদের সীমান্ত রক্ষার অক্ষমতা ও আর্থ সামাজিক কারণগুলি ছাড়াও তৃতীয় শতাব্দীর সংকটের একটি গুরুত্বপূর্ণ কারণ ছিল জলবায়ুর পরিবর্তন এবং প্লেগ নামক মহামারী। চীন থেকে আগত প্লেগ রোগের প্রাদুর্ভাব খ্রি: ২৫০ অব্দ এবং খ্রি: ২৬০ এর দশকে মহামারী হিসেবে রোমান সাম্রাজ্যে ধ্বংসলীলা চালিয়ে ছিল। এর ফলে জনসংখ্যা ব্যাপক হারে হ্রাস পেয়েছিল। গিবনের বর্ণনায় এই প্লেগের ফলে 'রোমে প্রায় প্রতিদিন পাঁচ হাজার মানুষ মারা যায় এবং অনেক শহর যারা বর্বরদের হাত থেকে বাঁচতে পেরেছিল, সেই সব শহরগুলি পুরোপুরি জনশক্তিহীন হয়ে পড়েছিল'।

সেনাবাহিনীকে লেজিয়নিয়র এবং করের বেস নিয়োগ করা কঠিন বলে মনে করায় এই মারাত্মক প্রতিক্রিয়া হয়েছিল। জনসংখ্যা অনেকটা হ্রাস পাওয়ায় গুরুতর অর্থনৈতিক স্থান চ্যুতি ঘটে। এর পাশাপাশি জলবায়ুগত পরিবর্তনের কারণে কৃষি ক্ষেত্রে উদবৃত্ত ফলনের পরিমাণ ক্রমশ হ্রাস পায়। এর ফলে দূর দূরান্তের ব্যবসা হ্রাস পেয়ে নিকটবর্তী অঞ্চলে সীমাবদ্ধ হয়ে যায়। এই পরিস্থিতিতে ক্রমাগত করের দাবি বহু প্রদেশকে ভয়াবহ পরিস্থিতির সম্মুখীন করে দিয়েছিল। এই সমস্তই রোমের প্রত্যক্ষ সমস্যাগুলিকে আরও জটিল করে তুলে ছিল এবং পারসিক ও জার্মানদের বিরুদ্ধে নিজেকে রক্ষা করার ক্ষমতাকে ক্রমশ দুর্বল করে দিয়ে ছিল। তবে সাম্রাজ্যের অর্থনৈতিক ও সামাজিক অবক্ষয় রোমান সাম্রাজ্যকে একেবারে ধ্বংস প্রাপ্ত করে নি — অরেলিয়ান সম্রাটদের অধীনে এর পুনর্জাগরণ দেখা গিয়েছিল।

১১.৭: সামরিক অরাজকতা

তৃতীয় শতাব্দীর সংকটকে অনেক সময়ে সামরিক অরাজকতা বলেও অভিহিত করা হয়। এই সময়ে রোমান সৈন্যবাহিনী কোনও ঐক্যবদ্ধ কর্তৃপক্ষের দ্বারা নিয়ন্ত্রিত ছিল না। এর ফলে বিভিন্ন সৈন্যবাহিনী তাদের নিজ নিজ লিজিয়নের অধ্যক্ষকে সম্রাট পদে নিযুক্ত করতে সচেষ্ট হয়ে ছিল। কারণ সিংহাসন অধিগ্রহণের ফলে সম্মান ও আর্থিক পুরস্কার সৈন্যবাহিনীর কাছে বেশি আকর্ষনীয় বলে মনে হয়ে ছিল। কেন্দ্রীয় নিয়ন্ত্রণ না থাকায় বলকানের সেনারা পাশ্চাত্য প্রদেশের সেনাদের সাথে যুদ্ধে অবতীর্ণ হওয়ার সময়ে কোনও নৈতিক সমস্যায় পড়ে নি — মানসিক ভাবে তারা নীতিবিরুদ্ধ মনে করে নি একে। এরা প্রত্যেকেই চেয়েছিল সংশ্লিষ্ট লিজিয়নের নেতাকে সমগ্র রোমান বিশ্বের সর্বময় শাসন কর্তায় পরিণত করতে।

গৃহযুদ্ধ এবং সিংহাসন দখলকে কেন্দ্র করে অস্থিরতাত মূল কারণ ছিল যে রোমে একটি কার্য্যত নিরঙ্কুশ রাজতন্ত্র স্বত্ত্বেও কোনও আনুষ্ঠানিক উত্তরাধিকার প্রক্রিয়া গড়ে ওঠে নি। ফলস্বরূপ সেনাবাহিনীসহ যেকোনও সেনাধ্যক্ষ বৈধ সম্রাট হওয়ার জন্য সেনেটকে ভয় দেখিয়ে বা উৎকোচ প্রদানের মাধ্যমে স্বীকৃতি আদায় করে নিতে সক্ষম ছিল। এটি একটি গভীর অস্থিতিশীল পরিস্থিতির দিকে রোমান সাম্রাজ্যকে ঠেলে দিয়েছিল যার ফলে প্রায় পঞ্চাশ বছর ধরে রোমে কোনও শক্তিশালী এবং স্থিতিশীল সরকার গঠন করা সম্ভবপর হয় নি। এডওয়ার্ড গিবন উল্লেখ করেছেন যে সৈনিকরা তাদের ক্ষমতা সম্পর্কে সচেতন হয়ে উঠেছিল। তারা এমন কোনও কর্তৃত্বকে আর গ্রাহ্য করতে চায় নি যারা তাদের আগ্রহের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল না। খুব স্বাভাবিকভাবেই এর ফলাফল ছিল অন্তহীন গৃহযুদ্ধ। সৈন্যদলগুলির সমরকুশলতা ক্রমশ হ্রাস পেয়েছিল এবং তারা রাজকীয় প্রদেশগুলি রক্ষা করতে ব্যর্থ হয়েছিল। সেনাবাহিনীকে শক্ত হাতে প্রশাসনিক নিয়ন্ত্রণে নিয়ে আসেন সম্রাট ডায়োক্লেশিয়ান। এভাবেই গৃহযুদ্ধের অবসান ঘটে এবং সৈন্যরা আবারও সাম্রাজ্যকে রক্ষা করতে দায়বদ্ধতার নৈতিক বোধে পুনর্জাগরিত হয়।

১১.৮: উপসংহার

তৃতীয় শতাব্দীর সংকট প্রায় অর্ধ শতাব্দী কাল জুড়ে স্থায়ী হয়েছিল। এই সময়ে তাদের রাষ্ট্র এবং জীবনযাত্রা রক্ষার জন্য প্রতিনিয়ত সংগ্রামে অবতীর্ণ হয়েছিল। এই সময়ে ক্রমাগত সংকট সৃষ্টির একাধিক কারণ বর্তমান ছিল। বর্বর বিশেষত জার্মান উপজাতীয় সংঘের ক্রমাগত আক্রমণ এবং নিজেদের সীমান রক্ষার্থে ব্যর্থ রোমান সৈন্যবাহিনী সংকটের সূচনা ঘটায়। তারপরে সাসানীয় সাম্রাজ্যের উত্থানের ফলে রোমান সৈন্যদল আরও চাপের সম্মুখীন হয়। অর্থনীতি এবং সমাজের উপর অবিচ্ছিন্ন সংঘর্ষের প্রভাব অত্যন্ত ধ্বংসাত্মক ছিল এবং সামরিক পরিস্থিতি পরিচালনা করার জন্য

ক্রমাগত সম্রাটদের ক্ষমতা ক্ষুন্ন হয়েছিল। এরপর প্লেগ মহামারী এবং জলবায়ুগত পরিবর্তন প্রভৃতি একাধিক প্রাকৃতিক বিপর্য্যয় রোমের ক্ষমতাকে আরও ক্ষতিগ্রস্ত করে তুলেছিল। সম্রাটদের জন্য আনুষ্ঠানিক উত্তরসূরী পরিকল্পনা না থাকার ফলে সেনাবাহিনী শক্তির দালাল হয়ে যায় এবং এর ফলে অন্তর্বর্তী গৃহযুদ্ধ ও বিদ্রোহের সংখ্যাধিক্য ঘটে। সামরিক অরাজকতা সম্ভবত তৃতীয় শতাব্দীর সঙ্কট এবং রোমান সাম্রাজ্যের ধ্বংসের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কারণ ছিল।

তৃতীয় শতাব্দীর সংকটের সব থেকে গভীর ও স্থায়ী প্রভাবগুলির মধ্যে একটি হল রোমের বিস্তৃত আভ্যন্তরীন বাণিজ্যিক আন্তর্জালের ব্যত্যয়। অগাস্টাসের আমল থেকে শুরু করে প্যাক্স রোমানার পর থেকেই সাম্রাজ্যের অর্থনীতি ভূমধ্যসাগরীয় বন্দরগুলির মধ্যে এবং সাম্রাজ্যের অভ্যন্তরের বিস্তৃত সড়ক ব্যবস্থা জুড়ে ব্যবসার উপর নির্ভরশীল ছিল। ব্যবসায়ীরা কয়েক সপ্তাহের মধ্যে সাম্রাজ্যের এক প্রান্ত থেকে অপর প্রান্তে আপেক্ষিক সুরক্ষায় ভ্রমণ করতে পারত; প্রদেশগুলিতে উৎপাদিত কৃষিপণ্য শহরগুলিতে নিয়ে যাওয়া এবং প্রাচ্যের বৃহৎ শহরগুলি দ্বারা উৎপাদিত পণ্যগুলি আরও পল্লী প্রদেশগুলিতে নিয়ে যেতে সমর্থ ছিল।

তৃতীয় শতাব্দীর সংকট শুরু হওয়ার সাথে সাথে এই বিশাল আভ্যন্তরীন বাণিজ্যিক আন্তর্জাল ভেঙ্গে যায়। বিস্তৃত নাগরিক অস্থিরতা বণিকদের নিরাপত্তা ক্ষুন্ন করেছিল এবং আর্থিক সংকটের ফলে রোমান মুদ্রার সাথে বিনিময় ব্যবস্থা কঠিন হয়ে পড়েছিল। তৃতীয় শতাব্দীর এই সংকট এই ভাবে যে গভীর পরিবর্তন নিয়ে এসেছিল তা বিভিন্ন উপায়ে আসন্ন মধ্যযুগের বহু বিকেন্দ্রীভূত অর্থনৈতিক চরিত্রের পূর্বাভাস প্রদান করেছিল।

১১.৯: অনুশীলনী

১। তৃতীয় শতাব্দীর সঙ্কট সম্পর্কে লিখুন।

২। তৃতীয় শতাব্দীর সঙ্কট পশ্চিমের পতনের পথ প্রশস্ত করেছিল একথা বলা কতখানি যুক্তিযুক্ত?

১১.১০ : গ্রন্থপঞ্জী

1. A. H. McDonald– *Republican Rome*– New York– 1966.
2. H. Mattingly– *Roman Imperial Civilization*– London– 1957.
3. M. Cary and H. H. Scullard– *A History of Rome*– New York– 1975.

পর্যায় - ৪

একক - ১২ ❐ কনস্টানটাইনের সংস্কার

গঠন

১২.০: উদ্দেশ্য

১২.১ : ভূমিকা

১২.২ : ডায়োক্লেশিয়ান

১২.৩ : শাসন সংস্কার

১২.৪ : অর্থনৈতিক সংস্কার

১২.৫ : সামরিক সংস্কার

১২.৬ : সামাজিক সংস্কার

১২.৭ : কনস্টানটাইন ও তার সংস্কার — ডায়োক্লেশিয়ানের সংস্কারের উত্তরাধিকার

১২.৮ : কনস্টানটাইনের সংস্কার

১২.৯ : খ্রিষ্টধর্ম গ্রহণ

১২.১০ : শাসন সংস্কার

১২.১১ : উপসংহার

১২.১২ : অনুশীলনী

১২.১৩ : গ্রন্থপঞ্জী

১২ .০ : উদ্দেশ্য

- প্রতিকুল পরিস্থিতিকে জয় করে ডায়োক্লেশিয়ান কিভাবে রোমান সম্রাট হয়ে তৃতীয় শতাব্দীর সংকট মোকাবিলায় বিভিন্ন সংস্কার সাধনে ব্রতী হয়েছিল সেই বিষয়টি বর্ণনা করা এই এককের প্রথম উদ্দেশ্য।
- কনস্টান্টাইন কিভাবে যুগান্তকারী পদক্ষেপ ও শাসন সংস্কার দ্বারা রোমকে সুসংহত করেহিল সেই বিষয়টি তুলে ধরা এই এককের অন্যতম উদ্দেশ্য।
- কনস্টান্টাইনের সংস্কারগুলি কিভাবে রোমান সাম্রাজ্যকে পতনের দিকে এগিয়ে দেয় তা শিক্ষার্থীরদের অবগত করা উক্ত এককের শেষ উদ্দেশ্য।

১২.১ : ভূমিকা

খ্রি: তৃতীয় শতকের মধ্যে সুবিশাল রোমান সাম্রাজ্য কার্য্যত দুটি ভাগে বিভক্ত হয়ে গিয়েছিল। ভূমধ্যসাগরের পশ্চিম অংশে পশ্চিম রোমান সাম্রাজ্য বা পাশ্চাত্য একজন রোমান সম্রাট দ্বারা শাসিত হতে শুরু করেছিল এবং ভূমধ্যসাগরের পূর্ব অংশে পূর্ব রোমান সাম্রাজ্য বা প্রাচ্যে সম মর্য্যাদা সম্পন্ন আরেক জন রোমান সম্রাট শাসন কার্য্যে নিযুক্ত ছিলেন। পূর্ব রোমান সাম্রাজ্য শেষ পর্য্যন্ত বাইজানটাইন সাম্রাজ্য নামে পরিচিতি পায় এবং এর গৌরব মধ্যযুগীয় বিশ্বে পশ্চিম রোমান সাম্রাজ্যকে ছাপিয়ে গিয়েছিল। বস্তুত মধ্যযুগীয় বিশ্বের অন্যতম প্রধান শক্তি হিসেবে আত্মপ্রকাশ করে এই বাইজানটাইন সাম্রাজ্য। সাধারণ ভাবে বাইজানটাইন সাম্রাজ্যকে রোমান সাম্রাজ্যের ধারাবাহিকতা হিসেবে ধরা হয়। আর এই ধারাবাহিকতা তথা রোমান কর্তৃত্বের অস্তিত্ব রক্ষার জন্য সবচেয়ে বেশি দায়বদ্ধ ছিলেন দুইজন রোমান সম্রাট — ডায়োক্লেশিয়ান এবং কনস্টানটাইন। তৃতীয় শতকের সংকটের অবসান ঘটিয়ে ডায়োক্লেশিয়ান শক্ত হাতে খণ্ডিত সাম্রাজ্যকে সংরক্ষণের প্রচেষ্টা করেন এবং পরবর্তী সম্রাট কনস্টানটাইনের হাত ধরে স্থাপিত হয় বাইজেনটিয়াম বা বাইজান্টাইন সাম্রাজ্যের ভিত্তি প্রস্তর। উভয়ের সংস্কার ছিল একে অপরের পরিপূরক। তাই কনস্টানটাইনের কৃতিত্ব ও সংস্কার আলোচনা করতে গেলে পটভূমি হিসেবে ডায়োক্লেশিয়ানের কার্য্যাবলী আলোচনা করা প্রয়োজন।

১২.২ : ডায়োক্লেশিয়ান

বর্তমান ক্রোয়েশিয়ার নিকটবর্তী ডালমেশিয়া অঞ্চলের রোবীয় রাজ্যে ডায়োক্লেশিয়ান জন্ম গ্রহণ করেন। সেই সময়ে রোমের ইতিহাস এক অতি সংকটপূর্ণ সময়ের জটিল আবর্তে আবর্তিত হচ্ছিল। একের পর এক অযোগ্য সম্রাটের দুর্বল শাসন, ষড়যন্ত্র ও গুপ্ত হত্যা রাজনৈতিক পরিবেশকে বিপন্ন করে তুলেছিল। সেই সময়ে কোষাগারের অবস্থাও ছিল অত্যন্ত সংকটপূর্ণ — প্রায় দেউলিয়াগ্রস্ত। তার উপর একের পর এক রোমান সামরিক ঘাঁটি তাদের নিজস্ব সেনাধ্যক্ষকে রাজনৈতিক ক্ষমতার সম্ভাব্য দাবিদার হিসেবে রোম আক্রমণের ক্রমাগত হুমকি দিতে শুরু করে।

অত্যন্ত অল্প বয়সে ডায়োক্লেশিয়ান সামরিক বাহিনীতে প্রবেশ করেছিলেন এবং নিজেকে দ্রুত পদোন্নতির যোগ্য প্রতিপন্ন করে তুলেছিলেন। তিনি ছিলেন অত্যন্ত উচ্চাভিলাষী একজন নেতা। দানিয়ুব অঞ্চলের রোমান সৈন্যরা ইতিমধ্যে কারুস নামে এক সামরিক নেতাকে সম্রাট হিসেবে ঘোষণা করে ছিলেন। কারুস ডায়োক্লেশিয়ানের নীতি এবং উচ্চাভিলাষকে যথেষ্ট সমর্থন যুগিয়ে ছিলেন এবং তার উদ্যোগেই ডায়োক্লেশিয়ান সর্বোচ্চ সামরিক পদে উন্নীত হতে পেরে ছিলেন। সম্রাটের মৃত্যুর পর প্রাথমিক ভাবে সাম্রাজ্য তার পুত্রদের মধ্যে বন্টিত হলেও তাদের মৃত্যুর পর ডায়োক্লেশিয়ান সম্রাট হিসেবে ঘোষিত হন। তিনি খ্রি: ২৮৪ অব্দ থেকে ৩০৫ অব্দ পর্য্যন্ত রোমের সম্রাট পদে আসীন ছিলেন। সাম্রাজ্যের সিংহাসনের উপর তার কোনও বংশগত দাবি ছিল না, কেবলমাত্র সামরিক শক্তির সাহায্যেই তিনি সিংহাসনে আরোহণ করে ছিলেন। সৈন্য বাহিনীর উপর সুদৃঢ় প্রভাবই তার ক্ষমতার প্রধান ভিত্তি ছিল। তথাপি তিনি কিন্তু কখনওই সৈন্যদলের ক্রীড়নকে পরিণত হন নি। বরং তিনি সিংহাসনের উপর সৈন্যদলের আধিপত্য নিবারণ করার জন্যই সদা সচেষ্ট ছিলেন এবং তিনি এমন একটি ব্যবস্থার প্রবর্তন ঘটান যার ফলে ভবিষ্যতে সৈন্যদল নিজেদের ইচ্ছেমত সম্রাট নির্বাচন বা বিতাড়ন করার ক্ষমতা হারায়।

১২.৩ : শাসন সংস্কার

ডায়োক্লেশিয়ানের শাসন কালে রোমান সাম্রাজ্যে এক নব যুগের প্রবর্তন হয়। এই সময়ে কনসাল, ট্রিবিউন প্রভৃতি জনগনের দ্বারা নির্বাচিত ম্যাজিস্ট্রেটের পদ সম্পূর্ণ বাতিল হয়ে যায় — এমনকী রোমান রাজনৈতিক প্রতিষ্ঠান হিসেবে সেনেটের অস্তিত্বও লুপ্ত হয়ে গিয়ে ছিল। এই সময় কালে সম্রাট সকলের সব ক্ষমতা কেড়ে নিয়ে সব বিষয়ে নিজের সার্বভৌম ক্ষমতা সুপ্রতিষ্ঠিত করতে অগ্রসর হয়ে ছিলেন। ডায়োক্লেশিয়ানের উদ্দেশ্য ছিল কেন্দ্রীয় শাসনের অধীনে বিভিন্ন প্রদেশগুলিকে এনে সম্রাটের সার্বভৌম অধিকারকে প্রতিষ্ঠা করা। আর এই উদ্দেশ্য সাধনের জন্যই তিনি বিবিধ বিধি সমূহ প্রবর্তন করেছিলেন।

ডায়োক্লেশিয়ান সাম্রাজ্য শাসনের জন্য তিনজন সহযোগী শাসককে নিযুক্ত করেছিলেন। সম্রাট এবং এই তিনজন সহযোগী শাসক মিলিয়ে মোট চারজন ব্যক্তির উপর সাম্রাজ্য শাসনের দায়িত্ব ভার ন্যস্ত করা হয়েছিল। এই চারজনের মধ্যে একজন সহযোগী শাসক ছিলেন সম্রাটের সমান মর্য্যাদা সম্পন্ন বিশিষ্ট সহযোগী সম্রাট। প্রধান সম্রাট ও তার সমমর্য্যাদাসম্পন্ন বিশিষ্ট সহযোগী সম্রাটের উপাধি ছিল অগাস্টাস আর এদের সহযোগিতা করার জন্য সহকারী শাসকেরা ছিলেন সিজার উপাধিধারী দুইজন ব্যক্তি। দুইজন সিজার ছিলেন দুইজন অগাস্টাসের অধীনে কর্মরত শাসন পরিচালক। কোনও অগাস্টাসের মৃত্যুতে প্রশাসনিক শূণ্যতার সৃষ্টি হলে সিজাররা শূন্যস্থান পূরণের সুযোগ পেতেন অর্থাৎ অগাস্টাস পদে নিযুক্তির সুযোগ তারাই সর্বাগ্রে লাভ করতেন। এই ব্যবস্থায় কয়েকটি সুবিধা ছিল। এর দ্বারা একদিকে যেমন সম্রাটের নিজস্ব দায়ভার কিছুটা লাঘব হয়েছিল, তেমনই সাম্রাজ্যের উত্তরাধিকারকে কেন্দ্র করে সংঘর্ষের সম্ভবনা কিছুটা হ্রাস করা সম্ভবপর হয়ে ছিল। সিংহাসনের উত্তরাধিকার আগে থেকে নির্দিষ্ট হওয়ার কারণে একদিকে যেমন সম্রাট নির্মাণে সৈন্যদলের আধিপত্য কমে গিয়েছিল, অন্য দিকে তেমনই চারজন শাসক সাম্রাজ্যের চারদিকে অবস্থান করে সীমান্ত রক্ষায় সম্পূর্ণ মনোযোগ প্রদানে সক্ষম হয়েছিলেন। ডায়োক্লেশিয়ান ছিলেন এশিয়া মাইনরের নিকোমিডিয়ায়, অপর অগাস্টাস ম্যাক্সিমিয়াস ছিলেন মিলান নগরে, এবং দুজন সিজারের অবস্থান ছিল যথাক্রমে অ্যান্টিওক এবং ট্রিভস-এ। এই ভাবে সাম্রাজ্য সুচারুভাবে পরিচালনার দায়িত্ব ভার চারজন শাসকের হাতে বিভক্ত হয়ে ছিল।

রোমান সম্রাট ডায়োক্লেশিয়ান প্রাদেশিক শাসনকর্তাদের অতিরিক্ত ক্ষমতা খর্ব করে প্রদেশসমূহের শাসন ব্যবস্থার উন্নতি কল্পে কয়েকটি গুরুত্বপূর্ণ সংস্কার সাধন ঘটিয়েছিলেন। তিনি প্রথমে সমস্ত সাম্রাজ্যকে তেরোটি ভাগে বিভক্ত করেছিলেন। এই প্রত্যেক ভাগ ডায়োসেস নামে পরিচিত ছিল। ডায়োসেসগুলি আবার প্রায় শত খানেক প্রদেশে বিভক্ত ছিল। ডায়োসেসের শাসকরা প্রিফেক্ট নামে পরিচিত ছিলেন। এরা ছিলেন সম্রাটের অধীনস্থ। এদের অধীনে সাধারণত ছিলেন প্রদেশের শাসনকর্তারা। কিন্তু কিছু কিছু অতি গুরুত্বপূর্ণ প্রদেশের শাসকরা সরাসরি সম্রাটের অধীনে দায়বদ্ধভাবে শাসনকার্য্য পরিচালনা করতেন। বিশেষত সীমান্ত অঞ্চলের প্রদেশগুলির ক্ষেত্রে এধরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। এই ভাবে ক্ষমতা বন্টনের ফলে প্রাদেশিক শাসকদের ক্ষমতা হ্রাসপ্রাপ্ত ও নিয়ন্ত্রিত হয়ে পড়ায় আভ্যন্তরীন বিদ্রোহ ও গৃহযুদ্ধের সম্ভাবনা হ্রাস পায়।

ডায়োক্লেশিয়ান সেনেটের হাত থেকে সমস্ত অধিকার ও কর্তৃত্ব কেড়ে নিয়েছিলেন। এর ফলে প্রকৃতপক্ষে সেনেটের আর কোনও অস্তিত্বই রইল না। প্রজাতান্ত্রিক যুগের রোমের এই অতি প্রয়োজনীয় সেনেট নামক প্রতিষ্ঠানটিকে লুপ্ত করার মধ্য দিয়ে ডায়োক্লেশিয়ান রোমান শাসনতন্ত্রকে প্রকৃত অর্থেই স্বৈরাচারী রাজতন্ত্রে পরিণত করে ছিলেন।

ডায়োক্লেশিয়ান রোমান প্রজাদের নিকট সম্রাটের মর্য্যাদা বৃদ্ধির উদ্দেশ্যে ডমিনোজ উপাধি গ্রহণ করে ছিলেন এবং নিজেকে রোমান জনগনের থেকে স্বতন্ত্র রাখার জন্য নিজের চতুর্দিকে জাঁকজমক ও আড়ম্বরপূর্ণ পরিবেশের সৃষ্টি

করে ছিলেন। এর দ্বারা তিনি রোমান জনগনের মনে এই ধারণা বদ্ধমূল করে দিতে সক্ষম হয়ে ছিলেন যে সম্রাটের অবস্থান জনগনের চেয়ে অনেক উর্ধে। তিনি রাজ দরবারে নানাবিধ জটিল অনুষ্ঠান ও একাধিক শিষ্টাচার বিধির প্রবর্তন ঘটিয়ে ছিলেন।

ডায়োক্লেশিয়ান শাসন বিভাগের উন্নতির জন্য সামরিক ও অসামরিক কর্মচারীর সংখ্যা উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি ঘটিয়েছিলেন। তিনি সামরিক ও অসামরিক বিভাগগুলির মধ্যে বিভাজন রেখাকে সুনির্দিষ্ট করে দিয়েছিলেন। এর ফল স্বরূপ শাসন বিভাগের কোনও কর্মচারীকে আর সামরিক বিভাগের দায়িত্ব পালন করতে হত না।

১২.৪ : অর্থনৈতিক সংস্কার

তৃতীয় শতাব্দীর সংকট ভয়াবহ প্রভাব ফেলেছিল রোমের অর্থনীতির উপর। স্বর্ণের মান ক্রমশ অবনত হতে শুরু করেছিলয়োক্লেশিয়ান সিংহাসনে আরোহনের পর অর্থনৈতিক পরিস্থিতির সংস্কার সাধনে ব্রতী হন। তিনি স্বর্ণের মানকে পুনঃপ্রতিষ্ঠিত করেন। অর্থের সচলতা বৃদ্ধির জন্য কর ব্যবস্থার বিশেষ ভাবে সংস্কার করে ছিলেন। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য তিনি একাধিক নীতি গ্রহণ করেন। অর্থনীতির স্বাভাবিক সূত্র অনুসারে কোনও পণ্যের দাম = [(ক্রেডিট + অর্থ) এক্সচেঞ্জের বেগ]/ সরবরাহ। এর অর্থ হল, অন্যান্য সমস্ত জিনিস যখন সমান হচ্ছে তখন যদি প্রচলিত অর্থের পরিমাণ হ্রাস করা হয় তবে পণ্যের দামও হ্রাস পাবে। এর অন্যথায় প্রচলিত অর্থের মূল্য কমবে। তিনি প্রচলিত নানাবিধ করের অবসান ঘটিয়ে দুটি প্রধান কর প্রচলন করেন। যথা, সম্পত্তি কর এবং প্রধান শুল্ক বা পোল কর। এই কর ব্যবস্থা সম্পত্তি করের ক্ষেত্রে প্রগতিশীল হলেও প্রধান কর যা সকল প্রজার উপরই প্রযোজ্য ছিল তার চরিত্র কিন্তু ছিল স্থায়ী প্রকৃতির। তবে উভয় করেরই পরিমাণ ছিল যথেষ্ট বেশি।

রাজস্ব সুষম ভাবে আদায়ের উদ্দেশ্যে ডায়োক্লেশিয়ান ট্যাক্স ফার্মিং বা মধ্যস্বত্বভোগী শ্রেণী নিয়োগের নীতি গ্রহণ করেন। এক্ষেত্রে নিলামের মাধ্যমে এলাকা বন্টন করা হত। এই রাজস্ব সংগ্রাহকদের নির্দিষ্ট অর্থের বিনিময়ে নিয়োগ করার ফলে সরকারী রাজকোষে অর্থের সরবরাহ সুনিশ্চিত হলেও সাধারণ মানুষের কাছে এই ব্যবস্থা দুর্বিষহ হয়ে ওঠে। কারণ সংগ্রাহকরা জনগনের কাছে দায়বদ্ধ ছিলেন না এবং মুনাফা অর্জনই ছিল তাদের মূল লক্ষ্য। ফলে কর আদায়কারীদের নির্য্যাতনের শিকার হতে হয় সাধারণ মানুষকে। ডায়োক্লেশিয়ান নগরের মধ্যবিত্ত শ্রেণিকে কর প্রদানের জন্য দায়বদ্ধ করলেও সেনেটোরিয়াল শ্রেণিকে কিন্তু কর থেকে নিষ্কৃতি দিতে রাজনৈতিকভাবে বাধ্য হয়েছিলেন। বলা বাহুল্য যে সেনেটর শ্রেণিই ছিল রোমান সমাজে সব থেকে ধনী শ্রেণি — যাদের হাতে কুক্ষিগত ছিল বিস্তৃত সম্পদ। এই শ্রেণিকে কর ছাড়ের অর্থ সম্পত্তি করের সম্পূর্ণ ভার মধ্যবিত্ত, ব্যবসায়ী, কারিগর এবং শ্রমিক ও কৃষকের উপর পড়ে। যে সমস্ত স্বাধীন কৃষকরা কর প্রদানে ব্যর্থ হতেন তাদের জমি ও সম্পত্তি স্থানীয় সেনেটরিয়াল শ্রেণিভুক্ত নেতার হস্তগত হত। অন্যথায় সপরিবারে দাসত্ব গ্রহণও ছিল বিকল্প এক উপায়। এই ভাবে নিজেদের স্বাধীনতা রক্ষা করতে গিয়ে ক্ষুদ্র ও মধ্যবিত্ত কৃষকরা নিজেদের কৃষি জমি হারিয়ে ভাড়াটে কৃষকে পরিণত হয়। নাগরিক মধ্যবিত্ত শ্রেণি বা কুরিওলরা কর প্রদানে ব্যর্থ হলে তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করা হত এবং ব্যক্তিগত দাসত্ব বরণেরও নিদান ছিল। অনেক কুরিওল গ্রামাঞ্চলে পালিয়ে গিয়ে কলোনি বা ভাড়াটে কৃষক হওয়ার চেষ্টা করে ছিল, তবে আইন দ্বারা এই কাজ নিষিদ্ধ করা হয়েছিল। বিশেষত পশ্চিমী সাম্রাজ্যের মধ্যবিত্ত শ্রেণি আর্থিকভাবে ধ্বংস হয়ে যায় এবং অর্থনৈতিক ও প্রশাসনিক জীবনের ভরকেন্দ্র ক্রমশ নগরগুলি থেকে গ্রামাঞ্চলের ভিলাতে স্থানান্তরিত হতে শুরু করে ছিল।

১২.৫ : সামরিক সংস্কার

দক্ষ সামরিক নেতা হিসেবে ডায়োক্লেশিয়ান সীমান্ত সুরক্ষার উপর বিশেষ গুরুত্ব প্রদান করেছিলেন। তবে তার সীমান্ত নীতির মূল দর্শন ছিল সুকৌশলী সেনা বাহিনীর সীমান্তে পৌছানোর আগে পর্য্যন্ত আক্রমণকারী শক্তিকে বাধা প্রদান করা তথা ঠেকিয়ে রাখা। এই কারণে সীমান্তে খুব কুশলী সেনার নিয়োগ তার আমলে হয় নি। অনেক গবেষক অবশ্য তার এই সীমান্ত নীতিকে তীব্র সমালোচনা করেছেন। তারা মনে করেছেন যে এর ফলে সীমান্তের সুরক্ষার সঙ্গে সম্রাট আপোষের নীতিই গ্রহণ করেছিলেন এক অর্থে। রোমান সাম্রাজ্যের চিরাচরিত প্রথা অনুসারে সব থেকে কুশলী এবং দক্ষ সৈন্যবাহিনীর নিয়োগ হত সীমান্ত রক্ষায়। সেই আমলে মিলিশিয়া এবং গ্যারিসন সেনারাই রোমান সৈন্যবাহিনীর সব থেকে মর্য্যাদার স্থান গ্রহণ করত। কিন্তু ডায়োক্লেশিয়ানের এই সামরিক সংস্কার নীতি কেবল যে এই চিরাচরিত নীতির পরিপন্থী ছিল তাই নয়, তা অস্ত্রশস্ত্র, প্রশিক্ষণ সব দিক থেকেই সীমান্ত সুরক্ষায় নিয়োজিত সৈন্যদের অবনতি ঘটিয়েছিল। খুব স্বাভাবিক ভাবেই এর ফলে সীমান্ত সুরক্ষা বাহিনীর শৃঙ্খলা ও চেতনা যথেষ্ট হ্রাস পেয়েছিল। সামরিক ক্ষেত্রে তিনি চলমান স্থলবাহিনীর গঠনের ক্ষেত্রে আক্রমণকারী বর্বরদের সঙ্গে সন্ধি স্থাপন করে তাদেরও নিয়োগ করে ছিলেন। এই 'বর্বর' ভাড়াটে সৈন্যদের অস্তিত্ব রোমান বাহিনীর সংহতি বিশেষ ভাবে ক্ষুন্ন করেছিল। একই সঙ্গে রোমান আদর্শ প্রচারে রোমান সেনাবাহিনীর ভূমিকা ক্রমশ নষ্ট হয়ে গিয়েছিল।

১২.৬ : সামাজিক সংস্কার

ডায়োক্লেশিয়ান সামাজিক ক্ষেত্রে বেশ কিছু সংস্কার সাধন করে ছিলেন। তিনি বংশগত ভাবে তৈরি কারিয়ালের বিভাগকে পরিত্যাগ করার প্রচেষ্টা করে ছিলেন। কোনও নির্দিষ্ট পেশায় বিশেষত বাণিজ্যে যুক্ত কোনও ব্যক্তির মৃত্যুর পর তার মনোনীত ব্যক্তিকে সেই বাণিজ্যে প্রতিস্থাপনের প্রক্রিয়া সুরক্ষিত করার দিকে তিনি নজর দিয়ে ছিলেন। এর ফলে সাম্রাজ্যের মধ্যে সামাজিক গতিশীলতা হ্রাস পায় এবং সুযোগের সংকোচন ঘটে। ফলে জনসাধারণের মধ্যে নৈতিক চেতনারও অবক্ষয় ঘটতে দেখা গিয়ে ছিল এই সময়। ডায়োক্লেশিয়ানের রাজত্বকালে খ্রিষ্টধর্মের প্রসারের ফলে রোমান রাষ্ট্রের সংহতি বিপন্ন হয়ে পড়ে। এই আমলে খ্রিষ্টানদের সংখ্যা বৃদ্ধি সম্রাট প্রশান্ত চিত্তে গ্রহণ করতে পারেন নি। বিধর্মী খ্রিষ্টান মানুষদের নির্মূল করার জন্য সম্রাট ডায়োক্লেশিয়ান সুপরিকল্পিত ও চূড়ান্ত অত্যাচার শুরু করেন খ্রিষ্টানদের উপর রাষ্ট্রীয় উদ্যোগে। যদিও সম্রাটের এই নির্য্যাতনমূলক ব্যবস্থা উদ্দেশ্যের দিক থেকে বিচার করলে খুব একটা ফলপ্রসূ হয় নি।

সম্রাট ডায়োক্লেশিয়ান কুড়ি বছর রাজত্বের পর সম্পূর্ণ স্বেচ্ছায় সম্রাট পদ থেকে অবসর গ্রহণ করে শান্তিপূর্ণ জীবন যাপনের সিদ্ধান্ত গ্রহণ করেন। পরিমিত ও সংযত চরিত্রের অধিকারী ডায়োক্লেশিয়ান সম্রাট হিসেবে যথেষ্ট সফল হয়ে ছিলেন। তার অবসর পরবর্তী জীবনও যথেষ্ট শান্তির মধ্যে দিয়েই অতিবাহিত হয়ে ছিল। তার এই সমস্ত সংস্কার সাম্রাজ্যের অভ্যন্তরে শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা এবং শান্তি ফিরিয়ে এনেছিল। সর্বোপরি তিনি সাম্রাজ্যের অভ্যন্তরে সর্বত্রই এক জাতীয় শাসন ব্যবস্থার কাঠামোর বীজ বপন করতে সক্ষম হয়ে ছিলেন।

১২.৭ : কনস্টানটাইন ও তার সংস্কার — ডায়োক্লেশিয়ানের সংস্কারের উত্তরাধিকার

ডায়োক্লেশিয়ানের উত্তরাধিকার ব্যবস্থা কিন্তু বাস্তব ক্ষেত্রে সফল হয় নি। তার মৃত্যুর অব্যবহিত পরেই সম্রাট পদকে কেন্দ্র করে বিভিন্ন প্রতিদ্বন্দ্বির মধ্যে ব্যাপক প্রতিযোগিতা ও হিংসা শান্তি শৃঙ্খলা ব্যাহত করতে শুরু করেছিল।

ডায়োক্লেশিয়ানের অন্যতম সিজারের মৃত্যুর পরে বৃটেনে অবস্থিত সৈন্য বাহিনী তার পুত্র কনস্টানটাইনকে অগাস্টাস বলে ঘোষণা করে ছিল। ইতিমধ্যে আরও কয়েকজন অগাস্টাস পদ লাভ করার উদ্দেশ্যে পরস্পরের সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়ে ছিল। এই সুযোগে কনস্টানটাইন ৩১২ খ্রি: আল্পস পর্বত অতিক্রম করে মিলভিয়ান-সেতুর যুদ্ধে ইতালিতে স্থিত প্রতিদ্বন্দ্বী অগাস্টাস ম্যাক্সিমিয়াসকে পরাজিত করে সিংহাসন দখল করেন। সৈন্যদের দৌরাত্ম্য নিবারণ করে এবং খ্রিষ্টানদের সঙ্গে প্রীতিমূলক আচরণের দ্বারা তিনি স্বীয় আধিপত্য সুপ্রতিষ্ঠিত করে ছিলেন। এর পর তিনি পূর্বাঞ্চলীয় রোমান সাম্রাজ্যের অগাস্টাস লিসিনিয়াসকে পরাজিত করে সমগ্র রোমান সাম্রাজ্যে একক আধিপত্য লাভ সম্ভব করে ছিলেন খ্রি: ৩২৩ অব্দে।

কনস্টানটাইন সম্ভবত খ্রি: ২৮০ এর দশকে জন্ম গ্রহণ করেছিলেন। তিনি ছিলেন ফ্ল্যাবিয়াস ভ্যালিরিয়াস কনস্টানটিয়াসের পুত্র। খ্রি: ২৯৩ অব্দে তার পিতা সিজার বা উপসম্রাট পদে উন্নীত হন। তার উপাধি হয় কনস্ট্যানটিয়াস প্রথম ক্লোরাস। পশ্চিমে অগাস্টাস ম্যাক্সিমিয়াসের অধীনে তাকে সহযোগী হিসেবে প্রেরণ করা হয়েছিল। খ্রি: ২৮৯ অব্দে কনস্টানটাইনকে পূর্ব রোমান সাম্রাজ্যের বর্তমান তুরস্কে অবস্থিত নিকোমিডিয়ায় প্রবীণ সম্রাট ডায়োক্লেশিয়ানের দরবারে নিয়োগ করা হয়ে ছিল। ৩০৫ খ্রি: দুই সম্রাট ডায়োক্লেশিয়ান এবং ম্যাক্সিমিয়াস তাদের নিজ নিজ অধীনে থাকা সহকারী বা উপসম্রাট গ্যালারিয়াস ও কনস্টানটিয়াসকে পদত্যাগে বাধ্য করেন। তাদের স্থলে গ্যালেরিয়াস ভ্যালেরিয়াস ম্যাক্সিমিয়াসকে পূর্ব রোমান সাম্রাজ্যে এবং পশ্চিম রোমান সাম্রাজ্যে ফ্ল্যাভিয়াস ভ্যালেরিয়াস সেভেরাসকে প্রতিস্থাপন করা হয়। কনস্টানটিয়াস গ্যালারিয়াসের কাছ থেকে দরবারে তার পুত্রের উপস্থিতির জন্য অনুরোধ করে ছিলেন এবং কনস্টানটাইন তার প্রতিকূল সেভেরাসের অঞ্চলগুলিতে বর্তমান ফ্রান্সের গেসোরিয়াকামে তার পিতার সাথে যোগ দিতে পাড়ি দিয়ে ছিলেন। সেনাবাহিনী দ্বারা প্রশংসিত সম্রাট কনস্টানটাইন এরপর নিজেকে গৃহযুদ্ধের একটি জটিল আবর্তে জড়িয়ে ফেলেছিলেন। ম্যাক্সিমিয়াস যখন তার পুত্র কর্তৃক প্রত্যাখ্যাত হয়ে ছিলেন তখন তিনি গল দেশে কনস্টানটাইনের সঙ্গে যোগ দিয়ে ছিলেন। কনস্টানটাইন খ্রি: ৩০৭ অব্দে ম্যাক্সিমিয়াসের মেয়ে ফৌস্তাকে তার দ্বিতীয় স্ত্রী হিসেবে বিবাহ করে ছিলেন এবং ৩১২ খ্রি: ইতালি আক্রমণ করে ছিলেন। এর পর লিকিনিয়াসের সাথে চুক্তি বলে কনস্টানটাইন পশ্চিম রোমান সাম্রাজ্যের সম্রাট হয়ে ছিলেন এবং লিকিনিয়াসকে পূর্ব রোমান সাম্রাজ্যে তার প্রতিদ্বন্দ্বি ম্যাক্সিমিয়াসের সাথে শাসন ভার ভাগ করে দিয়ে ছিলেন। লিকিনিয়াস পরে ম্যাক্সিমিয়াসকে পরাজিত করলেও বলকান অঞ্চলে কনস্টানটাইনের কাছে তার ক্ষমতা হারিয়ে ছিলেন। কনস্টানটাইন লিকিনিয়াসকে খ্রি: ৩২৪ অব্দে পরাজিত করে পূর্ব ও পশ্চিম উভয় রোমান সাম্রাজ্যের একচ্ছত্র সম্রাট হয়ে উঠে ছিলেন।

১২.৮ : কনস্টানটাইনের সংস্কার

কনস্টানটাইনের আমলে রোমান সাম্রাজ্য সাক্ষী হয়েছিল দুটি যুগান্তকারী সংস্কারমূলক পদক্ষেপের। একটি হল রোমান সাম্রাজ্যের রাজধানী হিসেবে কন্সট্যান্টিনোপলের নির্মাণ এবং অন্যটি হল একেশ্বরবাদী খ্রিষ্টধর্মের রাষ্ট্রীয় অনুমোদন।

কনস্টানটাইন রাজধানী পরিবর্তন করে বাইজানটিয়ামে নিয়ে গিয়েছিলেন এবং তখন থেকেই এর নতুন নামকরণ হয়ে ছিল কনস্ট্যান্টিনোপল। কথিত আছে যে এই রাজধানী পরিবর্তনের পিছনে অনেকগুলি কারণ একই সঙ্গে কাজ করে ছিল। আর এরই ফলশ্রুতিতে রাজধানী পরিবর্তন অত্যন্ত সময়োপযোগী হয়ে দাঁড়িয়েছিল। বর্বর জাতির ক্রমাগত আক্রমণের ফলে রোমান সাম্রাজ্যের পূর্ব ও উত্তর সীমান্ত অঞ্চলগুলি একসময়ে বিপন্ন হয়ে পড়ে ছিল। রাজধানী রোম নগরী এই সমস্ত সীমান্ত অঞ্চলগুলি থেকে অনেক দূরে অবস্থিত হওয়ায় এই সীমান্ত অঞ্চলগুলিতে সব সময় নজর

রাখা সম্ভবপর হচ্ছিল না। বাইজানটিয়াম ছিল রোমান সাম্রাজ্যের একেবারে কেন্দ্র স্থলে অবস্থিত। আর সে কারণেই রোমান সম্রাটের পক্ষে এই স্থান থেকে সীমান্ত অঞ্চলগুলিকে রক্ষা করার ব্যাপারে একদিকে যেমন সুব্যবস্থা গ্রহণ করা সম্ভবপর হয়েছিল অন্যদিকে তেমন একে কার্য্যকরী করাও সহজসাধ্য হবে বলে মনে করা হয়েছিল। অর্থনৈতিক দিক থেকেও এই পরিবর্তন খুবই সময়োপযোগী হয়ে দাঁড়িয়েছিল। সেই সময়ে রোমান সাম্রাজ্যের পূর্বাঞ্চল অধিকতর সমৃদ্ধিশালী ছিল। এর কারণ ছিল মিশর ও কৃষ্ণসাগর অঞ্চলে ব্যবসা বাণিজ্যের বিস্তৃতি ঘটায় প্রভূত অর্থাগম হয়ে ছিল। সুতরাং সাম্রাজ্যের পূর্বদিকের অঞ্চলের গুরুত্ব এর ফলে আগের তুলনায় বহুগুণে বৃদ্ধিপ্রাপ্ত হয়ে ছিল। এই পরিস্থিতিতে বাইজানটিয়ামে রাজধানী পরিবর্তন ছিল একটি সময়োপযোগী সিদ্ধান্ত।

প্রাচীন রোম ছিল ঐতিহ্য ও ভাবধারার একটি কেন্দ্রস্থল। রোমের জনসাধারণ অত্যন্ত রক্ষণশীল ও নতুনত্বের তীব্র বিরোধী ছিল। এমনকী তারা কোনও রকম প্রগতিশীল সংস্কার প্রবর্তনের ক্ষেত্রেও সর্বদাই বাধা প্রদান করত। এর ফলে শাসন কার্য্য পরিচালনা করা সম্রাটের পক্ষে খুবই দুরূহ হয়ে পড়েছিল। কন্সট্যান্টিনোপলে রাজধানী স্থানান্তরের ফলে সব দিক থেকে যে নতুন পরিবেশের সৃষ্টি হয় তা প্রগতিমূলক সংস্কারগুলিকে দ্রুত প্রবর্তন করতে সম্রাটকে খুবই সহায়তা করে ছিল। আর এই কারণেই কনস্টানটাইন মনে করে ছিলেন যে রাজধানী স্থানান্তর ছিল অত্যন্ত প্রয়োজনীয়।

১২.৯ : খ্রিষ্টধর্ম গ্রহণ

কনস্টানটাইনের শাসন কালে সাম্রাজ্যের অভ্যন্তরে নানা প্রতিকূলতা সত্ত্বেও খ্রিষ্টধর্ম ক্রমশ বিস্তার লাভ করে ছিল। এই ধর্মের উন্নত নৈতিক আদর্শের কারণে খ্রিষ্টধর্ম সাম্রাজ্যের অভ্যন্তরে ধীরে ধীরে প্রতিপত্তি বৃদ্ধি করতে শুরু করে ছিল। দূরদর্শী সম্রাট বুঝতে পেরেছিলেন যে পূর্ববর্তী সম্রাটদের ন্যায় অত্যাচার বা Persecution নীতির দ্বারা খ্রিষ্টধর্মের প্রসার কখনওই রোধ করা আর সম্ভবপর নয়। বরং সাম্রাজ্যের উন্নতি ও স্থায়িত্ব রক্ষার ক্ষেত্রে খ্রিষ্টধর্মের সমর্থন ও সহযোগিতা লাভ করতে পারলে সেটি হবে সাম্রাজ্যের ভিত্তি মজবুত করার পক্ষে খুবই প্রয়োজনীয় পদক্ষেপ। এই কারণেই তিনি খ্রিষ্টধর্মের বিরোধিতা অপেক্ষা খ্রিষ্টধর্ম গ্রহণ করাকেই অধিকতর যুক্তিযুক্ত বলে মনে করে ছিলেন। এই উদ্দেশ্যে তিনি মিলান ডিক্রি জারির কথা ঘোষণা করে এতদিন ধরে প্রচলিত খ্রিষ্টধর্মের প্রতি আরোপিত সমস্ত বিধিনিষেধ প্রত্যাহার করে খ্রিষ্টধর্মকে রাষ্ট্র কর্তৃক অনুমোদিত ধর্মের স্বীকৃতি দান করে ছিলেন। বলা বাহুল্য ধর্মাভাব অপেক্ষা রাজনৈতিক প্রয়োজনের কারণেই কনস্টানটাইন খ্রিষ্টধর্মকে রোমান সাম্রাজ্যের অভ্যন্তরে রাষ্ট্র অনুমোদিত ধর্ম হিসেবে স্বীকৃতি প্রদান করেছিলেন।

১২.১০ : শাসন সংস্কার

সম্রাট কনস্টানটাইন শাসন ব্যবস্থারও কিছু কিছু পরিবর্তন ঘটিয়ে ছিলেন। তিনি সম্রাট ডায়োক্লেশিয়ানের প্রবর্তিত পন্থা অনুসরণ করে শাসন ও সামরিক বিভাগের সংস্কার সাধন করে ছিলেন। সৈন্যদলের রাজনৈতিক ক্ষমতা খর্ব করার উদ্দেশ্যে তিনি এক এক জন সেনাপতির অধীনে সৈন্য সংখ্যা হ্রাস করে ছিলেন। সামরিক ও অসামরিক ক্ষমতা বন্টন করে তিনি প্রদেশপালদের সামরিক ক্ষমতা থেকে অব্যাহতি দেন। শাসন ও সামরিক উভয় ক্ষেত্রেই ক্ষমতার সর্বোচ্চ অধীশ্বর ছিলেন সম্রাট স্বয়ং। প্রদেশগুলিকে ছোট ছোট জেলায় বিভক্ত করে প্রতিটি জেলায় একজন করে ম্যাজিস্ট্রেট নিয়োগ করেন। এই জেলাগুলিকে আবার একত্রিত করে তেরোটি বৃহত্তর বিভাগ গঠন করে চারজন

প্রিফেক্টের হাতে তার শাসনভার অর্পণ করা হয়ে ছিল। এই প্রিফেক্টরা সম্রাটের কাছে সরাসরি দায়বদ্ধ ছিলেন তাদের কাজের জন্য। কনস্টানটাইন কন্সট্যান্টিনোপলে নতুন সেনেট ও নতুন রাজকর্মচারীর পদ সৃষ্টি করেন রোম নগরীর অনুকরণে। তিনি রোমের পুরোন সেনেটকেও আবার ফিরিয়ে নিয়ে আসেন। রোমের প্রজাতান্ত্রিক ঐতিহ্য থেকে বহুদূরে স্বরচিত নতুন ব্যবস্থায় নতুন সমাজে কনস্টানটাইন প্রাচ্যের রীতিসম্মত পদ্ধতিতে নিরঙ্কুশ শাসন শুরু করে ছিলেন। রাজধানী পরিবর্তন ও খ্রিষ্ট ধর্মের সমর্থনে তিনি যে দূরদর্শিতা ও ক্ষমতার পরিচয় দিয়েছিলেন তার জন্য কনস্টানটাইনকে মহান আখ্যা দেওয়া খুব একটা অত্যুক্তি হবে না।

১২.১১ : উপসংহার

সম্রাট কনস্টানটাইন রোমান সাম্রাজ্যের ইতিহাসে নিঃসন্দেহে এক অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। খ্রিষ্টানদের প্রতি তার মনোভাব এবং পূর্ব রোমান সাম্রাজ্যের কেন্দ্রভূমি কনস্ট্যান্টিনোপল নগরী প্রতিষ্ঠার জন্য ইতিহাসের পাতায় তিনি স্মরণীয়। তার সংস্কারগুলি গুরুত্বপূর্ণ হলেও তা একেবারে ত্রুটিহীন ছিল না। তার সামরিক সংস্কারের সব থেকে বড় দুর্বলতা ছিল সীমান্ত রক্ষায় দুর্বলতা। রাইন এবং দানিয়ুব নদীর তীরবর্তী অঞ্চল এবং সীমান্ত প্রদেশগুলিতে সৈন্যদের কার্য্যকারিতার ক্রমাগত অবনতি সীমান্ত প্রতিরক্ষা ব্যবস্থাকে প্রায় ভঙ্গুর করে ফেলেছিল। এর ফলে বর্বর আক্রমণ সহজ সাধ্য হয়ে যায়। এছাড়া সেনাবাহিনীর অভ্যন্তরে দুর্নীতি তাদের শহুরে জীবনের আনন্দ এবং অলসতায় অভ্যস্ত করে তুলেছিল। এর ফলে সৈন্য বাহিনী তার সামরিক গুণাবলী হারিয়ে ক্রমশ অকার্য্যকরী হয়ে পড়েছিল। কনস্টান্টিনোপলকে তিনি দ্বিতীয় রোম হিসেবে গড়ে তুলতে সচেষ্ট হয়ে ছিলেন। এর ফলে মূল রোম নগরীর অবক্ষয় ঘটে ছিল। ক্রমশ কনস্ট্যান্টিনোপলই রোমান প্রশাসন এবং রোমান শক্তির প্রধান কেন্দ্রভূমিতে পরিণত হয়। এর ফলে পশ্চিম রোমান সাম্রাজ্য এতটাই দুর্বল হয়ে পড়ে যে তার পতন অবশ্যম্ভাবী হয়ে ওঠে। তাই একথা বলা ভুল হবে না যে যদিও কনস্টানটাইনের সংস্কারসমূহ আপাতভাবে রোমান সাম্রাজ্যে স্থিতি আনতে পেরেছিল কিন্তু একই সাথে তা পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনকেও ত্বরান্বিত করেছিল।

১২.১২ : অনুশীলনী

১। ডায়োক্লেশিয়ানের সংস্কার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

২। আপনি কি মনে করেন যে কনস্টান্টাইনের সংস্কার পশ্চিমের সাম্রাজ্যকে 'পতন'-এর দিকে ঠেলে দিয়েছিল?

৩। তৃতীয় শতাব্দীর সঙ্কটের পর শান্তি শৃঙ্খলা পুনঃস্থাপনে ডায়োক্লেশিয়ানের ভূমিকা মূল্যায়ণ করুন।

১২.১৩ : গ্রন্থপঞ্জী

1. A. H. McDonald– *Republican Rome*– New York– 1966.

2. H. Mattingly– *Roman Imsperial Civilization*– London– 1957.

3. M. Cary and H. H. Scullard– *A History of Rome*– New York– 1975.

পর্যায় ৪

একক - ১৩ ❐ পশ্চিম রোমান সাম্রাজ্যের অবক্ষয়

গঠন

১৩.০: উদ্দেশ্য

১৩.১: ভূমিকা

১৩.২: সাম্রাজ্যের অবক্ষয়

১৩.৩: উপসংহার

১৩.৪: অনুশীলনী

১৩.৫ : গ্রন্থপঞ্জী

১৩ .০ উদ্দেশ্য

- আলোচ্য এককের প্রধান উদ্দেশ্য হল পশ্চিম রোমান সাম্রাজ্য পতনের বিভিন্ন ধারাগুলি বিশ্লেষণ করা।
- উক্ত এককের অপর উদ্দেশ্য হল যে পশ্চিমের এই অবক্ষয়ের নেপথ্যে স্টিলকোর ভূমিকা কি ছিল তা পর্য্যালোচনা করা।
- এটিলার অভিযান কিভাবে পূর্ব রোমান সাম্রাজ্যকে বিধ্বস্ত করেছিল - সেই বিষয়টির প্রতি আলোকপাত করা এই এককের অপর উদ্দেশ্য।

১৩.১ : ভূমিকা

৩৯৫ খ্রি: থিওডোসিয়াসের মৃত্যুকালে রোমান সাম্রাজ্যের পরিস্থিতি ছিল পতনোন্মুখ। বর্বর আক্রমণ এবং গৃহযুদ্ধ ছাড়াও অর্থনৈতিক অবক্ষয় ও সামরিক দুর্বলতা একে পতনের দিকে ঠেলে দিয়েছিল। ইতিমধ্যে সীমান্ত সুরক্ষা বলতে পশ্চিম রোমান সাম্রাজ্যের আর কিছুই অবশিষ্ট ছিল না। উত্তর পূর্ব গল অঞ্চলে স্যালিয়ান ফ্রাঙ্ক উপজাতি তাদের ঘাঁটি স্থাপনে সক্ষম হয়েছিল। পান্নোনিয়া অঞ্চলে অস্ট্রো গথ, মোয়েসিয়া অঞ্চলে ভিসি গথ প্রভৃতি উপজাতি শক্তিশালী গাঁটি স্থাপন করে। বলা বাহুল্য যে এরা প্রত্যেকেই তাদের উপজাতীয় নেতার অধীনেই এই ঘঁটিগুলি স্থাপনে সক্ষম হয়েছিল। এই বিষয়টি সার্বভৌমিকতার প্রশ্নে সংশয় সৃষ্টি করেছিল খুব স্বাভাবিক ভাবেই।

বর্বরদের সঙ্গে পশ্চিম রোমান সাম্রাজ্যের সম্পর্ক এক জটিল বৃত্তে দাঁড়িয়েছিল। একের পর এক বর্বর আক্রমণে পশ্চিম রোমান সাম্রাজ্য যেমন বিধ্বস্ত হয়েছিল তেমনই অভিযানকারী বর্বরদের অনেক সময়েই রোমান সৈন্যদলে নিয়োগের দৃষ্টান্ত স্থাপিত হয়েছিল। সাম্রাজ্যের শেষের দিকে এধরণের নিয়োগের সংখ্যা বহুগুণে বৃদ্ধি পায় যা রোমান সৈন্যবাহিনীকে অনেকটাই দুর্বল করে দেয়। ইতিপূর্বে উচ্চাকাঙ্ক্ষী রোমান সেনানায়করা নিজেরা সম্রাট পদ দখল করতে প্রয়াসী হতে শুরু করেন। কিন্তু থিওডোসিয়াসের মৃত্যুর সময়ে বা তাঁর মৃত্যুর অব্যবহিত পূর্ব সময়ে জার্মান সেনানায়করা নিজেদের সম্রাট হিসেবে কল্পনা করতে না পারলেও ক্রীড়নক সম্রাট নির্মাণে তারাই মুখ্য ভূমিকা গ্রহণ করেন।

থিওডোসিয়াসের পুত্র হনোরিয়াস যখন রোমের সিংহাসন লাভ করেন তখন তিনি নাবালক। এর ফলে মাত্র এগারো বছর বয়সী হনোরিয়াসের অভিভাবক হিসেবে সৈন্যাধ্যক্ষ স্টিলিকো পশ্চিম রোমান সাম্রাজ্যের সর্বেসর্বা হয়ে ওঠে। স্টিলিকো নিজে ছিলেন বর্বর ভ্যাণ্ডাল উপজাতির মানুষ। থিওডোসিয়াসের সময় থেকেই রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে স্টিলিকো যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন। পূর্ব রোমান সাম্রাজ্যের দায়িত্ব লাভ করেছিলেন আর্কাডিয়াস। নাবালক এই সম্রাটের অভিভাবকত্ব লাভ করেছিলেন তার সেনাপতি রুফিনাস। স্টিলিকো এবং রুফিনাস উভয়েই ছিলেন সুদক্ষ শাসন পরিচালক। কিন্তু স্টিলিকো সুদক্ষ হলেও তাঁর ভ্যাণ্ডাল উৎস তাঁকে বারবার সমস্যার সম্মুখীন করেছিল। অন্যদিকে রুফিনাস ছিলেন রোমান সিভিলিয়ান বংশোদ্ভূত। এই বংশ পরিচয় তাঁর ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা পালন করেছিল। স্টিলিকো ছিলেন উচ্চাভিলাষী। তাঁর লক্ষ্য ছিল সমগ্র রোমান সাম্রাজ্যের অভিভাবকত্ব লাভ। তিনি চেয়েছিলেন অন্তত পূর্বাঞ্চলীয় অধিকাংশ অঞ্চল পশ্চিমের সাথে পুনরায় সংযুক্ত করতে।

১৩.২: সাম্রাজ্যের অবক্ষয়

স্টিলিকো এবং রুফিনাসের লক্ষ্য একই হওয়ায় উভয়ের মধ্যে সংঘাত ছিল অনিবার্য্য। তবে এই সংঘাতের পথে অর্থাৎ ক্ষমতা লাভের প্রশ্নে তৃতীয় ব্যক্তিরও অস্তিত্ব ছিল। আরিয়ান এবং হিথন উভয়েই গথ সেনাবাহিনী নিয়ে মোয়েসিয়ায় ফেডারেশনে নেমে এসেছিল। থিওডোসিয়াসের মৃত্যুর পর এই ফেডারেশন নিজেদের রাজা হিসেবে নির্বাচিত করেছিল উচ্চাকাঙ্ক্ষী এবং দৃঢ় প্রতিজ্ঞ আলারিককে। পরবর্তী কালে এই আলারিক তার প্রত্যাশার দিক থেকে হতাশ হয়ে বিদ্রোহী হয়েছিলেন এবং তার ভিসি গথ গোষ্ঠীর সাহায্যে তিনি বলকানদের ধ্বংস করেছিলেন। রোমের পূর্বাঞ্চলের কুশলী সেনারা আলারিকের বিদ্রোহের পরও বেশ কিছুদিন ইতালিতেই থেকে গিয়েছিল। ইতিমধ্যে হূণদের একটি দল ককেশাস পর্বত পার হয়ে সিরিয়া অঞ্চলে এসে উপস্থিত হয়। স্টিলিকো এই পরিস্থিতিতে থেসালির কাছে উদ্ধার কাজের জন্য তার বাহিনী নিয়ে এলে তার আচরণে সন্দিগ্ধ কনস্টান্টিনোপল থেকে নির্দেশ আসে ইলিকামকে সরিয়ে নিয়ে গিয়ে পূর্বাঞ্চলীয় সেনা তখনই প্রত্যর্পণের জন্য। সেই মুহূর্তে বিচক্ষণ স্টিলিকো কনস্টান্টিনোপলের প্রতি তার আনুগত্য প্রদর্শন করেছিলেন। ইতিমধ্যে গাইনাসের অধীনস্থ গথ সৈন্যরা রুফিনাসকে হত্যা করলে স্টিলিকোর সামনে সুযোগের ক্ষেত্র প্রশস্ত হয়। রোমের অন্যতম সেনাপতির কন্যা ইউদোক্সিয়ার সঙ্গে আর্কিডিয়াসের বিবাহ সম্পন্ন হওয়ার পর আর্কিডিয়াস গোষ্ঠীর ক্ষমতা প্রায় পুরোটাই চলে যায় ইউট্রোপিয়াস নামক এক ব্যক্তির হাতে। যিনি সম্ভবত তৃতীয় লিঙ্গভুক্ত ছিলেন। দুই পক্ষের মধ্যে একে অপরের বিরুদ্ধে লড়াই আলারিকের সামনে সুযোগের পথ প্রশস্ত করে দিয়েছিল।

স্টিলিকোর কনস্টান্টিনোপলের প্রতি আনুগত্য খুব সম্ভবত মোরাসের বিদ্রোহ দ্বারা প্রভাবিত হয়েছিল। ৩৯৪ খ্রি: প্রিন্স গিল্ডো এই বিদ্রোহের নেতৃত্ব দান করেছিলেন। তিনি ছিলেন পূর্বের বিদ্রোহী ফারমিউসের ভাই। উত্তর

আফ্রিকার একটি বড় অংশ জুড়ে তিনি চেয়েছিলেন মুরিশ রাজ্য স্থাপন করতে। গিল্ডোর এই বিদ্রোহ রোমের জন্য খুব বড় মাত্রায় একটি বিপদ ডেকে এনেছিল কারণ রোমে খাদ্যশস্য সেইভাবে উৎপাদিত না হওয়ায় খাদ্যের যোগান প্রায় পুরোটাই নির্ভরশীল ছিল উত্তর আফ্রিকা থেকে আগত খাদ্যশস্যের উপর। স্টিলিকো এই পরিস্থিতির সুফল আদায় পূর্ণ মাত্রায় আদায় করতে সচেষ্ট হন। তিনি রোমে প্রেরিত আফ্রিকান খাদ্যশস্য সরবরাহের এই সঙ্কট কাটাতে উদ্যোগী হন। জরুরী ভিত্তিতে তিনি গল থেকে খাদ্যশস্য এবং সৈন্য নিয়ে রোমের সঙ্কটের মোকাবিলা করতে উদ্যোগী হন। তিনি মাসেসেল নামক সেনাপতির অধীনে উত্তর আফ্রিকায় সেনা প্রেরণ করেন। এই বাহিনী ৩৯৮ খ্রি: গিল্ডোর বাহিনীকে পরাস্ত করে। কিন্তু গিল্ডোর মৃত্যু হলেও স্টিলিকোর সেনাদের অধিকাংশই উত্তর আফ্রিকায় প্রাণদান করে।

উত্তর আফ্রিকায় এই সাফল্যের পর স্টিলিকো তার কন্যা মারিয়ার সঙ্গে সম্রাট হনোরিয়াসের ৩৯৮ খ্রি: বিবাহ দান করেন। এরপর বলা বাহুল্য যে সম্রাটের দরবারে স্টিলিকোর গুরুত্ব ক্রমশ বৃদ্ধি পেতে থাকে। ইতিমধ্যে আরও একাধিক আভ্যন্তরীণ বিপ্লবে তিনি সাফল্য লাভ করেন। তার সাফল্যে ঈর্ষান্বিত হয়ে গাইনাস নামক এক গথ ম্যাজিস্ট্রেট মিলিসাম তার গথ বাহিনীর সমর্থনে স্টিলিকোর মত ক্ষমতা লাভ করার লক্ষ্য নিয়ে বিদ্রোহ ঘোষণা করেন। গথদের এই বিদ্রোহ এশিয়া মাইনরে রোমের পক্ষে বড় সঙ্কট ছিল। ইতিমধ্যে হূণদের একটি দল থ্রেসকে সম্পূর্ণ ধ্বংস করে দেয় প্রায়। বিদ্রোহী গথরা এশিয়া মাইনরে ট্রাইবি গিল্ডের অধীনে বসতি স্থাপন করেছিল। গাইনাস ট্রাইবি গিল্ডের সাথে জোট বেঁধে সামরিক সাফল্য অর্জন করেছিল। তিনি প্রায় এই সম্মিলিত গথ বাহিনীর সার্বভৌম ক্ষমতার অধিকারী হয়ে পড়েন। কিন্তু অচিরেই গথদের থেকে তিনি বিচ্ছিন্ন হতে শুরু করেছিলেন। গথরা ছিল ধর্মবিশ্বাসের দিক থেকে খ্রিষ্ট ধর্মাবলম্বী। অন্যদিকে গাইনাস আরিয়ানপন্থী হওয়ায় তিনি তাঁর অনুগামীদের জন্য কনস্টান্টিনোপলে একটি আরিয়ান গির্জা স্থাপনের দাবি করেছিলেন। এর ফলে খ্রিষ্ট মতাদর্শে বিশ্বাসী গথরা ক্ষুব্ধ হয়েছিল। ইতিমধ্যে আর্কেডিয়াসের অপসারণ রোমান সাম্রাজ্যে অস্থিরতার জন্ম দেয়। ব্যাপক গণহত্যা শুরু হয়। পুরনো গথিক দুর্গম শহরগুলি বিপর্য্যস্ত হতে থাকে এবং পূর্ব রোমান সেনা বহর ইতিমধ্যেই বিধ্বস্ত থ্রেস অঞ্চলের বিদ্রোহীদের হত্যা করে কিছুটা শৃঙ্খলা ফিরিয়ে আনতে সক্ষম হয়। থ্রেস আক্রমণের সেনাপতিত্ব করেন ফ্রেভিট্টর। তার সুদক্ষ কৌশলে রোমানদের অনুকূলেই অভিযানটি শেষ হয়েছিল।

রোমান সাম্রাজ্যের সীমান্তে বসবাসকারী উপজাতিরা ইতিমধ্যেই এক ধরণের কনফেডারেশন বা উপজাতীয় গোষ্ঠী সঙ্ঘ নির্মাণ করতে সক্ষম হয়েছিলেন। ভিসি গথরা এক্ষেত্রে পথপ্রদর্শকের ভূমিকা পালন করেছিলেন। আসলে হূণরা আদি বাসস্থান থেকে সরে আসায় গথদের উপর ক্রমাগত চাপ সৃষ্টি করেছিল। হূণদের এই চাপে অস্তিত্বের সঙ্কটে ভুগতে থাকা ভিসি গথরা রেন্ট গাইসাসের নেতৃত্বে মধ্য দানিয়ুব অঞ্চলে একটি কনফেডারেশন বা উপজাতীয় সঙ্ঘ তৈরি করে যার অন্তর্ভুক্ত ছিল গথ, অ্যাসডিমি, ভ্যাণ্ডাল এবং অ্যালানস প্রভৃতি উপজাতি। রেন্ট গাইসাস এবং আলারিক যৌথ ভাবে ইতালির আক্রমণগুলিতে সামিল হয়েছিলেন। অন্যদিকে স্টিলিকো হূণ এবং অ্যালানস উপজাতীয় বাহিনীকে তাঁর তথাকথিত 'রোমান' বাহিনীতে অন্তর্ভুক্ত করে নিজের শক্তি বৃদ্ধি করতে সচেষ্ট হয়েছিলেন। ৪০১ খ্রি: দানিয়ুবের কাছে উভয় পক্ষের সংঘাত প্রকাশ্যে সংঘটিত হয়। স্টিলিকো সুবিধাজনক পরিস্থিতিতে থাকলেও সমঝোতার মাধ্যমে যুদ্ধের সমাপ্তি ঘটান। কিন্তু এরপরেই নভেম্বর মাসে আলারিক ইতালিতে প্রবেশ করে মিলানে হনোরিয়াসকে অবরোধ শুরু করেন। ৪০২ খ্রি: এপ্রিল মাসে প্যালেন্টিয়ায় এক রক্তক্ষয়ী যুদ্ধে আলারিকের স্ত্রী এবং শিশুপুত্রকে বন্দী করা সম্ভব হয়। এর ফলে স্টিলিকো আরও সুবিধাজনক পরিস্থিতিতে পৌঁছান। ইতালিকে রক্ষা করতে এবং পূর্বের সাম্রাজ্যকে সুরক্ষিত রাখতে ভিসি গথদের সঙ্গে আপস করা হয়। তাদের নরিকামে ফিরে যাওয়ার অনুমতি দেওয়া হয় বিনা শর্তেই।

স্টিলিকো কিন্তু এই বিপর্য্যয়ের মধ্যেও পূর্বের সাম্রাজ্যকে দখল করে সমগ্র রোমান সাম্রাজ্যের ঐক্যবদ্ধভাবে ক্ষমতার অধীশ্বর হওয়ার স্বপ্ন ত্যাগ করেন নি। তিনি ইতালিকে শান্ত রাখতে জার্মান উপজাতিগুলির সঙ্গে বন্ধুত্বপূর্ণ সমঝোতা স্থাপন করেছিলেন। নিজের কন্যা সম্রাজ্ঞী মারিয়ার মৃত্যুর পরেও সম্রাটের দরবারে নিজের নিয়ন্ত্রণ বজায় রাখার জন্য তাঁর ভগিনী থার্মেন্টিয়ার সাথে হনোরিয়াসের পুনরায় বিবাহ দিয়ে ছিলেন। এই ভাবে ক্ষেত্র প্রস্তুত করে তিনি পূর্বের দিকে আগ্রাসনের জন্য প্রস্তুতি নিয়েছিলেন।

কিন্তু আলারিক পূর্বাঞ্চলে আক্রমনের জন্য অপেক্ষমান ছিলেন। তিনি এই সুযোগে স্টিলিকোর উপর চাপ সৃষ্টি করার সুযোগ পেয়ে যান। এপিরাস থেকে তিনি নরমিকামে যাত্রাকালীন তাঁর পরিষেবার জন্য ৮০০ পাউণ্ড সোনা দাবি করেন। ইতিমধ্যে ৪০৮ খ্রি: সাত বছরের শিশু থিওডোসিয়াসকে উত্তরাধিকারী হিসেবে রেখে আর্কেডিয়াসের মৃত্যু হলে ক্ষমতা দখলের দ্বন্দ্ব আরও জটিলতা লাভ করে। এই পরিস্থিতিতে হনোরিয়াসের নিজের রাজত্বটি সুরক্ষিত করার জন্য স্টিলিকো সক্রিয় হয়ে ওঠেন। তিনি ফেডারেশনের উপজাতিদের সঙ্গে তাঁর সমঝোতা বৃদ্ধি করেন এবং রোমান সাম্রাজ্যের মধ্যে তাঁদের বসবাসের অনুমতি দানে তিনি সচেষ্ট হন। কিন্তু তিনি নিয়মিত সৈন্যদল এবং রোমান জনগণের অসন্তুষ্টির বিষয়টি ঠিক ভাবে উপলব্ধি করতে পারেন নি। উপজাতীয় গোষ্ঠীকে ভাড়াটে সৈন্য হিসেবে নিয়োগ করায় রোমান সৈন্যরা পেশাদারী ক্রোধের বশবর্তী হয়েছিলেন। তাদের এই ক্ষোভ গল অঞ্চলে বিদ্রোহী কনস্টান্টাইনকে বাড়তি সুবিধা প্রদান করেছিল। যদিও স্টিলিকো অবিস্মরণীয় ভাবে সফল হয়েছিলেন কিন্তু তা সত্ত্বেও তিনি ইলিরিকাম, উত্তর ইতালি এবং গলকে বিধ্বস্ত করতে পারেন নি। ইতিমধ্যে নাগরিক জনগোষ্ঠীর মধ্যে এবং রোমান সেনা বাহিনীর মধ্যে অর্ধ বর্বর ও বর্বর ভাড়াটে সৈন্যদের প্রতি বিদ্বেষ অতি মাত্রায় বৃদ্ধি পাওয়ায় রোমান সেনাদের মধ্যে বিদ্রোহ দেখা যায়। অ্যাড্রিয়াটিক উপকূলে অবস্থিত র‍্যাপভেনা অঞ্চলে সেনা বিদ্রোহ দেখা দেয়। পশ্চিম রোমান সাম্রাজ্যে পলিনিয়ার যুদ্ধের পর থেকেই র‍্যাকভেনা নগরের গুরুত্ব ছিল অপরিসীম। পশ্চিমের প্রধান সাম্রাজ্যের বাসভূমি হিসেবে এক নতুন গুরুত্ব এই নগরী অর্জন করেছিল। স্টিলিকো র‍্যা ভেনায় এই বিদ্রোহ দমন করলেও সেনাবাহিনীর বেশিরভাগ অংশ সেই সময়ে প্যাভিয়ায় অবস্থান করছিল। সম্রাট হনোরিয়াসও সেখানেই ছিলেন। সম্রাট এবং সেনা উভয়ের মধ্যেই অলিম্পিয়াস নামক খ্রিষ্টান প্রাসাদ আধিকারিক স্টিলিকোর সম্পর্কে ভুল বোঝাতে সক্ষম হয়। অলিম্পিয়াস প্রচার করেন যে স্টিলিকো দ্বিতীয় থিওডোসিয়াসকে হত্যা করে নিজের পুত্র ইউকেরিয়াসকে সিংহাসনে বসানোর পরিকল্পনা করছেন। সেনাবাহিনীর মধ্যে এই সংবাদ প্রচারিত হলে তারা সরকারের বিরুদ্ধে বিদ্রোহী হয়ে ওঠে এবং ইটালি ও গলের প্রিটোরিয়ান প্রিফেক্ট সহ স্টিলিকোর মনোনীত সেনাপতি এবং উচ্চ পদস্থ কর্মকর্তাদের হত্যা করেন। স্টিলিকোর কাছে এই খবর পৌঁছালে তাঁর অনুগত জার্মান সেনাপতিরা তখনই সরুস গমনংকে সঙ্গে নিয়ে গৃহযুদ্ধের আহ্বান জানান। কিন্তু স্টিলিকো এই প্রস্তাবে সম্মত হন নি। স্টিলিকো র‍্যা ভানাতে আশ্রয় নিলে হনোরিয়াস তাঁকে গ্রেফতারের আদেশ দেন। ৪০৮ খ্রি: হনোরিয়াস স্টিলিকোকে মৃত্যুদণ্ডের আদেশ দেন। স্টিলিকো সম্ভবত জার্মান সৈন্যদের ব্যবহার করে নিজের মৃত্যুদণ্ড স্থগিত করার প্রচেষ্টা করেছিলেন। তবে কার্য্যক্ষেত্রে তা ফলপ্রসূ হয় নি।

পশ্চিম এবং পূর্ব রোমান সাম্রাজ্যের পৃথক অস্তিত্ব এবং নীতি তাদের উত্তরের প্রতিবেশী বর্বর হূণ উপজাতির সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে স্পষ্ট ভাবে পরিস্ফুট হয়েছিল। অস্ট্রো গথদের উত্থান এবং ভিসি গথদের রোমান সাম্রাজ্যে অনুপ্রবেশের পরে ককেশাস থেকে দানিয়ুব পর্য্যন্ত আধুনিক বুদাপেস্ট অঞ্চল ক্রমাগত বর্বর আক্রমণের সম্মুখীন হয়েছিল এবং তা ক্রমশ পশ্চিম দিকে ছড়িয়ে পড়েছিল। হূণরা কিন্তু তাদের যাযাবর জীবনযাত্রা অব্যাহত রেখেছিলেন এবং পাহাড়, বনভূমি ও উপকূলের মধ্যবর্তী অঞ্চলে তারা আক্রমণ চালিয়েছিল। সম্ভবত তাদের উপজাতীয় বিভাগ এবং দানিয়ুব সীমান্তের প্রাকৃতিক বাধাগুলির কারণে বহু বছর ধরে হূণরা রোমান সাম্রাজ্যের উপর খুব

সামান্যই প্রভাব ফেলতে পেরেছিল। কিন্তু পঞ্চম শতাব্দীর গোড়ার দিকে রুগিলার উত্থানের ফলে হূণরা আরও ঐক্যবদ্ধ এবং অপ্রতিরোধ্য শক্তির অধিকারী হয়ে ওঠে। রুগিলা ছিলেন এতিয়াসের মিত্র এবং পরস্পর পরস্পরের সহযোগী। ৪৩৩ খ্রি: তার মৃত্যুর পর তার দুই ভাগ্নে ব্লেদা ও এটিলা তার স্থলাভিষিক্ত হন। ৪৪৫ খ্রি: পর্য্যন্ত এই দুই ভাই যৌথ ভাবে শাসন পরিচালনা করলেও এটিলা তার ভাইকে হত্যা করে সম্পূর্ণ ক্ষমতা নিজের হাতে কুক্ষিগত করেন। ঐতিহাসিকরা এটিলাকে 'ঈশ্বরের দুর্য্যোগ' বলে অভিহিত করেছেন। তিনি ছিলেন অপ্রতিরোধ্য শক্তির অধিকারী, নির্মম এবং ধ্বংসকারী। ঐতিহাসিক প্রিস্কাসও তাকে নির্মম চরিত্রের ধ্বংসকারী হিসেবেই বর্ণনা করেছেন। তবে বিজয়ী বীর হলেও এটিলা শিকার এবং লুঠপাটের বাইরে শাসক হিসেবে কোনও সাম্রাজ্য গড়ে তোলার বাসনা থেকে মুক্ত ছিলেন। তার লক্ষ্য ছিল রোমান সাম্রাজ্য থেকে প্রচুর পরিমাণে ধনসম্পদ আহরণ করা। তিনি রাইন, বাল্টিক এবং কাস্পিয়ান পর্য্যন্ত বিস্তীর্ণ এলাকা দখল করলেও সুসংহত কোনও শাসন সেখানে প্রতিষ্ঠা করতে পারেন নি। তিনি ভ্যাণ্ডাল নেতা গাইসারিককে প্ররোচিত করে ৪৪১ খ্রি: রোমান সাম্রাজ্য থেকে চাপ দিয়ে আরও ধন সম্পদ আহরণে সচেষ্ট হয়েছিলেন।

এটিলা প্রথম আক্রমণ চালিয়েছিলেন সমৃদ্ধ পূর্ব সাম্রাজ্যকে কেন্দ্র করে। ৪৩৩ খ্রি: কনস্টান্টিনোপল এটিলার ক্রোধ থেকে রক্ষা পেতে সমঝোতা চুক্তি স্বাক্ষর করে এবং এটিলা ৭০০ পাউণ্ড স্বর্ণ লাভ করতে সক্ষম হন। এরপর ৪৪১ — ৪২ এবং ৪৪৭ খ্রি: নানা অজুহাতে এটিলা পূর্ব রোমান সাম্রাজ্য আক্রমণ করেন। কনস্টান্টিনোপল এবং বলকান অঞ্চল থেকে থার্মোপাইলি পর্য্যন্ত বিধ্বস্ত হয়ে পড়ে। এটিলা থিওডোসিয়াসকে প্রকাশ্যে আঘাতে সক্ষম হলেও দানিয়ুব এবং নাইসাসের মধ্যবর্তী অঞ্চলটি খালি ছেড়ে দেওয়ার দাবিতে সম্মত হয়েছিলেন। সম্ভবত তিনি অনুমান করেছিলেন যে প্রাচ্যের উপর নতুন করে হামলা করে আর কোনও লাভ নেই। কনস্টান্টিনোপল এবং স্ট্রেইটরা আরও একবার তাদের সাম্রাজ্যের শক্তি টিকিয়ে রাখতে সক্ষম হয়েছিলেন। অন্যদিকে পশ্চিমের সাম্রাজ্য সমৃদ্ধির প্রশ্নে কম লাভজনক হলেও তা আক্রমণ করা খুব সহজসাধ্য ছিল। পশ্চিম কিন্তু এতিয়াসের সাথে তার পুরনো মিত্রতা ভঙ্গ করে এটিলার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিল। এটিলা গল আক্রমণ করতে উদ্যত হলে বর্বর উপজাতিদের অনেকেই এটিলার পক্ষে যোগদান করেন। পান্নোনিয়া, রুগিয়ানস, স্কিরি, হারুলি, মেগের বার্গেণ্ডিয়ানস এবং রিপুরিয়ান ফ্রেঞ্চ থেকে অস্ট্রো গথ — প্রায় সকলেই এটিলার আক্রমণে বিভিন্ন ভাবে সামিল হয়েছিলেন। এতিয়াস মূলত ভাড়াটে সৈন্যের উপর নির্ভরশীল হওয়ায় তার পক্ষে কিন্তু সৈন্যের অভাব ছিল। এটিলা তাকে ভুল বোঝান যে তার গল আক্রমণের একমাত্র কারণ হল ভিসি গথদের আক্রমণ করা। তিনি কেবল রোমান অঞ্চল আক্রমণ করছেন। এতিয়াস বিপদের আঁচ করলেও ভিসি গথদের জোট তিনি অর্জন করেন। শুধু ভিসি গথ নয় স্যালিয়ান ফ্রাঙ্ক, মারোভেক, আর্মাবিকানস এবং সাউয়ের বার্গেণ্ডিয়ানরাও তাদের সঙ্গে যোগ দিয়েছিলেন। ৪৫১ খ্রি: এটিলা মেটেসকে বরখাস্ত করে আর্টিয়ানের দিকে অগ্রসর হন। এখানেই রোমান এবং ভিসি গথরা এটিলার অপেক্ষায় ছিলেন। তাদের অবস্থান যথেষ্ট দৃঢ় ছিল কারণ তারা ধরেই নিয়েছিলেন যে এটিলা এতিয়াসের সাথে সম্পর্ক ছিন্ন করবেন না। এরপর এটিলা ট্রয়েসের দিকে ফিরে যান যেখানে ক্যাটালাউভিয়ান সমভূমিতে তার অশ্বারোহী বাহিনী সমৃদ্ধি লাভ করে। এতিয়াস সৈন্যাধ্যক্ষ হিসেবে তার প্রতি অতি কুশলতা প্রদর্শন করেছিলেন। এটিলা ভিসি গথদের সৈন্য বেষ্টনী ভেদ করে অ্যালানসের বাহিনীর দিকে এগিয়ে গেলে রক্তক্ষয়ী যুদ্ধের সূচনা হয়। পরের দিন এতিয়াসের বিশ্বাসঘাতকতায় এটিলা যুদ্ধের প্রাণ ফেরাতে ব্যর্থ হন। এরপর তিনি রাইন পার হয়ে ভিসি গথদের নেতা থোরিস মুদকে টাউলেজে ফিরে যেতে রাজি করান। কিন্তু তা সত্ত্বেও এটিলা এই অঞ্চলে আর বড় ধরণের সাফল্য লাভ করতে পারেন নি।

গলে অস্ত্র দ্বারা এবং ইতালিতে জলবায়ুর দ্বারা পরাজিত হলেও এটিলা লুঠপাট চালাতে থাকেন। ৪৫৩ খ্রি: নাগাদ বলকানদের উপর তিনি আবারও আক্রমণ চালানোর প্রস্তুতি নেন। তার জীবনের শেষ যুদ্ধে তিনি আংশিক

সাফল্য লাভ করলেও অচিরেই তার তিন পুত্রের মধ্যে হূণদের বিভাজন তাদের শক্তিক্ষয় ঘটায়। হূণদের শক্তি ক্ষয় হলে পূর্ব জার্মানীয় উপজাতিদের হাতে হূণদের পরাজয় ঘটে। হূণদের এই পরাজয়ের পর অধিকাংশ যাযাবর কৃষ্ণ সাগরের উত্তরের উপত্যকা অঞ্চলে তাদের বসবাসকারী আত্মীয় গোত্রগুলির সঙ্গে পুনরায় যোগ দেয়। এই সব গোষ্ঠীগুলি কিন্তু এই অশান্ত পরিবেশেও রোমের সৈন্যবাহিনীতে ভাড়াটে সৈন্য সরবরাহ অব্যাহত রেখেছিল।

পূর্ব রোমান সাম্রাজ্য গৃহযুদ্ধ এবং বিদেশী বিশেষত বর্বর আক্রমণ থেকে পশ্চিমের তুলনায় কিছুটা মুক্ত ছিল। এই অঞ্চল মূল অশান্ত সময়ে পার হয়ে যায় যখন অ্যাড্রিয়ানোপলের যুদ্ধে সহ সম্রাট ভ্যালেন্স নিহত হন। এরপর ভ্যালেন্সের উত্তরসূরী থিওডোসিয়াসের অধীনে গথরা বলকান ভূমিতে বসতি লাভ করে সমঝোতা করতে সম্মত হলে দানিয়ুবের সীমান্ত রেখা আবার নতুন করে চিহ্নিত হয়। এই আপাত শান্তির সময়কাল বেশ দীর্ঘস্থায়ী হয়েছিল। এই সময়ে পূর্ব রোমান সম্রাটরা আভ্যন্তরীন পুনর্গঠনের কাজ নিরবচ্ছিন্ন ভাবে চালিয়ে যাওয়ার সুযোগ পান। সেই সুযোগের পূর্ণ সদ্ব্যবহার করেই পূর্ব রোমান সাম্রাজ্য নিজেকে সুসংহত করে। কনস্টান্টিনোপলকে কেন্দ্র করে এক শক্তিশালী এবং সুসংগঠিত পূর্ব রোমান সাম্রাজ্যের সৃষ্টি হয়। তবে রোম থেকে তথা ইতালি থেকে পূর্ব সাম্রাজ্যের এই বিচ্ছেদ অনিবার্য্য ভাবেই এর রোমান চরিত্র হনন করেছিল। পূর্ব রোমান সাম্রাজ্য সংবেদনশীল ভাবে ছিল বাইজানটাইন রাজতন্ত্র যা ছিল মূলত হেলেনীয় এবং হেলেনিস্টিক সংস্কৃতির ধারক যার অন্যতম বৈশিষ্ট্য ছিল একদিকে খ্রিষ্টান চার্চ এবং অন্যদিকে প্রাচ্যীয় কৃষ্টি। তবে এই সব কিছুর মধ্যে রোমান ঐতিহ্য হিসেবে থেকে গিয়েছিল মাত্র একটি বিষয় — রোমান কোড বা আইন বিধি।

পূর্ব ভূমধ্যসাগর থেকে ইতালি এবং পশ্চিমাঞ্চলীয় প্রদেশগুলির বিচ্ছিন্নতা পূর্ব সাম্রাজ্যকে যেমন পরিস্ফুট করেছিল ঠিক তেমনই রক্তক্ষরণের ফলে নিজেরা নিজেদের অনিবার্য্য পতনের পথে ঠেলে দিয়েছিল। পঞ্চম শতকে পশ্চিম রোমান সাম্রাজ্যের পরিস্থিতি এতটাই সঙ্কটজনক হয়ে ওঠে যে তার পতন এককথায় প্রায় অনিবার্য্য হয়ে ওঠে। ৪০৬ থেকে ৪১৯ খ্রি: মধ্যে উত্তর গল ফ্রাঙ্কদের দ্বারা, পূর্ব গল বার্গেণ্ডিয়দের দ্বারা এবং স্পেন ও য়েবি ভ্যাণ্ডালদের দ্বারা বিজিত হয়েছিল। ৪২৯ খ্রি: ভ্যাণ্ডালরা উত্তর আফ্রিকার একাধিক অঞ্চল দখল করে জলদস্যুদের ঘাঁটিতে রূপান্তরিত করে। এর ফলে ভূমধ্যসাগরীয় অঞ্চলে পূর্ব এবং পশ্চিমের মধ্যে সমুদ্র সংযোগ কার্য্যত বিচ্ছিন্ন হয়ে যায়। ইতিমধ্যে পূর্ব রোমান সম্রাট আর্কেডিয়াসের প্ররোচনায় ভিসি গথরা বসতির সন্ধানে বলকান অঞ্চল ছেড়ে পশ্চিম অভিমুখে আক্রমণ চালাতে থাকে। পঞ্চম শতকের প্রথম দশকে ভিসি গথরা পশ্চিম রোমান সাম্রাজ্যের অবস্থা এতটাই সঙ্গীন করে তুলেছিল যে পশ্চিম রোমান সম্রাট হনোরিয়াস রোম ছেড়ে র‍্যাভিনায় আশ্রয় গ্রহণ করতে বাধ্য হন। ৪০৮ খ্রি: ভিসি গথ নেতা আলারিক মধ্য ইতালিতে প্রবেশ করেন এবং রোমের পরিস্থিতি আরও সংকটের মুখে ঠেলে দেন। যদিও আলারিকের মৃত্যুর পর ভিসি গথরা একাভিটায় ফিরে এসে রোমান সম্রাটের সাথে বন্ধুত্বপূর্ণ সমঝোতা স্থাপন করেন।

১৩.৩: উপসংহার

৪৫১ খ্রি: এতিয়াস নামক রোমান সেনাপতির অধীনে পশ্চিম রোমান সেনাবাহিনী সর্বশেষ উল্লেখযোগ্য জয় অর্জন করেন। ভিসিগথদের সহায়তায় গল অঞ্চলে হুনদের রোমান বাহিনী পরাজিত করে। কিন্তু এতিয়াসের মৃত্যুর পর পশ্চিম রোমান সাম্রাজ্য তার চূড়ান্ত পতনের দিকে অগ্রসর হয়। ৪৫৫ খ্রি: ভ্যাণ্ডাল নেতা গাইসারিক রোমে আক্রমণ চালিয়ে এতটাই লুণ্ঠন করেছিলেন যে কার্য্যত শহরটির পতন অবশ্যম্ভাবী হয়ে পড়েছিল। এরপর ৪৭৬ খ্রি: বিদ্রোহী

জার্মান সেনাপতি ওডোভাকার সম্রাট অরেস্টেসকে হত্যা করেন এবং তার পুত্র রোমুলাস অগাস্টুলাসকে পদচ্যুত করলে পশ্চিম রোমান সাম্রাজ্যের আনুষ্ঠানিক পতন ঘটে। পশ্চিম অংশের উপর রোম নগরীর নিয়ন্ত্রণ অবলুপ্ত হয়। রোমান সাম্রাজ্যের প্রবহমানতার ধারা প্রবাহিত হয় পূর্ব রোমান সাম্রাজ্য তথা বাইজানটাইন সাম্রাজ্যের মধ্য দিয়ে।

১৩.৪: অনুশীলনী

১। পশ্চিমের পতনের ধারা সংক্ষেপে আলোচনা করুন।

২। পশ্চিমের অবক্ষয়ে স্টিলিকোর ভূমিকা সংক্ষেপে আলোচনা করুন।

৩। এটিলার অভিযান সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন।

১৩.৫ : গ্রন্থপঞ্জী

1. A. H. McDonald– *Republican Rome*– New York– 1966.
2. C. W. Previti-Orton– *The Shorter Cambridge Medieval History*– vol. I– Cambridge– 1960.
3. H. Mattingly– *Roman Imperial Civilization*– London– 1957.
4. M. Cary and H. H. Scullard– *A History of Rome*– New York– 1975.

পর্যায় - ৪

একক - ১৪ ❐ পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন

গঠন

১৪.০: উদ্দেশ্য

১৪.১: ভূমিকা

১৪.২: পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন — কিছু দর্শন

১৪.৩ : পতনের কারণ সমূহ

১৪.৪: বাহ্যিক কারণ

১৪.৫: অন্যান্য বর্বর উপজাতীয় আক্রমণ

১৪.৬: অন্যান্য আভ্যন্তরীন কারণ

১৪.৭: উপসংহার

১৪.৮: অনুশীলনী

১৪.৯: গ্রন্থপঞ্জী

১৪.০ উদ্দেশ্য

- আলোচ্য এককের উদ্দেশ্য হল পশ্চিম রোমান সাম্রাজ্য পতন সম্পর্কে ঐতিহাসিকদের মধ্যে যে বিতর্ক রয়েছে সেই বিষয়টি পর্যালোচনার দ্বারা শিক্ষার্থীদের অবগত করা।
- উক্ত এককের অপর উদ্দেশ্য হল পশ্চিম রোমান সাম্রাজ্য পতনের পিছনে যে অভ্যন্তরীণ ও বাহ্যিক কারণগুলি বিশ্লেষণ করা।

১৪.১: ভূমিকা

পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের প্রক্রিয়া তার সর্বোচ্চ পর্য্যায়ে পৌঁছেছিল খ্রি: পঞ্চম শতকে। আনুষ্ঠানিকভাবে এর পতন ঘটে ৪৭৬ খ্রি:। এই সময়ে রোমান সম্রাটরা শাসন কার্য্যকর করতে ব্যর্থ হওয়ায় এই সুবিশাল অঞ্চলটি একাধিক উত্তরসূরী প্রাদেশিক রাষ্ট্রে বিভক্ত হয়ে পড়েছিল। বস্তুত তৃতীয় শতাব্দীর মাঝামাঝি থেকেই রোমান সাম্রাজ্য এমন একটি পতনের প্রক্রিয়ার মধ্য দিয়ে পরিচালিত হয়েছিল যা পাশ্চাত্যে রোমান সাম্রাজ্যকে অবলুপ্ত করে দিয়েছিল কার্য্যত এবং বাইজানটিয়ামকে কেন্দ্র করে পূর্বের গ্রীক রাজ্যগুলি রোমান সাম্রাজ্যের উত্তরসূরী হিসেবে আরও প্রায় হাজার বছর প্রবহমানতা বজায় রেখেছিল। রোমান সাম্রাজ্য তার শক্তি হারিয়ে ভরকেন্দ্রকে পরিবর্তিত করে দিয়েছিল। ৪৭৬ খ্রি: ওডোভাসার সম্রাট রোমিউলাসকে পদচ্যুত করেন। এই সময়ে পশ্চিম রোমান সাম্রাজ্যে সামরিক, রাজনৈতিক বা আর্থিক শক্তি একেবারেই

তুচ্ছ হয়ে পড়েছিল। রোমান সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হিসেবে স্বীকৃত হলেও পশ্চিমী রাজ্যগুলির উপর রোমের আর কোনও কার্য্যকরী নিয়ন্ত্রণ ছিল না। আধুনিক কালের অধিকাংশ গবেষক পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের জন্য একাধিক ফ্যাক্টরকে দায়ী করেছেন। রোমান সেনাবাহিনীর কার্য্যকারিতা হ্রাস, রোমান জনস্বাস্থ্য ও নাগরিকদের নৈতিক অবক্ষয়, অর্থনৈতিক পরিস্থিতি, সম্রাটের অযোগ্যতা এবং ধর্মীয় পরিবর্তনকে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের জন্য মূলত দায়ি করা হয়। তবে প্রত্যক্ষ ভাবে বর্বর উপজাতিদের ক্রমাগত আক্রমণ এর জন্য দায়ি ছিল অনেকটাই।

১৪.২: পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন — কিছু দর্শন

রোমান সাম্রাজ্যের পতন আদৌ পতন ছিল না কি রূপান্তর ছিল তা নিয়ে গবেষকদের মধ্যে বিশেষ বিতর্ক বর্তমান। আসলে এই পতনের ধারণাটি এত ভাবে ব্যাখ্যা করা হয়েছে যে তা এক মেঘাচ্ছন্ন আলোচনার জন্ম দিয়েছে। এটি সত্যই অসম্ভব যে কোনও সংস্কৃতির সমস্ত উপাদানগুলির একই সাথে একই সময়ে সর্বজনীন ভাবে হ্রাস পেতে পারে না। সুতরাং রোমান সাম্রাজ্যের শেষের দিকে কিছুটা যেমন হ্রাস ছিল তেমনই খানিক বৃদ্ধিও দেখা দিয়েছিল এবং সাম্রাজ্যের কিছু প্রদেশের পরিস্থিতি অন্যদের চেয়ে যেমন বেশি খারাপ ছিল, তেমনই কিছু অঞ্চলের সমৃদ্ধিও চোখে পড়ে। এক্ষেত্রে আমাদের মনে রাখা উচিত যে ৪৭৬ খ্রি: কেবল পশ্চিম রোমান সাম্রাজ্যেরই পতন ঘটেছিল — পূর্ব রোমান সাম্রাজ্য আরও প্রায় হাজার বছর টিকে ছিল।

পতনের প্রশ্নটি সম্পর্কে পণ্ডিতগণ সাধারণত দুটি দলে বিভক্ত ছিলেন — একটি গোষ্ঠী হল যারা পতনকে প্রাকৃতিক বা অনিবার্য্য বলে বিবেচনা করেন অপর গোষ্ঠীটি সত্যিকার অর্থে কোনও পতন ঘটেছিল তা অস্বীকার করার প্রবণতা পোষণ করেন। বস্তুতপক্ষে বহু বছর ধরে এটি রোমান সাম্রাজ্যের কোনও পতন ছিল, তা পণ্ডিতদের দ্বারা ক্রমাগত অস্বীকার করা হয়েছিল। এডওয়ার্ড গিবন প্রথম পণ্ডিত যিনি সাম্রাজ্যের শেষ সময়ের একটি যৌক্তিক বিশ্লেষণ তুলে ধরেছিলেন এবং বলেছিলেন যে, রোমের পতন ছিল প্রাকৃতিক এবং স্থায়িত্বের মহত্ত্বের অনিবার্য পরিণাম। কেন রোমান সাম্রাজ্য ধ্বংস হয়েছিল তা অনুসন্ধান করার পরিবর্তে আমাদের অবাক হওয়া উচিত এটা ভেবে যে কিভাবে এই সাম্রাজ্য এত দিন ধরে স্থায়ী হয়েছিল! সংযুক্ত রোমান সাম্রাজ্যের শেষ দিনগুলি বর্বরতা এবং ধর্মীয় পরিবর্তনগুলির বিজয় প্রত্যক্ষ করেছিল। এই শর্তটি মাথায় রেখে অধ্যাপক এ পিগানিয়োল এই সিদ্ধান্ত পৌছেছিলেন যে রোমান সভ্যতার মৃত্যু স্বাভাবিক মৃত্যু ছিল না। আমরা যদি এই দৃষ্টিভঙ্গীর সাথে একমত হই যে রোমান সাম্রাজ্যের পতনের জন্য বর্বর আক্রমণই দায়ি ছিল এবং এই পতন কোনও স্বাভাবিক প্রক্রিয়া মাত্র ছিল না তাহলেও একথা স্বীকার করতে হবে যে সেই বর্বর আক্রমণকে প্রতিহত করার মত শক্তি রোমের ছিল না। রোমান সাম্রাজ্য এক জটিল প্রশাসনিক কাঠামো তৈরি করেছিল এবং এমন একটি সংস্কৃতির জন্ম দিয়েছিল যা বিচিত্র উপাদানের সমন্বয়ে তৈরি হয়েছিল। তা সত্ত্বেও যদি সভ্যতার জন্ম, বৃদ্ধি, হ্রাস এবং মৃত্যুর চক্রীয় বা জৈবিক রূপকের তত্ত্বে বিশ্বাস করা হয় তাহলে জৈবিক রূপক থেকে উদ্ভূত পতনের অনিবার্য্যতা প্রকাশ পায় যা ঐতিহাসিক পরিস্থিতিকে গুরুত্বহীন প্রতিপন্ন করে। স্পেঙ্গলার যদিও এই তত্ত্বটি সম্পূর্ণরূপে স্বীকার করেন নি। তবে তিনিও ধরে নিয়েছিলেন যে মানব সমাজগুলি কমপক্ষে কিছু প্রাকৃতিক আইন জীবন্ত প্রাণীর মত অনুসরণ করে। আর্ণল্ড বি টয়েনবী এর মতে স্পেঙ্গলারিয়ান অর্থে রোমান বিশ্ব ধ্বংস করার মত ঘটনা ঘটে নি যেহেতু এটি শেষ হয়ে যাওয়ার পরে এটি একটি বংশোদ্ভূত পশ্চিমা খ্রিষ্টীয় ধর্ম হিসাবে ছেড়ে যায় যা এর সাথে যুক্ত ছিল। আলফোন্স ডপ্‌শ তার ইউরোপীয় সভ্যতার অর্থনৈতিক ও সামাজিক ভিত্তিগুলিতে পরবর্তী রোমান সাম্রাজ্য থেকে ক্যারোলিঞ্জিয় যুগে অবারিত ধারাবাহিকতার পক্ষে যুক্তি দিয়েছিলেন। সুতরাং তার জন্য প্রক্রিয়াটি হ্রাস এবং পতনের পরিবর্তে রূপান্তরের ছিল।

১৪.৩ : পতনের কারণ সমূহ

রোমান সাম্রাজ্যের পতন এবং সেই সংক্রান্ত ঐতিহাসিক বিতর্ক সত্ত্বেও একথা নিশ্চিত ভাবেই বলা যায় যে ৪৭৬ খ্রি: রোম নগরীর পতনের পর পশ্চিম রোমান সাম্রাজ্যের অস্তিত্ব আর ছিল না। তবে কোনও একটিমাত্র কারণে একদিনে এই সাম্রাজ্যের পতন হয় নি। তা ছিল এক দীর্ঘ প্রক্রিয়ার পরিণাম। পতনের এই প্রক্রিয়ায় একাধিক কারণ দায়ী ছিল। তবে এই সমস্ত কারণগুলি সম্পর্কে আলোচনায় যাওয়ার আগে ঠিক কোন সময় থেকে পতনের সূচনা হয়েছিল তা অনুসন্ধান করা প্রয়োজন। খ্রিষ্টীয় দ্বিতীয় এবং তৃতীয় শতাব্দীর সূচনার সময়টা এক স্থবির সময় হিসেবে বর্ণনা করা যায়। ২৫০ খ্রি: মধ্যেই রোমান সাম্রাজ্য সংকটের কালে প্রবেশ করেছিল। এই সংকট ও পতনের জন্য দায়ী কারণগুলিকে দুটি বৃহৎ ভাগে ভাগ করা যায় — বাহ্যিক কারণ এবং অন্তর্নিহিত তথা আর্থ সামাজিক, রাজনৈতিক কারণ।

১৪.৪: বাহ্যিক কারণ

রোমান সাম্রাজ্যের পতনের প্রত্যক্ষ তথা সর্বন স্বীকৃত জনপ্রিয় ভাবে দায়ী কারণগুলির মধ্যে অন্যতম হল বর্বর সৈন্যদলের আগমন। বহু গবেষক বিশ্বাস করেন যে রোমের পতন কেবলমাত্র এই কারণেই হয়েছিল যে বর্বররা রোমে ইতিমধ্যে বিদ্যমান সমস্যাগুলির সুযোগ নিয়েছিল। কারও কারওর মতে রোমান সাম্রাজ্যের পতন ছিল অবশ্যম্ভাবী। পারস্যের মত পূর্বের সাম্রাজ্যের পতনের মত রোম যুদ্ধ বা বিপ্লব কোনওটারই সম্মুখে পড়ে নি। সাম্রাজ্যের শেষদিন জার্মান উপজাতির এক বর্বর সদস্য সিরি এবং রোমান সেনাবাহিনীর প্রাক্তন সৈন্যাধ্যক্ষ বিনা প্রতিরোধে শহরে প্রবেশ করে ছিলেন। ভূমধ্যসাগরের এক সময়কার সামরিক ও আর্থিক দিক থেকে অপ্রতিরোধ্য শক্তি রোম এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছিল। ওডোভাসার শজেই ১৬ বছর বর্ষীয় সম্রাট রোমুলাস অগাস্টুলাসকে অপসারণ করে ছিলেন। রোমুলাসকে সম্প্রতিই সম্রাট হিসেবে নিয়োগ করা হয়েছিল। তার পিতা রোমান সেনাপতি ওরেস্তেস যিনি পশ্চিম রোমান সম্রাট জুলিয়াস নেপোসকে ক্ষমতাচ্যুত করেছিলেন। শহরে প্রবেশের সাথে সাথে ওডোভাসার একমাত্র পশ্চিমের অংশের প্রধান হয়ে ওঠেন। তিনি শহরে প্রবেশের সাথে সাথে ব্রিটেন, স্পেন ও গল এবং উত্তর আফ্রিকার রোমান নিয়ন্ত্রণ ইতিমধ্যে গথ এবং ভ্যাণ্ডালদের হস্তগত হয়ে গিয়েছিল। ওডোভাসার তৎক্ষণাৎ পূর্ব রোমান সম্রাট জেনোর সাথে যোগাযোগ করেছিলেন এবং তাকে জানিয়েছিলেন যে তিনি সম্রাটের উপাধি গ্রহণ করবেন না। জেনোর ক্ষমতাও সেইসময় খর্ব হলেও এই সিদ্ধান্ত কার্য্যকর করার মত তার ক্ষমতা ছিল। কারণ রোমের পতনের পর তিনিই ছিলেন রোমান সাম্রাজ্যের বৈধ অধীশ্বর। প্রকৃতপক্ষে যাতে করে কোনও বিভ্রান্তির সৃষ্টি না হয় সেই কারণের জন্যই ওডোভাসার কনস্টান্টিনোপলে ফিরে এসেছিলেন।

১৪.৫: অন্যান্য বর্বর উপজাতীয় আক্রমণ

রোমান সাম্রাজ্য অনেকদিন থেকেই একাধিক জার্মান উপজাতির দ্বারা আক্রান্ত হচ্ছিল। এইসমস্ত জার্মান উপজাতির মধ্যে অন্যতম ছিল গথরা। ৩৬৪ খ্রি: নাগাদ দানিয়ুব রাইন সীমান্তে গথ উপজাতির এক বড় গোষ্ঠী জমায়েত হয়েছিল। তারা রোমান সাম্রাজ্যে বসতি স্থাপনের অনুমতি পাওয়ার আকাঙ্খায় ক্রমাগত হুমকি প্রদর্শন করতে শুরু করেছিল। সম্রাট ভ্যালেন্স আতঙ্কিত হয়ে উত্তর প্রদানে বিলম্ব করলে গথদের মনেও ভীতির সঞ্চার হয়। ইতিমধ্যে হূনরা গথদের অঞ্চলকে আক্রমণ করলে গথরা আরও আতঙ্কিত হয়ে পড়ে। এই পরিস্থিতিতে ক্ষুব্ধ গথরা রোমানদের বিনা অনুমতিতেই

নদী অতিক্রম করে রোম সাম্রাজ্য আক্রমণ করে। এর ফলে যুদ্ধের সূচনা হয় উভয় পক্ষের মধ্যে এবং এই যুদ্ধ প্রায় পাঁচ বছর ব্যাপী স্থায়ী হয়েছিল।

বর্বর উপজাতীয় গথরা ধর্মের দিক থেকে অধিকাংশই ছিলেন খ্রিষ্টান। এর ফলে রোমান সাম্রাজ্যে বসবাসকারী খ্রিষ্টানরা ধর্মীয় সৌভ্রাতৃত্বের কারণে গথদের সমর্থন করেছিলেন এবং তাদের সঙ্গেই যোগ দিয়েছিলেন। খ্রিষ্টানদের এই সংযোগের কারণে রোমান সম্রাট বিশেষ সমস্যায় পড়েছিলেন। এদের উপস্থিতির কারণে পর্য্যাপ্ত খাদ্য ও অন্যান্য রসদ সময় মত সরবরাহ করার ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। সম্রাটের এই সংকটের সুযোগে বেশ কিছু রোমান সেনাপতি দুর্নীতিগ্রস্ত আচরণ শুরু করেন। ভ্যালেন্স এই পরিস্থিতিতে পশ্চিমের সাহায্য প্রার্থনা করলেও যুদ্ধের জন্য রোমানরা সম্পূর্ণরূপে অপ্রস্তুত ছিল। অ্যাড্রিয়ানোপলের যুদ্ধে রোমান সেনাবাহিনীর প্রায় দুই-তৃতীয়াংশ সৈন্যক্ষয় ঘটেছিল। এই যুদ্ধে সম্রাট ভ্যালেন্সও নিহত হন। পরে সম্রাট থিওডোসিয়াসের আমলে গথদের সঙ্গে শান্তিপূর্ণ সমঝোতার নীতি গৃহীত হয়।

গথরা শান্তিপূর্ণ সমঝোতার অঙ্গ হিসেবে রোমান ভূখণ্ডে থেকে গিয়েছিল এবং রোমান সেনাবাহিনীর অন্তর্ভুক্ত হয়ে ভাড়াটে সৈন্য হিসেবে কাজ শুরু করেছিল। পরে এই গথ গোষ্ঠীরই প্রাক্তন সেনাপতি অ্যালারিক রোমের পক্ষে সব থেকে বড় ভীতির কারণ হয়ে দাঁড়িয়ে ছিলেন। তিনি ছিলেন ধর্ম বিশ্বাসের দিক থেকে খ্রিষ্টান। অ্যালারিক ছিলেন অত্যন্ত বুদ্ধিমান এবং দৃঢ় প্রতিজ্ঞ ব্যক্তিত্বের অধিকারী একজন ব্যক্তি। তিনি তাঁর অনুগামীদের জন্য বলকান অঞ্চলে জমি দাবি করেছিলেন রোমের কাছে। রোমের পক্ষ থেকে জমি দানের প্রতিশ্রুতিও প্রদান করা হয়েছিল। কিন্তু পরবর্তী সময়ে পশ্চিম রোমান সম্রাট এই জমি প্রদানের প্রক্রিয়া বিলম্বিত করার চেষ্টা করলে অ্যালারিকও ক্রমশ চাপ বৃদ্ধি করতে থাকেন। এবার তিনি দাবি করেন যে শুধু বসতি প্রদান নয় রোমান নাগরিকত্বও তাদেরকে প্রদান করতে হবে। সম্রাট হনোরিয়াস তাঁর দাবি প্রত্যাখ্যান করলে অ্যালারিক গথ। হূন এবং দাসদের যুক্ত করে একটি বাহিনী নির্মাণ করেন এবং আল্পস পর্বত পার হয়ে ইতালিতে প্রবেশ করার জন্য সুযোগের অনুসন্ধান করতে থাকেন। তার সেনাবাহিনী সুশিক্ষিত না হলেও সুসংহত ছিল। সম্রাট হনোরিয়াস ছিলেন রোমান সম্রাটদের মধ্যে সর্বাপেক্ষা অদক্ষ এবং একজন ছায়া সম্রাট মাত্র। তিনি অ্যালারিক এর ভয়ে ভীত হয়ে রোম নগরী ত্যাগ করে নিকটবর্তী র‍্যাভেনায় অবস্থান করেন এবং যুদ্ধ পরিচালনার যাবতীয় দায়িত্ব সেনাপতিদের হাতে ন্যস্ত করে দেন। ইতিমধ্যে অ্যালারিক তার বাহিনী নিয়ে রোম নগরীর বাইরে অবস্থান চালিয়ে যেতে শুরু করেন। সময়ের সাথে সাথে একদিকে যেমন নগরের রসদ সংগ্রহ ক্রমশ দুরূহ হয়ে উঠতে থাকে তেমনই রোম ক্রমশ দুর্বল হতে শুরু করে অ্যালারিক বাহিনীর অবস্থানের কারণে। অ্যালারিক নিজে কিন্তু কখনওই যুদ্ধ চান নি — তিনি কেবল চেয়েছিলেন তার অনুগামীদের জন্য স্থায়ী ভূখণ্ড এবং নাগরিকত্বের স্বীকৃতি। ৪১০ খ্রি: অ্যালারিক একজন গথিক দাসের সাহায্যে রোম নগরীর অভ্যন্তরে প্রবেশ করতে সক্ষম হন এবং মাত্র তিনদিনের অবস্থানে রোমকে তিনি পুরোপুরি বিধ্বস্ত করে দেন। হনোরিয়াস উদ্ভূত পরিস্থিতির গুরুত্ব সম্পর্কে একেবারেই আঁচ করতে পারেন নি। অ্যালারিক এর দাবিতে সাময়িক ভাবে সম্রাট সম্মত হলেও দশ হাজার রোমান সৈন্যকে শহর রক্ষার্থে তিনি রোম নগরীতে প্রেরণ করেন। বলা বাহুল্য যে অ্যালারিক এর দৃঢ় প্রতিজ্ঞ বাহিনীর সামনে রোমান সৈন্যদের পরাস্ত হতে একেবারেই সময় লাগে নি। অ্যালারিক এর দাবি শেষ পর্য্যন্ত মান্যতা পেয়েছিল। এর পাশাপাশি তিনি দুই টন সোনা এবং তের টন রূপো আদায় করেছিলেন।

১৪.৬: অন্যান্য আভ্যন্তরীন কারণ

বর্বর জাতির আক্রমণের ফলে দীর্ঘস্থায়ী রোমান সাম্রাজ্যের পতন হলেও সেটি একমাত্র কারণ ছিল না। যে রোমান জাতি এক সময়ে তদানীন্তন সভ্য সমাজের অধীশ্বর ছিল সেই জাতি বর্বর আক্রমণ প্রতিহত করতে কেন অক্ষম হয়েছিল এর পিছনে বেশ কিছু গুরুত্বপূর্ণ কারণ ছিল।

খ্রি: দ্বিতীয় শতাব্দীর শেষ ভাগ থেকে নানাবিধ কারণে রোমান সাম্রাজ্যের অঙ্গে ক্লান্তির চিহ্ন স্পষ্ট থেকে স্পষ্টতর হয়ে উঠেছিল। উত্তর পর্বে অপদার্থ ও অত্যাচারী সম্রাটরা সুশাসন প্রতিষ্ঠা করার পরিবর্তে ভোগ বিলাস ও আমোদ প্রমোদে নিজেদেরকে ভাসিয়ে রেখে ছিলেন। এর ফল স্বরূপ কেন্দ্রীয় শক্তি দুর্বল হয়ে পড়ে যার ফলে সৈন্যদলের আধিপত্য বৃদ্ধি পায় এবং সুশৃঙ্খল সেনাবাহিনী ক্রমশ উশৃংখলতা ও দুর্নীতির পাকে জড়িয়ে পড়ে। সুতরাং যে শাসন এক সময়ে শান্তির প্রতীক ছিল সেই শাসনই কালক্রমে সাম্রাজ্যের সর্বত্র বিভীষিকায় পর্য্যবসিত হয়েছিল। এর ফলে প্রাদেশিক শাসকগণ এই সুযোগকে কাজে লাগিয়ে স্ব স্ব স্থানে প্রধান হয়ে উঠেছিল। সৈন্যবাহিনীর অত্যধিক আধিপত্য ও রাজনৈতিক বিষয়ে হস্তক্ষেপের ফলে সাম্রাজ্যের অভ্যন্তরে প্রায়শই বিশৃংখলার সৃষ্টি হতে দেখা যায়।

রোমের জনসাধারণের মধ্যেও পূর্বতন নৈতিক বল ও শৌর্য্য বীর্য্য প্রভৃতি গুণাবলী একান্ত অভাব ক্রমশ স্পষ্ট হয়ে উঠতে থাকে। রোমের জনসাধারণ নিজের দেশের মঙ্গলের প্রতি উদাসীন হয়ে নিজেরা অপরিমিত ভোগ ঐশ্বর্য্যের মধ্যে নিজেদের জীবনকে অতিবাহিত করতে আরম্ভ করেছিল। ক্রীতদাসদের উপর অত্যাচারের মাত্রা বহুগুণ বৃদ্ধি পেয়েছিল, সাধারণ প্রজারা মাত্রাতিরিক্ত করভারে জর্জরিত হয়ে পড়েছিল। যার ফলস্বরূপ রোমান সাম্রাজ্যের অভ্যন্তরে কেন্দ্রীয় শাসনের বিরুদ্ধে বিদ্রোহ ছিল কেবলমাত্র সময়ের অপেক্ষা। যে ত্যাগ ও বীরত্বের কারণে রোমান সাম্রাজ্য সারা বিশ্বে বন্দিত হত ধীরে ধীরে তা রোমানদের মধ্যে থেকে একেবারে অবলুপ্ত হয়ে যায়।

সাম্রাজ্যের অত্যধিক বিস্তারের কারণ—এই সাম্রাজ্যের পতনকে ডেকে এনেছিল। তিনটি মহাদেশ ব্যাপী রোমান সাম্রাজ্যের সীমা বিস্তার লাভ করার ফলে কেন্দ্রীয় শক্তির পক্ষে দূরবর্তী অঞ্চলের প্রতি লক্ষ্য রাখা একপ্রকার অসাধ্য সাধন হয়ে দাঁড়ায়। একথা স্মরণ করে বলা যায় যে শাসনের সুবিধার জন্য রোমানরা যথেষ্ট রাস্তাঘাট নির্মাণ করলেও বর্তমান যুগের ন্যায় যান্ত্রিক পদ্ধতির সাহায্যে সংবাদের আদন প্রদান বা যানবাহনের কোনও সুযোগ সুবিধা প্রবর্তন করতে তখনও পর্য্যন্ত তারা সক্ষম হয়ে ওঠে নি। এর ফলে দূরবর্তী অঞ্চলগুলিতে বিদ্রোহ দেখা দিলে তা দ্রুত দমন করার জন্য রোম থেকে সেনা পাঠিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করা কার্য্যত ছিল অসম্ভব।

রোমান সাম্রাজ্যের সামরিক উৎকর্ষ হ্রাস তার পতনের অন্যতম কারণ ছিল। বিভিন্ন জাতি ও অঞ্চল থেকে সৈন্য সংগৃহীত হওয়ায় পূর্বতন রোমান সেনাবাহিনীর রণ কুশলতা ও শৃঙ্খলার অভাব দেখা দেয়। ফলে এই মিশ্র বাহিনী শক্তিশালী হওয়ার পরিবর্তে দুর্বলতার কারণ হয়ে দাঁড়িয়েছিল। এর সাথে যুক্ত হয়েছিল কেন্দ্রীয় শক্তির দুর্বলতার জন্য সেনাবাহিনী উত্তরাধিকারের দ্বন্দ্বে লিপ্ত থেকে সীমান্ত রক্ষার মূল দায়িত্বকে তারা অবহেলা করতে থাকে। সেনাবাহিনী অধিক মাত্রায় সম্রাট পদ কেনা বেচায় ও সম্রাট বিতাড়নের ষড়যন্ত্রে নিজেদের ব্যাপৃত করে রেখেছিল। সীমান্ত অঞ্চল যথেষ্ট সুরক্ষিত না হওয়ার কারণে একের পর এক বর্বর জাতির আক্রমণ রোমান সাম্রাজ্যের দোরগোড়ায় আছড়ে পড়তে থাকে। একসময়ে এই আক্রমণ প্রতিহত করার মত ক্ষমতা রোমান সৈন্যবাহিনী হারিয়ে ফেলেছিল।

সিংহাসনকে কেন্দ্র করে উত্তরাধিকারের প্রশ্নে রোমান সাম্রাজ্যের অভ্যন্তরে যে প্রতিদ্বন্দ্বিতা শুরু হয়েছিল তা এই সাম্রাজ্যের ভিতকে দুর্বল করে দিয়েছিল। উত্তরাধিকারের প্রশ্নে কোনও আইনানুগ নির্দিষ্ট রোমান আইন না থাকার কারণে কোনও সম্রাটের মৃত্যু বা অপসারণের পর সম্রাট পদকে কেন্দ্র করে উত্তরাধিকার দ্বন্দ্ব একটি চিরাচরিত স্বাভাবিক ঘটনা হয়ে দাঁড়িয়েছিল। এই দ্বন্দ্ব শতাব্দীর পর শতাব্দী চলতে থাকে। কোনও রোমান সম্রাটই এই দ্বন্দ্বকে পুরোপুরি নিরসনের জন্য কোনও সুনির্দিষ্ট আইন প্রণয়ন করতে সক্ষম হন নি।

অনবরত দীর্ঘস্থায়ী যুদ্ধ বিগ্রহে রোমান সাম্রাজ্য লিপ্ত থাকার ফলে ধীরে ধীরে সাম্রাজ্যের অর্থনৈতিক ভিত্তি দুর্বল হতে শুরু করেছিল। একের পর এক যুদ্ধ একদিকে যেমন রোম সাম্রাজ্যের জনবলকে হ্রাস করেছিল অন্যদিকে তেমনই

তা সম্পদেরও প্রভূত ক্ষতি করে দিয়ে ছিল। একদিকে দুর্বল অর্থনীতি এবং অন্যদিকে জনবলের অভাব ক্রমশ সাম্রাজ্যের ভিতকে দুর্বল করে দিয়েছিল। রোমান সাম্রাজ্যের আভ্যন্তরীন বিবাদ ও বাহ্যিক ক্ষয় ক্ষতির ফলে যখন সাম্রাজ্য অন্তঃ সারশূন্য হয়ে পড়ে ছিল তখন বাইরে থেকে দুর্ধর্ষ বর্বর জাতির একের পর এক প্রচণ্ড আক্রমণের আঘাতে রোমান সাম্রাজ্যের ভিত্তি শিথিল হয়ে পড়েছিল এবং তা ক্রমশ ধ্বংসস্তুপে পরিণত হওয়ার দিকে এগিয়ে গিয়েছিল।

১৪.৭: উপসংহার

রোমান সাম্রাজ্যের পতনের ফলে প্রাচীন পৃথিবী সমাপ্ত হয়েছিল এবং মধ্যযুগের সূচনা হয়েছিল। তবে অনেক কিছু হারিয়ে যাওয়ার পরেও পাশ্চাত্য আজও রোমানদের কাছে ঋণী। আজ হয়তো ল্যাটিন ভাষা ভাষী মানুষের সংখ্যা প্রায় নেই, কিন্তু আজকের পাশ্চাত্যে ব্যবহৃত ভাষাগুলি যেমন ফরাসী, ইতালিয়, স্প্যানিশ প্রভৃতি ভাষার ভিত্তিমূল হল ল্যাটিন। পাশ্চাত্যের আইন ব্যবস্থা রোমান আইনের উপর ভিত্তি করেই গড়ে উঠেছে। বহু বর্তমান ইউরোপীয় শহর রোমের দ্বারাই প্রতিষ্ঠা লাভ করেছিল। তাই একথা বলা অত্যুক্তি হবে না যে কালের নিয়মে রোমের পতন ঘটেছে ঠিকই কিন্তু তার উত্তরসূরি রাজ্যগুলির মধ্যে তার প্রবহমানতা ধরে রাখা সম্ভবপর হয়েছিল।

১৪.৮: অনুশীলনী

১। পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের মূল কারণগুলি কী কী?

২। প্রকৃত অর্থে কি কোনও 'পতন' রোমান সাম্রাজ্যে হয়েছিল?

১৪.৯: গ্রন্থপঞ্জী

1. A. H. McDonald– *Republican Rome*– New York– 1966.

2. H. Mattingly– *Roman Imperial Civilization*– London– 1957.

3. M. Cary and H. H. Scullard– *A History of Rome*– New York– 1975.

পর্যায় - ৫

একক - ১৫ ◻ দশম শতকের সংকট এবং সামন্ততন্ত্রের পত্তন

গঠন

১৫.০ : উদ্দেশ্য

১৫.১ : ভূমিকা

১৫.২ : সামন্ততন্ত্রের উৎস : দশম শতকের সংকট

১৫.৩ : সামন্ততন্ত্রের উদ্ভব : বিতর্ক

১৫.৪ : সামন্ততন্ত্রের স্বরূপ এবং আঞ্চলিক বৈশিষ্ট্য

১৬.৫ : উপসংহার

১৬.৬ : অনুশীলনী

১৬.৭ : গ্রন্থপঞ্জী

১৫.০ উদ্দেশ্য

- ইউরোপে দশম শতাব্দীর অন্তিম লগ্নে আর্থ-সামাজিক ও রাজনৈতিক জীবনে সংকটের দরুন কিভাবে সামন্ত্রতান্ত্রিক শাসন ব্যাবস্থার সূচনা হল তা অনুধাবন করা আলোচ্য এককের উদ্দেশ্য।
- সামন্ততন্ত্রের উদ্ভব নিয়ে যে ঐতিহাসিকদের মধ্যে যে বহুধা মতপার্থক্য আছে - সেই বিষয়টি পর্য্যালোচনার দ্বারা শিক্ষার্থীদের অবগত করা এই এককের অপর উদ্দেশ্য।
- উক্ত এককের অন্যতম উদ্দেশ্য হল অঞ্চল ভেদে এই সামন্ত্রতান্ত্রিক ব্যাবস্থার স্বরূপ ও আঞ্চলিক বিভিন্নতা বিশ্লেষণ করা।

১৫.১ : ভূমিকা

ক্যারোলিঞ্জয়ীয় সাম্রাজ্যের ভাঙনের পর মধ্যযুগীয় ইউরোপে সর্বব্যাপী ও ক্রমবর্ধমান রাজনৈতিক অনিশ্চয়তা উৎপাদন ব্যবস্থা ও সমাজ জীবনে সর্বব্যাপী পরিবর্তন অনিবার্য করে তুলেছিল। নবম শতকে ইউরোপে কেন্দ্রীয় শাসন ভেঙে পড়লে সর্বব্যাপী নৈরাজ্য ও নৈরাশ্যের এই পরিবেশে সাধারণ মানুষের জীবন ও সম্পত্তি, বিশেষত উৎপাদন ব্যবস্থা সচল রাখার প্রয়োজনে ভূমি-নির্ভর অভিজাত ও সরকারি কর্মচারীরা সাম্রাজ্য ও রাষ্ট্রের পরিবর্তে এক ধরনের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থা গড়ে তুলেছিল। এভাবেই পত্তন হয়েছিল রাজশক্তির

সমান্তরাল এক শাসনব্যবস্থা যা সামন্ততন্ত্র নামে পরিচিত।

নবম-দশম শতকের ভয়ঙ্কর নৈরাজ্যের মধ্যে, পশ্চিম ইউরোপের প্রায় সর্বত্র, অসহায়, দুর্বল মানুষ নিরাপত্তা লাভের জন্য তাঁর জীবন ও সম্পত্তির খাতিরে প্রতিবেশী কোনও ক্ষমতাশালী ব্যক্তির নিকট আত্মসমর্পণ করে। নিরাপদ আশ্রয়ের আশ্বাস পাওয়ার উদ্দেশ্যে তারা তাদের খেত খামারের মালিকানা, উপস্বত্ব ভোগের শর্তে, আশ্রয়দাতার হাতে তুলে দেয়। এই আশ্রয়দাতা প্রভু বা লর্ড, সিনর, ডিউক শরণাগতের নিকট থেকে খাজনা (শস্যে) এবং 'সেবা' পাওয়ার অধিকারী হন। এই ব্যবস্থা 'বেনিফিস' নামে পরিচিত হয় কারণ লর্ড তাঁর আশ্রিতকে জমি ব্যবহারের সুফলটুকু ভোগ করার অনুমতি দিতেন। এভাবেই ইউরোপে ফিফ্-এর (প্রভুর প্রতি বিশ্বস্ততা ও সেবার অঙ্গীকার ও আনুগত্য স্বীকারের দ্বারা লব্ধ ভূমিস্বত্ব) মাধ্যমে বন্দোবস্ত করা জমিতে উৎপাদন ব্যবস্থা চালু রাখা সম্ভব হয়। এই ধরনের আর্থ-সামাজিক ব্যবস্থা, নবম থেকে দ্বাদশ শতকের মধ্যে ক্যারোলিঞ্জীয় সাম্রাজ্যের বিভক্ত অঞ্চলগুলিতে, ইতালি ও ইংল্যান্ডে খ্রিস্টান শাসনাধীন স্পেনে, নিকট প্রাচ্যের লাতিন প্রিন্সিপ্যালিটিতে তাদের সমস্ত বৈশিষ্ট্য নিয়ে বিরাজ করে এবং তার অভিঘাতে রূপান্তর ঘটে প্রশাসনিক কাঠামোর। অন্যান্য অঞ্চলে, ভিন্ন সময়ে, একই ধরনের ব্যবস্থার পত্তন হয়। মার্ক ব্লক (Marc Bloch) এবং ফ্রাঁসোয়া গ্যানশফ (Francois Granshoff)-এর মতে দশম থেকে দ্বাদশ শতক ছিল 'Classical Age of Feudalism'।

ইউরোপে প্রাক্-আধুনিক সমাজব্যবস্থা তথা রাজনৈতিক চরিত্রের ভিত্তি সামন্ততন্ত্রের মধ্যে নিহিত ছিল। তবে সামন্ততন্ত্রের জন্ম, বিকাশ ও প্রতিষ্ঠিত হওয়ার বিষয়টি নিয়ে বিতর্ক আছে। বর্তমান এককে সামন্ততন্ত্রের উৎস, বিকাশ এবং স্বরূপ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন ঐতিহাসিকের অবস্থান আলোচিত হবে।

১৫.২ : সামন্ততন্ত্রের উৎস : দশম শতকের সংকট

মধ্যযুগীয় ইউরোপ, বিশেষত ক্যারোলিঞ্জীয় সাম্রাজ্যের ভাঙনের পর থেকে ক্রমবর্ধমান রাজনৈতিক অনিশ্চয়তা উৎপাদন ব্যবস্থা ও সমাজ জীবনে পরিবর্তন অনিবার্য করে দেয়। শার্লমানের বংশধরগণের মধ্যে পারিবারিক সংঘর্ষ, নবম শতকের ভাইকিং ও স্যারাসেন এবং তার পর ম্যাগিয়ারদের আক্রমণ ইউরোপের বিস্তীর্ণ অঞ্চলে চূড়ান্ত অরাজকতার জন্ম দিলে উৎপাদন ব্যবস্থা অব্যাহত রাখার তাগিদের সঙ্গে যুক্ত হয় নিরাপত্তার প্রশ্ন। এর ফলে অতি অল্প সময়ের মধ্যে জমির মালিকানা, সামাজিক শ্রেণীবিন্যাস পরিবর্তিত হতে থাকে, অত্যাবশ্যক প্রশাসনিক তথা রাষ্ট্রীয় কর্তব্য বেসরকারিভাবে সম্পন্ন হতে থাকে; এবং তা হয় একান্তভাবে ব্যক্তিনির্ভর এবং আঞ্চলিক চুক্তি নির্ভর। এই প্রক্রিয়া অনিবার্য করে তোলে এমন অসংখ্য বিধি বিধান এবং প্রথা-প্রতিষ্ঠানের পত্তন যেগুলির দ্বারা সমাজের অধিকাংশ মানুষ মুষ্টিমেয় পরাক্রান্ত মানুষের (লর্ড) আজীবন আনুগত্য স্বীকার ও 'সেবা'র (বিশেষত সামরিক) অঙ্গীকার করে। এই অঙ্গীকার হয়ে ওঠে বৈধ ও সর্বজনীন। অপরদিকে আশ্রিতকে সর্বতোভাবে রক্ষা করা ও তার জীবিকা নির্বাহের ব্যবস্থা করা লর্ডের পক্ষে অবশ্যপালনীয় কর্তব্য বলে মনে করা হয়। লর্ড তাঁর আশ্রিতকে জমি ব্যবহারের 'benefit' বা সুফল ভোগ করতে দিতেন। এই ব্যবস্থা পরিচিত হয় 'বেনিফিস' নামে। এই ধরনের আর্থ-সামাজিক ব্যবস্থা, নবম থেকে দ্বাদশ শতকের মধ্যে ক্যারোলিঞ্জীয় সাম্রাজ্যের খণ্ডিত অংশগুলিতে, ইতালি ও ইংল্যান্ডে, খ্রীস্টান শাসনাধীন স্পেনে, নিকট প্রাচ্যের লাতিন প্রিন্সিপ্যালিটিতে তাদের সমস্ত বৈশিষ্ট্য নিয়ে বিরাজ করে এবং তার অভিঘাতে রূপান্তর ঘটে প্রশাসনিক কাঠামোর। অন্যান্য অঞ্চলে, বিভিন্ন সময়ে একই ধরনের ব্যবস্থার পত্তন হয়। লর্ডরা শরণাগত, অধীনস্ত কৃষিজীবীদের জীবিকা নির্বাহের জন্য যে ভূমিখণ্ড দিতেন, তা পরিচিত

হয় 'ফিফ' (fief) নামে। ব্যক্তিগত স্বাধীনতা হারিয়ে, উর্ধ্বতন প্রভুর আনুগত্য স্বীকারে বাধ্য হয়ে কৃষক পরিণত হয় ভূমিদাসে। এই ব্যবস্থা বংশানুক্রমিক হওয়ায় এবং প্রাপ্ত জমিতে চাষাবাদের পরিবর্তে অন্য জীবিকা বেছে নেওয়ার অধিকার না থাকায়, ভূমিদাস কার্যত প্রভুর সম্পত্তিতে পরিণত হয়, শোষিত হওয়াই ছিল তার ভাগ্যলিপি। প্রাপ্ত জমিতে চাষাবাদ ছাড়া ও কৃষিজীবী লর্ডের খাস জমিতে বেগার খাটতে এবং নানাবিধ সামন্ততান্ত্রিক কর দিতে বাধ্য হত। পশ্চিম ইউরোপের কিছু অঞ্চলে অল্পসংখ্যক কৃষক উপনিবেশের অস্তিত্ব ছিল এবং তারা যে জমির মালিকানা ভোগ করত, তা 'অ্যালড্' (Allod) নামে পরিচিত ছিল। নবম-দশম শতকের ভয়ঙ্কর নৈরাজ্যের মধ্যে পশ্চিম ইউরোপের প্রায় সর্বত্র যে নূতন আর্থ-সামাজিক ব্যবস্থা গড়ে ওঠে, তা সামন্ততন্ত্র নামে অভিহিত হয়। দশম থেকে দ্বাদশ শতক পর্যন্ত কালসীমার মধ্যে ইউরোপের বিস্তীর্ণ অঞ্চলে সামন্ততন্ত্রকে পূর্ণ বিকশিত রূপে দেখা যায় এবং এই পর্বকেই ঐতিহাসিক গ্যানশফ (F. L. Ganshof) 'Classical Age of Feudalism' রূপে অভিহিত করেছেন।

১৫.৩ : সামন্ততন্ত্রের উদ্ভব : বিতর্ক

নবম শতকে ক্যারোলিঞ্জীয় রাজপরিবারের অন্তর্দ্বন্দ্ব ও সাম্রাজ্যের বিভাজন, স্যারাসেন, ভাইকিং ও ম্যাগিয়ারদের বিধ্বংসী আক্রমণকে পশ্চিম ইউরোপে কেন্দ্রীয় শক্তির ব্যর্থতাকে সামন্ততন্ত্রের পত্তনের একমাত্র বা প্রধান কারণ বলে মনে করেননি বেলজিয়ান ঐতিহাসিক অঁরি পিরেন (Henry Pirenne)। পিরেন তাঁর 'Muhammad and Charlemagne' প্রবন্ধে (১৯২২ খ্রিস্টাব্দ) জানিয়েছেন যে, ৪৭৬ খ্রিস্টাব্দে পশ্চিম রোমান সাম্রাজ্যের শেষ সম্রাট রোমুলাসের সিংহাসনচ্যুতির সঙ্গে সঙ্গে বর্বর আক্রমণের তীব্রতা ও ব্যাপকতা বৃদ্ধি সত্ত্বেও রোমান নাগরিক সভ্যতার অবসান হয়নি, পশ্চিম ইউরোপও একান্তভাবে কৃষি নির্ভর (যাকে সামন্ততন্ত্রের দ্রুত পত্তন ও প্রসারে পূর্বশর্ত বলে গণ্য করা হয়) হয়ে ওঠেনি। ভূমধ্যসাগরীয় বাণিজ্যকে কেন্দ্র করে গড়ে ওঠা রোমান নগর সভ্যতা চরম রাজনৈতিক অস্থিরতা সত্ত্বেও প্রায় তিন শতক স্থায়ী হয়েছিল, কারণ ভূমধ্যসাগরীয় বাণিজ্য সমগ্র পশ্চিম ইউরোপীয় অর্থনীতিকে সচল, সজীব রেখেছিল। এছাড়া পশ্চিম ইউরোপের সঙ্গে পূর্ব রোমান সাম্রাজ্যের যোগাযোগ বজায় রেখে পশ্চিম ইউরোপে চিন্তার জগতে রোমান প্রভাব অক্ষুণ্ণ রাখার ক্ষেত্রে ও ভূমধ্যসাগর একটি বড় ভূমিকা নিয়েছিল। কিন্তু সপ্তম শতকে সমগ্র ভূমধ্যসাগরীয় অঞ্চল মুসলমান অধিকারে চলে যাওয়ায় পশ্চিম ইউরোপের ব্যবসা বাণিজ্য এবং নগরায়ন স্তব্ধ হয়। পিরেনের মতে, রোমান আমলে যা ছিল ইউরোপীয় হ্রদ মাত্র, অষ্টম শতাব্দীতে সেটি একটি ইসলামি হ্রদে পরিণত হয়।

হেনরি পিরেন ইসলামের এই প্রসার এবং ভূমধ্যসাগরীয় সমুদ্রপথে আরবদের নিরঙ্কুশ আধিপত্যের ঘটনাকে পশ্চিম ইউরোপে সামন্তপ্রথা পত্তনের জন্য দায়ী না করে তিনি কেবল এই ইঙ্গিত দিয়েছেন যে, এই ঘটনাই নিকট ভবিষ্যতে সামন্ততন্ত্র প্রতিষ্ঠার এক অনুকূল পরিস্থিতির সৃষ্টি করেছিল। তিনি মনে করেন যে এর অনিবার্য পরিণতি হিসেবে ইউরোপের পশ্চিমাংশের প্রায় সর্বত্র জয় হয় বিকেন্দ্রীকরণের, দুর্বল অস্তিত্বসম্পন্ন রাজশক্তির সমান্তরাল ও প্রতিদ্বন্দ্বী লর্ডদের শাসনব্যবস্থার পত্তন হয়, ব্যবসা বাণিজ্যের সংকোচন ও কৃষি-নির্ভরতা অনিবার্য হয়ে ওঠে। পশ্চিম ইউরোপের বিভিন্ন অঞ্চলে শিল্পোৎপাদন ও নগরায়ন অবহেলিত হয়, আমদানি ও রপ্তানি বাণিজ্য প্রায় বন্ধ হয় এবং উদ্বৃত্ত উৎপাদন না হওয়ায় পশ্চিম ইউরোপে দেখা দেয় এক 'রুদ্ধদ্বার অর্থনীতি' (economy of no outlets)। এই পরিস্থিতিতে পশ্চিম ইউরোপে কৃষিজমি জীবন ধারণের একমাত্র মাধ্যম এবং সম্পদের একমাত্র সূচকে পরিণত হয় অষ্টম শতাব্দীতে। সম্পন্ন ব্যক্তি থেকে দারিদ্রতম ভূমিদাস পর্যন্ত সকলেই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে

জমির ফসলের ওপর নির্ভরশীল হয়ে পড়ে। ফলে নবম শতকে রাষ্ট্রযন্ত্র, বিশেষত সামরিক এবং প্রশাসনিক কাঠামোর এমনভাবে পুনর্বিন্যাস করা হয় যাতে ভূসম্পত্তি এই পরিবর্তিত ব্যবস্থার চালিকাশক্তি হতে পারে। নূতন ব্যবস্থায় সৈন্যবাহিনী মোতায়েন রাখার ভার ভূম্যধিকারীদের (holders of fiefs) হাতে ন্যস্ত হয়, যারা কালক্রমে আঞ্চলিক সামরিক ক্ষমতাকে সার্বিক রাজনৈতিক ক্ষমতায় পরিণত করেন। পিরেন মন্তব্য করেন যে, কেন্দ্রীয় শাসনব্যবস্থার ভাঙন এবং জমির অধিকারের ভিত্তিতে উদ্ভূত সমান্তরাল আঞ্চলিক কর্তৃপক্ষের উত্থান ছিল ইউরোপে সামন্ততন্ত্রের মূল প্রকৃতি। মার্কসবাদী ঐতিহাসিকরা কৃষি উৎপাদন ব্যবস্থাকে রক্ষা করার তাগিদের মধ্যেই সামন্ততন্ত্রের সূচনা হয়েছিল বলে মনে করেন। তাদের মতে, খেতখামারের পুনর্বন্দোবস্তকে কেন্দ্র করে পশ্চিম ইউরোপে বিভিন্ন রাজ্যে রাজনৈতিক, প্রশাসনিক এবং সামাজিক ব্যবস্থার পুনর্বিন্যাস হয়েছিল। রাজার পরিবর্তে পরাক্রান্ত লর্ডদের রক্ষণাবেক্ষণে কৃষি উৎপাদন ব্যবস্থা কোনোভাবে টিকে থাকে এবং অল্প সময়ের মধ্যে পশ্চিম ইউরোপের বিভিন্ন দেশে সুপ্রতিষ্ঠিত হয়। তবে এই উৎপাদন ব্যবস্থা ছিল বেঁচে থাকার অর্থনীতি, এখানে উদ্বৃত্ত উৎপাদন ছিল অপ্রাসঙ্গিক।

জার্মান ঐতিহাসিক আলফন্স ডপ্‌শ (Alfons Dopsch) পিরেনের তত্ত্বের সামান্য পরিবর্তন করে মন্তব্য করেন যে পশ্চিম ইউরোপে ভূমধ্যসাগরীয় বাণিজ্য এবং নগর সভ্যতার পত্তন অষ্টাদশ শতকে হয়নি, হয়েছিল নবম শতকের দ্বিতীয়ার্ধে। তাঁর অভিমত হল যে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের পরে রোমান নগর সভ্যতা এবং ভূমধ্যসাগরীয় বাণিজ্য চলতে থাকলেও তা ক্রমশ হ্রাস পেতে থাকে। এতে রোমান যুগের শিল্প ক্ষতিগ্রস্ত হয় এবং রপ্তানির ক্ষেত্রে এর প্রভাব পড়ে। ইউরোপের রপ্তানিযোগ্য শিল্পদ্রব্যের যোগান কমতে থাকলেও আমদানির চাহিদা হ্রাস পায়নি। ইউরোপ আমদানি করার জন্য সোনা রপ্তানি করতে থাকে। ইউরোপের বাজার থেকে সোনার ব্যবহার ক্রমশ লোপ পাওয়ার ফলে বাণিজ্যের ভিত দুর্বল হয়ে পড়ে। ডপ্‌শের মতে ক্রমশ দুর্বল হতে থাকা পশ্চিম ইউরোপীয় বাণিজ্য-ব্যবস্থার কার্যত পতন ঘটে নবম শতাব্দীর দ্বিতীয়ার্ধে। ডপ্‌শ মনে করেন যে পিরেন শুধু ঘটনাকাল সম্বন্ধে নয়, ভূমধ্যসাগরীয় বাণিজ্যের পতনের কারণও ভুল নির্ণয় করেছিলেন। মধ্য এবং মধ্য-পশ্চিম ইউরোপের বাণিজ্য বিষয়ে গবেষণা করে ডপ্‌শ বলেন, নিছক আরব আক্রমণ নয়, নবম শতাব্দীর দ্বিতীয়ার্ধে দক্ষিণে আরব, পশ্চিমে মগিয়ার এবং উত্তর দিক থেকে ভাইকিংদের পর পর আক্রমণের মোকাবিলা করতে ব্যর্থ হয় পশ্চিম ইউরোপ। বহিঃশত্রুর উপর্যুপরি আক্রমণ এবং অবাধ লুঠতরাজের ফলে ইউরোপীয় বাণিজ্য ব্যবস্থা বিপর্যস্ত হয়। এই চরম নিরাপত্তাহীনতার প্রেক্ষাপটে ইউরোপীয় অর্থনীতি কৃষিনির্ভর হয়ে পড়ে; সামাজিক প্রতিপত্তি তথা রাজনৈতিক ক্ষমতা হয়ে পড়ে জমিনির্ভর—পত্তন হয় সামন্ততন্ত্রের।

ফরাসী ঐতিহাসিক মার্ক ব্লক (Marc Bloch) এবং ফ্রাঁসোয়া গ্যানশফ (Francois Ganshoff) মূলত ডপ্‌শ-এর বর্ণিত ঘটনাক্রমকে বেশি গুরুত্ব দেন। ব্লকের মতে, ৮৪৩ খ্রিস্টাব্দে ভাদুন-এর চুক্তি অনুসারে ক্যারোলিঞ্জীয় সাম্রাজ্য তিন ভাগে বিভক্ত হওয়ায় কেন্দ্রীয় শাসনব্যবস্থা দুর্বল হয়ে পড়ে এবং কেন্দ্রীয় শক্তির রাজনৈতিক দুর্বলতার কারণে ক্রমশ হ্রাস পেতে থাকা ভূমধ্যসাগরীয় বাণিজ্য আরব, ভাইকিং এবং মগিয়ার আক্রমণের সামনে ভেঙে পড়লে পশ্চিম ইউরোপের অর্থনীতি মূলত কৃষি-নির্ভর হয়ে পড়ে। জমি এবং জমির স্বত্ত্বকে কেন্দ্র করে রাজনৈতিক ক্ষমতার পুনর্বিন্যাস করা হয়। এই রাজনৈতিক কাঠামোকে মার্ক ব্লক মনে করেন সামন্ততন্ত্রের ভরকেন্দ্র। ব্লক মনে করেন যে নবম শতকের দ্বিতীয়ার্ধে বহিঃশত্রুর আক্রমণ প্রতিহত করতে কেন্দ্রীয় শাসনকর্তা অপারগ হলে প্রতিটি অঞ্চলের নিরাপত্তা বিধানের ভার সেই অঞ্চলের সামরিক নেতা বা ভূমধিকারীর ওপর বর্তায় এবং এরা নিজেদের উদ্যোগে সৈন্যবাহিনী গড়ে তুলে তাদের অঞ্চলে প্রতিরক্ষার ব্যবস্থা করেন। এই প্রক্রিয়ায় দুটি বিশেষ কাঠামো — Vassalage এবং fief সহায় হয়। আঞ্চলিক

নেতৃবর্গ সামন্তপ্রভু (feudal lord) এবং সামন্ত (Vassal)-এর মধ্যে যথাক্রমে নিরাপত্তা বিধান এবং আনুগত্যের অঙ্গীকারের মাধ্যমে সৃষ্টি হয় এক যোদ্ধা সম্প্রদায় — সামন্তপ্রভু এবং সামন্তর মধ্যে নিরাপত্তা এবং আনুগত্যের এক বিশেষ ধরনকে মার্ক ব্লক বলেন 'vassalage'। অনুগত যোদ্ধা যাতে সামন্তপ্রভুর জন্য যুদ্ধে যেতে পারে সেজন্য তাঁর আর্থিক সংস্থানের ব্যবস্থা করতে প্রত্যেক সামন্তপ্রভু তার সামন্তের জন্য ভূমিখণ্ড বা fief-এর স্বত্ত্ব প্রদান করতেন। অর্থাৎ, কৃষিনির্ভর পশ্চিম ইউরোপে সেনাবাহিনীকে নগদ বেতনের পরিবর্তে জমির ওপর রাজনৈতিক তথা আর্থ-সামাজিক নিয়ন্ত্রণ দেবার রীতিকে মার্ক ব্লক fief বা fiefdom নামে অভিহিত করেন। মার্ক ব্লকের অভিমত হল যে সামন্ততন্ত্র বাস্তবিক পক্ষে Vassalage এবং fief-এর যৌথ প্রক্রিয়ার দ্বারা সৃষ্ট একটি রাজনৈতিক এবং সামরিক ব্যবস্থা, যার দ্বারা কোনো সামন্ত তাঁর সামন্তপ্রভুর দেওয়া জমির স্বত্ত্বের বিনিময়ে যুদ্ধে যেতে অঙ্গীকারবদ্ধ থাকতেন। এই ব্যবস্থা ক্যারোলিঞ্জীয় সাম্রাজ্যের বিভিন্ন অঞ্চলে নবম থেকে দ্বাদশ শতকের মধ্যে দেখা গিয়েছিল।

মার্ক ব্লক স্বীকার করেন যে প্রকৃত সামন্ততন্ত্র ছাড়াও একটি বৃহত্তর রাজনৈতিক তথা সমাজব্যবস্থা ছিল যার উৎস সামন্ততন্ত্রের কাঠামোর সঙ্গে যুক্ত ছিল যা সাধারণত সামন্ততন্ত্র বলে গণ্য হয়। এই বৃহত্তর রাজনৈতিক সমাজব্যবস্থার অন্যতম অঙ্গ ছিল 'Manorialism'। উৎপাদন ব্যবস্থাকে অব্যাহত রাখার জন্য তৃণমূল স্তরে লর্ড বা অধীনস্ত, দায়বদ্ধ কৃষক-প্রজার সমাজের ওপর ভিত্তি করে প্রাচীনতর এবং দীর্ঘায়ু প্রতিষ্ঠান ম্যানর সামন্ততন্ত্রের কাঠামোর মধ্যেই অনুপ্রবিষ্ট হয়ে গিয়েছিল। 'Manorialism' ব্যবস্থায় ভূম্যধিকারী তাঁর Manor বা মৌজার অন্তর্গত সমস্ত ভূমিদান কৃষক এর ওপর নানা অর্থ-সংক্রান্ত, বিচার-সংক্রান্ত এবং শাসনসংক্রান্ত অধিকার ভোগ করতেন, বিনিময়ে ভূমিদাস পেত বহিঃশত্রুর হাত থেকে নিরাপত্তা এবং ম্যানরের অন্তর্গত জমিতে বসবাস এবং জীবনধারণের অধিকার। ভূমিদাস তাঁর ভূম্যধিকারীর প্রতি আনুগত্যের বিনিময়ে নিরাপত্তার আশ্বাস পেত এবং অর্থনৈতিক পরিষেবার (ভূম্যধিকারীর হয়ে কৃষি এবং শিল্প দ্রব্য উৎপাদন) দ্বারা নিরাপত্তা বিধানের কাজে সাহায্য করত। এই কারণে 'Manorialism'-কে সামন্ততন্ত্রের অঙ্গ বলে অনেকে মনে করেন। মার্ক ব্লক মনে করেন যে 'Manorialism' ছিল সামন্ততন্ত্রের অর্থনৈতিক ভিত্তি কারণ ভূম্যধিকারীর জন্য কর্মরত ভূমিদাস না থাকলে সামন্ততন্ত্রের পক্ষে টিকে থাকা অসম্ভব হত, কারণ যে অশ্বারোহী যোদ্ধা (নাইট) সামন্ত হিসাবে যুদ্ধে যেতেন, সেই ভূম্যধিকারী যোদ্ধার যুদ্ধে যাবার সরঞ্জাম যোগান দিত তার ম্যানর বা মৌজায় কর্মরত ভূমিদাসরা। তাই মার্ক ব্লকের মতে মধ্যযুগীয় ইউরোপের সমাজ হল সামন্ত সামজ এবং এই সামন্ত সমাজ হল বাস্তবিকপক্ষে সামন্ততন্ত্র এবং 'Manorialism'-এর যোগফল।

মার্ক ব্লকের বিচারে ম্যানর ছিল প্রধানত 'এস্টেট'—যার মধ্যে বাস করত লর্ডের কর্তৃত্বাধীন প্রজারা (ভূমিদাস) এবং তাদের দ্বারা উৎপাদিত খাদ্যশস্যের বেশিরভাগ অংশীদার হওয়াই ছিল লর্ডের কর্তৃত্ব প্রয়োগের প্রধান লক্ষ্য। ভূমিদাসদের ওপর ভূস্বামী বা লর্ডের অধিকারের মাত্রা ও ব্যাপকতার দিক থেকে বিচার করলে ম্যানরের অন্তর্ভুক্ত গ্রাম বা গ্রামগুলিকে সামন্ততান্ত্রিক শাসনব্যবস্থার আঞ্চলিক বিভাগ বা ইউনিট হিসেবে গণ্য করা যেতে পারে। আকারে বিশাল, স্বনির্ভর এই ম্যানরগুলি পশ্চিম ইউরোপের সর্বত্র এবং একই সময়ে গড়ে ওঠেনি। ম্যানর ছিল লর্ডের ভূসম্পত্তি। এর সীমানার মধ্যে লর্ডের বাসগৃহ, কাছারিবাড়ি বা দুর্গই শুধু থাকত না, তার মধ্যে থাকত কিছু খাসজমি এবং অবশিষ্ট জমি অধীনস্থ কৃষকদের মধ্যে ভাগ করে দেওয়া হত। অধীনস্ত কৃষকদের এই খাসজমিতে বেগার খাটতে হত। কৃষকরা ছিল উৎপাদনের মাধ্যম মাত্র এবং খেত খামারের সঙ্গে নির্দিষ্ট সামাজিক সম্পর্কসূত্রে তারা আবদ্ধ ছিল। জীবন ও সম্পত্তি রক্ষার বিনিময়ে কৃষকের ব্যক্তি-স্বাধীনতা এবং খেত খামার চলে গিয়েছিল লর্ডের হাতে (Feudalism from below)। ম্যানরের জমি পরিণত হয় লর্ডের ব্যক্তিগত সম্পত্তিতে এবং লর্ড তাঁর বহু ধরনের আইনানুগ ক্ষমতা প্রয়োগ করে দায়বদ্ধ, ব্যক্তিগত স্বাধীনতা হারানো, প্রাণ ধারণের জন্য সর্বতোভাবে

ভূস্বামীর ওপর নির্ভরশীল সার্ফের দণ্ডমুণ্ডের কর্তায় পরিণত হন। অধীনস্ত ভূমিদাসদের ওপর ম্যানর-লর্ডের এই কর্তৃত্ব ক্রমশ অর্থনৈতিক শোষণ এবং সমস্ত ধরনের শাসন ও বিচার সম্পর্কিত ক্ষমতা প্রয়োগের রূপ নেয়। এই ক্ষমতা প্রয়োগ করা হত কোনো লিখিত বা আলোচনা-নির্ভর শর্তসাপেক্ষে নয়, বাস্তবায়িত হতো ম্যানরের নিজস্ব রীতিনীতি এবং ম্যানর-লর্ডের নিজস্ব ব্যাখ্যা অনুযায়ী। যে সমস্ত অধিকার মানুষ সহজাত বা জন্মগত বলে মনে করে যেমন — বিবাহ করা, পুত্র কন্যার বিবাহ দেওয়া, জীবিকার পরিবর্তন বা স্থানান্তরে বসতি স্থাপন—এ সবই ছিল ভূমিদাসদের আয়ত্তের বাইরে। কোনো অবস্থাতেই ভূমিদাসদের পক্ষে রাজকীয় বিচারালয়ে শরণাপন্ন হওয়া ছিল অবৈধ। প্রভু নিজে মুক্তি না দিলে সে আজীবন ভূমিদাস থেকে যেত, তার সন্তান সন্ততিও তাই। লর্ডের নিকট সে ছিল অস্থাবর সম্পত্তি। তবে সামন্ততান্ত্রিক বিধানে ভূমিদাসরা ব্যক্তি হিসেবে স্বীকৃতি পেয়েছিল শুধুমাত্র এই বিষয়ে যে একজন ভূমিদাস অন্য ভূমিদাসদের বিরুদ্ধে ম্যানরের বিচারালয়ে শরণাপন্ন হতে পারত। জীবন ধারণের ন্যূনতম ব্যবস্থা, নিরাপত্তা ও প্রভুর জমিতে বসবাসের অধিকার নিয়ে অসংখ্য মানুষ মুষ্টিমেয় লর্ডের নিত্যসেবায় দিন অতিবাহিত করত।

গ্যানশফ সামন্ততন্ত্রের আলোচনা প্রসঙ্গে মার্ক ব্লকের মতো সামন্ত সমাজের আলোচনা করার পক্ষপাতী ছিলেন না। তাঁর মতে, সামন্তন্ত্র ছিল fief এবং vassalage-এর যৌথ প্রক্রিয়ায় সৃষ্ট এক সামরিক-রাজনৈতিক ব্যবস্থা যার শুদ্ধতম রূপ পরিলক্ষিত হয় নবম-দ্বাদশ শতকের পশ্চিম ইউরোপে। জর্জ দুবি (Georges Duby) তাঁর 'The Early Growth of the European Economy : Warriors and Peasants from the Seventh to the Twelfth Century' গ্রন্থে ডপ্‌স, ব্লক, গ্যানশফের তৈরী সামন্ততন্ত্র বিষয়ক সহমত-এর সঙ্গে একমত নয়। দুবি তাঁর পূর্বসূরীদের মতো সামন্ততন্ত্রকে অর্থনীতি বা রাজনৈতিক কাঠামোর সঙ্গে এক করে দেখতে রাজী ছিলেন না। ব্লক এবং গ্যানশফ fief এবং vassalage-কে সামন্ততন্ত্রের ভরকেন্দ্র বলে মনে করলেও দুবি তা মনে করেননি। দুবির মতে সামন্ততন্ত্র শুধুমাত্র fief-vassalage সম্বলিত কোনো সামরিক-রাজনৈতিক কাঠামো ছিল না; সামন্ততন্ত্র ছিল বাস্তবিকপক্ষে এক রাজনৈতিক-ব্যবস্থা যেখানে শাসন এবং বিচার-সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহ রাষ্ট্র নিয়ন্ত্রণাধীন হবার পরিবর্তে ব্যক্তি-নিয়ন্ত্রণাধীন হয়ে পড়েছিল। সামন্ততান্ত্রিক সমাজের অন্যতম বৈশিষ্ট্য ছিল বিভিন্ন আঞ্চলিক আইন যা এ ধরনের ব্যক্তি-নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের মাধ্যমে বলবৎ করা হোত। কেন্দ্রীয় শাসনব্যবস্থার প্রায় অনুপস্থিতির বা দুর্বলতার সুযোগে লর্ডের কর্তৃত্বের পরিধি বেড়েছিল। দুর্গকে তাঁর শক্তির আধার করে, সন্নিহিত এলাকাতেও লর্ডরা পূর্ণ রাজনৈতিক ক্ষমতা প্রতিষ্ঠিত করে চলেছিল মধ্যযুগে। অধীনস্থ মানুষের নিরাপত্তার দায়িত্ব বহন করে, তাদের আনুগত্যের ওপর নির্ভর করে প্রবল পরাক্রান্ত লর্ডরা পশ্চিম ইউরোপে যে রাজনৈতিক ব্যবস্থার পত্তন করেছিল, তার মধ্যে রাজশক্তির নিজের তাত্ত্বিক অস্তিত্বটুকু মাত্র বজায় ছিল। দশম শতকের শেষ দিকে কর আরোপের সঙ্গে সামন্তপ্রভুরা তাঁদের ম্যানর বা মৌজার সংলগ্ন অঞ্চলে শাসন ও বিচার সংক্রান্ত অধিকার প্রতিষ্ঠা করতে থাকেন। ফলে ধীরে ধীরে ক্যারোলিঞ্জীয় প্রশাসনিক কাঠামো অপ্রাসঙ্গিক হয়ে পড়ে। দুবির মতে, কেন্দ্রীয় শাসনব্যবস্থার সংকট এবং সামন্তপ্রভুর পূর্ণ রাজনৈতিক ক্ষমতা অধিকারই ছিল সামন্ততন্ত্রের প্রকৃত চরিত্র।

১৫.৪ : সামন্ততন্ত্রের স্বরূপ এবং আঞ্চলিক বৈশিষ্ট্য

সামন্ততন্ত্রের সংজ্ঞা এবং পত্তন নিয়ে ঐতিহাসিকদের মধ্যে বিতর্ক থাকলেও অধিকাংশ ঐতিহাসিক এ বিষয়ে একমত যে ইউরোপের সর্বত্র সামন্ততন্ত্রের কোনো প্রকৃতিগত সাদৃশ্য নেই। খ্রিস্টীয় দশম শতকের মধ্যে পশ্চিম

ইউরোপের সর্বত্র সামন্ততন্ত্র প্রতিষ্ঠিত হলেও বিভিন্ন এলাকার ভৌগলিক বৈশিষ্ট্য, প্রথা—প্রতিষ্ঠান এবং ঐতিহ্যগত পার্থক্য তার মধ্যে স্পষ্ট হয়ে ওঠে। মার্ক ব্লক মনে করেন যে পশ্চিম ইউরোপের সর্বত্র সামন্ততান্ত্রিক সমাজের পরিচয় পাওয়া গেলেও, খণ্ডীকৃত ক্যারোলিঞ্জীয় সাম্রাজ্যে (অর্থাৎ বর্তমান ফ্রান্স, ইতালি, পশ্চিম জার্মানি এবং মধ্য ও পশ্চিম ইউরোপ) একটা আর্থ-সামাজিক প্রতিষ্ঠান হিসাবে সামন্ততন্ত্র তার সমস্ত বৈশিষ্ট্য নিয়ে বিকশিত হয়েছিল। একাদশ শতকে নর্মান শক্তির ইংল্যান্ড বিজয়ের পর ইংল্যান্ডেও সামন্ততন্ত্র লক্ষ্য করা যায়। এই অঞ্চলগুলি ছাড়া মধ্যযুগীয় ইউরোপে সামন্ততান্ত্রিক সমাজের অন্য কিছু কাঠামো দেখা গেলেও প্রকৃত সামন্ততন্ত্র কোথাও ছিল না। এঙ্গেলস মার্ক্সকে লেখা একটি চিঠিতে সার্ফ প্রথাকে একান্তভাবে মধ্যযুগীয় বলে উল্লেখ করেন নি। তিনি এও জানান যে পশ্চিম ইউরোপের সর্বত্র সার্ফদের সমানভাবে শোষিত একটি শ্রেণী হিসাবে গণ্য করা যায় না। ফ্রান্সের মতো ইতালি বা জার্মানিতে ফিফ বা ভ্যাসালেজ প্রথা গ্রামীণ অর্থনীতির সর্বপ্রধান বৈশিষ্ট্যে পরিণত হয় নি। ইতালিতে পরপর বৈদেশিক আক্রমণের ফলে সামন্ততান্ত্রিক ব্যবস্থা দৃঢ়মূল হতে পারে নি। মার্ক ব্লক মনে করেন, সামন্ততান্ত্রিক ব্যবস্থার মধ্যে জাগতিক-জীবনের বহুবিচিত্র প্যাটার্ন, চিন্তাভাবনা, পরম্পরাগত সংস্কার, সামাজিক সম্পর্কের মধ্যে নানা ধরনের নির্ভরতার স্তর, দায়িত্ব ও ক্ষমতা সামন্ততন্ত্রের মধ্যে বহুমাত্রিকতার সঞ্চার করেছিল।

বাস্তবিকপক্ষে, পশ্চিম ইউরোপের যে অঞ্চল একদা ফ্রাঙ্ক সাম্রাজ্যভুক্ত ছিল, সেই সাম্রাজ্যের অবক্ষয় এবং বিভাজনের ফলে সৃষ্ট অরাজকতার মধ্যেই সামন্ততন্ত্র এবং ভূমিদান প্রথা তাদের পরিচিত বৈশিষ্ট্য নিয়ে সুপ্রতিষ্ঠিত হয়। এই অঞ্চলেই পরাক্রান্ত ডিউক বা লর্ডদের অসংখ্য বিধি বিধান ও অর্থনৈতিক শোষণের চেহারা প্রকট হয়ে ওঠে। যে সমস্ত অঞ্চলে কেন্দ্রীয় শক্তি তার অস্তিত্ব কিছুটা বজায় রাখতে বা পুনরুজ্জীবিত করতে সক্ষম হয়েছিল, সেখানকার কৃষিজীবী মাত্রেই ভূমিদাসে পরিণত হয় নি। ফ্রান্সে সামন্ততান্ত্রিক সমাজের উত্থান হয় ক্যারোলিঞ্জীয় শাসনব্যবস্থা ভেঙে পড়ার ফলে নবম-দশম শতকে। ৮৪৩ খ্রিস্টাব্দে ক্যারোলিঞ্জীয় সাম্রাজ্য বিভাজনের সময় বর্তমান ফ্রান্সের সীমানা সংলগ্ন যে রাজ্যের সৃষ্টি হয় তার শাসক ছিলেন শার্লেমানের পৌত্র চার্লস দ্য বল্ড (Charles the Bald)। চার্লস এবং তার উত্তরাধিকারীদের শাসনকালে আরব এবং ভাইকিং আক্রমণের ফলে রাষ্ট্রাধীন প্রতিরক্ষা ব্যবস্থা ভেঙে পড়লে উঁচু জমিতে অবস্থিত দুর্গকে ঘিরে বিকল্প প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে ওঠে। দুর্গের শাসকেরা পার্শ্ববর্তী এলাকাগুলিতে নিরাপত্তা যোগাতে চেষ্টা করলে সামন্ততন্ত্রের পত্তন হয়। ফ্রান্সে নামমাত্র রাজশক্তি বর্তমান থাকলেও প্রকৃতপক্ষে সামরিক কারণে বিভক্ত ডাচি-তে আঞ্চলিক সামরিক নেতারা যথাক্রমে ডিউক বা মারগ্রেভ হিসেবে কার্যত সমস্ত শাসনভার করায়ত্ত করেন। রাষ্ট্রাধীন শাসনযন্ত্র অবান্তর হয়ে পড়ে।

ফ্রান্সের মতো ইতালি বা জার্মানিতে ফিফ বা ভ্যাসালেজ প্রথা গ্রামীণ অর্থনীতির সর্বপ্রধান বৈশিষ্ট্যে পরিণত হয় নি। ইতালিতে বারংবার বৈদেশিক আক্রমণ সামন্ততান্ত্রিক ব্যবস্থাকে সুদৃঢ় হতে দেয়নি। দশম শতাব্দী থেকে নিরবচ্ছিন্নভাবে বিদেশী শক্তির উপস্থিতি ইতালির সামন্তীকরণ প্রক্রিয়াকে বারবার ব্যাহত করেছিল। নগরজীবন তথা বাণিজ্যের আপেক্ষিক গুরুত্ব ইতালিতে অনেক বেশি থাকায় ইতালির সামন্ত সমাজ কোনো সময়েই ফ্রান্স বা জার্মানীর মতো তীব্রতা লাভ করেনি।

জার্মানিতে সার্ফ প্রথা তথা সামন্ততান্ত্রিক সমাজে আঞ্চলিক পার্থক্য ছিল। সোয়াবিয়া, ফ্রাঙ্কোনিয়া এবং রাইন নদীর বাম তীরে গড়ে ওঠা ম্যানর ব্যবস্থা শুধু পুরোনো ছিল না, সেখানকার সার্ফদের জীবনে নানাবিধ বাধ্যবাধকতা ছিল। স্যাক্সনিতে বহু স্বাধীন কৃষিজীবীদের অস্তিত্ব সম্পর্কে জানা যায়, ফ্রিজিয়ায় ম্যানর প্রথার মাধ্যমে কৃষি উৎপাদন

পরিচালিত না হওয়ায় সার্ফ প্রথা আদৌ গড়ে ওঠেনি। মার্ক ব্লকের আলোচনা থেকে একথা স্পষ্ট হয় যে ক্রমবর্ধমান রাজনৈতিক অনিশ্চয়তার প্রেক্ষাপটে সাধারণভাবে জার্মান কৃষকদেরও স্বেচ্ছায় সামন্তপ্রভুর আনুগত্য স্বীকার, শ্যাভাজ, ফরমারেজ জাতীয় সামন্ততান্ত্রিক করের প্রবর্তন, বংশানুক্রমিক ভূমিস্বত্বকে দায়বদ্ধ ভূমিস্বত্বে পরিণত করার ঘটনা লক্ষ্যণীয়ভাবে বৃদ্ধি পায়। তবে ফ্রান্সের সামন্ততান্ত্রিক সমাজের মতো জার্মানীর সার্ফরা একই ধরনের আইন কানুনের আওতায় আসেনি। এই পার্থক্যের ফলে বিভিন্ন ম্যানরে বিভিন্ন গোষ্ঠীর সার্ফদের অস্তিত্ব ছিল। শ্যাভাজ নামক করটি এই পার্থক্য তুলে ধরে। অতি দরিদ্র কৃষকরা এই করদান থেকে রেহাই পেত, আর যারা এই কর প্রদান করত তারা এই কর প্রদানকে অসম্মানজনক বলে মনে করত না, কারণ তা ছিল আশ্রয়দান ও রক্ষণাবেক্ষণের প্রতীক।

ইংল্যান্ডে সামন্ততন্ত্রের আবির্ভাব ঘটে ১০৬৬ খ্রিষ্টাব্দে হেস্টিংসের যুদ্ধের দ্বারা নর্মান শাসন প্রতিষ্ঠার মাধ্যমে। নর্মানরা ফ্রান্সের সামন্ততান্ত্রিক কাঠামো ইংল্যান্ডে নিয়ে গিয়ে ইংল্যান্ডের শাসনযন্ত্র হিসাবে তার প্রতিষ্ঠা করে। নর্মান বিজয় এক দিকে যেমন ম্যানর প্রথাকে শক্তিশালী করে তোলে, অন্যদিকে তেমনি রাজকর্তৃত্বকেও সুদৃঢ় করে। রাজশক্তি, সামন্তপ্রভু এবং সামন্তের পারস্পরিক সম্পর্ক খুব সহজ ছিল না। মধ্যযুগে ইংল্যান্ডের ইতিহাস রাজশক্তি এবং সামন্তশক্তির মধ্যে নিরন্তর সংগ্রামের ইতিহাসে পণিত হয়।

ব্রিটিশ মার্কসীয় ইতিহাসবিদ রবার্ট ব্রেনার মনে করেন যে মধ্যযুগের ইউরোপে বিভিন্ন অঞ্চলে সামন্ততান্ত্রিক সমাজের বৈসাদৃশ্যের মাত্রা নির্ভরশীল ছিল জনসংখ্যা বৃদ্ধি, পণ্যমূল্যের উর্ধ্বগতি এবং কৃষিজাত পণ্যমূল্যের ওঠানামা ইত্যাদির কারণে। এছাড়া সার্ফ প্রথা চুক্তিভিত্তিক না হওয়ায় কৃষিজীবীদের ওপর ভূম্যধিকারীর শোষণ বা তার স্বেচ্ছাচার, অঞ্চল ভেদে পৃথক হওয়াই ছিল স্বাভাবিক। ব্রেনার বিভিন্ন সময়ে বিভিন্ন অঞ্চলে জনসংখ্যাগত বৈচিত্র্যের উপর গুরুত্ব দিয়েছেন। জনসংখ্যা বৃদ্ধির ফলে দেখা দিত সামন্ততান্ত্রিক কর বৃদ্ধি এবং সামন্ত শোষণের হ্রাসবৃদ্ধি। এই পরিস্থিতি লক্ষ্য করা গিয়েছিল দ্বাদশ শতকের শেষের দিকে ফ্রান্সে, বিশেষত পারীর উত্তর এবং পূর্বাঞ্চলে, বার্গান্ডি, ভার্য্যমানদয়, লায়োনেইসে। একইভাবে পূর্ব ইউরোপে পমেরানিয়া, ব্রাডেনবার্গ, পূর্ব প্রাশিয়া এবং পোলান্ডে জনসংখ্যা বৃদ্ধি না হওয়ায় ভূস্বামীরা কৃষিজীবীদের ওপর বাড়তি কর আরোপ করতে পারেনি। আবার, পূর্ব ইউরোপের বাল্টিক অঞ্চল থেকে পশ্চিম ইউরোপে খাদ্যশস্য রপ্তানির সুযোগ পূর্বাঞ্চলীয় লর্ডদের ক্ষমতা বৃদ্ধি করেছিল। জার্মানীর উত্তর-পশ্চিমাঞ্চলের কৃষিজীবীরা উৎপাদিত খাদ্যশস্যের ওপর কিছুটা নিয়ন্ত্রণ বজায় রাখতে সক্ষম হওয়ায় উত্তর-পূর্বাঞ্চলীয় এলাকার কৃষকদের তুলনায় ভূমিদাসপ্রথার সম্প্রসারণ রোধে সক্ষম হয়।

১৬.৫ : উপসংহার

মধ্যযুগীয় ইউরোপে, বিশেষত ক্যারোলিঞ্জীয় সাম্রাজ্যের অবক্ষয়ের প্রেক্ষাপটে সাধারণ মানুষের জীবন ও সম্পত্তি, বিশেষত উৎপাদন ব্যবস্থা সচল রাখার প্রয়োজনে ভূমি-নির্ভর অভিজাত সাম্রাজ্য ও রাষ্ট্রের পরিবর্তে এক ধরনের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থা—সামন্ততন্ত্র গড়ে উঠে। নবম-দশম শতকের নৈরাজ্যের মধ্যে পশ্চিম ইউরোপের প্রায় সর্বত্র অসহায়, দুর্বল মানুষ নিরাপত্তালাভের জন্য প্রতিবেশী কোনো ক্ষমতাশালী ব্যক্তির নিকট আত্মসমর্পণ করে। লর্ডরা শরণাগত, অধীনস্ত কৃষিজীবীদের জীবিকা নির্বাহের জন্য যে ভূমিখণ্ড দিতেন, তা পরিচিত হয় 'fief' নামে। ব্যক্তিগত স্বাধীনতা হারিয়ে উর্ধ্বতন প্রভুর আনুগত্য স্বীকারে বাধ্য হয়ে কৃষক পরিণত হয় ভূমিদাসে। ভূমিদাস কার্যত প্রভুর সম্পত্তিতে পরিণত হয়, শোষিত হওয়াই ছিল তার ভাগ্যলিপি। দশম থেকে দ্বাদশ

শতক পর্যন্ত কালসীমার মধ্যে ইউরোপের বিস্তীর্ণ অঞ্চলে সামন্ততন্ত্রকে বিকশিত রূপে দেখা যায়। সামন্ততন্ত্রের উদ্ভবের কারণ, এর সময়কাল, সামন্ততন্ত্রের স্বরূপ এবং এর আঞ্চলিক বৈচিত্র নিয়ে ঐতিহাসিকরা বিভিন্নভাবে তাদের মত প্রকাশ করেছেন।

১৬.৬ : অনুশীলনী

১। মধ্যযুগীয় ইউরোপে সামন্ততন্ত্রের উদ্ভবের প্রেক্ষাপট আলোচনা করুন। এই প্রসঙ্গে আঁরি পিরেন (Henry Pirenne)-এর মত আলোচনা করুন।

২। মধ্যযুগীয় ইউরোপে সামন্ততন্ত্রের উদ্ভব বিষয়ে ঐতিহাসিকদের বিতর্কের উপর টীকা লিখুন।

৩। মধ্যযুগীয় ইউরোপে সামন্ততন্ত্রের স্বরূপ এবং আঞ্চলিক বৈশিষ্ট্য আলোচনা করুন।

৪। টীকা লিখুন

(ক) ম্যানর (খ) নীচ থেকে সামন্ততন্ত্র (গ) ফিক্ এবং ভ্যাসালেজ।

১৬.৭ : গ্রন্থপঞ্জী

১। Bloch Marc—*The Feudal Society,* New York, 1983.

২। Duby George—*France in the Middle Ages 987-1460,* London, 1983.

৩। Pirenne Henri—*Economic and Social History of Medieval Europe,* New York, 1936.

৪। নির্মল চন্দ্র দত্ত, *মধ্যযুগ থেকে ইউরোপের আধুনিকতায় উত্তরণ,* কলকাতা, ২০১৮।

৫। ভাস্কর চক্রবর্তী, সুভাষরঞ্জন চক্রবর্তী এবং কিংশুক চট্টোপাধ্যায়, ইউরোপে *যুগান্তর,* কলকাতা, ২০১২।

পর্যায় - ৫

একক - ১৬ ◻ উৎপাদন ব্যবস্থা, নগরের পত্তন এবং ব্যবসা বাণিজ্য

গঠন

১৬.০ : উদ্দেশ্য

১৬.১ : ভূমিকা

১৬.২ : উৎপাদন ব্যবস্থা : কৃষি উৎপাদন

১৬.৩ : শিল্প উৎপাদন : বস্ত্রবয়ন

১৬.৪ : ধাতুশিল্প ও খনিজ সম্পদ

১৬.৫ : নগরের পত্তন : কারণ

১৬.৬ : নগরের স্বরূপ

১৬.৭ : সভ্যতা ও সংস্কৃতির প্রসারে নগরগুলির অবদান

১৬.৮ : ব্যবসা-বাণিজ্য

১৬.৯ : প্রযুক্তিগত উন্নয়ন: চতুর্দশ শতক

১৬.১০ : অনুশীলনী

১৬.১১ : গ্রন্থপঞ্জী

১৬.০ উদ্দেশ্য

- আলোচ্য এককের প্রথম উদ্দেশ্য হল মধ্যযুগীয় ইউরোপের (একাদশ - চতুর্দশ) অর্থনৈতিক উন্নতিতে কৃষি ও শিল্পের অবদান সম্পর্কে শিক্ষার্থীদের অবগত করা।
- মধ্যযুগীয় ইউরোপের নগর গড়ে ওঠার কারন ও নগরগুলির স্বরূপ উদঘাটন এই এককের অপর উদ্দেশ্য।
- সমসাময়িক সভত্যা ও সংস্কৃতি প্রসারে নগরগুলির কি ইতিবাচক ভূমিকা পালন করেছিল তা পর্য্যালোচনা করা উক্ত এককের অন্যতম উদ্দেশ্য।
- শিক্ষার্থীরা মধ্যযুগীয় ইউরোপের অর্থনৈতিক বিকাশে ইতালীয় বান্যিজ্য কিভাবে প্রভাবিত করেছিল তা জানতে পারবে।
- চতুর্দশ শতকে ইউরোপের প্রযুক্তি বিদ্যার অগ্রগতির দিকটি পর্য্যালোচনা করা ও হল এই এককের শেষ উদ্দেশ্য।

১৬.১ : ভূমিকা

মধ্যযুগে ইউরোপের অর্থনীতি ছিল কৃষিভিত্তিক। দ্বাদশ থেকে ত্রয়োদশ শতকে জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে কৃষিক্ষেত্রে ব্যাপক পরিবর্তন লক্ষ্য করা যায়। তবে ত্রয়োদশ শতকের শেষ ভাগে ইউরোপের আবহাওয়ার কিছু পরিবর্তনের ফলে কৃষি অর্থনীতি সংকটের মুখে পড়ে। চতুর্দশ শতকের গোড়ায় এই সংকট উত্তর-পশ্চিম ইউরোপে প্রায় দুর্ভিক্ষের চেহারা নেয়। ত্রয়োদশ শতক থেকে বস্ত্র শিল্পের ক্ষেত্রে প্রভূত উন্নতি লক্ষ্য করা গেলেও চতুর্দশ শতকের মধ্যেই ধাতুশিল্পে বড়ো রকমের সংকট দেখা দেয়। তবে এই সংকট স্থায়ী হয় নি। প্রাথমিক অসুবিধাগুলি কাটিয়ে ওঠার পর ইউরোপে ধাতুশিল্পের প্রসার ঘটে।

নবম শতকের অস্থিরতা ও অনিশ্চয়তার পর একাদশ শতক থেকে নরগুলির উৎপত্তির সূচনা হয় এবং বেশ কয়েক শতাব্দী ধরে এই নগরগুলির বলিষ্ঠ প্রাণোচ্ছল অস্তিত্ব ইউরোপের সমাজকে নানাভাবে নিয়ন্ত্রিত করেছিল। নানা কারণে এই নগরগুলির উৎপত্তি হয়েছে। মধ্যযুগের প্রায় সব নগরই সুরক্ষিত হলেও অধিকাংশ নগরের স্বাস্থ্য ব্যবস্থা, জল সরবরাহের বন্দোবস্ত ছিল ত্রুটিপূর্ণ। দ্বাদশ ও ত্রয়োদশ শতকে অনেক ঐশ্বর্যময়ী নগরী ইউরোপের জীবন বর্ণবহুল করে তুললেও এগুলির অনেকের স্থায়িত্বকাল ছিল অল্প। তবে সভ্যতা ও সংস্কৃতির প্রসারে নগরগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। তবে অপরাধের প্রাচুর্য ও দারিদ্র্য ছিল নগরজীবনের অঙ্গ। নগর কর্তৃপক্ষ এই সমস্যা দূরীভূত করতে সক্ষম হয় নি। অসন্তোষ, বিক্ষোভ থেকে সৃষ্ট দাঙ্গা হাঙ্গামা প্রায়ই নাগরিক জীবনের ছন্দ নষ্ট করে দিত।

দশম শতাব্দীর মধ্যে ইউরোপে বিশেষত ইতালিতে বাণিজ্যের প্রসারের সঙ্গে শিল্পোৎপাদন, ব্যবসার সাংগঠনিক দিকের অভাবনীয় উন্নতি উল্লেখযোগ্য হয়ে ওঠে। বাণিজ্যের কেন্দ্র হিসাবে ভেনিসের শ্রেষ্ঠত্ব ছিল অবিসংবাদিত। মধ্যযুগের ইউরোপের অর্থনৈতিক ইতিহাসে ইতালির এই বাণিজ্যিক সাফল্যকে একটি অর্থনৈতিক বিপ্লব বলে চিহ্নিত করা হয়। দ্বাদশ শতকে ইতালিতে ব্যাঙ্কিং এবং হিসাব রক্ষণ পদ্ধতির উদ্ভাবন ঘটে। ইতালি ছাড়া ইউরোপীয় বাণিজ্যে জার্মানদের সক্রিয় ভূমিকা ছিল। পঞ্চদশ শতকে ইউরোপে নবজাগরণের আবির্ভাব ঘটে। নবজাগরণের পটভূমি হিসেবে ইউরোপে সমাজ, রাজনীতি, অর্থনীতির সঙ্গে দৃষ্টিভঙ্গী ও চিন্তায় পরিবর্তনের সূচনা হয়। বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে পরিবর্তনের আভাস পাওয়া যায়। চতুর্দশ শতকেই মুদ্রণ বিপ্লব এবং সমর বিপ্লবের সূচনা লক্ষ্য করা যায়।

বর্তমান এককে মধ্যযুগের ইউরোপের অর্থনৈতিক উন্নয়ন সংক্রান্ত আলোচনায় কৃষি অর্থনীতি, শিল্পোৎপাদন, নগরের উত্থান, নগরের স্বরূপ এবং সভ্যতা সংস্কৃতির প্রসারে নগরগুলির অবদান এবং ব্যবসা বাণিজ্যের প্রসারে নগরগুলির ভূমিকা আলোচিত হবে।

১৬.২ : উৎপাদন ব্যবস্থা : কৃষি উৎপাদন

মধ্যযুগে ইউরোপের অর্থনীতি ছিল প্রধানত কৃষিভিত্তিক। ১১০০-১৩০০ খ্রিস্টাব্দের মধ্যে প্রায় ইউরোপীয় জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পায় এবং এই বাড়তি জনসংখ্যার খাদ্য যোগান দেওয়ার প্রয়োজনে এই দুই শতাব্দীতে কৃষিক্ষেত্রে ব্যাপক পরিবর্তন লক্ষ্য করা যায়। স্পেনে কাতালুনিয়া এবং আন্দালুসিয়া, ইতালিতে পাদুয়া এবং বোলোনিয়া, ইংল্যান্ডে কেন্ট, এলবা নদীর পূর্ব দিকে বিস্তীর্ণ অঞ্চল জুড়ে অনাবাদী জমিকে আবাদী জমিতে পরিণত করার প্রক্রিয়া শুরু হয়। রাইন নদী সন্নিহিত অঞ্চলে হপ, লম্বার্ডিতে ধান এবং ফ্রান্সের বরদো, শম্পান অঞ্চলে আঙুর উৎপাদিত হলেও খাদ্যশস্যের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ ফসল ছিল গম। গমের চাষ ইউরোপের প্রায় সর্বত্র লক্ষ্য করা গিয়েছিল। তবে একই জমিতে

পর পর দুটি মরসুমে গম চাষ করা হোত না কারণ এতে জমি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা ছিল। তাই একটি জমিতে এক মরসুমে গম চাষ করা হলে পরের মরসুমে সেই জমি হয় পতিত রাখতে হত, না হলে জই (oat), রাই (rye) বা যব চাষ করা হোত। উত্তর ইউরোপে রাই এবং জই-এর চাষ বেশি হতো এবং দক্ষিণ ইউরোপে চাষ হোত যব। গবাদি পশুর খাদ্যের যোগান দেওয়ার জন্য যেহেতু রাই, যব বা জই-এর প্রয়োজন ছিল, তাই জমি পতিত রাখার প্রয়োজন হোত না। এর ফলে জমির উর্বরতা ক্রমশ হ্রাস পেতে থাকে। একদিকে অনাবাদী এলাকাকে যেমন কৃষি জমিতে পরিণত করার চেষ্টা হয়েছিল তেমনি জমি পতিত না রাখার কারণে উর্বর জমি অনুর্বর জমিতে পরিণত হয়েছিল। ত্রয়োদশ শতকের শেষ দিকে অনুর্বর জমির পরিমাণ বৃদ্ধি পেতে থাকে।

ত্রয়োদশ শতকের শেষভাগে ইউরোপের আবহাওয়াতে কিছু উল্লেখযোগ্য পরিবর্তনের ফলে কৃষি অর্থনীতি প্রভাবিত হয়। ১০০০-১২৫০ খ্রিস্টাব্দে ইউরোপের আবহাওয়া ছিল কৃষিকাজের উপযোগী। ১২৫০ খ্রিস্টাব্দের পর আবহাওয়ায় পরিবর্তন আসার ফলে ফসলের উৎপাদন হ্রাস পায়। ইংলিশ চ্যানেল ফ্লান্ডার্স অঞ্চলের উপকূল ক্রমশ গ্রাস করে নেয়, উত্তর ইউরোপে তুষার প্রবণ এলাকা বৃদ্ধি পায়। আবহাওয়া ঠাণ্ডা হতে থাকায় গমের পরাগ অপেক্ষাকৃতভাবে কম ছড়ানোর ফলে বুনোজমির পরিমাণ বৃদ্ধি পায় এবং আবাদী জমির পরিমাণ হ্রাস পায়।

জমির উৎপাদনশীলতার হ্রাস পাওয়ার ফল হিসাবে ১২৯০-এর দশক থেকে খাদ্যে অনটন এবং মূল্যবৃদ্ধি লক্ষ্য করা যায়। উৎপাদনের পরিমাণে হ্রাস পাওয়ার ঘটনা সর্বত্র একইভাবে না ঘটলেও চতুর্দশ শতকের গোড়াতেই পশ্চিম ইউরোপে এই প্রবণতা বৃদ্ধি পেতে থাকে। ১৩০৫ খ্রিস্টাব্দে ফ্রান্সের উত্তর-মধ্য অঞ্চলে, জার্মানিতে ১৩০৯ এবং ১৩১১ খ্রিস্টাব্দে উৎপাদন হ্রাসের কারণে যে অভাব লক্ষ্য করা যায় তাতে দুর্ভিক্ষের আশঙ্কা প্রবল হয়। ১৩১১ খ্রিস্টাব্দে পরপর কয়েকটি মরসুমে ফসল ক্ষতিগ্রস্ত হওয়ার কারণে ইউরোপের বিস্তীর্ণ অঞ্চলের কৃষিজীবীরা চাষের জন্য মজুত রাখা বীজও খেতে বাধ্য হয় জীবনধারণের প্রয়োজনে। তাই পরের মরসুমে চাষের জন্য প্রয়োজনীয় বীজের পরিমাণ কমে যায়, জমি অনাবাদী থেকে যায়। এই পরিস্থিতিতে পরপর কয়েক বছর খাদ্যসংকট ভয়াবহ আকার ধারণ করে। ১৩১৫ খ্রিস্টাব্দে এই সংকট সমগ্র উত্তর-পশ্চিম ইউরোপে প্রায় দুর্ভিক্ষের চেহারা নেয়। খাদ্য শস্যের মূল্য প্রায় চারগুণ বৃদ্ধি পায়। ১৩১৬ খ্রিস্টাব্দে বর্ধিত মূল্যের পরিমাণ হয় প্রায় আট গুণ। আঞ্চলিক খাদ্যসংকট ইউরোপে চতুর্দশ শতকে প্রায় প্রতিদিনের ঘটনা হয়ে দাঁড়িয়েছিল। ১৩৩২-৩৩ খ্রিস্টাব্দে স্পেনে, ১৩৪০ খ্রিস্টাব্দে প্রভঁসে, ১৩৪৮ খ্রিস্টাব্দে লিয়ঁ-তে খাদ্যসংকট ব্যাপক আকার ধারণ করেছিল।

১৬.৩ শিল্প উৎপাদন : বস্ত্রবয়ন

শিল্পোৎপাদনে অগ্রণী প্রায় প্রতিটি দেশেই বস্ত্রবয়ন শিল্প গড়ে ওঠে। ইউরোপের অধিকাংশ অঞ্চলে ঠাণ্ডা আবহাওয়ার কারণে গরম জামাকাপড়ের প্রয়োজন ছিল অপরিহার্য। বেশিরভাগ সাধারণ মানুষ গৃহে বোনা পোশাকের উপর নির্ভরশীল ছিল। সূতী এবং রেশমী পোষাক পরিচ্ছদ তৈরী হলেও তার ব্যবহার ছিল সীমাবদ্ধ, পশমী বস্ত্রের ব্যবহারই ছিল সর্বজনীন। দ্বাদশ শতকের শেষে fulling mill উদ্ভাবনের ফলে বস্ত্রবয়নে দৈহিক শ্রমের প্রয়োজনীয়তা হ্রাস পায়। পরবর্তীকালে ত্রয়োদশ শতক থেকে চরকার প্রচলন হলে বস্ত্র উৎপাদন শিল্পে প্রভূত উন্নতি ঘটে। ইউরোপে পশমবস্ত্র উৎপাদনের তিনটি কেন্দ্রের মধ্যে ফ্লাঁদর (Flanders) ছিল প্রসিদ্ধ এবং জনাকীর্ণ। ফ্লাঁদরের প্রতিটি শহরে গড়ে উঠেছিল বস্ত্র উৎপাদনের কেন্দ্র, উৎকৃষ্ট পশমী কাপড় রপ্তানী এবং খাদ্যশস্য আমদানী হয়েছিল তার প্রধান অর্থনৈতিক বৈশিষ্ট্য। একাদশ শতক থেকেই ইউরোপের সর্বত্র ফ্লাঁদরে উৎপন্ন বস্ত্রাদি গুণগত মানের উৎকৃষ্টতার জন্য সুখ্যাতি অর্জন করেছিল। পশম বস্ত্র উৎপাদনে ইতালির সুনাম হতে শুরু করে ত্রয়োদশ শতক

থেকে। ত্রয়োদশ শতকের শেষ দিক থেকে ইতালির বিভিন্ন বস্ত্র উৎপাদন কেন্দ্র বিশেষ করে ফ্লোরেন্স অতি সমৃদ্ধ হয়ে ওঠে। চতুর্দশ শতকের তৃতীয় শতকে শুধুমাত্র ফ্লোরেন্সেই প্রায় ৩০ হাজার মানুষ বস্ত্র উৎপাদন এবং ক্রয় বিক্রয়ের সঙ্গে যুক্ত ছিল। ইংল্যান্ড কিন্তু অষ্টম শতকের আগে থেকে ইউরোপের বিভিন্ন অঞ্চলে উৎকৃষ্ট মানের পশমী কাপড় রপ্তানী করত। ক্রমে ইংল্যান্ডে উৎপাদিত বস্ত্র ইউরোপের বাজারগুলি দখল করেছিল।

১৬.৪ : ধাতুশিল্প ও খনিজ সম্পদ

রোমান আমলে ইউরোপে যে সমস্ত খনিতে কাজ হোত, চতুর্থ শতাব্দী থেকে সেগুলি ক্রমশ পরিত্যক্ত হওয়ায় বিভিন্ন ধাতুর উৎপাদন ও ধাতুশিল্প প্রায় বন্ধ হয়ে যায়। তবে লোহা ছিল ব্যতিক্রম। গলদেশে, রাইনল্যান্ডে, স্যাক্সনীতে, বোহেমিয়ায়, টাস্কানী, আল্পস-এর পূর্বাঞ্চলে এবং স্পেনের খনি থেকে মধ্যযুগের শুরুতেও লোহা উত্তোলিত হোত। দ্বাদশ শতকে ভসগেস (Vosges), জুরা (Jura), বিশেষত পূর্ব-আল্পস অঞ্চলে সোনা, রুপো, সীসা, তামা ও লোহার খনির সন্ধান পাওয়ার ফলে ধাতুশিল্প উল্লেখযোগ্য হয়ে ওঠার সুযোগ লাভ করে। ১১৬৮ খ্রিস্টাব্দে স্যাক্সনীর ফ্রেইবার্গ (Freiburg)-এর খনিগুলি থেকে প্রচুর পরিমাণ রুপোর উত্তোলন শুরু হয়। চতুর্দশ শতকে সুইডেনে স্টোরাক পারবার্গ এবং ইংল্যান্ডের সমারসেট, ডারহাম, কাম্বারল্যান্ড, ফ্লিটশায়ার এবং ডার্বিশায়ারের খনি থেকে প্রচুর পরিমাণে সীসা উত্তোলিত হতে শুরু করে।

চতুর্দশ শতকের মধ্যেই ধাতুশিল্পে বড়ো রকমের সংকট দেখা দেয়। খনিগুলি অগভীরভাবে কাটার ফলে উপরের স্তরের সঞ্চিত ধাতু প্রায় নিঃশেষ হয়ে যায় এবং আরও গভীর থেকে খনিজ পদার্থ উত্তোলনের জন্য যে সমস্ত ব্যবস্থার প্রয়োজন ছিল (যেমন ভূগর্ভে দেওয়াল বা স্তম্ভ তৈরী, জল নিষ্কাশন ও আলো হাওয়ার সুবন্দোবস্ত) তার জন্য প্রয়োজন ছিল অর্থবিনিয়োগ এবং বিশেষজ্ঞের সাহায্য গ্রহণ। খনির মধ্যে হঠাৎ প্লাবন বন্ধ করার জন্য দীর্ঘ সুড়ঙ্গ প্রথমে তৈরী হয় বোহেমিয়াতে চতুর্দশ শতকে। পনের শতকে স্যাক্সনী, হারজ ও দক্ষিণ হাঙেরিয়াতে জলস্রোত ও অশ্বশক্তি চালিত যন্ত্রের সাহায্যে খনিগর্ভ থেকে জল নিষ্কাশন ব্যবস্থা সফল হয়। তবে মধ্যশতকের শেষ পর্যন্ত আকরিক ধাতুকে পরিষ্কার করা, চূর্ণ করা ইত্যাদি কাজ দৈহিক শ্রমের ওপরই নির্ভরশীল ছিল। ত্রয়োদশ শতকে টাইরলে স্রোত চালিত চাকা ও হাতুড়ির সাহায্যে ধাতু চূর্ণ করার পদ্ধতি উদ্ভাবিত হলেও সম্ভবত ইউরোপের অন্যত্র তা প্রচলিত হয় নি। তবে চতুর্দশ শতকের আগেই ব্লাস্ট ফার্নেস, বা মারুতি-চুল্লির ব্যবহার ক্যারিন্থিয়া, বোহেমিয়া, লোরেন, স্টিরিয়ার খনিগুলিতে শুরু হয়ে গিয়েছিল। প্রাথমিক অসুবিধাগুলি কাটিয়ে ওঠার পর এবং আকরিক অবস্থা থেকে ধাতুকে ব্যবহারযোগ্য করে তোলার বহু নূতন পদ্ধতি উদ্ভাবনের সঙ্গে ভুগর্ভের অভ্যন্তরে প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের পর ইউরোপে ধাতুশিল্পের প্রসার সহজ হয়।

১৬.৫ : নগরের পত্তন : কারণ

নবম শতকের অস্থিরতা ও অনিশ্চয়তার পর একাদশ শতক থেকে নগরগুলির উৎপত্তির সূচনা হয় এবং এরপর বেশ কয়েক শতাব্দী ধরে এই নগরগুলির বলিষ্ঠ প্রাণোচ্ছল অস্তিত্ব ইউরোপের সমাজকে নানাভাবে নিয়ন্ত্রিত করেছে। মধ্যযুগের নগরগুলির উৎপত্তির সর্বজনগ্রাহ্য একটি বিশ্লেষণী ব্যাখ্যা পাওয়া যায় না। এদের আয়তন, বিধিসম্মত প্রতিষ্ঠা এবং প্রভাব প্রতিপত্তি বিকাশের কাহিনীর ব্যাপারে ও একের সঙ্গে অন্যের অমিল রয়েছে। কিন্তু এ সম্পর্কে দ্বিমত নেই যে দ্বাদশ শতক থেকে নগরগুলির সংখ্যা এবং গুরুত্ব বৃদ্ধির ফলে মধ্যযুগীয় ইউরোপের ইতিহাসে এক নূতন মাত্রা সংযোজিত হয়। কয়েকটি নগরের শক্তিকে সমসাময়িক অনেক শাসক এমনকি মহামান্য

পোপও সমীহ করতেন। নগরগুলির জীবনকাহিনী স্বতন্ত্র হলেও এদের মধ্যে একটি পারিবারিক সাদৃশ্য ছিল এবং সেটি খুঁজে পাওয়া যায় চিরাচরিত রাষ্ট্রনৈতিক ব্যবস্থা থেকে এদের ভিন্নতর এক শাসনব্যবস্থার মধ্যে যার মূল কথা ছিল স্বায়ত্তশাসন এবং যা গড়ে উঠেছিল নাগরিকদের পারস্পরিক সহযোগিতার ওপর ভিত্তি করে।

ব্যবসা বাণিজ্যের অসামান্য বৃদ্ধিই ছিল অধিকাংশ নগরের উৎপত্তির মূল কারণ। হেনরী পিরেন আলোচনা করেছেন যে কৃষিভিত্তিক সমাজে উৎপন্ন দ্রব্য উৎপাদন ভূমিতে নিঃশেষ হোত। এ জন্য বিশেষ কোনো স্থানে জনসমাগম ও বসতিস্থাপন উল্লেখযোগ্য হয়ে ওঠেনি। উৎপাদনের প্রয়োজনে উৎপাদককে কৃষিজমিতে আবদ্ধ থাকতে হয়েছিল। দশম শতকের মাঝামাঝি সময় পর্যন্ত স্থায়ী এজাতীয় অর্থনৈতিক অবস্থার মধ্যে (closed domainal economy) নগরের কোনো স্থান ছিল না। কিন্তু বাণিজ্যের প্রয়োজনে বহু মানুষ একত্রিত হয়। পশ্চিম ইউরোপে দশম-একাদশ শতকে বাণিজ্যের তৎপরতা বৃদ্ধির সঙ্গে নাগরিক জীবনের আবির্ভাব অঙ্গাঙ্গীভাবে জড়িত। পশ্চিম ইউরোপে বাণিজ্যের প্রয়োজনে যে সমস্ত স্থানে বণিকের সমাবেশ ঘটেছিল, সেগুলির অধিকাংশই জনপদ রূপে আগে থেকেই গড়ে উঠেছিল। ইতালি, গল এবং স্পেনে এদের বেশির ভাগই ছিল বিশপ শাসিত অঞ্চলের নগর। নেদারল্যান্ডস, রাইনের পূর্বাঞ্চল ও দানিয়ুবের উত্তরাংশে এগুলি প্রসিদ্ধ ছিল 'বুর্গ' বা দুর্গের অধিষ্ঠান ক্ষেত্র রূপে। পিরেন বলেন যে এগুলির কোনোটিই দ্বাদশ শতকে সর্ব-পরিচিত নগরগুলির বৈশিষ্ট্যযুক্ত ছিল না, তারা ছিল সামরিক কারণে, যোগাযোগ বা পরিবেশের সুবিধার জন্য গড়ে ওঠা জনপদ মাত্র। ক্যাথিড্রাল সিটিগুলি বুর্গগুলির থেকে প্রাণবন্ত ছিল কিন্তু যে বাণিজ্যজীবী মধ্যবিত্ত সম্প্রদায়ের উপস্থিতি ও তৎপরতার ফলে দ্বাদশ শতকে জনপদগুলি 'পৌর চরিত্র' অর্জন করেছিল তার অনুপস্থিতি সেখানে বিশেষভাবে প্রকট ছিল। সুবিখ্যাত ধর্ম প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত কোনোও জনপদ স্বায়ত্তশাসনের ঐতিহ্য গড়ে তুলতে পারেনি। এদের জনসংখ্যাও সীমিত ছিল দুই-এক হাজার অধিবাসীর মধ্যে।

দ্বাদশ শতকের বিখ্যাত নগরগুলির উত্থান বা শ্রীবৃদ্ধির মূলে শুধুমাত্র বাণিজ্যিক কারণই সক্রিয় ছিল না। এই পর্বে 'শাশ্বত নগরী' রোমের বিস্ময়কর পুনরুজ্জীবনের কারণ পোপতন্ত্রের অধীন 'কিউরিয়া'-র কর্মতৎপরতা এবং অসংখ্য তীর্থযাত্রীর সেখানে অবিরাম যাওয়া আসা। লন্ডন ও পারী বাণিজ্যকেন্দ্র রূপে যতটা খ্যাতি অর্জন করেছিল, তার থেকে বেশি প্রসিদ্ধি অর্জন করেছিল শক্তিশালী ও উন্নতিশীল রাজ্যের রাজধানী রূপে। প্যালারমো এবং পারী শিক্ষা-সংস্কৃতির কেন্দ্র রূপে অসাধারণ গুরুত্ব লাভ করতে সক্ষম হয়েছিল। ওয়েল্‌সের বিকাশ হয়েছিল আক্রমণকারী ব্রিটিশ সেনাবাহিনীর মূল শিবির হিসাবে। দ্বাদশ শতকের নগরগুলি অবশ্য বাণিজ্য বিস্তারের প্রত্যক্ষ ফল হিসেবেই গড়ে উঠেছিল যদিও সেই বাণিজ্যের প্রকৃতি এবং স্থান থেকে স্থানান্তরে তার বৈচিত্রের কথা স্বরণ রেখে ইউরোপীয় নগরগুলির উৎপত্তির কারণ অনুধাবন করা প্রয়োজন।

তবে হেনরী পিরেন ১১০০ খ্রিস্টাব্দের মধ্যে ইউরোপের কৃষি-উৎপাদনের অভাবনীয় বৃদ্ধি নগর উত্থানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল, সে সম্পর্কে সম্যক সচেতনতার পরিচয় দেন নি। জন-স্ফীতি, এবং শ্রমিক সরবরাহের নিশ্চয়তা নগরগুলির উত্থানে গুরুত্বপূর্ণ ছিল। নগরগুলির বিকাশের প্রারম্ভিক পর্বে তাদের প্রায় প্রত্যেকের সঙ্গে সংলগ্ন থাকত খেত-খামার। দ্বাদশ শতকের শেষ পর্যন্ত পারীতে এই ব্যবস্থা টিঁকে ছিল। খাদ্য উৎপাদনে খুব উন্নতি হওয়ায় ঐ সময় থেকে কৃষি উৎপাদন বহির্ভূত বৃত্তি গ্রহণে আগ্রহী বহু মানুষের দায়িত্ব বহনে সক্ষম হয়েছিল ইউরোপীয় সমাজ। মুক্তিপ্রাপ্ত ভূমিদাস এবং কৃষি-খেতের অংশ থেকে বঞ্চিত বহু পরিবারের বেশ কিছু মানুষ ব্যবসা বাণিজ্যে আত্মনিয়োগ করেছিল। এদের সম্মিলিত শ্রমের ফলে যে সমস্ত নগর গড়ে উঠেছিল সেখানকার সংশ্লিষ্ট অঞ্চলের অতিরিক্ত খাদ্যশস্যের বিক্রয়ের সুনিশ্চিত বাজার গড়ে উঠতে দেরী হয় নি।

মধ্যযুগের নগরগুলির উৎপত্তি এবং বিস্তারের জন্য ক্রুশেডগুলির ভূমিকা ছিল উল্লেখযোগ্য। ক্রুশবাহী যোদ্ধারা স্থায়ীভাবে জেরুসালেম উদ্ধারে ব্যর্থ হলেও খ্রীস্টান বণিকেরা এই উপলক্ষ্যে ভেনিস, পিসা ও জেনোয়া সিরিয়ার উপকূলবর্তী বন্দরগুলির ওপর আধিপত্য স্থাপনে সক্ষম হয়। ক্রুশেডের প্রভাব আল্পস অতিক্রম করে ফরাসি জার্মান ও ফ্লেমিশ নগরগুলির বিকাশের ক্ষেত্রে কার্যকর ছিল। পেভিটে অর্টন আল্পস-উত্তর অঞ্চলকে চারটি ভাগে ভাগ করে ঐ এলাকার নগরগুলির উৎপত্তির একটা পরিচিতি দেওয়ার চেষ্টা করেছেন। এই ভাগগুলি যথাক্রমে ফ্রান্সের লাঙ্গদক-ভাষী মধ্যাঞ্চল (the Midi of Langue-doc speakers in France) এবং বার্গান্ডি, ফ্লাঁদর, নিম্ন-লোথারিঞ্জিয়া এবং রাইনল্যান্ড ও জার্মানির মধ্যাঞ্চল। প্রথম অঞ্চলে সামন্ততন্ত্রের ভিত্তি দুর্বল থাকায় এবং সেখানে রোমান ঐতিহ্য বিলুপ্ত না হওয়ায় জনপদগুলিতে পৌর শাসনের বিকাশ সহজ ছিল। ক্রুশেডের সময় বহু সামন্ত-প্রভু অর্থ সংগ্রহের উদ্দেশ্যে এই জনপদগুলিকে বহু অধিকার-সম্বলিত সনদ দান করে তাদের নগরে রূপান্তরিত হবার পথ তৈরি করে দিয়েছিলেন। পেরী অ্যান্ডারসন-এর মতে দ্বাদশ শতকের সামন্তপ্রভুরা নগরগুলির উদ্ভবে ও বিকাশে সহায়তা করেছিলেন সম্পূর্ণভাবে নিজেদের স্বার্থের প্রয়োজনে। সামন্ত-প্রভুদের উদ্দেশ্য ছিল বাণিজ্যের ফলে সমৃদ্ধ হয়ে ওঠা বাজারগুলির ওপর অধিকার বজায় রাখা এবং পূর্ব-দেশগুলির সঙ্গে বাণিজ্য-প্রসূত লাভের অংশীদার হওয়া। তাছাড়া একাদশ থেকে ত্রয়োদশ শতকের মধ্যে খাদ্যশস্যের মূল্যবৃদ্ধির ফলে কৃষকদের আর্থিক সঙ্গতি এবং ক্রয় ক্ষমতা বৃদ্ধি পায়। এইভাবে প্রত্যক্ষ ও পরোক্ষ উপায়ে অর্থাগমের আশায় ভূস্বামীরা নিজ নিজ ভূসম্পত্তির মধ্যে নগর প্রতিষ্ঠায় আগ্রহী হন। অ্যান্ডারসন অবশ্য স্বীকার করেন যে, নগরগুলির অর্থনৈতিক বনিয়াদ সুদৃঢ় হওয়ার ফলে স্বায়ত্তশাসনের অধিকারলাভের পথে তাদের পদক্ষেপ শুরু হয়। প্রারম্ভিক পর্বে শাসন ব্যবস্থায় প্রাদেশিক শাসনকর্তার প্রতিনিধি (ইংল্যান্ড) অথবা ভূম্যধিকারী নিজে (ইতালিতে) কিছু সক্রিয় ভূমিকা নিলে ও অল্পকালের মধ্যে নগরগুলির দৈনন্দিন জীবন সফল বণিক, গিল্ডের কর্মকর্তা এবং পণ্য উৎপাদনকারীদের নিয়ন্ত্রণাধীন হয়।

১৬.৬ : নগরের স্বরূপ

ত্রয়োদশ-চতুর্দশ শতকে নগর বলতে বোঝাত সেই সব জনবসতিকে যাদের ৬০০-র মতো পরিবার বা প্রায় ২,০০০ মানুষ বাস করত এবং যার বাসিন্দাদের মূল জীবিকা ছিল শিল্প বাণিজ্য এবং পরিষেবা (পান্থশালা, দোকান, বাজার, কৃষিকাজ নয়)। বৃহত্তম শহরগুলি সাধারণত দূরবাণিজ্যের কেন্দ্র হিসাবে গড়ে উঠেছিল। বৃহত্তম শহরগুলির মধ্যে ছিল ইতালিতে ভেনিস, ফ্লোরেন্স, নেপলস্; ফ্রান্সে প্যারিস; হলান্ডে ব্রুজ, গেন্ট; জার্মানিতে কলোন প্রভৃতি। চতুর্দশ শতকের গোড়ায় ইউরোপে অন্তত ছটি শহরের জনসংখ্যা ছিল ৫০,০০০-এর ওপরে, তিরিশের বেশি সংখ্যক শহরে ২০,০০০ মানুষের বাস ছিল এবং প্রায় আশিটি শহরের জনসংখ্যা ছিল ১০,০০০-এর বেশি।

মধ্যযুগের প্রায় নগরই ছিল সুরক্ষিত। নগর প্রাকারই সুস্পষ্টভাবে চিহ্নিত করে রাখত গ্রামাঞ্চল ও নগরের সীমারেখা। নগরের অভ্যন্তরে সীমাবদ্ধ স্থানটিতে জীবনযাত্রার পক্ষে অপরিহার্য সব কিছু তৈরি হোত। তবে অধিকাংশ নগরই ছিল ঘিঞ্জি। গীর্জা, টাউনহল বা পৌরভবন, গিল্ডের কার্যালয়, বাণিজ্য সংক্রান্ত বিভিন্ন কেন্দ্র, প্রধান নাগরিকদের আবাস, বিদ্যালয়, বিশ্ববিদ্যালয়, ছাত্রাবাস, নাগরিকদের বাসগৃহ এবং কারিগরদের কারখানা। হাটের দিনে বা উৎসবের সময় নগরের সংকীর্ণ রাস্তাগুলি জনাকীর্ণ হয়ে উঠতো। ফেরীওয়ালা, কারিগর, দেশী-বিদেশী বণিক, সন্ন্যাসী, শিক্ষক, ছাত্রের ভীড়ে নগরজীবন উত্তাল হোত। দ্বাদশ শতকের শেষে এবং ত্রয়োদশ শতকের শুরুতে বহু শাসককে উন্নততর নগর-পরিকল্পনায় এবং নূতন নগর প্রতিষ্ঠায় সক্রিয় হতে দেখা গিয়েছিল। ১২৯৭ খ্রীঃ ইংল্যান্ড রাজ প্রথম এডোয়ার্ড কর্তৃক হারউইচ নগর পরিকল্পনার সঙ্গে যুক্ত প্রধান কর্মকর্তাদের এক সম্মেলন

আহ্বানকালে দেখা যায় যে ইংল্যান্ড ও ফ্রান্সে ইংরেজ শাসনাধীন অঞ্চলে (গ্যাসকনির বোর্দো (Bordeaux)-তে) প্রায় ১২০টি উপনিবেশ নগর গড়ে উঠেছে।

অধিকাংশ নগরের স্বাস্থ্য ব্যবস্থা, জল-সরবরাহের বন্দোবস্ত ত্রুটিপূর্ণ হওয়ায় এবং প্রতিটি নগর জনাকীর্ণ হওয়ায় মহামারীর আবির্ভাব ঘটতো এবং সাধারণ সময়েও মৃত্যুর হার ছিল বেশি। খাদ্য সংকটও দুর্ভিক্ষের আকার নিয়েছিল। পর পর দুটি মরসুমে খারাপ ফসল হলে ইউরোপে দুর্ভিক্ষের ছায়া দেখা যেত। ত্রয়োদশ শতকের শেষ থেকে এরকম পরিস্থিতির সৃষ্টি হয়েছিল। ১৩০৪-১৩১৮ খ্রীস্টাব্দের মধ্যে খাদ্যসংকট উত্তর জার্মানি থেকে শুরু করে ফ্রান্স, নেদারল্যান্ডস, ইংল্যান্ড, দক্ষিণ জার্মানি, রাইনল্যান্ড প্রভৃতি অঞ্চলে ছড়িয়ে পড়ে। চতুর্দশ শতকে দেশব্যাপী ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দেয়। দুর্ভিক্ষের সময় গ্রাম-শহর নির্বিশেষে সমস্যা দেখা দিত। গ্রামাঞ্চলে, ম্যানরবাসী কৃষিজীবী মানুষ তাদের উৎপাদনের একটা বড় অংশ বিক্রয় করতে বাধ্য হোত সামন্তপ্রভুর দাবি-দাওয়া মেটানোর জন্য। নিজস্ব কোনো শস্য মজুত রাখার ব্যবস্থা না থাকায় এরা গ্রাম ছেড়ে খাদ্যের আশায় শহরে এলে নগরগুলি বিপন্ন হয়ে পড়ত। খাদ্যাভাবের পরিস্থিতিতে নগরগুলিতে আইনশৃঙ্খলা এবং স্বাভাবিক নগরজীবনের ওপর চাপ পড়ত।

খাদ্যাভাবে দুর্বল হওয়া মানুষ নগরের স্বল্প পরিসরে একত্রে বসবাস করতে বাধ্য হওয়ায় নানা ধরনের অসুখের কবলে পড়েছিল। টাইফাস, কুষ্ঠ, বসন্ত, জন্ডিস এবং সর্বোপরি প্লেগের শিকারে পড়েছিল। চতুর্দশ শতকে ইউরোপে যে কটি রোগ মহামারির আকার নিয়েছিল, প্লেগ ছিল ভয়াবহতম। প্লেগের সাধারণত দুটি ধরন হয়—বিউবনিক এবং নিউমনিক। বিউবনিক প্লেগ তলপেটের কাছে ফোঁড়া হয়ে শুরু হয়, যা অল্প সময়ের মধ্যে পচন ধরে এবং রোগীর মৃত্যু হয়; নিউমনিক প্লেগে ফুসফুস আক্রান্ত হয় এবং রোগীর যন্ত্রণাদায়ক মৃত্যু হয়। প্লেগের শিকার রোগীর গায়ের রং কালো হয়ে যেত বলে প্লেগের এই ধরনকে বলা হত ব্লাক ডেথ (Black Death)। ব্লাক ডেথ-এর ভয়াবহতম সংক্রামণ দেখা যায় ১৩৪০-এর দশকে। এই মারণ রোগে মৃতের সংখ্যা সর্বত্র সমান ছিল না। মিলান এবং ফ্লান্ডার্স অল্পে নিস্তার পেলেও কাস্তিল, আরাগন, কাতালোনিয়া এবং লঙ্গডক সম্পূর্ণভাবে বিপর্যস্ত হয়। সামগ্রিকভাবে ইউরোপের মোট জনসংখ্যার প্রায় ১/৩ ভাগ মানুষ প্লেগের শিকার হয়। ব্লাক ডেথ-এর প্রাবল্য গ্রাম এবং শহর, উভয়ে থাকলেও নগরাঞ্চলে এর তীব্রতা ছিল বেশি। সংক্রমণ প্রথমে ছড়াত জনজীবনে যুক্ত প্রাপ্তবয়স্কদের মধ্যে, এবং তারপর শিশু এবং অশক্ত বৃদ্ধ-বৃদ্ধাদের মধ্যে। সমাজের অন্তজ শ্রেণীর লোকেরাই এই মহামারির কবলে বেশি পড়েছিল তাদের বসবাসের অঞ্চলের দৈন্যদশার কারণে। সামগ্রিকভাবে জন্মের হারের থেকে মৃত্যুর হার বেশি থাকায় জনসংখ্যা হ্রাসের প্রবণতা চতুর্দশ শতকে ইউরোপের প্রায় সর্বত্র লক্ষ্য করা যায়। কমতে থাকা জনসংখ্যা, খাদ্যাভাব, মহামারি—এ সবই এককভাবে এবং সামগ্রিকভাবে ইউরোপীয় অর্থনীতি এবং নগরজীবনে নেতিবাচক প্রভাব ফেলেছিল।

দ্বাদশ ও ত্রয়োদশ শতকে অসংখ্য ঐশ্বর্য্যময়ী নগরী ইউরোপের জীবন বর্ণবহুল করে তুললেও এগুলির অনেকের স্থায়িত্বকাল ছিল অল্প। জনসংখ্যা হ্রাস, নিরুৎসাহ জীবন যাপনের গ্লানি স্পর্শ করেছিল বহু নগরকে। জাতিতে জাতিতে সংগ্রাম, ধর্মীয় সম্প্রদায়ের বিরোধ, অন্তর্দন্দ্ব যে সংকীর্ণতা ও সন্দেহের বিষাক্ত আবহাওয়া ইউরোপে সৃষ্টি করেছিল, নগরগুলি তার স্পর্শ থেকে নিজেদের বাঁচাতে পারেনি। ঐতিহাসিক হেনরী পিরেন-এর মতে চতুর্দশ শতকের এই সামগ্রিক সংকটে ইউরোপের বাজার সংকুচিত না হলেও সম্প্রসারণে বাধা পেয়েছিল। রর্বাটো লোপেজ (Roberto Lopez) এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন যে বিভিন্ন ব্যয়বহুল পরিকল্পনার পৃষ্ঠপোষকতা,

বিলাসব্যাসনে অপব্যয়, পৌরভবন, ক্যাথিড্রাল, তোরণ, মিনার ইত্যাদি নির্মাণে অপরিমিত অর্থ বিনিয়োগ বহু মধ্যযুগীয় নগরের অর্থনৈতিক বনিয়াদ দুর্বল করে দিয়েছিল। সম্ভবত শিল্প স্থাপত্যের এই অকৃপণ এবং অপরিমিত নিদর্শনের ব্যবস্থা করে নাগরিকদের অভিভূত করতে চেষ্টা করেছিলেন, কিন্তু পরিণামে সব নগরের ক্ষেত্রে এর প্রতিক্রিয়া শুভ হয়নি।

১৬.৭: সভ্যতা ও সংস্কৃতির প্রসারে নগরগুলির অবদান

আদি ও মধ্যযুগের ইউরোপে সাংস্কৃতিক জীবনের স্পন্দন অনুভূত হোত মঠ ও ভ্রাম্যমাণ রাজপ্রাসাদগুলিতে। লুই মামফোর্ড-এর অভিমত ছিল যে আদি মধ্যযুগের মঠগুলির মধ্যে নিহিত ছিল মধ্যযুগীয় নগরগুলির অস্তিত্বের বীজ। বহিরঙ্গের সাদৃশ্যের চেয়ে ও মূল্যবান ছিল নাগরিক সভ্যতার সঙ্গে আশ্রমজীবনের অন্তর্নিহিত মিলগুলির। নিয়মানুবর্তিতা, সংযম, শৃঙ্খলা এবং কর্ম ও অবসরের মধ্যে প্রতিদিনকে ভাগ করে তাকে ভরিয়ে তোলা এবং স্থায়িত্বএ সবই ছিল আশ্রম জীবনের এবং নাগরিকের আদর্শ। মধ্যযুগীয় মঠগুলির মতোই স্বাবলম্বিতা হয়ে উঠেছিল নগরগুলির দ্বিতীয় ধর্ম। মধ্যযুগের বহু মানুষের কাছে মঠগুলি ছিল শান্তির দ্বীপের মতো। ঐ সময়ের নগরগুলিও তাই হয়ে উঠেছিল। ৮৪৫-৪৬ খ্রিস্টাব্দে মিউক্স পারীর এক সম্মেলনে নগরকে শান্তির এলাকা রূপে বর্ণনা করেছিলেন সমবেত বহু বক্তা। শান্তি ও শৃঙ্খলা রক্ষায় নাগরিকদের আগ্রহের প্রমাণ পাওয়া যেত রাস্তাগুলির সঙ্গমস্থলে বিচারালয় ও শাস্তি-স্তম্ভ স্থাপনের মধ্যে।

দ্বাদশ-ত্রয়োদশ শতকে ইউরোপীয় নগরগুলির অধিকাংশই স্বশাসিত হওয়ার অধিকার লাভ করেছিল। উর্ধতন সামন্ত প্রভুর কোনও ক্ষমতা নগরগুলির ওপর থাকল না। বহু মানুষ রুজি-রোজগার, সুবিচার এবং আশ্রয়ের জন্য নগরে ভীড় করেছিল। নগরের পণ্য-উৎপাদক এবং কারিগর শ্রেণীর প্রয়োজনে শ্রমিকের অভাব আর অনুভূত হয় নি, সামন্ততান্ত্রিক নিপীড়ন থেকে মুক্তি পেয়ে গ্রামের বহু মানুষ মধ্যবিত্ত শ্রেণীর নানাবিধ উদ্যোগের সঙ্গে জড়িত হয়ে পড়ে। গ্রামীণ মানুষের বহু দেশাচার, তাদের লোক-সংস্কৃতি নগরের জীবনেও একটা স্থান করে নেয়। তবে নগরে প্রচলিত গ্রামীণ লোকাচারের সর্বাঙ্গে লেগে গিয়েছিল শহুরে প্রভাব। এছাড়া বিভিন্ন বিদেশী মানুষের ভাবধারা, আচার ব্যবহার ও জীবনযাপন পদ্ধতির সঙ্গে সংস্পর্শের ফলে প্রতিটি নগর লাভবান হয়।

মধ্যযুগের জ্ঞানচর্চার কেন্দ্ররূপে মঠগুলির সঙ্গে নগরগুলির সক্রিয় ভূমিকা ছিল। বহু নগরে বিশপ নিয়ন্ত্রিত অসংখ্য বিদ্যালয় স্থাপিত হয়েছিল। জিওভান্নি ভিল্লানি লিখেছেন যে ১৩৩৮ খ্রিস্টাব্দে ফ্লোরেন্সে ৮ থেকে ১০ হাজার বালক বালিকা বিভিন্ন বিদ্যালয়ে বিদ্যার্জন করেছে, আর এক হাজারের বেশি ছাত্র অর্থনীতি ও গণিতে ব্যুৎপত্তি অর্জনে নিমগ্ন। ইতালিতেই হিসাবশাস্ত্র, হুণ্ডির ব্যবহার, মূল্যপত্র (bill) সম্পর্কিত তত্ত্ব পরীক্ষা-নিরীক্ষার স্তর পার হয়ে গণিতের শাখা হিসাবে প্রতিষ্ঠিত হয়। এই বিদ্যার প্রসার আধুনিক যুগের শিল্প বিপ্লবের পথ প্রশস্ত করে দিয়েছিল। সভ্যতার অগ্রগতিতে নগরগুলির একটি মহামূল্যবান অবদান হল সময় সম্পর্কিত চেতনার ওপর গুরুত্ব আরোপ ও সময় পরিমাপন পদ্ধতির আবিষ্কার। মধ্যযুগের আদিপর্বে গ্রামে জনপদে সকাল সন্ধ্যায় গীর্জাগুলিতে যে ঘণ্টাধ্বনি করা হোত, তা প্রার্থনার সময় জানানোর সঙ্গে সঙ্গে সূর্যোদয় ও সূর্যাস্তের কথাও ঘোষণা করত। নগরে পণ্য উৎপাদনে রত করিগরদের দৈনিক শ্রমের সময় নির্ধারণ করার জন্য দিনরাত্রিকে ঘণ্টায় মিনিটে বিভক্ত করার প্রয়োজন অনুভূত হয়েছিল এবং এই প্রয়োজন থেকেই উদ্ভব হয়েছিল ঘড়ির। কার্লো চিপোলার মতে, ঘড়ির প্রথম আবির্ভাব ঘটেছিল ১৩০৫ খ্রিস্টাব্দে। ইংল্যান্ডে তৃতীয় এডোয়ার্ড ডাচ ঘড়ি প্রস্তুতকারকদের তাঁর

রাজ্যে ঘড়ি তৈরীর ব্যবসা চালু করতে অনুমতি দিয়েছিলেন।

তবে মানব সভ্যতাকে এগিয়ে নিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে দুটি অভিশাপও বর্তমান মানুষের নিত্যসঙ্গী করে দিয়েছে মধ্যযুগের নগরগুলি। এই দুটি হল অপরাধের প্রাচুর্য ও দারিদ্র। জনাকীর্ণ নগরে বৈভবের পাশে দারিদ্র বিরাজমান ছিল। এছাড়া সহ্যাতীত হয়েছিল অপরাধ প্রবণতা, দুবৃত্ত, বেকার,ভবঘুরের জঘন্য হিংস্রতার অসংখ্য প্রকাশ। নগর কর্তৃপক্ষ এই সমস্যা দূর করতে সক্ষম হয় নি। এছাড়াও বিভিন্ন নগর কর্তৃপক্ষের, বিশেষ করে যেখানে মুষ্টিমেয় পরিবারের প্রাধান্য ছিল, অবিচারের অসংখ্য নিদর্শন পাওয়া যেত অন্যায়, পক্ষপাতমূলক কর প্রবর্তনে, বিচার ব্যবস্থাকে আর্থিক লেনদেনের বশীভূত করার অশুভ চেষ্টার মধ্যে। ত্রয়োদশ শতকে ফরাসি রাজ এ জাতীয় আচরণের বিরুদ্ধে হস্তক্ষেপ করে বহু নগরের বিশেষ অধিকার কেড়ে নিয়েছিলেন। অসন্তোষ, বিক্ষোভ থেকে সৃষ্ট দাঙ্গা হাঙ্গামা প্রায়ই নাগরিক জীবনের ছন্দ নষ্ট করে দিত।

১৬.৮: ব্যবসা-বাণিজ্য

দশম শতাব্দীর মধ্যে ইউরোপে বিশেষ করে ইতালিতে বাণিজ্যের প্রসারের সঙ্গে সঙ্গে শিল্পোৎপাদন, ব্যবসার সাংগঠনিক দিকের অভাবনীয় উন্নতি উল্লেখযোগ্য হয়ে ওঠে। ব্যবসা এবং শিল্প উৎপাদন প্রধানত নগরেই কেন্দ্রীভূত ছিল এবং এর ফলে নগরগুলির আকারও বৃদ্ধি পেয়েছিল। দশম থেকে চতুর্দশ শতকের মধ্যভাগএই পর্বে বাণিজ্যকেন্দ্র হিসাবে ভেনিসের শ্রেষ্ঠত্ব ছিল অবিসংবাদিত। এছাড়া ইতালির ছোট ছোট নগরগুলি যে বাণিজ্যিক তৎপরতা দেখিয়েছিল প্রাচীনকালের অন্য কোনও বাণিজ্যকেন্দ্রের পক্ষে তা অর্জন করা সম্ভব হয় নি। ব্যবসা বাণিজ্যের কারণে ইংল্যান্ড থেকে শুরু করে দক্ষিণ রাশিয়া, সাহারার মরু অঞ্চল, সুদূর ভারতবর্ষ এবং চীন দেশ-ইতালির বণিকদের দেখা যেত। ইতালির নগরগুলির বাণিজ্যিক শ্রীবৃদ্ধি মধ্যযুগের ইতিহাসে একটি স্মরণীয় অধ্যায় রূপে গণ্য করা যেতে পারে। এই সব দেশের বাজারে পৃথিবীর বিভিন্ন দেশের পণ্য সরবরাহের বিশেষ সুবিধা পেয়েছিল বাণিজ্যে অগ্রসর ইতালির নগরগুলি। তবে আন্তর্জাতিক শক্তিরূপে পোপতন্ত্রের উত্থান, বিধর্মী ও বিচ্ছিন্নতাবাদীদের বিরুদ্ধে চার্চের অভিযান, ১০৯৫-১২০৪ খ্রিস্টাব্দ পর্য্যন্ত ক্রুশেড আন্দোলন ইতালির বাণিজ্যিক তৎপরতাকে এক অসামান্য প্রেরণা দিয়েছিল। ১০০০ খ্রিস্টাব্দের অনেক আগে থেকেই কনস্টানটিনোপল এবং মুসলমান রাজ্যগুলির সঙ্গে ইতালীয় নগরগুলির বাণিজ্যিক সম্পর্ক প্রতিষ্ঠিত হলেও ক্রুশেডের প্রয়োজনে বিশেষ করে অভিযাত্রী ও তাদের রসদ ইত্যাদি পরিবহনের জন্য ভেনিস, জেনোয়া, পিসা প্রভৃতির নৌশক্তির বিস্তার হয় দ্রুতবেগে, এবং পূর্ব ভূমধ্যসাগরীয় অঞ্চলে তাদের বাণিজ্যিক কর্তৃত্ব দীর্ঘস্থায়ী ও অপ্রতিহত হয়ে ওঠে।

অধ্যাপক আর. এস. লোপেজ (R. S. Lopez) মধ্যযুগের ইউরোপের অর্থনৈতিক ইতিহাসে ইতালির এই বাণিজ্যিক সাফল্যকে একটি অর্থনৈতিক বিপ্লব রূপে চিহ্নিত করেছেন। এই বিস্ময়কর বাণিজ্যিক শ্রীবৃদ্ধি সম্ভব হয়েছিল যে বণিক সম্প্রদায়ের দ্বারা, সেই বণিক সম্প্রদায়ের অধিকাংশের উদ্ভব হয়েছিল ভূস্বামী শ্রেণীভুক্ত অথবা খুব বড়ো লর্ড বা জমিদারের খাস-সম্পত্তির অতি উচ্চপদস্থ কর্মচারীদের মধ্য থেকে। এরা প্রথম দিকে সংগৃহীত রাজস্বই মূলধন হিসাবে ব্যবহার করেছিলেন। দ্বাদশ শতকে যে বিপুল পরিমাণ অর্থ বাণিজ্যে বিনিয়োগ করা হয়েছিল তার উৎস ছিল একাধিক এবং এই অর্থের একটা উল্লেখযোগ্য অংশ বহির্বাণিজ্যে নিয়োজিত হয়েছিল। একাদশ শতকের মাঝামাঝি সময় থেকে বাইজানটাইন সাম্রাজ্যের সামুদ্রিক শক্তির হ্রাস হওয়ায় তার স্থান দখল করে নেয় ইতালীয় বাণিজ্য কেন্দ্রগুলি। এই সময় থেকে তারা জাহাজে বাণিজ্য সম্ভার রপ্তানি করে দূর দেশ থেকে

(পূর্ব ভূমধ্যসাগরীয় অঞ্চল, মধ্য ও দূরপ্রাচ্য থেকে) পণ্যাদি ক্রয় করে আনত, কখনো বাণিজ্য তরীর সমস্ত পণ্য বিনিময় করা হোত অন্য দেশের সঙ্গে। স্যাভয়ের গিরিপথ দিয়ে ইতালীয় বাণিজ্য কেন্দ্রগুলি ইউরোপের উত্তর ও পশ্চিমাঞ্চলে বিভিন্ন প্রকার মশলা, কর্পূর, গন্ধক, ফটকিরি, চন্দন চূর্ণ, সুগন্ধি, নানা জাতের আটা, ভেলভেট, বিভিন্ন ধরনের রঞ্জক দ্রব্য এবং মূল্যবান মণিমানিক্য সরবরাহ করত। প্রধানত প্রাচ্যের মুসলমান রাজ্যগুলি থেকে এই পণ্যসম্ভার সংগৃহীত হোত। বহির্বাণিজ্যে ইতালির রপ্তানীজাত দ্রব্যাদির মধ্যে ছিল নানা জাতের কাঠ, আকরিক ও পরিশ্রুত লোহা, খাদ্যশস্য, পশমী কাপড়, মাছ এবং দাসদাসী।

মধ্যযুগে ইতালিতে বাণিজ্যের এই বিস্তার সত্ত্বেও সুদ নিয়ে ঋণদান সম্পর্কে চার্চের অনমনীয় বিরোধিতার ফলে বহু সময় বণিকদের পক্ষে ঋণসংগ্রহ করা দুরুহ হয়ে পড়ে। রোমান আইনের বিধান ছিল অর্থ শুধুমাত্র ভোগ করার জন্য। তাই কাউকে অর্থ ঋণ দিয়ে তার জন্য সুদ চাওয়া আর কোনও বস্তু বিক্রয় করে তা ব্যবহারের জন্য ক্রেতার নিকট থেকে আবার মূল্য আদায় করা একই বিষয়। চতুর্থ শতক থেকে চার্চ সুদ গ্রহণের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে। দ্বাদশ শতকে বাণিজ্য বিস্তারের এই পর্বে চার্চ এ বিষয়ে আবার সরব হয় কারণ সেই সময় বহু বাণিজ্য-উদ্যোগই এইভাবে সংগৃহীত অর্থ-নির্ভর ছিল। চার্চের বক্তব্য ছিল যে এই ঋণের মাধ্যমে সুদের ব্যবসা এমনই বিস্তার লাভ করেছে যে বহুলোক সাধারণ উপায়ে জীবিকা নির্বাহের চেষ্টা ছেড়ে এই সহজ এবং বিনাশ্রমের পথে অর্থ উপার্জনে আসক্ত হয়ে পড়েছে। মুসলমান রাজ্যগুলিতে ধর্মীয় প্রতিষ্ঠানগুলি ঋণের কারবারের প্রতি বিদ্বেষ মনোভাবাপন্ন ছিল। বাইজানটাইন ও সিরীয় বণিকদের চোখে ঋণের ব্যবসায়ে অন্যায় কিছু ছিল না। ইহুদীরা চার্চের আইনের আওতার বাইরে ছিল। ত্রয়োদশ শতকের শেষার্ধ পর্যন্ত সুদের বিনিময়ে ঋণ দিয়ে ব্যবসাদার বণিকের মূলধন সংগ্রহের উপায় তারাই করে দিত। অবশ্য ত্রয়োদশ শতকের শেষে আন্তর্জাতিক বাণিজ্য ক্রমশ ইতালির বণিকদের হাতে চলে যাওয়ায় ইহুদীদের ঋণের ব্যবসায়ে মন্দা দেখা দেয়। ব্যবসা বাণিজ্যের দ্রুত বিস্তারের জন্য মূলধন সংগ্রহ অত্যাবশ্যক হওয়ায় ঋণ সংক্রান্ত চার্চের এই সমস্ত বাধা নিষেধ সমস্ত মধ্যযুগ ধরে ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করেছিল।

ঋণসংক্রান্ত বাধা নিষেধ ব্যবসার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করায় মধ্যযুগের অর্থনীতি বিশেষজ্ঞগণ ধনী ব্যক্তিদের ব্যবসা বাণিজ্যে অর্থ বিনিয়োগে প্রলুব্ধ করার জন্য বিবিধ উপায়ের কথা চিন্তা করেছিলেন এবং এই প্রচেষ্টার ফলে দ্বাদশ শতকে ইতালিতে ব্যাঙ্কিং এবং হিসাবরক্ষণ পদ্ধতির উদ্ভাবন ঘটে। ত্রয়োদশ শতকের শেষার্ধে সিয়েনা এবং পিয়াসেন্‌জা সমস্ত পশ্চিম ইউরোপের ব্যাংকিং ব্যবস্থার কেন্দ্রে পরিণত হয়। ফ্লোরেন্স-এর বেশ কিছু অধিবাসী সিয়েনার প্রতিষ্ঠানগুলির অনুকরণে বার্নি, পেরুজ্জী এবং এক্‌সিওলি নামক ব্যাঙ্কিং প্রতিষ্ঠান গড়ে তোলে। বার্দির মূলধন ছিল ৯০,০০০ ফ্লোরিন এবং নানাবিধ সম্পত্তি। ফ্লোরেন্সের অনেক ব্যাংক বিভিন্ন দেশের শাসকদের ঋণ দিয়ে সর্বস্বান্ত হয়ে যায়। কিন্তু এই দুর্ঘটনা সত্ত্বেও বার্দি ও পেরুজ্জী অ্যাভিগনন, বারলেত্তা, কাস্টেল্লো, সাইপ্রাস, লন্ডন, নেপল, পারী, রোডস, টিউনিস ও ভেনিসে আঞ্চলিক শাখা প্রতিষ্ঠায় সক্ষম হয়। আধুনিক কালের ব্যাঙ্কগুলির বহু কাজই মধ্যযুগের ব্যাঙ্কগুলিকে করতে দেখা যেত। ঋণ দানের ব্যবস্থা সচল রাখার জন্য তাদের বিভিন্ন সূত্র থেকে আমানত সংগ্রহ করতে হোত। সে যুগে নিরাপত্তার অভাব থাকায় বহু লোক তাদের মূল্যবান বস্তু, টাকাপয়সা নিরাপদ স্থানে গচ্ছিত রাখতে আগ্রহী ছিলেন। মধ্যযুগের ব্যাংকগুলির কোনোটি কেন্দ্রীয় ব্যাঙ্ক-এর ভূমিকা পালনের অধিকারী হয় নি।

উত্তর ও দক্ষিণ ইউরোপের ব্যবসা বাণিজ্যে ইতালির বাণিজ্য কেন্দ্রগুলির অতি সক্রিয় ভূমিকা থাকলেও ইউরোপের একটি অঞ্চলে ইতালীয় বণিকদের অনুপ্রবেশ ঘটে নি। স্লুইস (Sluis) এবং নিউক্যাস্‌ল ছিল

উত্তর এবং উত্তর-পূর্ব দিকে তাদের কর্মক্ষেত্রের সূচনা। উত্তর ইউরোপের অবশিষ্ট অংশের বাণিজ্য নিয়ন্ত্রিত হোত জার্মান বণিকদের দ্বারা। প্রায় সমস্ত রাইন উপত্যকার ব্যবসা বাণিজ্য কলোনের বণিকদের হস্তগত হয়ে পড়ে। তাছাড়া ফ্লাঁদর ও মধ্য এবং দক্ষিণ জার্মানির বাণিজ্যিক যোগসূত্র রচনা করেছিল কলোনে। নামুর, ডিনান্ট এবং লীজ-এ তৈরী ধাতু দ্রব্যের ব্যবসা নিয়ন্ত্রিত হোত এখানকার বণিকদের দ্বারা। ওয়েস্টফেলিয়ার বণিকেরা দ্বাদশ শতাব্দীর শুরু থেকেই পূর্বদিকে বাণিজ্য বিস্তারে মনোযোগী হন এবং এল্‌ব পার হয়ে স্লাভ অধ্যুষিত দেশগুলিতে প্রায়ই তাদের পণ্যসম্ভার নিয়ে উপস্থিত হতেন। এলব-এর পূর্বাঞ্চলে টিউটোনিক নাইট এবং কৃষক সম্প্রদায় কর্তৃক উপনিবেশ স্থাপনের সঙ্গে সঙ্গেই সেখানে সব জার্মান বণিকেরা ছড়িয়ে পড়েন। বাল্টিক সাগরের বাণিজ্যের সূত্রপাত হয়েছিল এদের দ্বারা। এই বাণিজ্যে রাশিয়ার ভূমিকা ছিল প্রধান রপ্তানীকারকের। রাশিয়াই ছিল এর প্রধান বাজার। বাণিজ্যিক পণ্য সম্ভারের মধ্যে উল্লেখযোগ্য ছিল কাঠ, মধু, সর্ষে, পিচ ও আলকাতরা। পরবর্তীকালে ম্যারিয়েনবার্গ, এলবিঙ থর্ন, এবং কোনিসবার্গে এবং আরও পরে ডানজিগ-এ বাণিজ্যকেন্দ্র গড়ে ওঠে। এই সব কেন্দ্র থেকে প্রাশিয়া, লিথুয়ানিয়া ও পশ্চিম পোলান্ডের প্রধান উৎপন্ন দ্রব্য খাদ্যশস্য এবং কাঠ রপ্তানি করা হতো।

পূর্বদিকে বাণিজ্যের এই সম্প্রসারণে উত্তর ইউরোপের অর্থনীতির ওপর সুদূরপ্রসারী প্রভাব পড়ে। উত্তর-পশ্চিমের শিল্পোন্নত অঞ্চলগুলি, বিশেষত ফ্লাঁদর বস্ত্রসম্ভারের জন্য নূতন এবং বিশাল বাজার পায় এবং অল্প মূল্যে প্রচুর পরিমাণে কাঠ ও খাদ্যশস্য সংগ্রহের সুযোগ লাভ করে। ইংল্যান্ডে ব্যবসায়ীরা স্ক্যানডিনেভিয়ার পরিবর্তে বাল্টিক অঞ্চলের কাঠ আমদানী করতে শুরু করেন। ব্যস্ত বাণিজ্যকেন্দ্র রূপে উত্তর ও পূর্ব জার্মানির নগরগুলির উত্থান ইউরোপীয় অর্থনীতিতে জার্মানির একটা স্থান করে দেয়। ইংল্যান্ড ও হলান্ডে জার্মান বণিককুল নূতন মর্য্যাদায় অভিষিক্ত হন।

ইউরোপের দক্ষিণ-পশ্চিম কোনে অবস্থিত কাস্টিল বে অফ বিসকে এবং ক্যান্টাব্রিয়ার উপকূলবর্তী বিলবাও, সেন্ট সিবাস্টিয়ান এবং সান্তানদার বন্দরের মাধ্যমে বহির্বাণিজ্যের জন্য প্রসিদ্ধ হয়ে উঠেছিল। ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে সামুদ্রিক যোগাযোগের ফলে সেভিল, ক্যাডিজ এবং সানলুকার বাণিজ্যকেন্দ্রের গুরুত্ব বৃদ্ধি পায়।

১৬.৯ : প্রযুক্তিগত উন্নয়ন : চতুর্দশ শতক

ঐতিহাসিকরা বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যাচর্চার ক্ষেত্রে প্রাক্-রেনেসাঁস অধ্যায়কে অনুর্বরতার, বিজ্ঞান চেতনা রহিত এক পর্ব মনে করেন না। এ বিষয়ে তারা ধারাবাহিকতায় বিশ্বাসী।'ব্ল্যাক ডেথ' প্রসূত আর্থ-সামাজিক বিপর্যয় সত্ত্বেও ইউরোপের বিজ্ঞান সাধনা অব্যাহত ছিল। মধ্যযুগে স্থাপিত বিশ্ববিদ্যালয়গুলি, প্রধানত গ্রীক বৈজ্ঞানিক চিন্তাধারার উপর ভিত্তি করে প্রাকৃতিক বিজ্ঞানচর্চা বজায় রেখেছিল। জল ও বাতাস থেকে শক্তি আহরণ করে উইন্ডমিল-এর সাহায্যে প্রয়োজন মেটানো ছাড়াও ঘড়ি, কম্পাস উদ্ভাবন, বারুদের ব্যবহার চালু করা হয়। ষোড়শ-সপ্তদশ শতকে যে বৈজ্ঞানিক বিপ্লব আঠারো শতকের শিল্প বিপ্লবের ক্ষেত্র তৈরী করেছিল, তার নির্মাণে মধ্যযুগের অবদান অনস্বীকার্য। তবে প্রাক্-রেনেসাঁস অধ্যায়ে ইউরোপীয়রা বৈজ্ঞানিক ধ্যান ধারণার প্রতি আগ্রহী ছিল এবং এ বিষয়ে তারা ঋণী ছিল ঐস্লামিক জগতের কাছে। আরবি পণ্ডিতেরা গ্রীক বিজ্ঞানের সঙ্গে তাদের পরিচয় ঘটিয়েছিলেন অনুবাদের মাধ্যমে। আরব অধিকৃত স্পেন গণিত, জোতির্বিদ্যা, রসায়ন ও চিকিৎসাশাস্ত্র চর্চার ধারা অব্যাহত রেখেছিল। দ্বাদশ শতকের রেনেসাঁসের সময়, স্পেনের সঙ্গে সংযোগের সূত্র ধরে ইউরোপীয়রা বিজ্ঞানচর্চায়

আগ্রহী হয়। জার্মান পণ্ডিত আলবার্টাস ম্যাগনাস (১১৯৩-১২৮০) অ্যারিস্টটলের রচনার উপর ভাষ্য রচনা ছাড়াও ভূগোল, জ্যোতির্বিদ্যা, উদ্ভিদ ও চিকিৎসা এবং পদার্থবিদ্যা লেখার সময় অধীতবিদ্যা পর্যবেক্ষণের দ্বারা যাচাই করেছিলেন। রজার বেকনের (১২১৪-১২৯৪) শিক্ষক রবার্ট গ্রসটেস্ট (১১৭৫-১২৫৩) পদার্থবিদ্যা ও প্রাকৃতিক বিজ্ঞান চর্চার প্রাথমিক সূত্রগুলির অনুসন্ধান করেছিলেন। রজার বেকন আলোকবিদ্যা, শব্দ ও তাপ-বিষয়ক বিদ্যা, বর্ণতত্ত্ব, বারুদের ব্যবহার বিষয়ে মৌলিক রচনা করে বহু বিষয় সম্পর্কে অনুসন্ধিৎসার প্রমাণ দিয়েছিলেন।

সব ধরনের শিল্পকর্ম ও লেখাপড়া যে দৃষ্টিনির্ভর সে বিষয়ে রেনেসাঁস আমলের পণ্ডিত, গবেষক ও দক্ষ কারিগররা চিকিৎসকদের মতোই সচেতন ছিলেন। স্বাভাবিক দৃষ্টি কৃত্রিম উপায়ে বজায় রাখার গুরুত্ব, বিশেষত বয়স বাড়ার সঙ্গে সঙ্গে এ বিষয়ে অনিবার্য সমস্যা সম্পর্কে পেত্রার্ক (১৩০৪-৭৪) সচেতন ছিলেন। তাঁর 'Letters to Posterity' শীর্ষক রচনায় চশমা নামক কৃত্রিম, সহায়ক বস্তুটির কার্যকারিতার গুরুত্ব বোঝান। দৃষ্টিশক্তি সম্পর্কিত সমস্যাটি ছিল সর্বজনীন এবং ত্রয়োদশ শতকের আগে থেকেই কৃত্রিম উপায়ে দৃষ্টিশক্তি হ্রাস পেলে তা পুনরুদ্ধারের চেষ্টা হয়েছিল। আরব বিজ্ঞানী অল হায়াথামের রচনা The Book of Optics এবং আলেকজান্দ্রিয়ায় কাঁচ শিল্প কেন্দ্রগুলিতে চশমা তৈরীর ক্ষেত্রে ফলাফল যথাসময়ে ইউরোপে পৌঁছেছিল। সম্ভবত পিসার এক ভিক্ষু—আলেসানড্রো দেল্লা স্পিনা চশমা তৈরীতে প্রথম সফল হন এবং ভেনিসের বুরনোর কাঁচ তৈরীর কারখানায় ব্যবসায়িক ভিত্তিতে চশমা তৈরীর সূচনা হয়।

আধুনিক ইউরোপের আদি পর্বের এক প্রধান বৈশিষ্ট্য হল মুদ্রণ বিপ্লব। পঞ্চদশ শতকের মধ্যভাগে ইউরোপের প্রায় সব শহরে ছাপাখানা স্থাপিত হয়েছিল। পশ্চিম ইউরোপে চতুর্দশ শতকের শেষার্ধে মুদ্রণ শিল্পের বিকাশের একটা অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছিল। এই সময় ধর্মনিরপেক্ষ শিক্ষা-সংস্কৃতি চর্চা, অযাজক শ্রেণীর মধ্যে শিক্ষার উল্লেখযোগ্য প্রসার, সৃজনশীল সাহিত্য, শিল্প এবং ব্যবহারিক ক্ষেত্রে, দৈনন্দিন জীবনে যথোপযুক্ত গ্রন্থের প্রয়োজন অনুভূত হয়। ১৫০০ খ্রিস্টাব্দ নাগাদ ইতালিতে শিক্ষার ক্ষেত্রে অগ্রগতির তুলনায় আল্পস-উত্তর অঞ্চলে স্বাক্ষরদের সংখ্যা কম হলেও ফ্রান্স, ইংল্যান্ড, জার্মানিতে বহু কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা, ১৩৪৭ খ্রিস্টাব্দে প্রাগে, ১৩৫৬ খ্রিস্টাব্দে ভিয়েনায়, ১৪৩২ খ্রিস্টাব্দে কায়েন-এ, ১৪৪১ খ্রিস্টাব্দে বোর্দোতে এবং ১৪২৫ খ্রিস্টাব্দে লুভেইন-এ বিশ্ববিদ্যালয়ের মানবতাবাদীদের উদ্যোগে বহু গ্রামার স্কুলের প্রতিষ্ঠা বিভিন্ন বিষয়ে পাঠ্যপুস্তকের চাহিদা বৃদ্ধি করে। হাতে লেখা পুঁথি এই ক্রমবর্ধমান চাহিদা মেটাতে পারে নি। তাছাড়া পশ্চিম ইউরোপে সমাজে শিক্ষাদীক্ষার ক্ষেত্রে যাজকদের একচেটিয়ার অবসান ঘটিয়ে নবোদিত বুর্জোয়া শ্রেণী যাদের অনেকে প্রশাসনের সঙ্গে যুক্ত ছিলেন, তারা এবং আইনজীবী, বিত্তশালী শ্রেষ্ঠী ও শিক্ষাব্রতী মুদ্রিত গ্রন্থের অভাব অনুভব করে। পুঁথির দুর্বলতা তাদের জীবিকার সাফল্যের অন্তরায় হয়ে উঠেছিল। জার্মানির মেহন্জ-এর জোহান গুটেনবার্গের (১৩৯৫-১৪৬৮) বই ছাপার পদ্ধতি আবিষ্কার (১৪৫০ খ্রিস্টাব্দ) এই চাহিদা পূরণ করেছিল।

পঞ্চদশ এবং ষোড়শ শতক হল ইউরোপে সামরিক বিপ্লবের যুগ। সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক পরিবর্তনের সঙ্গে সমর বিজ্ঞান ও প্রযুক্তির পরিবর্তন ঘটে। বারুদের আবিষ্কার সভ্যতার ইতিহাসে আধুনিক যুগের পত্তন করেছে। বারুদের আবিষ্কারের সঙ্গে রজার বেকনের নাম যুক্ত হয়ে আছে। ইউরোপ বারুদের ব্যবহার শিখেছিল ত্রয়োদশ শতকে। চতুর্দশ শতকে আগ্নেয়াস্ত্র তৈরী হয়, পঞ্চদশ শতকে এর ব্যবহার বৃদ্ধি পায়। গাদাবন্দুক, পিস্তল, কামান তৈরী হলে যুদ্ধের চেহারার পরিবর্তন হয়, সৈন্যবাহিনীকে আগ্নেয়াস্ত্রে শিক্ষিত করে তোলার প্রয়োজন অনুভূত হয়। সুইডেন, সুইজারল্যান্ড ও জার্মানির লোকেরা কামানের ব্যবহারে দক্ষ হয়ে ওঠে।

১৬.১০: অনুশীলনী

১। একাদশ শতক থেকে চতুর্দশ শতক পর্য্যন্ত মধ্যযুগের ইউরোপের অর্থনৈতিক উন্নয়নে কৃষি ও শিল্প উৎপাদনের ভূমিকার মূল্যায়ন করুন।

২। আপনি কি মনে করেন ব্যবসা বাণিজ্যের অসামান্য বৃদ্ধি অধিকাংশ নগরের উৎপত্তির মূল কারণ ছিল ?

৩। কি কি কারণে মধ্যযুগের ইউরোপে নগরজীবন সংকটের মুখে পড়েছিল?

৪। সভ্যতা ও সংস্কৃতির প্রসারে মধ্যযুগের ইউরোপে নগরগুলির অবদান কি ছিল?

৫। মধ্যযুগের ইউরোপের অর্থনৈতিক ইতিহাসে ইতালির বাণিজ্যিক সাফল্যের পরিচয় দিন।

৬। চতুর্দশ শতকে ইউরোপে প্রযুক্তিবিদ্যা চর্চার সংক্ষিপ্ত পরিচয় দিন।

১৬.১১: গ্রন্থপঞ্জী

1. Ferguson W. K.—*Europe in Transition 1300-1500*– Boston– 1962.

2. Pirenne Henri—*Economic and Social History of Medieval Europe*–New York– 1936.

3. *Duby– Georges—Medieval Agriculture– 900-1500*, London– 1969.

4. ভাস্কর চক্রবর্তী, সুভাষরঞ্জন চক্রবর্তী এবং কিংশুক চট্টোপাধ্যায়—*ইউরোপে যুগান্তর,* কলকাতা, ২০১২।

5. নির্মলচন্দ্র দত্ত—*মধ্যযুগের ইউরোপ,* দ্বিতীয় খণ্ড, কলকাতা, ১৯৮৯।

পর্যায় - ৫

একক - ১৭ ❐ সামন্ততন্ত্রের সংকট

গঠন

১৭.০: উদ্দেশ্য

১৭.১: ভূমিকা

১৭.২: সামন্ততন্ত্রের অবক্ষয়: কারণ

১৭.৩: সামন্ততন্ত্র থেকে ইউরোপে পুঁজিবাদে উত্তরণ: যুগসন্ধিক্ষণের বিতর্ক

১৭.৪ : অনুশীলনী

১৭.৫: গ্রন্থপঞ্জী

১৭.০ উদ্দেশ্য

এই এককের উদ্দেশ্য হল শিক্ষার্থীদের চতুর্দশ শতাব্দীর শেষে সামন্ত্রতান্ত্রিক ব্যাবস্থার অন্তঃসার শূন্য হবার নেপথ্যে যে কারণগুলি বিদ্যমান ছিল - সেই সম্পর্কে অবগত করা।

- সামন্ততন্ত্র থেকে কিভাবে পুঁজিবাদের উত্থান হয়েছিল -এই যুগ সন্ধিক্ষণ নিয়ে ঐতিহাসিক মহলে যে বিতর্কের ধারা প্রচলিত তা বিশ্লেষণ করাও উক্ত এককের অপর উদ্দেশ্য।
- উদ্দেশ্য

১৭.১: ভূমিকা

চতুর্দশ শতকের মাঝামাঝি সময় থেকে ইউরোপীয় সমাজ ব্যবস্থায় সামন্ততন্ত্রের প্রভাব শিথিল হতে শুরু করে। তবে এই প্রবল, ব্যাপক এবং দীর্ঘদিনের পুরোনো ব্যবস্থা এমনভাবে প্রসারিত হয়েছিল যে তার অবসানের মধ্যে কোনো আকস্মিকতা ছিল না। সামন্ততন্ত্রের অধীন উৎপাদন পদ্ধতির পূর্ণ বিকাশের জন্য যেমন কয়েক শতাব্দীর প্রয়োজন হয়েছিল, তেমনি তার অবলুপ্তিও ঘটেছিল অতি ধীরে এবং এই প্রক্রিয়া সর্বত্র সমান গতিতে এগিয়ে যায় নি। পশ্চিম ইউরোপের বিভিন্ন দেশে সামন্ততন্ত্রের দুর্বলতা এবং পরিণামে বিলুপ্ত হওয়ার পেছনে বহু বিচিত্র কারণকে সক্রিয় হয়ে উঠতে দেখা যায় এবং এই কারণগুলির গুরুত্ব ও তীব্রতা সব দেশে সমান মাত্রায় ছিল না। আঞ্চলিক, একান্তই পরিস্থিতি-নির্ভর কারণগুলি ছাড়া সাধারণ, সর্বজনীন কিছু কিছু প্রক্রিয়া বহুকাল ধরে সামন্ততন্ত্রের ভিত্তি শিথিল করতে শুরু করেছিল। দ্বাদশ শতক থেকেই পশ্চিম ইউরোপের উৎপাদন ব্যবস্থার

রীতি ও পদ্ধতির আমূল পরিবর্তন, তার অর্থনৈতিক ব্যবস্থার রূপান্তরের অভিঘাতে সামন্ততন্ত্রের ত্রুটিগুলিকে প্রকট করে দিয়েছিল এবং তার কাঠামোতে ভাঙন ধরিয়েছিল। পঞ্চদশ শতকের পরে সামন্ততন্ত্রের অবলুপ্তি না ঘটলেও তার অস্তিত্ব অন্তঃসারশূন্য হয়ে পড়ে। সামন্ততন্ত্রকে সজীব রাখার জন্য পশ্চিম ইউরোপের বিভিন্ন দেশে যে সমস্ত বিধিবিধান সৃষ্ট হয়েছিল, সেগুলিও অর্থহীন ও অপ্রাসঙ্গিক হয়ে পড়ে। সামন্ততন্ত্রের অবসান এবং ধনতন্ত্রের উত্থানএই যুগসন্ধিক্ষণের ঘটনা এবং কালক্রম নিয়ে বিংশ শতকের গোড়ায় এক বিতর্কের সূচনা হয়, যা ঐতিহাসিক মহলে 'যুগসন্ধিক্ষণের বিতর্ক' বা Transition Debate বলে পরিচিত।

এই এককে ইউরোপীয় সমাজ ব্যবস্থায় সামন্ততন্ত্রের অবক্ষয়ের কারণ এবং বিলুপ্তির প্রেক্ষাপট আলোচিত হবে। সামন্ততন্ত্রের অবসান এবং ধনতন্ত্রের উত্থান-সম্পর্কিত বিতর্ক আলোচনা প্রসঙ্গে সামন্ততান্ত্রিক অর্থনীতির পতনের কালক্রম বিষয়ে ঐতিহাসিকদের অভিমতের পরিচয় দেওয়া হবে।

১৭.২: সামন্ততন্ত্রের অবক্ষয় : কারণ

চতুর্দশ শতকের মাঝামাঝি সময় থেকে পশ্চিম ইউরোপে সামন্ততন্ত্র সংকটের মধ্যে পড়েছিল। পশ্চিম ইউরোপের বিভিন্ন দেশে ভূমিদাস শ্রমের উপর নির্ভর করে ম্যানরগুলিতে যে উৎপাদন ব্যবস্থা চালু ছিল নবম শতক থেকে, তা জনসংখ্যা হ্রাসের কারণে কিছু কালের জন্য ব্যাহত হয়। চতুর্দশ শতকের মাঝামাঝি সময় থেকে শুরু হয় মহামারী এবং দুর্ভিক্ষ যার ফলে ইউরোপের প্রায় সর্বত্র জীবনহানি ঘটে। এছাড়া ইংল্যান্ড ও ফ্রান্সের শতবছরব্যাপী যুদ্ধ, ফ্লাদর, স্পেন এবং উত্তর ইতালিতে সামরিক অভিযান, দস্যুদের ধ্বংসলীলার কারণে বহু অঞ্চলে কৃষি উৎপাদন প্রায় বন্ধ হয়। ১৪৭০ খ্রিস্টাব্দের মধ্যে পরিত্যক্ত গ্রামের সংখ্যা এবং পতিত জমির পরিমাণ বৃদ্ধি পায়। যে সব অঞ্চলে লোকসংখ্যা খুব কমে গিয়েছিল, সেখানে লর্ড রূপান্তরিত হন rentier-এ। সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থায় মনুষ্য শ্রম দুর্লভ হওয়ায় খাদ্যশস্য ও নিত্যব্যবহার্য পণ্য দুর্লভ হয়। কোনো কোনো অঞ্চলে কৃষি শ্রমিকের অভাবজনিত কারণে ভূস্বামীরা জমি খণ্ডীকৃত করে ইজারা দিতে বাধ্য হন বা ভাগ-চাষের প্রথা ও বহু এলাকাতে চালু হয়। অনেক সময় ভূস্বামীকেই বীজ ও কৃষি সরঞ্জাম সরবরাহ করতে হয়। ইংল্যান্ডে শস্য উৎপাদনের পরিবর্তে বেষ্টনীবদ্ধ জমিতে মেষপালন শুরু হয়। জমির মূল্য হ্রাস পাওয়ায় অনেক ভূস্বামী আবাদী জমি ক্রয় করে আধুনিক পদ্ধতিতে চাষাবাদ শুরু করেন, যার সঙ্গে সামন্ততান্ত্রিক প্রথা পদ্ধতির মিল ছিল না। একাধিক এলাকায় ভূস্বামীরা তাদের পুরোনো অধিকার ছাড়তে রাজী না হওয়ায় কৃষক বিদ্রোহ দেখা দেয়। ফলে সামন্ততান্ত্রিক সমাজ অস্থিরতার কবলে পড়ে।

আবার পশ্চিম ইউরোপে জনসংখ্যা বৃদ্ধিকে ঐতিহাসিকরা একটি বাস্তব ঘটনা বলে মেনে নিয়েছেন। এর পেছনে জন্মহার বৃদ্ধি বা মৃত্যুহারের হ্রাসবৃদ্ধির আনুপাতিক হার নির্ণয় করা না গেলেও এর সঙ্গে ইউরোপের এক দেশ থেকে অন্য দেশে বিপুল সংখ্যক মানুষের অভিভাসন ঘটেছিল। কিন্তু সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থায় এই বর্ধিত পরিমাণ জনসংখ্যাজনিত সমস্যার মোকাবিলা করা সম্ভব হয় নি। অর্থনীতিবিদ মরিস ডব (Maurice Dobb) মনে করেছেন যে সামন্ততন্ত্রের রক্ষণশীলতা, পরিবর্তন-বিমুখতা এবং স্থিতিস্থাপকতার অভাবের কারণে জনসংখ্যা বৃদ্ধিজাত সমস্যার সমাধান তার পক্ষে সম্ভব হয় নি। ডব বলেন সে ম্যানরগুলি প্রথম থেকেই একটি সুনির্দিষ্ট আকার ও পরিধি নিয়ে গড়ে ওঠার ফলে জনসংখ্যা বৃদ্ধিজনিত সমস্যা এই প্রতিষ্ঠানগুলির সীমাবদ্ধতা প্রকট করে। দ্বাদশ ও ত্রয়োদশ শতকে পশ্চিম ইউরোপের বিভিন্ন স্থানে কৃষক উপনিবেশ গড়ে

তোলা ও অনাবাদী জমি কৃষিযোগ্য করে তোলার কোনো তাগিদ সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থায় ছিল না। ম্যানরগুলি যে সম্প্রসারিত হতে পারত না তা নয়, কিন্তু জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গতি রেখে বেড়ে ওঠা তাদের পক্ষে সম্ভব ছিল না। ফলে ভূমিদাস পরিবারের সন্তানরা ম্যানরের মধ্যে তাদের জীবিকার সংস্থান করতে না পেরে নানা ধরনের অসামাজিক জীবন যাপনে বাধ্য হোত বা ভাড়াটে সৈন্যদলে অন্তর্ভুক্ত হোত। পশ্চিম ইউরোপে প্রায় সর্বত্র এই অতিরিক্ত জনসংখ্যা সামাজিক বিশৃঙ্খলার সৃষ্টি করে এবং প্রমাণ করে যে সৃজনধর্মী বা বিপ্লবাত্মক কোনো ভূমিকা গ্রহণে সামন্ততন্ত্র সক্ষম ছিল না। এই ব্যর্থতার সঙ্গে যুক্ত হয়েছিল পরিবর্তন বিমুখ উৎপাদন ব্যবস্থার প্রতি সামন্ততন্ত্রের আসক্তি। ফলে কয়েক শতাব্দী ধরে স্থবির হয়ে যাওয়া সামন্ততান্ত্রিক সমাজকে বিলুপ্তির জন্য অপেক্ষা করতে হয়েছিল। 'আনাল' গোষ্ঠীভুক্ত ঐতিহাসিক পোস্তান ও লাদুরি অনুরূপ মত তুলে ধরেন। ভূমিদাস শোষণ সংযত করে বা জমিতে পুঁজি বিনিয়োগ করে উৎপাদন বৃদ্ধির তাগিদ রক্ষণশীল ভূস্বামীদের মধ্যে ছিল না।

সামন্ততন্ত্রের এই অবক্ষয় প্রকট হয়েছিল দ্বাদশ-ত্রয়োদশ শতকের পশ্চিম ইউরোপের বাণিজ্য বিস্তার ও নগরের পত্তনের মধ্য দিয়ে। হেনরি পিরেন মনে করেন যে শুধু জনসংখ্যার হ্রাস বৃদ্ধি নয়, ব্যবসা বাণিজ্যের বিস্তার ঘটলে এবং শহর গড়ে উঠলে ম্যানরীয় উৎপাদন ব্যবস্থার ওপর তার প্রভাব পড়েছিল। প্রাচীন ম্যানরীয় সংগঠনগুলি ছিল স্বয়ংসম্পূর্ণ অর্থনীতির ওপর নির্ভরশীল। উৎপাদিত পণ্য স্থানীয় অঞ্চলে ভোগ করা হোত, আমদানি রপ্তানি ছিল খুবই কম। চতুর্দশ-পঞ্চদশ শতকে ইউরোপে গড়ে ওঠা শহরগুলির শিল্প-বাণিজ্য, ব্যাংকিং আর্থিক লেনদেনের প্রেক্ষাপটে বুর্জোয়া শ্রেণীর আবির্ভাব ঘটে। এই বুর্জোয়া শ্রেণী পার্শ্ববর্তী অঞ্চলের খাদ্যশস্য ও ভোগ্যপণ্যের ওপর নির্ভরশীল ছিল। শহরে বণিকদের তত্ত্বাবধানে শিল্প পণ্য উৎপাদনের ব্যবস্থা হয়েছিল এবং শিল্প পণ্য বিক্রয় ও খাদ্যশস্য বেচাকেনার অনেক বাজারও গড়ে উঠেছিল। সামন্তপ্রভুর জাঁকজমকপূর্ণ বিলাসবহুল জীবন যাপনের জন্য প্রয়োজন ছিল প্রচুর অর্থের। সামন্তপ্রভুরা ভূমিদাসদের মুক্তি দিয়ে এই অর্থের একাংশ সংগ্রহ করেছিল। ইউরোপে মুদ্রা-নির্ভর অর্থনীতি গড়ে ওঠায় কৃষক নগদ অর্থে তার দেয় কর মেটাতে পারত, তাকে আর উৎপন্ন শস্য দিয়ে কর মেটাতে হোত না। এইসব কারণে পুরোনো ম্যানরীয় উৎপাদন ব্যবস্থায় অবক্ষয় দেখা দেয়।

মধ্যযুগের ইউরোপে নগর অজ্ঞাত ছিল না, কিন্তু তাদের বেশিরভাগ ছিল প্রশাসনিক কেন্দ্র, ধর্ম ও শিক্ষার পীঠস্থান। সামন্ততান্ত্রিক সমাজের সঙ্গে তাদের সহাবস্থান অস্বাভাবিক ছিল না। কিন্তু একাদশ শতক থেকে পশ্চিম ইউরোপে গড়ে ওঠা বাণিজ্যপ্রসূত সম্পদে সমৃদ্ধ নগরগুলি সামন্ততান্ত্রিক সমাজের এক্তিয়ার বহির্ভূত হওয়ায় ভূস্বামীদের পক্ষে তাদের ওপর কর্তৃত্ব স্থাপন সম্ভব ছিল না। এছাড়া দ্রুত গড়ে ওঠা এই সমস্ত বাণিজ্য শিল্প কেন্দ্রগুলিতে বহুবিচিত্র এবং ক্রমবর্ধমান কাজের প্রয়োজনে বিপুল সংখ্যক শ্রমিক, কারিগর এবং সেনার প্রয়োজন হোত। ফলে নগর কর্তৃপক্ষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সন্নিহিত ভূমিদাসদের ম্যানর ত্যাগ করতে উৎসাহ দিতেন। এর ফলে গ্রামাঞ্চলের মানুষ নগরমুখী হয়। যেসব ভূমিদাস ম্যানর ত্যাগ করে যেতে পারেনি, তারা ছিল সংখ্যায় অল্প এবং এই কারণে পূর্বের মতো উৎপাদনের হার বজায় রাখা সম্ভব হয় নি। অনেক ক্ষেত্রে ভূস্বামীরা অর্থের বিনিময়ে তাদের বেগার খাটা থেকে অব্যাহত দিতেন, জমি লীজ দিতেও শুরু করেছিলেন। এই পরিস্থিতিতে পশ্চিম ইউরোপের গ্রামীণ অর্থনীতি তথা সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থায় মৌলিক পরিবর্তন প্রয়োজন হয়ে পড়েছিল।

অধ্যাপক পল সুইজি (Paul Sweezy) ইউরোপীয় অর্থনীতির পরিবর্তনের প্রেক্ষাপটে তার অবক্ষয়ের কারণ অনুসন্ধান করেছেন। তিনি এই মত পোষণ করেন যে, দীর্ঘকাল পশ্চিম ইউরোপীয় অর্থনীতির ভিত্তি ছিল

ভোগের জন্য উৎপাদন। এই ব্যবস্থায় কিছু কারিগর শিল্পজাত পণ্য ফেরিওয়ালার মাধ্যমে হাটে বাজারে বিক্রয় করত। এটিকে বলা যেতে পারে স্বনির্ভর সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থার পরিপূরক। কিন্তু জনসংখ্যা বৃদ্ধি এবং ব্যবসা-বাণিজ্যের বিস্তার ঘটতে থাকলে ভোগের জন্য উৎপাদনের অধ্যায় শেষ হয় এবং শুরু হয় বিনিময়ের অর্থনীতির পর্ব। কিন্তু রপ্তানীর জন্য কাঁচামাল ছাড়া, উৎপাদন প্রক্রিয়ায় যে দক্ষতা ও শ্রমবিভাজন আবশ্যক ছিল, ম্যানরে তা সম্ভব ছিল না। এই পরিবর্তিত উৎপাদন ব্যবস্থা-প্রসূত পণ্যের বেশিরভাগ কিনত নগরের অধিবাসীরা এবং কৃষিজীবীরাও তাদের কৃষিজ পণ্য বিক্রয় বাবদ অর্থে কিছু কিছু পণ্য ক্রয় করতে সক্ষম হোত। জনসংখ্যা ও চাহিদা বৃদ্ধি এবং সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থায় তা মেটানোর কোনো উপায় না থাকাকে সুইজি তার অন্তর্লীন সহজাত বিরোধ আখ্যা দিয়ে তাকে সামন্ততন্ত্রের অবক্ষয়ের কারণ হিসেবে চিহ্নিত করেছেন।

পশ্চিম ইউরোপে ব্যবসা-বাণিজ্য এবং শিল্পোৎপাদনের প্রসার নগরের সংখ্যা বৃদ্ধির ফলে ভূমিদাসদের নগর ত্যাগের ঘটনা একটা সাধারণ প্রবণতায় পরিণত হয়। নগরগুলির মধ্যে মুক্তির স্বাদ পাওয়ার ব্যাকুলতার সঙ্গে বিকল্প জীবিকার সম্ভাবনা, পুরোনো অর্থনৈতিক ব্যবস্থা থেকে নিজেদের বিচ্ছিন্ন করতে ভূমিদাসরা আগ্রহী হয়েছিল। সুইজি তার 'A Critique' নামক প্রবন্ধে লিখেছেন যে 'flight of serfs' ছিল নগরায়নের সমকালীন ঘটনা এবং স্বাধীনতা, জীবিকা এবং মর্য্যাদার স্বপ্ন। এই অর্থনৈতিক রূপান্তরের অভিঘাতে ম্যানর ও ভূমিদাস প্রথা ভেঙে পড়ে। ত্রয়োদশ শতকের মধ্যেই ফ্লাঁদর, নরমাঁদি, উত্তর ইতালি, দক্ষিণ-পূর্ব ফ্রান্স এবং জার্মানির রাইন উপত্যকায় এক বিপুল জনগোষ্ঠী শিল্প উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যের সঙ্গে যুক্ত হওয়ায় ভূমিদাস শ্রম-নির্ভর উৎপাদন ব্যবস্থা অপ্রাসঙ্গিক হয়ে পড়ে।

দ্বাদশ শতক থেকে উৎপাদকরা মুনাফা-সঞ্চয় ব্যাপারে উৎসাহী হয় এবং ক্রমশ এটি উৎপাদন ব্যবস্থার মুখ্য উদ্দেশ্যে পরিণত হয়। উৎপাদক ছাড়া যে সব ভূস্বামী এর আওতায় এসে পড়তেন, তারাও এই প্রবণতায় আক্রান্ত হন। ফ্লাঁদর এবং নরমাঁদিতে বহু লর্ড ভূমিদাসদের মুক্তি দিয়ে তাদের সঙ্গে সুবিধাজনক শর্তে জমির বন্দোবস্ত করেন, পরিবর্তিত অর্থনৈতিক পরিস্থিতির সঙ্গে তাল মিলিয়ে ভূপ্রকৃতির বৈশিষ্ট্য অনুযায়ী বহু ভূস্বামী ম্যানরের মধ্যে নিকটস্থ বাজারের চাহিদা অনুযায়ী কৃষিপণ্যে উৎসাহী হন। এই লক্ষ্যপূরণের জন্য পারিশ্রমিক দিয়ে অভিজ্ঞ শ্রমিক নিয়োগ শুরু হয়। ফলে সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থা পরোক্ষে লর্ডদের দ্বারা পরিবর্তিত হয়। এই পরিবর্তন প্রক্রিয়ায় একটা বড় ভূমিকা নিয়েছিল নিকটবর্তী নগরগুলির জন্য খাদ্য শস্য সরবরাহের তাগিদ এবং মুনাফা লাভের আকাঙ্ক্ষা। তবে এই বিক্ষিপ্ত ঘটনাগুলি সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থার সর্বজনীন পরিবর্তনের দ্যোতক ছিল না। বহুকাল ধরে একই ধরনের উৎপাদন পদ্ধতিতে অভ্যস্ত, শ্রম বিভাজনের মূল্য সম্পর্কে ধারণা না থাকায় ম্যানর প্রভুদের পক্ষে নূতন অর্থনীতির সঙ্গে মেলানো সম্ভব ছিল না। প্রান্তিক কিছু পরিবর্তন ছাড়া সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থার রক্ষণশীলতা, পরিবর্তন বিমুখতা এবং নিশ্চলতা সামন্ততন্ত্রকে অবলুপ্তির দিকে নিয়ে যায়।।

চতুর্দশ শতক থেকে সামন্ততন্ত্রের প্রশাসনিক ও সামাজিক বিধি-ব্যবস্থায় ব্যর্থতার সঙ্গে সঙ্গে রাজশক্তির ক্ষমতা বৃদ্ধি স্পষ্ট হয়। ভূস্বামী নিয়ন্ত্রিত আঞ্চলিক এবং ব্যক্তি-নির্ভর প্রশাসনিক ব্যবস্থার সীমাবদ্ধতা যখন প্রকট হয় তখন পশ্চিম ইউরোপের বিভিন্ন দেশে রাজকীয় বিচারালয়ের উন্নততর ব্যবস্থা, দক্ষ কর্মচারী-পুষ্ট কেন্দ্রীয় শাসনব্যবস্থা সামন্তপ্রভুদের উপর সাধারণ মানুষের আস্থা ও নির্ভরতা কমায়। এর সঙ্গে যুক্ত হয় ইংল্যান্ড ও ফ্রান্সের মধ্যে শতবর্ষব্যাপী যুদ্ধ, লর্ডদের অবিরাম যুদ্ধবিগ্রহে অংশ নেওয়ার ফলে তাদের সংখ্যা হ্রাস যা যোগ্যতর রাজপুরুষদের প্রভাব দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠা করার সুযোগ এনে দেয়। ইংল্যান্ড, ফ্রান্স ও স্পেনের শাসকবর্গ এর সুযোগ নিয়ে স্থায়ী কেন্দ্রীয় শাসন প্রতিষ্ঠা করেছিলেন। এই পরিস্থিতিতে সামন্তপ্রভুদের অস্তিত্ব বিলুপ্ত হয় নি,

পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিয়ে, নিজেদের সামাজিক মর্য্যাদা ব্যবহার করে তারা প্রশাসনের বিভিন্ন পদে নিযুক্ত হন। ফলে রাজনৈতিক ক্ষমতাচ্যুত হলেও সমাজ, প্রশাসনের বহু ক্ষেত্রে এবং সামরিক বিভাগে সামন্তপ্রভুদের প্রভাব টিকে থাকে।

সামন্তপ্রভুদের প্রতিপত্তি হ্রাস পেয়েছিল সামরিক ক্ষেত্রে বিপ্লবের ফলে। এতদিন সামন্তপ্রভুদের সামরিক শক্তি কুক্ষিগত করে, উর্ধতন প্রভুকে সামরিক পরিষেবা দিয়ে অথবা না দিয়ে সাধারণ মানুষের জীবন ও সম্পত্তির নিয়ন্ত্রণ করেছিলেন। ত্রয়োদশ শতক পর্য্যন্ত ইউরোপের প্রায় প্রতিটি দেশের সামরিক বাহিনী ছিল সামন্ত প্রভুদের নির্দেশাধীন। অশ্বারোহী বর্মাবৃত নাইটরা এবং দুর্গগুলি ছিল সামন্তপ্রভুদের পরাক্রমের উৎস। কিন্তু চতুর্দশ শতকের শুরু থেকেই বর্মাবৃত অশ্বারোহী, নাইটদের যুদ্ধক্ষেত্রে আধিপত্যের অবসান শুরু হয়েছিল। কুত্রে (১৩০২) ক্রোসি (১৩৪৬) এবং পোয়াতিয়ে (১৩৫৬)-র রণাঙ্গনে দীর্ঘ বল্লমধারী, পদাতিক, পেশাদার যোদ্ধার দক্ষ ও বুদ্ধিদীপ্ত ব্যবহার এ পর্য্যন্ত অপরাজেয় অশ্বারোহী বাহিনীর অহংকার চূর্ণ করে দেয়। দীর্ঘদিন ধরে সামন্ত প্রভুদের নিয়ন্ত্রণাধীন যে সামরিক বাহিনী অপ্রতিহত প্রভুত্ব ভোগ করে এসেছিল তার অবসান নিশ্চিত হয়ে যায় চতুর্দশ শতক থেকে গোলাবারুদের ব্যবহার শুরু হওয়ায় এবং দুর্গগুলির পতন ঘটানোও সহজ হয়। সামরিক ক্ষেত্রে এই অভাবিত পরিবর্তন সামন্তপ্রভুদের প্রাণশক্তি কেড়ে নেয়।

সামন্ততন্ত্রের এই পরিবর্তন রাজশক্তিকে শক্তিশালী করে এবং কেন্দ্রীয় শাসন প্রবর্তনের সুযোগ এনে দেয়। ১০৬৬ খ্রিস্টাব্দে নর্মান বিজয়ের পর ইংল্যান্ডে এই তত্ত্ব প্রতিষ্ঠা হয় যে রাজা দেশের সমস্ত ভূসম্পত্তির অধীশ্বর এবং প্রজাদের আনুগত্যের একমাত্র দাবীদার। পশ্চিম ইউরোপের অন্যত্র এই প্রথা প্রবর্তিত হতে কিছু বিলম্ব হলেও যে সব দেশে শক্তিশালী রাজতন্ত্রের পত্তন হচ্ছিল, যেখানে নীতিগতভাবে এই তত্ত্বই প্রবর্তিত হতে শুরু করে যে রাজাই দেশের যাবতীয় ভূসম্পত্তির একমাত্র প্রভু। রাজা আর সামন্তশক্তির সহায়তার উপর নির্ভরশীল ছিলেন না, রাষ্ট্রীয় কাঠামোতে বিত্তশালী বণিক গোষ্ঠীকে অন্তর্ভুক্ত করা শুরু হয়ে যায়। ইতিমধ্যে পশ্চিম ইউরোপের অর্থনীতির ক্ষেত্রে এবং উৎপাদন ব্যবস্থার মধ্যে যে রূপান্তর ঘটে গিয়েছিল, তার মধ্যে সামন্ততন্ত্রের পক্ষে নিজের অস্তিত্ব বজায় রাখা সম্ভব হয় নি।

১৭.৩: সামন্ততন্ত্র থেকে ইউরোপে পুঁজিবাদে উত্তরণ: যুগসন্ধিক্ষণের বিতর্ক

সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থার পরিবর্তে ধনতন্ত্রের প্রতিষ্ঠার প্রক্রিয়াকে কেন্দ্র করে গড়ে ওঠে যুগসন্ধিক্ষণ বিতর্ক। তবে ঐতিহাসিকদের এই বিতর্ক মূলত পশ্চিম ইউরোপ-কেন্দ্রিক। যুগসন্ধিক্ষণ বিতর্কের সূত্রে সামন্ততন্ত্রের অবসান প্রসঙ্গে প্রথম বিশদ আলোচনা করেন ব্রিটিশ মার্কসীয় অর্থনীতিবিদ মরিস ডব (Maurice Dobb)। ১৯৪৬ খ্রিস্টাব্দে প্রকাশিত 'Studies in the Development of Capitalism' গ্রন্থে ডব সামন্ততান্ত্রিক অর্থনীতি ও তার পতন প্রসঙ্গে যে বক্তব্য পেশ করেন তার মধ্যে অন্তর্নিহিত ছিল দুটি অভিমত। সামন্ততান্ত্রিক অর্থব্যবস্থার ভরকেন্দ্র ভূমিদাসপ্রথা হওয়ায় ভূমিদাসপ্রথার অবসানের ফলে সামন্ততান্ত্রিক অর্থনীতির পতন ঘটে। দ্বিতীয়ত, সামন্ততান্ত্রিক অর্থনীতির পতন হয়েছিল সামন্ততান্ত্রিক কাঠামোয় নিহিত অন্তর্বিরোধের ফলে। ডবের মতে, সামন্ততন্ত্রের পতন মূলত সামন্ততান্ত্রিক উৎপাদন সম্পর্কের মধ্যে নিহিত ছিল।

মধ্যযুগীয় উৎপাদন ব্যবস্থা 'ফিউডাল' থেকে কিভাবে 'Capitalist mode of production'-এ পৌঁছেছিল, সে বিষয়ে মার্কসের গবেষণা মূলত কৃষি অর্থনীতি বিষয়ে সীমিত ছিল। পরবর্তীকালে মার্কসবাদী ও অমার্কসবাদী

ঐতিহাসিকরা এই বিষয়টি ছাড়া ও উত্তরণের প্রকৃতি ও প্রক্রিয়ার ব্যাখ্যা করেছেন ভিন্ন দৃষ্টিকোণ থেকে। এদের আলোচনায় সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থায় ভাঙন, ভূমিদাস প্রথার স্বরূপ ও অবক্ষয়, নগরের পত্তন, বণিক শ্রেণী এবং মুদ্রা অর্থনীতি-র আবির্ভাব এবং পুঁজিবাদী উৎপাদন ব্যবস্থার পত্তন স্থান পেয়েছে। মার্কসীয় তত্ত্বে সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থায় শ্রম বিক্রয় ছিল টিকে থাকার জন্য ভূমিদাস প্রথার মূল বৈশিষ্ট্য। ভূস্বামী ভূমিদাসের উদ্বৃত্ত শ্রম নিজের খাস জমিতে কাজে লাগানো ছাড়াও ভূমিদাসকে দেওয়া জমি বা 'fief' থেকে শস্যে বা নগদে খাজনা আদায় করত। এছাড়া আরও অনেক ধরনের সামন্ততান্ত্রিক কর ভূমিদাসকে দিতে বাধ্য করত। উদ্বৃত্ত শ্রম আদায়ও ছিল জবরদস্তিমূলক শোষণের নামান্তর। অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য কৃষক-ভূমিদাস তার শ্রম প্রভুর সেবায় নিয়োজিত করতে বাধ্য ছিল। এই ধরনের উৎপাদন ব্যবস্থাকে ডব বলেছেন ভোগের জন্য উৎপাদনযা মুদ্রার লেনদেন এবং বাজারের অনুপস্থিতিতে ছিল পশ্চিম ইউরোপের প্রায় সর্বত্রে প্রচলিত। এই পরিবর্তনবিমুখ চরিত্রের প্রতি ডব বিশেষ দৃষ্টি আকর্ষণ করেছেন।

মরিস ডবের মতে, উৎপাদন ব্যবস্থায় চাহিদা পূরণে সামন্ততন্ত্রের অক্ষমতা, রাজস্ব বৃদ্ধি এবং এই রাজস্ব বৃদ্ধির চাপ এমন মাত্রায় পৌঁছেছিল যা বহন করার ক্ষমতা ভূমিদাসদের ছিল না। শ্রম শক্তির উপর নির্ভরশীল এই ব্যবস্থা অবসন্ন হয়ে পড়ে। এর প্রতিক্রিয়ায় অসংখ্য ভূমিদাস ম্যানর ছেড়ে যেতে বাধ্য হয়। ডব অন্যান্য কারণের চেয়ে এই অমানবিক ভূমিদাস শোষণকে সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থার ব্যর্থতার মুখ্য কারণ বলে মনে করেছেন। তাঁর মতে ব্যবসা-বাণিজ্যের বিস্তার, নগরায়ণের ফলে উদ্ভূত পরিস্থিতি যেমন নগদ অর্থ দিয়ে বেগার খাটুনি থেকে অব্যাহতি, খাস জমি কৃষক-প্রজাকে লিজ দেওয়া ইত্যাদি সামন্ততন্ত্রের ব্যর্থতার মুখ্য কারণ ছিল না। ডব অবশ্য স্বীকার করেছেন যে পশ্চিম ইউরোপে ক্রমবর্ধমান নগরের সংখ্যা ম্যানর ত্যাগে বদ্ধপরিকর ভূমিদাসদের সামনে একটা বিকল্প জীবিকার ব্যবস্থা করায় এই প্রক্রিয়া পূর্ণতা পেয়েছিল।

পল সুইজি ১৯৫০ খ্রীঃ প্রকাশিত Science and Society পত্রিকায় 'Feudalism- A Critique' প্রবন্ধে সামন্ততন্ত্র এবং পুঁজিবাদের মৌলিক পার্থক্যের কথা স্মরণে রেখে পুঁজিবাদী অর্থনীতিতে উত্তরণের জন্য সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থার বাইরে সক্রিয় কতকগুলি force-এর কথা উল্লেখ করেছেন। সুইজি বাণিজ্য বিপ্লব এবং নগরায়ণের উপর বেশি গুরুত্ব দিয়েছেন এবং ডবের সমালোচনা করে বলেন যে ভূস্বামীর মাত্রাতিরিক্ত শোষণের ফলে ভূমিদাসদের ম্যানর ছেড়ে পালানোর যে তত্ত্ব ডব উপস্থাপিত করেছেন, সুইজির মতে তা সম্ভব ছিল না। কারণ নিপীড়ন সত্ত্বেও ভূমিদাসদের ম্যানর ত্যাগের অধিকার ছিল না এবং নগরগুলিতে বিকল্প জীবিকার ব্যবস্থা না হওয়া পর্য্যন্ত তা সম্ভব ছিল না। তবে ত্রয়োদশ শতকের মধ্যে পশ্চিম ইউরোপে অসংখ্য নগরের পত্তন এবং সেখানে স্বাধীনতা, কর্মসংস্থান এবং উন্নততর সামাজিক অবস্থানের আকর্ষণ শোষিত গ্রামীণ জনসাধারণকে প্রলুব্ধ করেছিল। সুইজির মতে, সামন্ততন্ত্রের পরিবর্তনবিমুখতা ও অন্তর্নিহিত ব্যর্থতা এবং ক্রমবর্ধমান ভূস্বামীর শোষণের তুলনায় তার অবসানের জন্য এমন কিছু কারণ ছিল যেগুলিকে 'external to the system' বলা যেতে পারে। জনসংখ্যা এবং চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে উৎপাদন বেড়ে না ওঠা বা 'Economy of no outlets'-এর পক্ষে অভাবিত বাণিজ্য-প্রসার এবং নগরায়ণের চাহিদা মেটানো সম্ভব না হওয়ায়, তার অর্থনীতি বাজারমুখী না হতে পারার কারণে তার অস্তিত্ব অর্থহীন হয়ে পড়ে। সুইজি এ প্রসঙ্গে পূর্ব ইউরোপের অর্থনৈতিক পরিস্থিতির কথা উত্থাপন করেছেন। পশ্চিমের তুলনায় পূর্ব ইউরোপে বাণিজ্যের প্রসার ও নগরায়ণের প্রক্রিয়া ছিল মন্থর। পশ্চিম ইউরোপে কৃষিজ পণ্য ছিল বাণিজ্যিক লেনদেনের প্রধান অবলম্বন। সে কারণে খাদ্যশস্য রপ্তানীজাত মুনাফার জন্য এল্‌ব-এর পূর্বপাড়ের দেশগুলি কৃষি উৎপাদনের উপর বেশি জোর দেয়। সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থা

আরও অনমনীয় হয়ে ওঠে, ভূমিদাসদের উপর শোষণের মাত্রা বৃদ্ধি পায়। কিন্তু পূর্ব ইউরোপে নগরের সংখ্যা কম হওয়ায় চরম নিপীড়ন সত্ত্বেও ভূমিদাসদের পক্ষে ম্যানর ছেড়ে পালানো সম্ভব হয় নি কারণ সামনে বিকল্প কোনও জীবিকার বা নিরাপদ আশ্রয়ের সম্ভাবনা ছিল না। সুইজি প্রমাণ করার চেষ্টা করেছেন যে সামন্ততন্ত্রের অভ্যন্তরীণ পরিস্থিতির চেয়ে বাইরের পরিস্থিতি সামন্ততন্ত্রের আয়ু হ্রাস বৃদ্ধির জন্য দায়ী ছিল।

সামন্ততন্ত্র থেকে ইউরোপীয় সমাজের পুঁজিবাদে রূপান্তরের বিষয়ে ব্রিটিশ মার্কসবাদী ঐতিহাসিক রবার্ট ব্রেনার (Robert Brenner) তার বক্তব্য তুলে ধরেছেন ১৯৭০-এর দশকে Past and Present পত্রিকায় প্রকাশিত 'Agrarian Class Structure and Economic Development in Pre-Industrial Europe' প্রবন্ধে। এই প্রবন্ধে সামন্ততন্ত্রের অবসানের কারণ হিসাবে বাণিজ্যিকীকরণ এবং জনসংখ্যা-তত্ত্ব পরিত্যক্ত হয়েছে। তার মতে দুটি তত্ত্বই পশ্চিম ও পূর্ব ইউরোপে সামন্ততন্ত্রের পৃথক পরিণতির যথেষ্ট ভাল ব্যাখ্যা দিতে পারেনি। বাণিজ্যিকীকরণ তত্ত্বের আলোচনায় ব্রেনার দেখান যে বাণিজ্য বিপ্লব পশ্চিম ইউরোপের মতোই পূর্ব ইউরোপেও সামন্তপ্রভুদের চাহিদা বৃদ্ধি করেছিল। খাদ্যশস্য রপ্তানি বাণিজ্য পূর্ব-ইউরোপেও উল্লেখযোগ্য হয়ে ওঠে। এ সত্ত্বেও পূর্ব ও পশ্চিম ইউরোপের অর্থনৈতিক বিকাশ এবং সামন্ততন্ত্রের পরিণতি সম্পূর্ণ পৃথক হয়ে যায়। এই বৈসাদৃশ্যের কারণ ব্রেনার অনুসন্ধান করেছেন ইউরোপের দুই অর্ধের রাজনৈতিক বিন্যাসের পার্থক্যের মধ্যে। ব্রেনারের মতে, পশ্চিম ইউরোপে সামন্ততন্ত্রের চরম বিকাশের পর্বে ও রোমান এবং ক্যারোলিঞ্জীয় রাজনৈতিক ঐতিহ্যের সুবাদে রাজশক্তির একটা বৈধানিক ভিত্তি ছিল এবং পরাক্রান্ত সামন্তপ্রভুদের দুর্বল করার প্রচেষ্টায় তা কৃষিজীবীদের সহায়তার ওপর নির্ভর করত। ভূমিদাসদের এমন কিছু অধিকার ছিল যা সামন্তপ্রভুরাও মানতে বাধ্য ছিলেন। কারণ সেগুলি রক্ষা করতেন উর্ধতন সামন্তপ্রভু হিসেবে স্বয়ং রাজা। রাজা অনাবাদী জমিকে আবাদযোগ্য করে তোলায় কৃষকদের উৎসাহিত করতেন। নতুন আবাদী জমিতে সামন্তপ্রভুদের অধিকারের সম্প্রসারণে তিনি বাধা দিতেন। এইভাবে পশ্চিম ইউরোপে অন্যান্য কারণের সঙ্গে রাজশক্তি ও কৃষিজীবীদের স্বার্থ সামন্তপ্রভুদের স্বার্থের বিরোধিতা করে। ব্রেনারের মতে এই সম্মিলিত প্রতিরোধই সামন্ততন্ত্রের দুর্বলতার একটা কারণে পরিণত হয়। রাজশক্তি এবং প্রজাবর্গের মিলিত চাপের মুখে সামন্তপ্রভুরা নতি স্বীকার করতে বাধ্য হয়। এর পরিপ্রেক্ষিতে পশ্চিম ইউরোপে দেখা দেয় খাজনার নগদীকরণ, ভূমিদাস প্রথার পতন এবং সামন্ততন্ত্রের অবসান।

অন্যদিকে পূর্ব ইউরোপের ভূমধ্যসাগরীয় অঞ্চলে রোমান সাম্রাজ্য বাদ দিলে রাষ্ট্রশক্তি বলে বিশেষ কিছু ছিল না মধ্যযুগীয় ইউরোপে। পেপাল, ওয়েন্ড (Wend) বা ম্যাগিয়ার হাঙ্গেরী রাজ্য উপজাতীয় রাজ্যের স্তরেই সীমিত থেকে গিয়েছিল। দ্বাদশ-ত্রয়োদশ শতকে জনসংখ্যা বৃদ্ধির কারণে জার্মানরা যখন পূর্বদিকে তাদের বসতি স্থাপনে সচেষ্ট হয় তখন পোল, ওয়েন্ড প্রভৃতি উপজাতিদের সঙ্গে তাদের যে সংঘর্ষ হয় তাতে সুসংগঠিত জার্মানরা জয়লাভ করে। জার্মানদের এই এলাকা সম্প্রসারণে নেতৃত্ব দেয় টিউটন গোষ্ঠীভুক্ত নাইটরা। এই অরণ্য-সংকুল অঞ্চলে নিরঙ্কুশ আর্থ-সামাজিক নিয়ন্ত্রণ ভোগ করতে থাকে। ততদিনে জার্মান সাম্রাজ্য দুর্বল হওয়ার কারণে কৃষক-স্বার্থ রক্ষা করতে রাজশক্তি সামন্তবর্গের সঙ্গে দ্বন্দ্বে নামতে পারে নি।

রাজশক্তির দুর্বলতার কারণে পূর্ব ইউরোপে বণিকরা সম্পূর্ণভাবে সামন্তশক্তির মুখাপেক্ষী হয়ে বাণিজ্য চালাত। পশ্চিম ইউরোপে যখন বণিকদের সঙ্গে কৃষিজীবীদের প্রত্যক্ষ যোগাযোগ এবং স্বাধীনভাবে লেনদেন চলত, তখন পূর্ব ইউরোপে সামন্তশক্তি কৃষিজীবীদের সঙ্গে বণিকদের লেনদেন নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়। তাই ত্রয়োদশ শতকে বাণিজ্য বিপ্লবের প্রভাব পূর্ব ইউরোপে পড়লেও তা থেকে লাভবান হয়েছিল সেখানকার সামন্তশ্রেণী।

ফলে ত্রয়োদশ-চতুর্দশ শতকে পশ্চিম ইউরোপে সামন্ততন্ত্রের অবসান হলেও রাজনৈতিক শক্তি বিন্যাসের পার্থক্যের কারণে পূর্ব ইউরোপে সামন্ততন্ত্র আরও শক্তিশালী হয়েছিল বলে রবার্ট ব্রেনার মনে করেন।

সামন্ততন্ত্রের অবসান প্রসঙ্গে যুগসন্ধিক্ষণ বিতর্কের প্রবক্তাদের দৃষ্টিভঙ্গীতে আর্থ-সামাজিক, অর্থনৈতিক জনসংখ্যাতত্ত্ব, রাজনৈতিক নানা বিষয় প্রাধান্য পেয়েছে। নানা বিষয়ে মতপার্থক্য সত্ত্বেও প্রবক্তারা এ বিষয়ে একমত যে চতুর্দশ শতকে সামন্ততন্ত্রের পতন ত্বরান্বিত হয়েছিল এবং এই শতকে ইউরোপীয় অর্থনীতি এক সংকটের মুখে পড়ে যা সামন্ততান্ত্রিক কাঠামোর অবসান ঘটিয়ে ধনতন্ত্রের আগমনের ক্ষেত্র প্রস্তুত করে।

১৭.৪ : অনুশীলনী

১। ইউরোপীয় সমাজব্যবস্থায় সামন্ততন্ত্রের অবক্ষয়ের কারণ আলোচনা করুন। এ প্রসঙ্গে মরিস ডবের অভিমত কি ছিল ?

২। সামন্ততন্ত্রের অবসান প্রসঙ্গে যুগসন্ধিক্ষণ বিতর্কের প্রবক্তাদের দৃষ্টিভঙ্গী আলোচনা করুন।

৩। যুগসন্ধিক্ষণ বিতর্কে রবার্ট ব্রেনারের বক্তব্য আলোচনা করুন।

১৭.৫: গ্রন্থপঞ্জী

1. Ferguson—*W. K. Europe in Transition*– 1300-1500– Boston– 1962.

2. Pirenne Henri—*Economic and Social History of Medieval Europe*– New York– 1936.

3. Hilton– R. H.—*The Transition from Feudalism to Capitalism*– London– 1976.

4. ভাস্কর চক্রবর্তী, সুভাষরঞ্জন চক্রবর্তী, কিংশুক চট্টোপাধ্যায়—ইউরোপে যুগান্তর, কলকাতা, ২০১২।

5. নির্মলচন্দ্র দত্ত-মধ্যযুগ থেকে ইউরোপের আধুনিকতার উত্তরণ, কলকাতা, ২০১৮।

পর্যায় - ৬

একক - ১৮ ❐ খ্রিস্টধর্ম, গীর্জা এবং পোপতন্ত্র

গঠন

১৮.০: উদ্দেশ্য

১৮.১: ভূমিকা

১৮.২: রোমান চার্চ ও পোপতন্ত্রের উত্থান

১৮.৩: পোপতন্ত্রের বিকাশে গ্রেগরী দ্য গ্রেট বা প্রথম গ্রেগরী

১৮.৪: চার্চের সম্প্রসারণ

১৮.৫: ইনভেস্টিচ্যর সংগ্রাম

১৮.৬: ফলাফল

১৮.৭: অনুশীলনী

১৮.৮: গ্রন্থপঞ্জী

১৮.০ উদ্দেশ্য

- আলোচ্য এককের প্রথম উদ্দেশ্য হল মধ্যযুগীয় ইউরোপের রোমান চার্চ ও পোপতন্ত্রের উত্থান কিভাবে হল তা শিক্ষার্থীদের অবগত করা।
- এই এককের অপর উদ্দেশ্য হল পোপতন্ত্রের বিকাশে প্রথম গ্রেগরী (৫৯০-৬০৪) কি ধরনের ভূমিকা পালন করেছিল তার উপর আলোকপাত করা।
- শিক্ষার্থীদের পোপ ও রাজতন্ত্রের মধ্যে যে ইনভেস্টিচার দ্বন্দ্ব হয়েছিল তার কারন ও ফলাফল অনুসন্ধানে আগ্রহী করে তোলা হল উক্ত এককের অপর উদ্দেশ্য।

১৮.১: ভূমিকা

মধ্যযুগে খ্রিস্টান জগতের সর্বত্র ধর্মের প্রসার এবং ব্যাপক প্রভাবের ফলে ধর্মগুরু পোপ এবং রোমান চার্চের উত্থান এক গুরুত্বপূর্ণ অধ্যায়। দীর্ঘকাল ধরে পোপের নেতৃত্বাধীন রোমান চার্চকে কেন্দ্র করে পশ্চিম ইউরোপের অন্তর্নিহিত ঐক্য গড়ে উঠেছিল। ছোটো-বড়ো রাজ্যগুলির উপর এবং সাধারণ মানুষের দৈনন্দিন জীবনে পোপতন্ত্রের

নিয়ন্ত্রণ সুপ্রতিষ্ঠিত হয়েছিল। মধ্যযুগে পোপদের মধ্যে শ্রেষ্ঠ বলে সম্মানিত হয়েছিলেন প্রথম গ্রেগরী (৫৯০-৬০৪)। সমগ্র পশ্চিম ইউরোপের উপর পোপের রাষ্ট্রনৈতিক দাবি প্রতিফলিত হয়েছে। প্রয়োজনবোধে রাষ্ট্রনৈতিক ক্ষমতা সাময়িকভাবে হস্তান্তরিত করার অধিকার বা মনোনীত ব্যক্তির উপর তা অর্পণ করার অধিকার পোপের আছে—এই দাবির বাস্তব রূপায়ণের জন্যই সম্ভবত পোপ তৃতীয় লিও-র উদ্যোগে ও আগ্রহে ৮০০ খিস্টাব্দে শালমানের সম্রাট রূপে অভিষেক অনুষ্ঠিত হয়েছিল।

নবম থেকে দশম শতকের মাঝামাঝি সামান্য থেকে অসামান্য হওয়ার পরেই পোপতন্ত্র চরম দুর্দশাগ্রস্ত হয়ে পড়ে। পরে আবার শুরু হয় আরোহনের পর্ব। দশম থেকে একাদশ শতকের প্রথমার্ধে পোপতন্ত্রের পক্ষে ছিল নিতান্ত দুঃসময়। এই সময় কোনো প্রতিভাসম্পন্ন পোপের আবির্ভাব ঘটে নি। ধর্মাচরণে, নৈতিক মান রক্ষায়, শিক্ষা সংস্কৃতির অনুশীলনে চার্চের ভূমিকা বেদনাদায়ক হয়ে ওঠে। প্রায় দেড়শো বছরের অবমাননা ও গ্লানিময় অস্তিত্ব রক্ষার পরে ১০৪৬ খ্রিস্টাব্দে সম্রাট তৃতীয় হেনরীর আগ্রহে ও পৃষ্ঠপোষকতায় পুনরায় শুরু হয় বিশুদ্ধিকরণ আন্দোলন, ধর্মগুরুকে তার স্বমহিমায় পুনঃপ্রতিষ্ঠার উদ্যোগ।

১০৭৩ খ্রিস্টাব্দে পোপ সপ্তম গ্রেগরী রূপে হিলডিব্রান্ডের নির্বাচনের সঙ্গে সঙ্গে সমস্ত খ্রিস্টান জগৎ আলোড়িত হয়ে উঠল ধর্মগুরু এবং সম্রাটের শক্তি পরীক্ষার প্রতিযোগিতায়। গ্রেগরীর দাবি ছিল যে সম্রাটকে সিংহাসনচ্যুত করার পূর্ণ এবং বৈধ অধিকার পোপের আছে। ১০৭৫ খ্রিস্টাব্দের ফেব্রুয়ারিতে সপ্তম গ্রেগরী অযাজক সামন্তপ্রভু কর্তৃক যাজক সম্প্রদায়ের ক্ষেত্রে 'ইনভেস্টিচ্যর' প্রথা এবং অনুষ্ঠান সম্পূর্ণরূপে নিষিদ্ধ করেন এবং এই আদেশকে কেন্দ্র করে শুরু হয় পোপ এবং সম্রাটের মধ্যে দীর্ঘস্থায়ী, রক্তক্ষয়ী এক সংগ্রাম। গ্রেগরীর মতে চার্চের অধীনস্থ সব কিছুই খ্রিস্ট ও সন্তদের সম্পত্তি এবং সেখানে হস্তক্ষেপ করার অর্থই হলো আধ্যাত্মিক শক্তির অবমাননা। ইনভেস্টিচ্যর' সংগ্রাম ব্যাপক রূপ ধারণ করে। ১১২২ খ্রিস্টাব্দে ওয়ার্মস-এর চুক্তির মাধ্যমে অর্ধ-শতাব্দীর সংগ্রাম শেষে সম্রাট এবং পোপ একটা মীমাংসায় আসতে সক্ষম হন। তবে এর ফলাফল সন্তোষজনক ছিল না।

এই এককে মধ্যযুগের ইউরোপে খ্রিস্ট ধর্মের প্রসারের প্রেক্ষাপটে রোমান চার্চের উত্থান এবং পোপতন্ত্রের নিয়ন্ত্রণ বিষয়ে আলোচিত হবে। দশম থেকে একাদশ শতকের প্রথমার্ধে পোপতন্ত্র সংকট কাটিয়ে কিভাবে ধর্মগুরু স্বমহিমায় পুনঃপ্রতিষ্ঠায় উদ্যোগী হলেন এবং 'ইনভেস্টিচ্যর' প্রথাকে কেন্দ্র করে পোপ এবং সম্রাটের মধ্যে দীর্ঘস্থায়ী সংকট এবং এর পরিণতি বিষয়ে আলোচনা হবে।

১৮.২ : রোমান চার্চ ও পোপতন্ত্রের উত্থান

মধ্যযুগে ইউরোপে খ্রিস্টান ধর্মের প্রচার এবং প্রসারের মধ্যে রোমান চার্চ এবং ধর্মগুরু পোপের 'অবিসংবাদিত নেতৃত্বের প্রতিষ্ঠার কারণ নিহিত। দীর্ঘকাল ধরে পোপের নেতৃত্বে রোমান চার্চ লাতিন খ্রিস্টান রাজ্যের প্রধান ধর্মীয় প্রতিষ্ঠানে পরিণত হয়েছিল এবং রোমান চার্চকে কেন্দ্র করে পশ্চিম ইউরোপের অন্তর্নিহিত ঐক্য গড়ে উঠেছিল। ছোটো-বড়ো রাজ্যগুলির ওপর এবং সাধারণ মানুষের দৈনন্দিন জীবনে পোপতন্ত্রের নিয়ন্ত্রণ সুপ্রতিষ্ঠিত হয়েছিল।

৩১২ খ্রিস্টাব্দ নাগাদ সম্রাট কনস্টানটাইনের খ্রিস্টধর্ম গ্রহণ এবং ৩৯১ খ্রিস্টাব্দে সম্রাট থিওডোসিয়াস কর্তৃক তাকে রোমান সাম্রাজ্যের বৈধধর্ম রূপে স্বীকৃতি দান ইউরোপে এই ধর্মের প্রসারের পথ প্রশস্ত করে দিয়েছিল। খ্রিস্টধর্মের প্রসারের সূচনায় কোনো শক্তিশালী কেন্দ্রীয় প্রতিষ্ঠানের আবির্ভাব না ঘটায় ব্যক্তিগত

প্রচেষ্টায় তৈরী কয়েকটি চার্চ নিয়ে শুরু হয়েছিল খ্রিস্টের অনুরাগীদের ধর্মীয় জীবন। প্রথম দিকে খ্রিস্টান চার্চ ছিল নগরকেন্দ্রিক। বিশপরা সাধারণত নগরে বাস করতেন এবং খ্রিস্টান নাগরিক ও আশেপাশের খ্রিস্টানদের ধর্মীয় জীবন নিয়ন্ত্রণ করতেন। প্রথমে নগরের বিশপদের সমমর্যাদাসম্পন্ন বলে মনে করা হলেও ক্রমশ ধর্মীয় বিশুদ্ধতা রক্ষার জন্য যাজক সম্প্রদায়ের মধ্যে ক্রমোচ্চ শ্রেণীবিভাগ অনিবার্য হয়ে ওঠে। প্রয়োজন অনুসারে আহূত ধর্মীয় সম্মেলনে স্থানীয় বিশপের মর্যাদা বৃদ্ধি হয়েছে। এভাবেই ক্রমশ রোম এবং কনস্টানটিনোপলের বিশপরা প্রতিপত্তি ও সম্মানের অধিকারী হয়েছেন। তবে বিশপের অবিসংবাদিত শ্রেষ্ঠত্বের মূলে ছিল Doctrine of Apostolic Succession। চার্চ প্রতিষ্ঠার গোড়ার দিকে বিশপদের প্রেরিত শিষ্যবৃন্দের (Apostoles) উত্তরসূরী বলে মনে করা হোত। সুনির্দিষ্ট ধর্মশাস্ত্রের অভাবে মৌখিকভাবে শিষ্য পরম্পরা বিশপদের মাধ্যমেই মানবপুত্রের উপদেশ সম্প্রচারিত হয়েছিল বলে তারা পুণ্য ঐতিহ্যের বাহক হয়ে উঠেছিলেন। কখনো যাজক সম্প্রদায়ের মধ্যে মতপার্থক্য দেখা দিলে তারা প্রেরিত শিষ্যবৃন্দের প্রতিষ্ঠিত বা স্মৃতিবিজড়িত ধর্মীয় প্রতিষ্ঠানের শরণাপন্ন হতেন কারণ তাদের বিশ্বাস ছিল যে প্রকৃত সত্য সেখানেই বিরাজমান। রোমান চার্চ এবং পোপের প্রাধান্য প্রতিষ্ঠার পথে সব থেকে বড়ো বাধা এসেছিল যখন সম্রাট জাস্টিনিয়ান প্রতিষ্ঠিত ধর্মরাজ্যে চার্চকে সম্পূর্ণভাবে সম্রাটের নিয়ন্ত্রণাধীনে আনার প্রচেষ্টা হয়েছিল। এই প্রয়াস সফল হলে পোপের শ্রেষ্ঠত্বের অবসান ঘটত। কিন্তু কয়েকটি ঘটনার ফলে শেষ পর্যন্ত তা হয় নি। লাতিন খ্রিস্টান জগৎ রোমের প্রভাবাধীনে থেকে গিয়েছিল।

পশ্চিম ইউরোপে বর্বর আক্রমণের ফলে মানুষের জীবনে, খ্রিস্টীয় সমাজে পরিবর্তন ঘটে গিয়েছিল। যোগ্য শাসকের অভাবে খ্রিস্টধর্ম রক্ষার প্রায় সমস্ত দায়িত্ব এসেছিল চার্চের ওপর। এই অস্থিরতার মধ্যে ধর্ম ও সংস্কৃতির একমাত্র রক্ষক হিসাবে জনগণ পোপের শরণাপন্ন হয়েছে। ইতালির বিভিন্ন অঞ্চলে, রোম এবং তার প্রত্যন্ত প্রদেশে আরও ব্যাপকভাবে এই দায়িত্ব পালনে ব্রতী হতে দেখা গিয়েছিল একাধিক পোপকে। লোম্বার্ড আক্রমণের বিরুদ্ধে রোম রক্ষার দায়িত্ব পালনে পোপ প্রথম গ্রেগরী (৫৯০-৬০৪) অগ্রণী ভূমিকা গ্রহণ করেছিলেন। মধ্যযুগের পোপদের মধ্যে শ্রেষ্ঠ বলে অভিহিত প্রথম গ্রেগরী সারা জীবনব্যাপী এই সম্মানের অধিকারী হবার সাধনা করেছিলেন। তার সময় থেকেই পোপরা 'ঈশ্বরের সেবকদের সেবক' নামে পরিচিত হতে শুরু করেছিলেন। রোমান চার্চের আধিপত্য বিস্তার নয়, পূর্ব রোমান সাম্রাজ্যের নিয়ন্ত্রণ থেকে পোপের ক্ষমতা মুক্ত করার প্রচেষ্টা নয়, মানবত্রাণই ছিল গ্রেগরীর একমাত্র লক্ষ্য।

১৮.৩ : পোপতন্ত্রের বিকাশে গ্রেগরী দ্য গ্রেট বা প্রথম গ্রেগরী

প্রথম গ্রেগরী (৫৯০-৬০৪) পোপের পদ অলংকৃত করার আগে কনস্টান্টিনোপল-এ রোমান চার্চের প্রতিনিধি হিসাবে যে অভিজ্ঞতা অর্জন করেছিলেন তার ভিত্তিতে তিনি উপলব্ধি করেছিলেন যে শাসক ও ধর্মরক্ষকরূপে সম্রাটের বিরোধিতা করে রোমান চার্চের কোনো লাভ হবে না। এই কারণে পোপের ক্ষমতার বিকাশের জন্যে গ্রেগরী এমন ক্ষেত্র বেছে নিয়েছিলেন যেখানে বাইজানটাইন সম্রাটের নিয়ন্ত্রণ ছিল না। তিনি উত্তর ও মধ্য ইউরোপকে খ্রিস্টধর্মে দীক্ষিত করার উদ্দেশ্যে ধর্মপ্রচারক প্রেরণ করেছিলেন। এই সমস্ত অঞ্চলে পোপ এবং সম্রাটের ক্ষমতার দ্বন্দ্বের সম্ভাবনা ছিল না। গ্রেগরীর এই বাস্তব বুদ্ধির কারণে মধ্যযুগে পোপতন্ত্রকে বাইজানটাইন সম্রাটের নিয়ন্ত্রণের বাইরে বাধাহীনভাবে বিকশিত হবার সুযোগ দিয়েছিল। রোমান চার্চই যে পশ্চিম ইউরোপের বিভিন্ন দেশ ও জাতিগুলির জননীস্বরূপা এবং ধর্মগুরু পোপই যে তাদের লৌকিক ও আধ্যাত্মিক জীবনের প্রধান অবলম্বন—গ্রেগরীর কৃতিত্বের ফলেই এই ধারণার সৃষ্টি হয়েছিল। পশ্চিম ইউরোপের শাসকবর্গকে তিনি এও বোঝাতে চেয়েছিলেন যে পার্থিব শক্তি

সর্বাংশে এবং সর্বক্ষেত্রে আধ্যাত্মিক শক্তির অধীন। পোপের অনুশাসন ও নির্দেশাবলী অগ্রাহ্য করার শাস্তি সমাজচ্যুতি এবং তা যাজক থেকে শুরু করে গৃহী উভয় শ্রেণীর বিরুদ্ধে প্রযোজ্য হতে পারে সে তথ্য তিনি ক্লান্তিহীনভাবে প্রচার করেছেন। যাজকদের তিনি পোপের আজ্ঞাবহ মনে করতেন এবং চার্চের মধ্যে ক্রমোন্নত শ্রেণীবিভাগ, যোগ্যতা অনুযায়ী কর্ম ও দায়িত্ব অর্পণ বিষয়ে তার তীক্ষ্ণ দৃষ্টি ছিল। তিনিই প্রথম খ্রিস্টান সমাজকে Society of Christian Commonwealth রূপে অভিহিত করেন এবং পোপই যে যাজকবৃন্দের সহায়তায় এই সমাজ নিয়ন্ত্রণের অধিকারী তা গ্রেগরী দ্য গ্রেটের সাংগঠনিক প্রতিভার বলে একটি সুবিদিত তত্ত্বের রূপ নেয়। পোপের আধিপত্য অতি সহজে পশ্চিম ইউরোপের দেশগুলিতে সুপ্রতিষ্ঠিত হয়। খ্রিস্টান পুণ্যভূমিতে পার্থিব-অপার্থিব সকল শক্তির আধার ধর্মগুরু পোপ ছাড়া আর কেউই নন, প্রয়োজনবোধে রাষ্ট্রনৈতিক ক্ষমতা সাময়িকভাবে হস্তান্তরিত করার বা মনোনীত ব্যক্তির ওপর তা অর্পণ করার অধিকার পোপের আছেএই দাবির বাস্তব রূপায়ণের জন্যই সম্ভবত পোপ তৃতীয় লিও-র উদ্যোগে ৮০০ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত হয়েছিল সম্রাট শালমানের সম্রাট রূপে অভিষেক। এই ঘটনার মধ্যে নিহিত ছিল মধ্যযুগের দীর্ঘ ও ক্লান্তিকর এক অধ্যায়-সম্রাট ও পোপের মধ্যে শ্রেষ্ঠত্ব নিরূপণের দ্বন্দ্ব।

১৮.৪ : চার্চের সম্প্রসারণ

নবম থেকে দশম শতকের মাঝামাঝি সময়ে সামান্য থেকে অসামান্য হওয়ার পরেই পোপতন্ত্র চরম দুর্দশাগ্রস্ত হয়ে পড়ে। পরে আবার শুরু হয় আরোহনের পর্ব। নবম থেকে দশম শতকের প্রথমার্ধে পোপতন্ত্র নিজের মর্যাদাবৃদ্ধি এবং শক্তি সঞ্চয়ে সক্ষম হয় কয়েকটি কারণে। পোপ প্রথম গ্রেগরীর সময় থেকেই সম্ভাব্য প্রতিদ্বন্দ্বী শক্তিগুলিকে একে অন্যের বিরুদ্ধে নিযুক্ত করার কৌশল আয়ত্ত করেছিলেন। প্রায় দুশো বছর ধরে তারা ইতালিতে গ্রীক সম্রাটের শক্তি বৃদ্ধির পথে অন্তরায় সৃষ্টি করেছিলেন লোম্বার্ডদের ব্যবহার করে। আবার উত্তর ইতালিতে লোম্বার্ডরা শক্তি অর্জন করলে তাদের দমন করার জন্য তারা ফ্রাঙ্ক শাসকদের শরণাপন্ন হন দ্বিধাহীনভাবে। অবশ্য এর ফলে আসন্ন বিপদ থেকে রক্ষা পেলেও নবম শতকের গোড়ায় শক্তিশালী ফ্রাঙ্ক সম্রাট শার্লমানের প্রভাবাধীন হয়ে পড়েন। শার্লমান নিজেকে শুধু একটি বিশাল সাম্রাজ্যের অধীশ্বর হিসেবে দেখেন নি, তার বিচারে তিনিই ছিলেন চার্চের এবং তাঁর প্রজাবর্গের লৌকিক ও আধ্যাত্মিক জীবনের নিয়ন্তা। তবে ৮১৪ খ্রিস্টাব্দে সম্রাট শার্লমানের মৃত্যুর পর ক্যারোলিঞ্জীয় বংশের প্রভাব থেকে মুক্তি লাভ করেন পোপতন্ত্র। ব্যক্তিত্বহীন সম্রাট লুই দ্য পায়াসের শাসনকালে পর পর দুই জন পোপ-পঞ্চম স্টিফেন (৮১৬-১৭), এবং প্যাস্কাল (৮১৭-২৪) সম্রাটের হস্তক্ষেপ ছাড়া নির্বাচিত হন। লুইও ঘোষণা করেন যে পোপের নির্বাচন অবাধ হওয়া উচিত। নবম শতকের দ্বিতীয়ার্ধে ভাইকিং, স্যারাসেন ও ম্যাগিয়ার আক্রমণের ফলে এবং পারিবারিক দ্বন্দ্বে বিপর্যস্ত ক্যারোলিঞ্জীয় শাসকদের পক্ষে পোপতন্ত্রের উপর প্রভাব বিস্তার করা অসম্ভব হয়ে পড়ে। এই সঙ্গে উত্তর ও মধ্য ইতালির অধিবাসীরাও উপলব্ধি করেন যে বর্বর আক্রমণের মোকাবিলার জন্য পোপের শরণাপন্ন হওয়া ছাড়া তাদের উপায় নেই।

নবম ও দশম শতকে ক্ষমতার পার্থিব ভিত্তি প্রতিষ্ঠায়ও পোপতন্ত্র সফল হয়। অষ্টম ও নবম শতকে পিপিন ও শার্লমানের শ্রদ্ধাদানের ফলে মধ্য ইতালিতে রোমের নিকটবর্তী এলাকায় পোপের ভূসম্পত্তির উল্লেখযোগ্য বৃদ্ধি ঘটে। ক্রমবর্ধমান এই ভূসম্পত্তি শাসন করতেন পোপ। ধর্মগুরুর ভূমিকার এই সম্প্রসারণ ও পরিবর্তনে কোনো প্রতিক্রিয়া খ্রিস্টান জগতে লক্ষ্য করা যায় নি। বিশাল ভূসম্পত্তি থেকে নিয়মিত রাজস্ব ও নানা উৎস থেকে বিপুল অর্থাগমের ফলে একটি স্থায়ী সৈন্যবাহিনী গড়ে তুলে আত্ম ও স্বার্থরক্ষা পোপের পক্ষে সম্ভব হয়। তাছাড়া নবম ও দশম শতকে জাতীয় চেতনার অনুপস্থিতিতে বিভিন্ন দেশের মধ্যে বাদ বিসংবাদের মীমাংসা ও মধ্যস্থতা

করার দায়িত্ব পালন করে পোপতন্ত্র তার মর্যাদা ও প্রতিপত্তি বৃদ্ধি করতে সক্ষম হয়েছিল। এই সঙ্গে যে 'ক্যানন ল' (Canon law) বা ধর্মীয়-যাজকীয় আইনাবলী তার প্রধান উৎস ছিল পোপ। নতুন যাজকীয় আইন-প্রবর্তন ছিল সম্পূর্ণভাবে পোপের অনুমতি সাপেক্ষ এবং যাজকীয় বিচারালয়ের প্রাণকেন্দ্র ছিল পোপ এবং তাঁর প্রধান সহায়ক ছিল 'কিউরিয়া।

দশম এবং একাদশ শতকের প্রথমার্ধ পোপতন্ত্রের পক্ষে ছিল নিতান্ত দুঃসময়। এই সময় কোনো প্রতিভাসম্পন্ন পোপের আবির্ভাব ঘটেনি। ধর্মাচরণে, নৈতিক মান রক্ষায়, শিক্ষা সংস্কৃতির অনুশীলনে চার্চের ভূমিকা বেদনাদায়ক হয়ে ওঠে এই সময়ে। ইতালির অভিজাতবর্গেরও পোপের প্রতি বিশেষ কোনো শ্রদ্ধা ছিল না। চার্চের ভূসম্পত্তি গ্রাস করতে তারা কোনো দ্বিধা অনুভব করতেন না। পিপিন বা শার্লমানের মতো কোনো শক্তিশালী রাজার শরণাগত হবার উপায় না থাকায় একের পর এক পোপ ইতালির বিভিন্ন অভিজাত গোষ্ঠীর সঙ্গে হাত মিলিয়ে আত্মরক্ষার চেষ্টা করতে থাকেন। এইভাবে ইতালির অভ্যন্তরীণ রাজনীতির পরিবেশের বশীভূত হয়ে পড়ে পোপতন্ত্র। খ্রিস্টান জগতের 'ত্রাতাগণ' ইতালির বিভিন্ন পরিবারের হাতের ক্রীড়নকে পরিণত হন। ৯৪৬-১০৪৮ খ্রিস্টাব্দের মধ্যে রোমের অভিজাতবর্গ জার্মান রাজাদের অন্যত্র ব্যস্ততার সুযোগে মাঝে মাঝে নিজেদের প্রার্থীদের পোপ পদে নির্বাচিত করতে সক্ষম হয়েছিলেন। এইভাবে নির্বাচিতদের মধ্যে সপ্তম বেনিডিক্ট-এর মতো সংস্কারক ও দ্বিতীয় সিলভেস্টার-এর মতো জ্ঞানী মানুষের সঙ্গে দুশ্চরিত্র, উচ্ছল এবং অক্ষম পোপও ছিলেন। এই সময়কালে পশ্চিম ইউরোপের বিভিন্ন অঞ্চলের চার্চগুলি থেকে পোপতন্ত্র প্রায় সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে পড়ে। প্রায় দেড়শো বছরের এই অবমাননা ও গ্লানিময় অস্তিত্ব রক্ষার পর ১০৪৬ খ্রিস্টাব্দে সম্রাট তৃতীয় হেনরীর আগ্রহে ও পৃষ্ঠপোষতায় পুনরায় শুরু হয় বিশুদ্ধিকরণ আন্দোলন। ধর্মগুরুকে তার স্বমহিমায় পুনঃপ্রতিষ্ঠার শুভ উদ্যোগ।

১৮.৫: ইনভেস্টিচ্যর সংগ্রাম

সম্রাট তৃতীয় হেনরীর রাজত্বকালে, রোমে পোপতন্ত্রের আত্মপ্রকাশের পথ উন্মুক্ত হয়ে যায়। ১০৫৯ খ্রিস্টাব্দে 'নির্বাচন অনুশাসন' প্রবর্তনের পর রোমের চার্চের সর্বোচ্চ পদটি থেকে রাজশক্তির ছায়াটুকুও নিশ্চিহ্ন হয়। পোপের মন্ত্রণা-পরিষদের সঙ্গে যুক্ত প্রায় পঞ্চাশ জন কার্ডিনালের উপর পোপ পদে চূড়ান্ত মনোনয়নের দায়িত্ব দেওয়া হয়। একাদশ শতকের ষাটের দশক থেকে নির্বাচিত পোপকে নিঃশর্তে স্বীকার করে নেওয়া ছাড়া সম্রাট বা রোমের জনগণের আর উপায় ছিল না। ১০৫৯ খ্রিস্টাব্দে পোপতন্ত্র রাজনীতির অঙ্গণে প্রবেশ করে। মেলফিতে পোপ দ্বিতীয় নিকোলাস রবার্ট গুইসকার্ড এবং ক্যাপুয়ার রিচার্ডের সঙ্গে এক চুক্তি করেন এই মর্মে যে দক্ষিণ ইতালিতে তারা যে সমস্ত ভূখণ্ড জয় করেছেন এবং সিসিলিতে যে সমস্ত অঞ্চল তাদের নিয়ন্ত্রণাধীন হতে চলেছে সেগুলিতে পোপ তাদের বিধিসম্মত পদ্ধতিতে স্থাপিত করবেন (invest), বিনিময়ে তারা পোপের প্রতি আনুগত্য স্বীকার করবেন ও পোপকে 'সেবার' প্রতিশ্রুতি দান করবেন। মেল্‌ফির চুক্তি দ্বারা পোপের নৈতিক ও আধ্যাত্মিক কর্তৃত্ব পশ্চিম ভূমধ্যসাগরের প্রবলতম শক্তিকে অবলম্বন করে সফল হওয়ার সুযোগ পেয়েছিল।

পোপ দ্বিতীয় আলেকজান্ডারের আমলে (১০৬১-৭৩) প্রতিদ্বন্দ্বীর সঙ্গে সংগ্রামের থেকে বেশি লক্ষণীয় হয়ে উঠেছিল অভ্যন্তরীণ সংস্কারের কাজ দ্রুততর করার প্রয়াস। ১০৭৩ খ্রিস্টাব্দে পোপ সপ্তম গ্রেগরী রূপে হিলডিব্রান্ডের নির্বাচনের সঙ্গে সঙ্গে সমস্ত খ্রিস্টান জগৎ আলোড়িত হয়ে উঠল ধর্মগুরু এবং সম্রাটের শক্তির প্রতিযোগিতায়। পোপতন্ত্রের সম্মান ও স্বার্থরক্ষার তাগিদে এই যাজক ছিলেন কূটনীতিতে সুদক্ষ এবং যে কোনো

আপোষ-প্রচেষ্টার বিরোধী। সমাজের আমূল পরিবর্তন, চার্চের বিশুদ্ধিকরণে তার আগ্রহ ছিল। অ্যাবট, প্রায়র প্রভৃতির নির্বাচনকে সর্বপ্রকার লৌকিক হস্তক্ষেপ থেকে মুক্ত করার যে আদর্শ ক্লনি মঠ থেকে পশ্চিম ইউরোপের সর্বত্র ছড়িয়ে পড়েছিল, তা সপ্তম গ্রেগরীকে অনুপ্রাণিত করেছিল। সপ্তম গ্রেগরীর রচনা 'Dictatus Papae' (১০৭৫)-র প্রতিটি বাক্য, ঘোষণা ও সিদ্ধান্ত খ্রিস্টান সমাজে পোপের অবিসংবাদিত শ্রেষ্ঠত্ব প্রমাণে ছিল মুখর। গ্রেগরীর দাবি ছিল যে সম্রাটকে সিংহাসনচ্যুত করার পূর্ণ এবং বৈধ অধিকার পোপের আছে। খ্রিস্টান জগতের সকল শাসককে নিয়ন্ত্রণ করা এবং অবাধ্য ও ধর্মভ্রষ্ট হলে তাঁদের অপসারিত করার পূর্ণ এবং বৈধ অধিকার পোপের আছে। খ্রিষ্টান জগতের সকল শাসককে নিয়ন্ত্রণ করা এবং অবাধ্য ও ধর্মভ্রষ্ট হলে তাদের অপসারিত করা তাঁর অধিকারভুক্ত বলেই তিনি ঘোষণা করেছিলেন। পোপের এই দাবির প্রতি তাৎক্ষণিক আনুগত্য এসেছিল কর্সিকা, সার্ডিনিয়া, আরাগন-এর শাসকদের কাছ থেকে তবে ফ্রান্স, ইংল্যান্ড, হাঙ্গেরী ও ডেনমার্কের শাসকবৃন্দ পোপতন্ত্রের এই নতুন ভূমিকাকে স্বীকৃতি দেন নি।

পোপপদে অভিষিক্ত হয়ে গ্রেগরী প্রতিটি চার্চে সিমনি এবং যাজকদের বিবাহ সংক্রান্ত বিধিনিষেধ পাঠান। বিবাহিত যাজকদের পক্ষে sacrament অনুষ্ঠান নিষিদ্ধ বলে ঘোষিত হয়। যাজক সম্প্রদায়ের উপর অবাধ কর্তৃত্ব স্থাপন করেই তৃপ্ত থাকা গ্রেগরীর স্বভাববিরুদ্ধ ছিল। তিনি যে খ্রিস্টান জগতের সর্বময় প্রভু-আধ্যাত্মিক এবং লৌকিক জীবনের একক নিয়ন্ত্রক এই দৃষ্টিভঙ্গি থেকে ক্ষমতালিপ্সু পোপের হাত শাসকবৃন্দের দিকে প্রসারিত হোল। ১০৭৫ খ্রিস্টাব্দে রোমে আহূত লেন্ট (Lent) সম্মেলনে সম্রাট চতুর্থ হেনরীর পাঁচজন প্রধান পরামর্শদাতার বিরুদ্ধে অভিযোগ এনে তাদের সমাজচ্যুত বলে ঘোষণা করলেন গ্রেগরী। ১০৭৫ খ্রিস্টাব্দের ফেব্রুয়ারিতে সপ্তম গ্রেগরী অযাজক সামন্তপ্রভু কর্তৃক যাজক সম্প্রদায়ের ক্ষেত্রে 'ইভেস্টিচ্যর' প্রথা এবং অনুষ্ঠান সম্পূর্ণরূপে নিষিদ্ধ করেন এবং এই আদেশকে কেন্দ্র করে শুরু হয় পোপ এবং সম্রাটের মধ্যে দীর্ঘস্থায়ী, রক্তক্ষয়ী এক সংগ্রাম। গ্রেগরীর মতে চার্চের অধীনস্থ সব কিছুই খ্রিস্ট ও সন্তদের সম্পত্তি এবং সেখানে হস্তক্ষেপ করার অর্থই হলো আধ্যাত্মিক শক্তির অবমাননা। 'ইনভেস্টিচ্যর' সংগ্রাম ব্যাপক রূপ ধারণ করে। অযাজক সম্প্রদায় বহুকাল ধরে ধর্মীয় প্রতিষ্ঠানের উপর যে সমস্ত মালিকানা, স্বত্ত্ব এবং অধিকার ভোগ করে আসছিল, তা সবই নাশ করতে উদ্যোগী হয়। শাসককুল এর ফলে এক অস্বাভাবিক সংকটের সম্মুখীন হয়।

রোমে আহূত লেনটেন (Lenten) ধর্ম সভায় চতুর্থ হেনরী সমাজচ্যুত বলে ঘোষিত হন। পোপ তার কাছ থেকে শাসনক্ষমতা কেড়ে নেন। অপরদিকে মেনজ-এ অনুষ্ঠিত সেন্ট পিটার এবং সেন্ট পল-এর এক স্মরণসভায় হেনরী পোপকে সমাজচ্যুত করেন। কিন্তু চতুর্থ হেনরী জার্মানিতে তার শক্তির মূল্যায়নে সক্ষম হন নি। স্যাক্সনী এবং দক্ষিণ জার্মানির যাজক এবং অযাজক বহু প্রভাবশালী সামন্ত-প্রভুকে সম্রাটপক্ষকে ত্যাগ করতে দেখা গেল। পোপ কর্তৃক চতুর্থ হেনরীর সিংহাসনচ্যুতির আদেশ ঘোষণার পর সম্রাটের বিরুদ্ধে বিদ্রোহ তারা বৈধ বলেই মনে করেন। শেষ পর্য্যন্ত চতুর্থ হেনরী ১০৭৭ খ্রিস্টাব্দে ২৫ জানুয়ারি পোপের নিকট ক্ষমাভিক্ষা করেন। একজন যাজক হিসাবে গ্রেগরী বাধ্য হন অনুতপ্ত ও ক্ষমাপ্রার্থীকে দয়া প্রদর্শন করতে। সম্রাট চতুর্থ হেনরী সম্ভবত আশা করেছিলেন যে তাঁর আত্মসমর্পণের এই ঘটনা বিদ্রোহী জার্মান সামন্তবর্গ ও পোপ পক্ষ অবলম্বনকারীদের মধ্যে স্থায়ী ব্যবধান সৃষ্টি করবে। কিন্তু সম্রাটের এই নিঃশর্ত নতি স্বীকার কাউকে খুশী করে নি।।

Geoffray Barracklough তাঁর (The Origins of Modern Germany) গ্রন্থে এই মত প্রকাশ

করেন যে একাদশ শতকের দ্বিতীয়ার্ধে পোপ সপ্তম গ্রেগরীর আদর্শ ও পরিকল্পনাকে কেন্দ্র করে পশ্চিম ইউরোপে গড়ে ওঠা আন্দোলনকে 'ইনভেস্টিচ্যর কনটেস্ট' আখ্যা দেওয়া সমীচীন নয় কারণ আন্দোলনটির ব্যাপকতার ইঙ্গিত বহন করে না। ধর্মীয় প্রতিষ্ঠান এবং তার সঙ্গে যুক্ত কিছু লৌকিক আচার অনুষ্ঠানের ত্রুটি সংশোধনের জন্য সপ্তম গ্রেগরী উদ্দীপিত হননি। খ্রিস্টীয় সমাজে 'right order' থাকা উচিত কিনা সে প্রশ্নকে গুরুত্ব না দিয়ে পোপ পক্ষীয়দের এই চিন্তাই ব্যস্ত রেখেছিল যে কিভাবে এই 'right order'-কে খ্রিস্টান জগতে প্রতিষ্ঠিত করা যায়। সমাজের এই নতুন বিন্যাসে পোপ যে সব থেকে শীর্ষে থাকবেন এ সম্পর্কে সপ্তম গ্রেগরী এবং তাঁর অনুগামীরা নিশ্চিত ছিলেন। এছাড়া গ্রেগরী পরিচালিত এই আন্দোলনের অপর এক তাৎপর্য্য ছিল পার্থিব বিষয় থেকে মুক্ত থাকার যে নীতি চার্চ এতদিন অনুসরণ করে এসেছিল, তা পরিত্যক্ত হলো। সপ্তম গ্রেগরীর লক্ষ্য ছিল লৌকিক জগতের প্রতি উদাসীন থেকে নয়, তাকে সম্পূর্ণরূপে খ্রিস্টের নিয়ন্ত্রণাধীনে এনে খ্রিস্টধর্মকে সমাজের একমাত্র নৈতিক ভিত্তি রূপে প্রতিষ্ঠা করা। তাঁর এই নীতির বাস্তব রূপায়ণে বাধার সৃষ্টি করেছিল সম্রাট অটো প্রবর্তিত শাসনব্যবস্থা যার ভিত্তি ছিল রাজ্যের সমস্ত চার্চের যাজকদের নিয়োগ-ব্যবস্থা রাজার ইচ্ছাধীনে রাখা। পোপ এবং সম্রাটপক্ষের পরস্পরবিরোধী নীতি একাদশ শতকের খ্রিস্টান জগতে সংঘাত অনিবার্য করে তুলেছিল। গ্রেগরী পরিচালিত 'right order' প্রতিষ্ঠার আন্দোলনের সাফল্য চার্চের উপর রাজন্যবর্গের ক্ষমতা লুপ্ত করার উপরই নির্ভরশীল ছিল। Barracklough লিখেছেন যে খ্রিস্টীয় সমাজে রাজতন্ত্রের স্থানের প্রশ্নকে কেন্দ্র করে সপ্তম গ্রেগরী এবং চতুর্থ হেনরীর তিক্ত সংঘর্ষের সূত্রপাত হয়েছিল। গ্রেগরী যে তাঁর অধিকারের সীমা লঙ্ঘন করেছেন তা প্রমাণ করার জন্য চতুর্থ হেনরী ঘোষণা করেছিলেন যে ঈশ্বরের নির্দেশ অনুসারে শাসক ইহলোক শাসন করার জন্য মনোনীত হয়েছেন, গ্রেগরী তাঁর বিনাশ করার দুঃসহ স্পর্ধা প্রকাশ করে ঈশ্বরের বিধান লঙ্ঘন করেছেন। কোনো ধর্মগুরু নয়—একমাত্র ঈশ্বরই শাসকের একমাত্র বিচারক। সম্রাট ও পোপের শক্তি পরীক্ষার প্রথম অধ্যায় ১০৭৭ খ্রিস্টাব্দে চতুর্থ হেনরীর আত্মসমর্পণের মধ্যে শেষ হলেও সংঘর্ষের কারণগুলি থেকেই গিয়েছিল।

১০৮৫ খ্রিস্টাব্দে সপ্তম গ্রেগরীর মৃত্যু হয় কিন্তু ইনভেস্টিচ্যর কনটেস্ট'-এর অবসান হয় নি। পরবর্তী পোপ তৃতীয় ভিক্টরের স্বল্পকাল স্থায়ী শাসনের পর ক্লুনির এক প্রাক্তন আশ্রমিক এবং গ্রেগরীর উগ্র সমর্থক দ্বিতীয় আরবান রূপে পোপ পদে বৃত হন ১০৮৮ খ্রিস্টাব্দে। এই সময়ে পোপকে সর্বাধিনায়ক করে এক খ্রিস্টান বহিনী গঠনের উদ্যোগ শুরু হয়। পোপতন্ত্রের এই উত্তরোত্তর ক্ষমতা বৃদ্ধির প্রেক্ষাপটে সম্রাট চতুর্থ হেনরীর সাফল্যের সম্ভাবনা ক্রমশ ক্ষীণ হয়। দ্বিতীয় আরবানের বিচক্ষণতা এবং ধর্মীয় বিষয়ে মধ্যপন্থা অবলম্বনের প্রবণতা তাঁকে জনপ্রিয় করে তোলে। ১০৯৫ খ্রিস্টাব্দে এক ধর্মীয় সম্মেলনে ইতালির বিশপরা তার নেতৃত্ব মেনে নেন।

চতুর্থ হেনরীর মৃত্যুর পর জার্মান বিশপদের 'invest' করার প্রশ্নটির মীমাংসা হয় নি। কূটবুদ্ধি সম্পন্ন নতুন জার্মান-রাজ পঞ্চম হেনরী রাজশক্তি বৃদ্ধির প্রয়োজনে রাজনীতিতে অভিজাতদের প্রাধান্য স্বীকার করেন। এর ফলে পোপতন্ত্রের বিরুদ্ধে নিজের শক্তি বৃদ্ধি পেলেও তাতে রাজস্বার্থ ক্ষুন্ন হয়। বিগত তিরিশ বছরে পোপতন্ত্রের সঙ্গে রাজার সংগ্রামের সুযোগে সামন্ত প্রভুরা জার্মানিতে যে সমস্ত ক্ষমতা ভোগ করে এসেছিলেন, পঞ্চম হেনরী তা স্বীকার করে নিতে বাধ্য হন। তবে পোপতন্ত্রের সঙ্গে শক্তির পরীক্ষায় রাজা আর একা ছিলেন না, তার পক্ষে ছিলেন সামন্তবর্গ। কিন্তু সামন্তবর্গের উপর নির্ভরশীলতার কারণে উদ্ভূত বিপদ পঞ্চম হেনরীকে পোপের সঙ্গে আপোষ মীমাংসায় আগ্রহী করে।

রাষ্ট্র ও চার্চের বিরোধ নিষ্পত্তির বিষয়ে ভূম্যধিকারীদের সক্রিয় ভূমিকা গ্রহণ এবং রাজা তাদের সমর্থন করায় 'ইনভেস্টিচ্যর' সংক্রান্ত দ্বন্দ্ব একটা নতুন মাত্রা পেয়েছিল। উভয় পক্ষ থেকে মনোনীত বারো জনের এক কমিশনের উপর মীমাংসার সূত্র রচনার দায়িত্ব দেওয়া হয়। ১১২২ খ্রিস্টাব্দে ২২ সেপ্টেম্বর কনকরডাট-অফ ওয়ার্মস'-এর ঐক্যমত অনুসারে রাজা যাজক-ভূস্বামীদের অঙ্গুরীয় এবং পালনীয়-দণ্ড (ring and staff) প্রদান করে প্রথাগত ইনভেস্টিচ্যর অনুষ্ঠান পালন থেকে বিরত থাকতে স্বীকৃত হন, পরিবর্তে রাজদণ্ডের আনুষ্ঠানিক ব্যবহার দ্বারা রাজা কর্তৃক বিশপকে 'regalia' অর্পণ করে 'invest' করার প্রথা মেনে নেন। অর্থাৎ সদ্য অভিষিক্ত বিশপকে রাজদণ্ড দ্বারা স্পর্শ করার প্রথা অব্যাহত রাখার প্রথা রাজা লাভ করেন। এই প্রথার দ্বারা এই তত্ত্ব ঘোষিত হলো যে নব নির্বাচিত বিশপরা তাদের অধীনস্থ এলাকায় যে সব রাজকীয় অধিকার প্রয়োগ করবেন তা একান্তভাবে রাজমহানুভবতা প্রসূত। বিশপ এবং অ্যাবটরা রাজার নিকট থেকে পাওয়া ভূসম্পত্তির জন্য তাঁর প্রতি আনুগত্য স্বীকারে বাধ্য থাকবেন এবং সম্পত্তি রক্ষণাবেক্ষণের ব্যাপারে তাঁরা রাজভৃত্যরূপে গণ্য হবেন। এ সিদ্ধান্তও ঘোষিত হয় যে জার্মানিতে সর্বপ্রকার যাজকীয় নির্বাচন রাজার ব্যক্তিগত প্রতিনিধির সম্মুখে অনুষ্ঠিত হবে। এর ফলে জার্মান চার্চের উপর রাজার নিয়ন্ত্রণ রক্ষার ব্যবস্থা হয়। ইতালি এবং বার্গান্ডিতে রাজস্বার্থ সংরক্ষণের চেষ্টা হলেও এই দুই স্থানে রাজার নিকটে বিশপ নির্বাচনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব দেওয়া হয় নি। রাজা এই ব্যবস্থা মেনে নিয়েছিলেন যে যাজকেরা বিশপ পদে উন্নীত হবেন এবং পদাভিষেকের ছয় মাসের মধ্যে রাজা তাদের 'regalia' প্রদান করবেন।

১৮.৬: ফলাফল

'ওয়ার্মস'-এর চুক্তির মাধ্যমে অর্ধ-শতাব্দীর সংগ্রাম শেষে সম্রাট এবং পোপ একটা মীমাংসায় আসতে পেরেছিলেন। এই সংঘর্ষের প্রত্যক্ষ ফল হিসাবে দেখা যায় যে সম্রাট তৃতীয় হেনরীর মৃত্যুর পর জার্মান সম্রাটদের নিয়ন্ত্রণাধীনে ছিল পোপতন্ত্র। হিলডিব্রান্ডের লক্ষ্য ছিল এই ভূমিকার আমূল পরিবর্তন এবং এই উদ্দেশ্যসাধনের জন্য তিনি যে সংগ্রামের সূচনা করলেন তার ফল হিসাবে দেখা গেল যে পোপ নয়, জার্মান রাজন্যবর্গ গ্রহণ করেছে জার্মানির শাসকের নিয়ন্ত্রকের ভূমিকা। জার্মান রাজশক্তির মর্য্যাদা উদ্ধারে চতুর্থ হেনরীর আজীবন সংগ্রাম সত্ত্বেও জার্মান রাজাদের পরাক্রমের পুনরুজ্জীবন আর সম্ভব ছিল না। সম্রাট চতুর্থ হেনরী এবং পোপ সপ্তম গ্রেগরীর বিরোধ যে ঘটনাস্রোতের সৃষ্টি করেছিল তার অভিঘাতে জার্মানির জাতীয় জীবন বিপর্য্যস্ত হয়। জার্মানির এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্য্যন্ত বিভিন্ন পক্ষের সেনাবাহিনীর অবিরাম আসা যাওয়ার ফলে সাধারণ মানুষের দৈনন্দিন জীবনযাত্রা ব্যাহত হয়, কৃষি উৎপাদন ও ব্যবসা-বাণিজ্য ক্ষতিগ্রস্ত হয়। পঁচাত্তর বছরের এই অন্তর্দন্দ্বে রাজশক্তি হীনবল হয়। বোহেমিয়া, বার্গান্ডি, প্রভাঁস, লোম্বার্ডি রাজ হস্তচ্যুত হয়। চতুর্থ হেনরীর উত্তরপুরুষদের পক্ষে জার্মানির অভ্যন্তরে রাজধর্ম পালনের দায়িত্ব পালন করা সম্ভব হয় নি। একটি স্থায়ী এবং নির্দিষ্ট শাসন কেন্দ্র না থাকায় শাসনব্যবস্থা প্রতিটি ক্ষেত্রে ব্যাহত হয়। ইংল্যান্ডে লন্ডন, ফ্রান্সে পারী ইতিমধ্যে রাজধানী রূপে সুপ্রতিষ্ঠিত হলেও গোসলার-কে জার্মানির রাজধানী হিসাবে গড়ে তোলার যে চেষ্টা চতুর্থ হেনরী করেছিলেন তা ফলপ্রসূ হয় নি। এখানকার অসংখ্য সামন্ত-রাজার অস্তিত্বের ফলে এই বিশাল ভূখণ্ডে বিকেন্দ্রীয় চরিত্র প্রকট হয়ে উঠেছিল। Barracklough-এর মতে, ইনভেস্টিচ্যর-সংক্রান্ত বিরোধই জার্মানিকে অতি দ্রুত এবং নিশ্চিতভাবে সামন্ততন্ত্রের সর্বগ্রাসী আওতার মধ্যে নিয়ে গিয়েছিল।

১৮.৭: অনুশীলনী

১। মধ্যযুগে ইউরোপে রোমান চার্চ ও পোপতন্ত্রের উত্থানের প্রেক্ষাপট আলোচনা করুন। পোপতন্ত্রের বিকাশে প্রথম গ্রেগরী-র (৫৯০-৬০৪) অবদান কি ছিল?

২। নবম থেকে দশম শতকের মাঝামাঝি সময়ে পোপতন্ত্রের মর্য্যাদাবৃদ্ধি এবং শক্তিসঞ্চয়ের কারণ কি ছিল?

৩। ইনভেস্টিচ্যর সংক্রান্তদ্বন্দ্ব আলোচনা করুন।

৪। টীকা লিখুন: (ক) সপ্তম গ্রেগরী, (খ) ওয়ার্মর্স-এর চুক্তি।

১৮.৮: গ্রন্থপঞ্জী

1. Barraclough Geoffrey—*The Origins of Modern Germany*– New York– 1963.

2. .....*The Medieval Papacy*– Harcourt– Brace & World– 1968.

3. নির্মলচন্দ্র দত্ত-মধ্যযুগের ইউরোপ, প্রথম খণ্ড, কলকাতা, ২০১৭।

পর্যায়-৬

একক - ১৯ : মঠজীবনবাদ

গঠন

১৯.০ : উদ্দেশ্য

১৯.১ : ভূমিকা

১৯.২ : মঠজীবনবাদ

১৯.৩ : সেন্ট বেনিডিক্টের বিধানাবলী

১৯.৪ : মঠজীবনবাদের সংস্কার : ক্লুনির অবদান

১৯.৫ : ক্লুনি নিয়ন্ত্রিত মঠজীবনবাদের সঙ্গে পোপতন্ত্রের নেতৃত্বাধীন সংস্কার আন্দোলনের সম্পর্ক

১৯.৬ : অনুশীলনী

১৯.৭ : গ্রন্থপঞ্জী

১৯.০ উদ্দেশ্য

এই এককের মাধ্যমে শিক্ষার্থীরা মধ্যযুগীয় সমাজ ও সংস্কৃতির বিকাশে মঠ জীবনবাদের অবদান সম্পর্কে অবগত হবে।

- উক্ত এককের অপর উদ্দেশ্য হল সেন্ট বেনেডিক্ট বিধি ও কুনির সংস্কার সমুহগুলি অনুধাবন করা।
- কুনির নিয়ন্ত্রিত মঠ জীবনবাদের সঙ্গে পোপতন্ত্রের নেতৃত্বাধীন যে সংস্কার আন্দোলন সংঘটিত হয়েছিল তা পর্য্যালোচনা করাও আলোচ্য এককের অন্যতম উদ্দেশ্য।

১৯.১: ভূমিকা

মধ্যযুগের সমাজ ও সংস্কৃতির বিকাশে মঠজীবনবাদের অবদান অনস্বীকার্য। লাতিন খ্রিস্টান রাজ্যগুলিতে অসংখ্য মঠকে কেন্দ্র করে ধর্মানুশীলন, সমাজ সেবা, বিদ্যাচর্চা ও চার্চের বহু বিচিত্র কর্মকাণ্ড পরিচালিত হয়েছিল। ত্যাগ ও সেবার প্রতীক এই মঠগুলি ছিল ধনী দরিদ্র সকল স্তরের মানুষের নিকট খ্রিস্টের বাণী পৌঁছে দেওয়ার মাধ্যম। পঞ্চম শতকের শেষার্ধে মঠজীবনবাদের উদ্গাতা রূপে নার্সিয়ার সেন্ট বেনিডিক্ট (St. Benedict)-এর আবির্ভাব ঘটে যার প্রয়াসে নির্জনতায়, স্বেচ্ছা-নির্বাসনে, কঠিন তপস্যার মধ্য দিয়ে মুক্তি অর্জনের পরিবর্তে ধর্মীয় সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হয়ে, সেবা ও বিদ্যানুশীলনের আদর্শ মঠবাসীদের মধ্যে সঞ্চারিত হয়। ৫২৯ খ্রিস্টাব্দে আশ্রমিকদের জন্য সেন্ট বেনিডিক্ট যে বিধানাবলী রচনা করেছিলেন, তা খ্রিস্টান জগতে সর্বাধিক প্রচারিত এবং শ্রদ্ধার সঙ্গে অনুসরণ

করা হয়েছিল। কিন্তু কালক্রমে যে বৈভব ও বৈষয়িক প্রতিষ্ঠা ত্যাগ করে মঠবাসীদের জীবন শুরু হয়েছিল, তাই তাদের জীবনে আসতে শুরু করে। শুধু বিশাল ভূসম্পত্তি নয়, তার সঙ্গে বিচিত্র দায় দায়িত্বে আকীর্ণ হয়ে ওঠে আশ্রমিকদের শান্ত, বৈভবহীন জীবন। এইভাবে সমস্ত লাতিন রাজ্যে বেনিডিক্টীয় মঠগুলি অতি অল্প সময়ের মধ্যে বিত্ত, ক্ষমতা ও স্বায়ত্তশাসনের উৎসে পরিণত হয়। ফলে বেনিডিক্টীয় মঠগুলি স্বাতন্ত্র ও বিশিষ্টতা হারিয়ে মধ্যযুগের অসংখ্য ধর্মীয় প্রতিষ্ঠানের অন্যতম হিসেবে অস্তিত্ব টিকিয়ে রাখে।

যে শুদ্ধ ও সংযত জীবনের আদর্শ বেনিডিক্টীয় সম্প্রদায়ের মধ্যে প্রতিফলিত হয়েছিল, তা নবম শতকেই অনেক অঞ্চলে ম্লান হতে শুরু হওয়ায় পশ্চিম ইউরোপের মূল ভূখণ্ডে বিধ্বস্ত মঠগুলির মধ্যে প্রেরণা সঞ্চার ও নূতন মঠ প্রতিষ্ঠার এক শুভ প্রচেষ্টা শুরু হয়। এই প্রচেষ্টার উৎস ছিল তিনটি নামুর-এর নিকট ব্রইন (Brogne) (৯২০), মেজ-এর নিকট গর্জ (Gorze), (৯৩৩) এবং বার্গান্ডির ক্লুনির মঠ (৯১০)। এদের মধ্যে ক্লুনির প্রভাব ছিল দীর্ঘস্থায়ী। ক্লুনির বিকাশ হয়েছিল স্বাধীনভাবে। খ্রিস্টান জগতের মঠগুলির সংস্কারের ক্ষেত্রে ক্লুনির সন্ন্যাসীরা বেনিডিক্টীয় বিধানের উপর বেশি গুরুত্ব দিয়েছিলেন। একাদশ ও দ্বাদশ শতকের খ্রিস্টান জগতের আধ্যাত্ম জীবনের কেন্দ্রে পরিণত হয়েছিল বার্গান্ডির এই আশ্রম। ক্লুনির দৃষ্টান্তে সাধারণ ধর্মীয় প্রতিষ্ঠানগুলির মধ্যে সুদূরপ্রসারী সংস্কারের প্রেরণা এসেছিল। তবে মধ্যযুগের প্রতিটি শুদ্ধিকরণ আন্দোলনের ও মঠজীবনবাদ প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সব সমস্যা প্রবল হয়ে দেখা দিয়েছিল, ক্লুনির ক্ষেত্রে তার ব্যতিক্রম হয় নি। একাদশ শতকে লক্ষ্য করা গিয়েছিল যে ইউরোপের বিভিন্ন অঞ্চলে ক্লুনির অধীন মঠগুলি বিশাল ভূসম্পত্তির অধিকারী হয়ে উঠেছে এবং ক্লুনি পরিণত হয়েছে বিষয় বৈভবে জর্জরিত একটি প্রতিষ্ঠানে।

এই এককে মধ্যযুগের সমাজ ও সংস্কৃতির বিকাশে মঠজীবনবাদের অবদান এবং এ ক্ষেত্রে এই বেনিডিক্টীয় সম্প্রদায় ও ক্লুনির মঠ-এর ভূমিকা আলোচিত হবে।।

১৯.২: মঠজীবনবাদ

মধ্যযুগের সমাজ ও সংস্কৃতির বিকাশে মঠবাসী খ্রিস্টান সন্ন্যাসীদের অবদান অনস্বীকার্য। লাতিন খ্রিস্টান রাজ্যগুলিতে অসংখ্য মঠকে কেন্দ্র করে ধর্মানুশীলন, সমাজ সেবা, বিদ্যাচর্চা ও চার্চের বহু বিচিত্র কর্মকাণ্ড পরিচালিত হয়েছিল। মঠগুলি ছিল ত্যাগ ও সেবার প্রতীক। ধনী দরিদ্র সকল স্তরের মানুষের নিকট খ্রিস্টের বাণী পৌঁছে দেওয়ার মাধ্যম ছিল এই মঠগুলি। মঠজীবনবাদের আদর্শ, বৈচিত্র্য এবং ব্যাপকতার জন্যই সম্ভবত মধ্যযুগীয় প্রতিষ্ঠান হলেও আজও মঠের প্রয়োজন অনুভূত হয়। ইউরোপের বহু অঞ্চলে দৈনন্দিন জীবনযাত্রার অঙ্গ হিসাবে আজও মঠজীবনবাদের অস্তিত্ব রয়েছে, খ্রিস্টান সমাজে তার আকর্ষণ ও আবেদন নিঃশেষ হয় নি।

Monk শব্দটির উৎপত্তি গ্রীক monakos (solitary বা নিঃসঙ্গ) থেকে। তবে পরবর্তীকালে ধর্মীয় প্রেরণায় কোনো প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত হয়ে নির্জনভাবে কৃচ্ছসাধনের মধ্য দিয়ে যারা সন্ন্যাস জীবন যাপন করতেন তারাই এই নামে চিহ্নিত হতেন। বৈরাগী খ্রিস্টভক্তরা বিষয় মগ্ন সমাজের স্পর্শ থেকে অব্যাহতি লাভের জন্য আকুল হয়েছিলেন, মুক্তির আশায় সমাজ-সংসার ত্যাগ করতে চেয়েছিলেন। সম্রাট কনস্টানটাইন খ্রিস্ট ধর্মে দীক্ষিত হওয়ার আগে থেকেই পূর্বাঞ্চলের চার্চের বহু খ্রিস্টভক্ত আলেকজান্দ্রিয়া, অ্যান্টিয়োক প্রভৃতি কোলাহলমুখর, বিষয়াসক্ত নগর ত্যাগ করে ঈশ্বর আরাধনা ও আত্মশুদ্ধির জন্য মিশর ও সিরিয়ার মরুপ্রদেশে নিঃসঙ্গতার মধ্যে আশ্রয়ের সন্ধান করেছিলেন।

খ্রিস্টধর্ম বৈধ বলে স্বীকৃতি পাওয়ার পর সমাজ-সংসার ত্যাগীর সংখ্যা বৃদ্ধি পেতে থাকে।

আত্মশুদ্ধি, কঠোর থেকে কঠোরতর কৃচ্ছতা সাধন ছিল খ্রিস্টান সন্ন্যাসীদের আদর্শ। পাপবোধ থেকে আত্মাকে নির্মল করার প্রচেষ্টায় সন্ন্যাসীদের আত্মনিগ্রহ এক চরম পর্যায়ে পৌঁছয়। St. Symon Stylite অপরিসর এক স্তম্ভের উপর তেত্রিশ বছর কাটানোর দৃষ্টান্ত স্থাপন করেছিলেন। মিশরের সেন্ট আইনী ধর্মানুশীলনের জন্য ৩১৫ খ্রিস্টাব্দে একটি আশ্রম প্রতিষ্ঠা করেছিলেন। ধীরে ধীরে প্রতীচ্যের বিভিন্ন অঞ্চল প্রার্থনা সঙ্গীতে মুখরিত হয়েছিল। পঞ্চম শতকের শেষার্ধে মঠজীবনবাদের উদ্গাতা রূপে নার্সিয়ার সেন্ট বেনিডিক্ট (St. Benedict)-এর আবির্ভাব ঘটল, যাকে সর্বযুগের এবং সর্বস্তরের মানুষ শ্রদ্ধা করে এসেছে।

১৯.৩: সেন্ট বেনিডিক্টের বিধানাবলী

খ্রিস্টীয় তৃতীয় থেকে ষষ্ঠ শতকের মুক্তি সাধকদের দুটি গোষ্ঠীতে বিভক্ত করা যায়। একটি গোষ্ঠী হল অ্যাঙ্কোরাইটস (Anchorites) সন্ন্যাসী যারা নিভৃত নিঃসঙ্গতার মধ্যে আধ্যাত্ম জীবন যাপনে বদ্ধপরিকর ছিলেন এবং অপর গোষ্ঠী হ ল সিনোবাইটস (Cenobites)—যারা সমাজ ত্যাগ করলেও যৌথভাবে ধর্মানুশীলনে মুক্তি পেতে চেয়েছিলেন। আনুষ্ঠানিক ধর্মাচরণ বা যাজক সম্প্রদায়ের মধ্যস্থতায় এরা কেউই বিশ্বাসী ছিলেন না। ক্রমশ অ্যাঙ্কোরাইটস গোষ্ঠীভুক্ত সন্ন্যাসীরা নিঃসঙ্গতা পরিহার করে গোষ্ঠীবদ্ধ জীবন যাপনে আগ্রহী হন। সন্ন্যাসীদের সংখ্যাবৃদ্ধির সঙ্গে সঙ্গে এঁদের মধ্যে শৃঙ্খলা রক্ষার জন্য বিধিবিধানের প্রয়োজনীয়তা অনুভূত হয়। প্যাকোমিয়াস ছিলেন এ বিষয়ে পথপ্রদর্শক। সেন্ট বেসিল (St. Basil) পূর্বাঞ্চলের মঠবাসীদের জন্য নিয়মাবলী রচনা করেন। পশ্চিম ইউরোপে সেন্ট বেনিডিক্ট (St. Benedict) এ বিষয়ে একই সঙ্গে শ্রেষ্ঠরূপে সম্মানিত হয়ে আছেন। ৪৮৯ খ্রিস্টাব্দে মধ্য ইতালির স্পোলেতোর এক সম্ভ্রান্ত পরিবারে বেনিডিক্ট জন্মগ্রহণ করেন। তারই প্রয়াসে নির্জনতায়, স্বেচ্ছা-নির্বাসনে, কঠিন তপস্যার মধ্য দিয়ে মুক্তি অর্জনের পরিবর্তে ধর্মীয় সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হয়ে, সেবা ও বিদ্যানুশীলনের সঙ্গে ধর্মানুশীলনের আদর্শ মঠবাসীদের মধ্যে সঞ্চারিত হোল।

৫২৯ খ্রিস্টাব্দে আশ্রমিকদের জন্য সেন্ট বেনিডিক্ট যে বিধানাবলী রচনা করেছিলেন, তা খ্রিস্টান জগতে সর্বাধিক প্রচারিত এবং শ্রদ্ধার সঙ্গে অনুসরণ করা হয়েছিল। বেনিডিক্টের অনুগামী ছাড়াও অন্য সম্প্রদায়ভুক্ত বহু সন্ন্যাসী এমনকী ক্লুনি মঠের আবাসিকরাও বেনিডিক্ট-এর আদর্শে অনুপ্রাণিত হয়েছিলেন। বেনিডিক্ট বলেছিলেন যে মঠজীবনের আপাত রিক্ততাকে সাগ্রহে বরণ করে ঈশ্বর আরাধনায় অবিচল থাকা মঠবাসীর পবিত্র কর্তব্য, খ্রিস্টের অতুলনীয় দুঃখ বেদনার অংশীদার হওয়াই এই পথের পাথেয়। বেনিডিক্ট-এর নীতিতে বিশ্বাসী বহু খ্রিস্টান সন্ন্যাসী মধ্যযুগের ধর্মীয় ও সমাজ জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। ব্রহ্মচর্য্য এবং কঠোর নিয়মানুবর্তিতার আদর্শে অনুপ্রাণিত সর্বস্বত্যাগী সন্ন্যাসীরা ইহলোককে পরিশ্রুত করার লক্ষ্যে পার্থিব সমস্ত ভোগ, সুখ, সম্মান অকাতরে পরিত্যাগ করেন, অনন্ত জীবনের জন্য নিজেদের প্রস্তুত করেন। এই সম্প্রদায় ছিলেন মানব কল্যাণে নিবেদিত। পরবর্তীকালে যে সমস্ত নবীনতর জাতি খ্রিস্টান রাজ্য গড়ে তুলেছিল তাদের এঁরাই দীক্ষিত করেছেন, উদ্বুদ্ধ করেছেন খ্রিস্টধর্মের পবিত্র আদর্শে এবং সুশিক্ষায় শিক্ষিত করে তুলেছেন। আত্মকেন্দ্রিক মুক্তি-সাধনার পরিবর্তে একই নিয়মাবদ্ধ সন্ন্যাসী সম্প্রদায় সৃষ্টি করে বেনিডিক্ট ধর্মানুশীলনের ক্ষেত্রে অর্থহীন, অকারণ আতিশয্য বিলুপ্ত করেছিলেন।

সেন্ট বেনিডিক্ট-এর আদর্শে বিশ্বাসী সন্ন্যাসীদের তিনটি পবিত্র শপথ গ্রহণ করা বাধ্যতামূলক ছিল। এগুলি হল—নিঃশর্ত আত্মবিলোপ, দারিদ্র এবং ব্রহ্মচর্য্য। এই তিনটি ব্রত আজীবন পালনের অঙ্গীকার করতে হতো, সামান্যতম বিচ্যুতি হলে আশ্রম থেকে বিতাড়িত হতে হতো। বেনিডিক্টের বিশ্বাস ছিল যে নিঃসংশয় বিশ্বাস, নিয়মানুবর্তিতা এবং দীনতা ছাড়া তপশ্চর্য্যা অসম্পূর্ণ থেকে যায়। মধ্যবিত্ত সন্ন্যাসীদের কাছে ঈশ্বরের প্রতিনিধি হিসাবে ঈশ্বরের বাণী পৌঁছে দেন। সুতরাং নিজের স্বাধীন অভিমত পরিত্যাগ করে তাঁর নির্দেশ পালন ছিল মঠজীবনের সংহতি ও পবিত্রতা রক্ষার অলঙ্ঘনীয় শর্ত। সেন্ট বেনিডিক্ট-এর বিধানে অত্যাশ্চর্য্য, অলৌকিক কিছু ছিল না, এতে গুরুত্ব দেওয়া হয়েছিল ঈশ্বরচিন্তা এবং প্রার্থনা আরাধনার উপর। সর্বসাধারণের জন্য প্রার্থনা অনুষ্ঠান ছাড়া প্রতিদিন শতবার, এমনকী রাত্রিতে ও দীর্ঘকাল প্রার্থনা করা সন্ন্যাসীদের অবশ্যপালনীয় কর্তব্য বলে বিবেচিত হোত। ঈশ্বরচিন্তা, প্রার্থনা-আরাধনা ছাড়াও শারীরিক পরিশ্রম অবহেলিত হয় নি। কৃষিকাজ, অসুস্থ ব্যক্তির সেবায় সন্ন্যাসীদের নিয়োজিত থাকতে হতো। দৈহিক শ্রমকে সমান গুরুত্ব দিয়ে আশ্রমিকদের নিজেদের খাদ্য উৎপাদনের দায়িত্ব নিজেদের হাতে তুলে নেওয়ার বিধি প্রবর্তন করে বেনিডিক্ট শ্রমের মর্য্যাদা বৃদ্ধি করেছিলেন এবং একই সঙ্গে উৎপাদনের ক্ষেত্রে নতুন নতুন আবিষ্কার, নতুন পদ্ধতি উদ্ভাবনের পথ ও প্রশস্ত করেছিলেন। শুধুমাত্র অজ্ঞ, অশিক্ষিত, নিরুৎসাহী কৃষকদের মধ্যে কৃষিকাজ সীমাবদ্ধ না রেখে বুদ্ধিমান, শিক্ষিত আশ্রমিকদেরও এর সঙ্গে যুক্ত করা হোল। এর ফলে মঠজীবনবাদ পশ্চিম ইউরোপের অর্থনৈতিক জীবনে পরিবর্তন আনতে সক্ষম হয়। তবে ধর্মগ্রন্থ পাঠ ও অনুশীলন এবং ধ্যান আশ্রমিকদের তৃতীয় কর্তব্য বলে বিবেচিত হলেও অশিক্ষিত সন্ন্যাসীদের ক্ষেত্রে এই নিয়ম বাধ্যতামূলক ছিল না। সহজ সরল বেনিডিক্ট-এর এই বিধানগুলি বিশ্লেষণ করে এই তথ্য স্পষ্ট হয় যে সন্ন্যাস জীবনের সঙ্গে মানুষের সেবা; বৈষয়িক বিষয়ের সঙ্গে যুক্ত থেকেও ঈশ্বরের চিন্তায় মগ্ন থাকা; অসহায়, দরিদ্র ও অজ্ঞ মানুষের মধ্যে থেকে পরম মুক্তির সন্ধানে ব্রতী হওয়া ছিল বেনিডিক্ট-এর বিধানের মর্মবাণী। এভাবেই তিনি মর্তে ঈশ্বরের রাজ্য প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। আধ্যাত্মিকতার সঙ্গে বাস্তবের এক সুষম সমন্বয় ঘটাতে পেরেছিলেন, সুবিন্যস্ত জীবনের আদর্শ তিনি তুলে ধরতে পেরেছিলেন ইউরোপের অগণিত বিভ্রান্ত মানুষের সামনে।

ক্যাসিনাতে প্রতিষ্ঠিত তার মঠের আশ্রমিকদের জন্য সেন্ট বেনিডিক্ট এই নিয়মাবলী প্রণয়ন করেছিলেন, কিন্তু এক্ষেত্রে সঙ্গে সঙ্গে সাফল্য অর্জন করেনি। পোপ প্রথম গ্রেগরী বা তাঁর অনুগামী সেন্ট আগস্টাইন বেনিডিক্ট-এর বিধান সমর্থন করেন নি। শার্লমানের রাজত্বের শেষ দিকে এগুলি দ্রুত জনপ্রিয় হয়ে ওঠে। ৮০০ থেকে ১১০০ খ্রিস্টাব্দএই দীর্ঘ তিন শতাব্দী সেন্ট বেনিডিক্ট-এর প্রণীত বিধানগুলি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে খ্রিস্টান জগতের সকল আশ্রমিকদের জীবন নিয়ন্ত্রিত করেছিল। দ্বাদশ শতকে বহু নতুন সন্ন্যাসী সম্প্রদায়ের আবির্ভাব ঘটলেও তারা বেনিডিক্ট-এর বিধান অস্বীকার করেন নি। প্রবল প্রতাপসম্পন্ন নরপতি থেকে শুরু করে সাধারণ কৃষক সকলেই সেন্ট বেনিডিক্ট-এর অনুগামী সন্ন্যাসীদের সাহায্যের জন্য এগিয়ে এসেছিলেন। সহজ সরল জীবনের উপর গুরুত্ব আরোপ ছিল বেনিডিক্ট-এর নির্দেশিত পন্থা। প্রার্থনার মধ্য দিয়ে, দিনের আহার সেই দিন সংগ্রহ করে নিষ্ঠার সঙ্গে পরিশ্রম করে সমস্ত জীবন অতিবাহিত করতে হবে সন্ন্যাসীকে। প্রতিটি দিনের মধ্যে কোনো পার্থক্য থাকবে না। সন্ন্যাসী কেবল এই বিশ্বাসে স্থির থাকবেন যে অতিক্রান্ত দিনটি তাকে পরম শান্তির দিকে এগিয়ে দিল।

বেনিডিক্ট-এর আদর্শের বাস্তব রূপায়নে ব্রতী হয়ে ঈশ্বরের মহিমা প্রকাশ করার প্রয়োজনে ক্রমবর্ধমান সন্ন্যাসীদের আবাস নির্মাণের জন্য ভক্তদের আনুকূল্যে গড়ে উঠল সুদৃশ্য ক্যাথিড্রাল, প্রাসাদোপম মঠগৃহ। এই সব

অট্টালিকা স্থাপত্য, ভাস্কর্য্য ও চিত্রকলার সংযোজনে সমৃদ্ধতর হলো। ধর্মগ্রন্থাদি পঠন পাঠন, পাণ্ডুলিপি প্রণয়ন, প্রার্থনা ও সঙ্গীত চর্চা দৈনন্দিন কার্য্যতালিকার অন্তর্ভুক্ত হওয়ায় এগুলি আগের মতোই সম্পন্ন হতে থাকল। সমস্ত লাতিন খ্রিস্টান জগতে বেনিডিক্টাইন মঠগুলি আধ্যাত্মিকতা ও শিক্ষা-সংস্কৃতির সজীব ও সৃষ্টিশীল কেন্দ্র হয়ে উঠল। অসংখ্য খ্যাত, স্বল্পখ্যাত খ্রিস্টান-সন্ন্যাসীর নিরলস সাধনায় বাইবেল, ইউরোপীয় দর্শন, ধর্মশাস্ত্র, ব্যাকরণ, বিজ্ঞান, আইন, গণিত, শাস্ত্র মৌলিক রচনায় সমৃদ্ধতর হয়ে উঠল। ধর্মানুশীলন এবং বিদ্যাচর্চার প্রতি সমান আগ্রহ লক্ষ্য করা গেল মঠবাসী সন্ন্যাসীদের মধ্যে। বিদ্যাচর্চার কেন্দ্ররূপে বেক (Bec)-এর খ্যাতি এমনভাবে বিস্তার লাভ করল যে ইউরোপের বিভিন্ন অঞ্চল থেকে বিদ্যার্থীরা এখানে এসে ভিড় করতেন। ল্যানফ্রাঙ্ক এবং অ্যান্সেল্ম বেকের শিক্ষক হিসাবে অতুলনীয় খ্যাতির অধিকারী হন। সেই সময়ের বুদ্ধিমান ও চিন্তাশীল ব্যক্তিগণ খ্যাত-অখ্যাত এই সব মঠের সঙ্গে সংযুক্ত হতেন। সাংসারিক বন্ধন থেকে মুক্ত হলেও দেশ ও দশের প্রয়োজনে এরা উদাসীন থাকেন নি এবং এই কারণে বেনিডিক্টীয় সন্ন্যাসীদের বহু ক্ষেত্রে রাজকার্য্যে পরামর্শদাতার ভূমিকায় দেখা যেত। ইউরোপীয় সভ্যতার এক অন্ধকারময় মুহূর্তে এই মঠগুলি ছিল বিভ্রান্ত মানুষের আশা ভরসার কেন্দ্র। নবাগত বিধর্মীদের খ্রিস্টধর্মে দীক্ষিত করা, লাতিন সভ্যতার আলোকে তাদের জীবন আলোকিত করার গুরুত্বপূর্ণ কাজে এই সন্ন্যাসীদের গুরুত্বপূর্ণ অবদান অনস্বীকার্য্য।

তবে সমাজের সর্বস্তরের মানুষের আশা আকাঙ্ক্ষা পূরণে এই সন্ন্যাসীদের উদ্যমের জন্য কৃতজ্ঞ মানুষের দানে এই মঠগুলি ভরে উঠেছিল। ফলে যে বৈভব ও বৈষয়িক প্রতিষ্ঠা ত্যাগ করে মঠবাসীদের জীবন শুরু হতো তাই তাদের জীবনে আসতে শুরু করে। শুধু বিশাল ভূসম্পত্তি নয়, তার সঙ্গে বিচিত্র দায় দায়িত্বে আকীর্ণ হয়ে উঠল আশ্রমিকদের শান্ত, বৈভবহীন জীবন। ইতিমধ্যে ইউরোপের মাটিতে সামন্ততন্ত্র স্পষ্ট আকার নেওয়ায় মঠগুলিকে উৎসর্গ করা এই সমস্ত ভূসম্পত্তির অধিকাংশ সামন্ততান্ত্রিক বিধি অনুসারে নিয়ন্ত্রিত হতে শুরু করল। জমির পরিবর্তে সেবা-র শর্তে ক্রমবর্ধমান এই ভূসম্পত্তি সামন্তবর্গের মধ্যে বণ্টিত হওয়ায় মঠের পরিচালকগণকে উধ্বতন প্রভুর সামরিক প্রয়োজনে সাহায্য দানেও বাধ্য হতে হলো। সংসারবিমুখ সন্ন্যাসীবৃন্দ গীর্জায় উপাসনা ও প্রার্থনার সঙ্গে সঙ্গে যোদ্ধা বাহিনী গড়ে তোলায় ও আঞ্চলিক শাসনব্যবস্থা পরিচালনার দায়িত্ব পালনে বাধ্য হন। এই নতুন দায়িত্বে ভারাক্রান্ত হোল আশ্রমিকদের সরল জীবন। সন্ন্যাসীরা রাজপ্রতিনিধিরূপে রাজনীতিতেও জড়িয়ে পড়লেন। এইভাবে সমস্ত লাতিন রাজ্যে বেনিডিক্টীয় মঠগুলি অতি অল্প সময়ের মধ্যে বিত্ত, ক্ষমতা ও স্বায়ত্তশাসনের উৎসে পরিণত হোল। বেনিডিক্ট-এর আদর্শে অনুপ্রাণিত হয়ে যে অনাড়ম্বর, সহজ সরল জীবনযাত্রায় মগ্ন হয়েছিলেন আশ্রমিকরা, তার থেকে বহুদূরে সরে এসেছিলেন একাদশ শতকের আশ্রমিকরা। কালক্রমে বেনিডিক্টীয় মঠগুলি স্বাতন্ত্র ও বিশিষ্টতা হারিয়ে মধ্যযুগের অসংখ্য ধর্মীয় প্রতিষ্ঠানের অন্যতম হিসাবে অস্তিত্ব টিকিয়ে রেখেছিল।

১৯.৪: মঠজীবনবাদের সংস্কার : ক্লুনির অবদান

যে শুদ্ধ ও সংযত জীবনের আদর্শ বেনিডিক্টীয় সম্প্রদায়ের মধ্যে প্রতিফলিত হয়েছিল, নবম শতকেই তা অনেক অঞ্চলে ম্লান হয়ে যায়। ইতিমধ্যে বর্বর আক্রমণ স্তিমিত হয়ে যাওয়ায় পশ্চিম ইউরোপের সমাজে কিছুটা স্থিতি ফিরে এলে ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ করে মঠবাসী সন্ন্যাসীদের মধ্যে শুদ্ধিকরণ ও প্রাতিষ্ঠানিক সংস্কারের প্রয়োজনীয়তা তীব্র হয়। নবম শতকের অনিশ্চয়তা, সমাজের সর্বস্তরে পরিব্যাপ্ত নৈরাজ্য আশ্রমবাসীদের জীবন স্পর্শ করায় শুদ্ধাচার, নিয়মশৃঙ্খলা বেশির ভাগ ক্ষেত্রে অস্পষ্ট স্মৃতিতে পরিণত হয়। মঠগুলি সামন্ততন্ত্রের প্রভাবের মধ্যে পড়ায় সামন্তপ্রভুরা মঠগুলিকে তাদের অন্যান্য বিষয়সম্পত্তির মতোই মনে করতেন। মঠজীবনবাদের এই অধঃ

পতিত অবস্থা লক্ষ্য করা গিয়েছিল পশ্চিম ফ্রাঙ্কিয়া, লোরেন, ফ্রান্স ও নেদারল্যান্ডসএ। ইংল্যান্ডে দশম শতকে যে শুদ্ধিকরণ আন্দোলন হয়, তাতে সেন্ট ডানস্টান, সেন্ট এথেলউলফ-এর ভূমিকার থেকে রাজা এডগার-এর ভূমিকা কম গুরুত্বপূর্ণ ছিল না। পশ্চিম ইউরোপের মূল ভূখণ্ডে বিধ্বস্ত মঠগুলির মধ্যে প্রেরণা সঞ্চার ও নতুন মঠ প্রতিষ্ঠার যে শুভ প্রচেষ্টা শুরু হয়েছিল তার উৎস ছিল তিনটি: নামুর-এর নিকট ব্রইন (Brogne, 920), মেজ-এর নিকটে গর্জ (Gorze, 933) এবং বার্গান্ডির ক্লুনির মঠ (৯১০)।

এদের মধ্যে ক্লুনির প্রভাব দীর্ঘস্থায়ী হলেও অন্য দুটি কেন্দ্রের সাধনায় কোনো ক্ষান্তি ছিল না। শুদ্ধ ও সংযত সন্ন্যাস জীবনের প্রতীক গর্জ-এর মঠ থেকে মঠজীবনবাদের নূতন প্রেরণা ছড়িয়ে পড়েছিল মেজ, কলোন, ভার্দুন ও তুল অঞ্চলে এবং ব্রইন-এর প্রভাব বিস্তৃত হয়েছিল ফ্লাদর ও সেন্ট ওমর হয়ে ইংল্যান্ডে। ক্লুনির আশ্রমিকরা গর্জ এবং ব্রইন-এর সন্ন্যাসীদের মতো বেনিডিক্ট সম্প্রদায়ভুক্ত ছিলেন এবং বেনিডিক্ট-এর বিধানাবলী বাস্তবায়িত করাই ছিল তাদের লক্ষ্য। প্রার্থনা ও ধ্যানে পরিপূর্ণ হয়েছিল ক্লুনির আশ্রমিকদের আধ্যাত্মজীবন। সর্বশক্তিমান ঈশ্বরের গৌরব কীর্তনের জন্য ক্লুনির আশ্রমিকদের যে আগ্রহ ও গভীর আন্তরিকতা প্রকাশ পেয়েছিল তা আর কোথাও হয় নি। ৯১০ খ্রিস্টাব্দে আঁকুতার ধর্মপ্রাণ ডিউক উইলিয়মের বদান্যতায় ক্লুনি অ্যাবির সৃষ্টি হয়েছিল। বেনিডিক্ট আদর্শে বিশ্বাসী সেন্ট বার্নো এই মঠের প্রথম অ্যাবট রূপে মনোনীত হন। ক্লুনির স্থাপয়িতার উদ্দেশ্য ছিল যে সেন্ট বেনিডিক্ট-এর বিধান অনুসারে আশ্রমে পুণ্যাত্মা সন্ন্যাসীরা আধ্যাত্মিক জীবনযাপন করবেন এবং এই কারণে শুরু থেকেই মঠটিকে সর্বপ্রকার লৌকিক নিয়ন্ত্রণমুক্ত হিসাবে ঘোষণা করা হয়। আশ্রমিকরা স্বাধীনভাবে নিজেদের অ্যাবট নির্বাচন করতেন এবং স্থানীয় বিশপ বা দেশের শাসকবৃন্দের ক্লুনির জীবনে প্রভাব বিস্তারের সামান্য সুযোগও ছিল না। রোম থেকে অনেক দূরে বার্গান্ডিতে স্থাপিত এই আশ্রমের উপর ফরাসিরাজ বা জার্মান সম্রাটের হস্তক্ষেপের সম্ভাবনা বেশি ছিল না। ক্লুনির তাই বিকাশ হয়েছিল স্বাধীনভাবে। প্রকৃতি ও পরিবেশের আনুকূল্য ছাড়া ক্লুনির খ্যাতির কারণ ছিল প্রথম দিকে পরপর কয়েকজন অ্যাবটের কুশলী নেতৃত্ব। এদের মধ্যে ছিলেন অডো (৯২৬-৪২), মায়োলাস (৯৫৩-৯৪) এবং ওডিলো (৯৯৩-১০৪৮)। ক্লুনির সাফল্যের অপর একটি কারণ ছিল তার সংবিধানের মধ্যে। প্রথম দিকে অ্যাবটের নির্বাচন হতো নামমাত্র। কর্মরত অধ্যক্ষ বেশিরভাগ ক্ষেত্রেই তাদের উত্তরসূরীকে মনোনীত করতেন। ফলে কর্মরত অধ্যক্ষ বেশিরভাগ ক্ষেত্রে তাদের উত্তরসূরীকে যোগ্য করে তোলার সুযোগ পেতেন। ক্লুনির কার্য্যক্রমে তাই কোনো ছেদ পড়ে নি।

প্রারম্ভিক পর্বে বেনিডিক্ট সম্প্রদায়ের আদি বৈশিষ্ট্যগুলি বজায় থাকলেও মঠের সন্নিহিত ক্ষেতখামারগুলিতে আশ্রমিকদের দৈহিক শ্রমদানের যে অবশ্যপালনীয় কর্তব্য ছিল, কুনির আবাসিকদের জীবনে তার পুনরাবির্ভাব ঘটেনি। প্রথম থেকেই ক্লুনি ছিল খ্রিস্টান সন্ন্যাসীদের একটি প্রতিষ্ঠান যেখানে আশ্রমিকরা প্রাত্যহিক জীবনে প্রার্থনা, ঈশ্বর আরাধনাকে বেনিডিক্ট-এর আদর্শ অনুসারে গুরুত্ব দিতেন। প্রত্যেক মঠবাসী প্রত্যহ ছয় থেকে সাত ঘণ্টা প্রার্থনায় মুখরিত থাকতেন।

আদর্শচ্যুত মঠবাসীদের মধ্যে বিশুদ্ধ ভগবৎ চিন্তায় উদ্বুদ্ধ করে ক্লুনি যুগের একটি প্রয়োজন সিদ্ধ করেছিল। সন্ন্যাসীর পবিত্র জীবনে উৎসর্গীকৃত বালকদের ধর্মশিক্ষা দান ক্লুনির মঠবাসীদের কর্মসূচীর অন্তর্ভুক্ত হওয়ায় এবং অন্তর্মুখীনতা ক্লুনির আশ্রমিকদের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হওয়ায় খ্যাতি ও প্রতিপত্তির শীর্ষদেশে পৌঁছেও ক্লুনি একাদশ শতকে পোপ ও সম্রাটের দীর্ঘ ও তিক্ত দ্বন্দ্বে সামান্যতম আগ্রহ দেখায় নি। পার্থিব শক্তি অর্জনে আগ্রহ ছিল না এই প্রতিষ্ঠানটির। সপ্তম গ্রেগরী ও চতুর্থ হেনরীর সংঘর্ষ সম্পর্কে অ্যাবট হিউ (১০৪৮-১১০৯) আশঙ্কা প্রকাশ করেছিলেন। ইনভেস্টিচ্যর সংক্রান্ত দ্বন্দ্বে অংশগ্রহণ ছিল ক্লুনির আশ্রমিকদের আদর্শবিরোধী।

লৌকিক জগতের প্রতি বিমুখ হলেও সমাজের বহু স্তরে ক্লুনির প্রাতিষ্ঠানিক বিশালত্বের প্রভাব পড়েছে। দ্বাদশ শতাব্দীর চতুর্দশ দশকে ক্লুনি ৪৬০ জন আশ্রমিক নিয়ে মধ্যযুগের বৃহত্তম মঠে পরিণত হয়েছিল। শেষপর্য্যন্ত দেখা যায় যে ১৪৫০টি মঠ নিয়ে গড়ে উঠেছিল ক্লুনির সুবিশাল এক পরিবার। এই মঠগুলির প্রতিটি ছিল ক্লুনির অধ্যক্ষের নিয়ন্ত্রণে। আশ্রমিকদের দৈনন্দিন জীবন, তাঁদের প্রায়র'দের নির্বাচন সবই ক্লুনির অ্যাবটের নির্দেশ পরিচালিত হতো। তুর্নের সেন্ট মার্টিন মঠের অ্যাবট হারমান (১১২৭-৩২) স্বীকার করেছিলেন যে ফ্রান্স ও ফ্লাঁদরে সকল মঠই ক্লুনির নির্দেশে পরিচালিত হতো। বেনিডিক্ট সম্প্রদায়ভুক্তদের স্বশাসিত এবং অপেক্ষাকৃত পরিচিত মঠগুলির পাশে এভাবেই গড়ে উঠেছিল একটি এক-কেন্দ্রিক, সুবিশাল সন্ন্যাসী সম্প্রদায়। প্রথম অধ্যক্ষ বার্নোর সময় থেকেই অন্যান্য বহু মঠের অধ্যক্ষ বা পৃষ্ঠপোষক তাঁদের প্রতিষ্ঠানের সংস্কার বা অন্য যে কোনো সমস্যার সমাধানের জন্য ক্লুনির শরণাপন্ন হতেন। ক্লুনির অ্যাবট অডো এই ধরনের সংকটে ত্রাতার ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন। বহুবার তিনি ফ্রান্স ও ইতালির নানা প্রান্তে তাঁর আশ্রমের বার্তা বহন করে নিয়ে গিয়েছিলেন। এছাড়া ইউরোপের বিভিন্ন প্রান্ত থেকে সমস্যা পীড়িত বহু মানুষ এই আশ্রমে এসে তাদের সমস্যা সমাধানের পথ অনুসন্ধান করেছেন। সেন্ট অডোর প্রভাবে সঞ্জীবিত মঠগুলির মধ্যে ছিল তুল, সার্য্যলাত, সেন্ট অ্যাগনেস, সেন্ট লরেন্স এবং সেন্ট মেরী-র মঠগুলি। ওডিলো ছিলেন ক্লুনির অপর এক অধ্যক্ষ যিনি উপাসনা পদ্ধতির সুষ্ঠু রূপ দানে, ধর্মশাস্ত্রের অনুশীলনে এবং শিল্প স্থাপত্যকে ধর্মীয় প্রতিষ্ঠানের মহিমা বৃদ্ধির কাজে ব্যবহার করার ব্যাপারে অসামান্য কৃতিত্বের অধিকারী। ব্যক্তিগত জীবনে সরলতা ও অনাড়ম্বরতার সমর্থক হলেও ঈশ্বরের ঐশ্বর্য্যের একটি আভাস ক্লুনির মধ্যে মূর্ত করে তুলতে চেয়েছিলেন।

খ্রিস্টান জগতের মঠগুলির সংস্কারের ক্ষেত্রে ক্লুনির সন্ন্যাসীরা বেনিডিক্টীয় বিধানের উপর বেশি গুরুত্ব দিয়েছিলেন। দশম ও একাদশ শতকের খ্রিস্টান সমাজে সমবেত প্রার্থনাই হয়ে উঠেছিল ধর্মচর্চার একটি প্রধান অঙ্গ। ধ্যান ও ধর্মশাস্ত্রচর্চাকে ক্লুনি খুব বেশি গুরুত্ব দেয়নি। এ বিষয়ে গর্জ-এর মঠগুলির সঙ্গে ক্লুনির পার্থক্য ছিল। উপাসনা, প্রার্থনাকে ধর্মজীবনের অগ্রভাগে নিয়ে আসার প্রবণতা গর্জ-এর ছিল এবং সেই সঙ্গে শাস্ত্রালোচনাকে বাদ দিতে চাননি গর্জের সন্ন্যাসীরা। তাই তার প্রভাবাধীন হার্সফিল্ড-এর মতো মঠ একাদশ শতকের সাংস্কৃতিক জীবনে প্রশংসনীয় ভূমিকা নিতে পেরেছিল। গর্জের প্রভাবাধীন অঞ্চল প্রধানত জার্মানি হলেও উত্তর ফ্রান্স, বেলজিয়াম, সুইজারল্যান্ড ও অষ্ট্রিয়ার কিছু কিছু মঠ ও তার অধীনস্থ ছিল। কুনির দ্বারা প্রভাবিত মঠগুলির অধিকাংশ ছিল দক্ষিণ ফ্রান্স ও বার্গান্ডিতে যদিও ব্রিটেন, ইতালি, বেলজিয়াম এবং স্পেনের বেশ কিছু মঠ ও ক্লুনির নেতৃত্ব স্বীকার করে নিয়েছিল। একাদশ শতকের শেষের দিকে ক্লুনির আদর্শ জার্মানির কোনো কোনো অঞ্চলে প্রসারিত হয়েছিল। একাদশ শতকের মাঝামাঝি সময়ে ক্লুনি নিয়ন্ত্রিত মঠের মধ্যে ছিল ১০০টি ব্রিটেনে, স্পেন ও ইতালিতে, আর ফ্রান্স ও বার্গান্ডিতে ছিল ৮০০-র বেশি। ব্রইন-এর প্রতিষ্ঠাতা ছিলেন জেরার্ড। মঠবাসীদের প্রকৃত খ্রিস্টভক্তের জীবনযাপনে উৎসাহিত করাই ছিল তার একমাত্র লক্ষ্য। তিনি ছিলেন বেনিডিক্টীয় আদর্শে বিশ্বাসী।

একাদশ ও দ্বাদশ শতকের খ্রিস্টান সমাজে ক্লুনির প্রভাব সম্পর্কে দ্বিমত নেই। খ্রিস্টান জগতের আধ্যাত্ম জীবনের কেন্দ্রে পরিণত হয়েছিল বার্গান্ডির এই আশ্রম। ক্লুনির দৃষ্টান্তে সাধারণ ধর্মীয় প্রতিষ্ঠানগুলির মধ্যে সুদূরপ্রসারী সংস্কারের প্রেরণা এসেছিল। ক্লুনি ছিল স্বশাসিত। লৌকিক ও প্রাতিষ্ঠানিক প্রভাব থেকে সম্পূর্ণভাবে মুক্ত। লোরেন-এর এক মঠবাসী সন্ন্যাসী হুমবার্ট পরবর্তীকালে কার্ডিনাল হয়ে সপ্তম গ্রেগরীর আমূল সংস্কারের সমর্থক হয়ে ওঠেন। সর্বপ্রকার যাজকীয় সম্পত্তি লৌকিক নিয়ন্ত্রণ-মুক্ত হোক এই ছিল হুমবার্টের দাবি। গৃহযুদ্ধ, আঞ্চলিক সংঘর্ষের

তিক্ততা ও বিভীষিকা হ্রাস করার জন্য ক্লুনির উদ্যোগ প্রশংসনীয়। ক্লুনির প্রভাবে বহু পরাক্রান্ত ভূস্বামী অন্তত শনিবার দ্বিপ্রহর থেকে রবিবার পূর্ণ দিন ব্যক্তিগত হানাহানি থেকে বিরত থাকার অভিপ্রায় ঘোষণা করেন। এই অঙ্গীকার ভঙ্গ করলে অপরাধীকে চার্চের পুণ্যস্পর্শ থেকে বিচ্ছিন্ন করা হবে, তার পারলৌকিক কর্মে চার্চ অংশ নেবে না, তার আত্মার শান্তিও কেউ কামনা করবে না—এই সতর্কতা বাণী ঘোষিত হয়।

কিন্তু এই মহত্বের পরিণতি ক্লুনি এড়াতে পারে নি। যে বৈভব ও ঐশ্বর্য্য ক্লুনির আধ্যাত্ম-সাধনার সঙ্গে অবিচ্ছেদ্য হয়ে উঠেছিল, ক্রমশ তাই তাকে বিরূপ সমালোচনার সম্মুখীন করেছিল। ইউরোপের বিস্তীর্ণ অঞ্চল জুড়ে স্পেন, লোম্বার্ড, ইংল্যান্ড এবং দক্ষিণ ফ্রান্স ও বার্গান্ডিতে যে অসংখ্য সুদৃশ্য অ্যাবট গড়ে উঠেছিল, তার মধ্যে সৌন্দর্য্য ও বৈভবের একটি স্পর্ধিত রূপ প্রকাশ পেয়েছিল। ক্লুনি মঠ দৃষ্টিনন্দন হলেও তার ঐশ্বর্য্যের আতিশয্য ভক্তের আত্মনিবেদনের পথ রোধ করেছিল বলে সেন্ট বার্নার্ড যে সমালোচনা করেছিলেন তার মধ্যে সেই সময়ের বহু ধর্মাত্মারও সমর্থন ছিল।

মধ্যযুগের প্রতিটি শুদ্ধিকরণ আন্দোলনের ও মঠজীবনবাদ প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সব সমস্যা প্রবল হয়ে দেখা দিয়েছিল, ক্লুনির ক্ষেত্রে তার ব্যতিক্রম হয় নি। দীনতা ও অনাড়ম্বরতা আশ্রয় করে ক্লুনির আধ্যাত্মজীবন পরিচালিত হয় নি। একাদশ শতকে লক্ষ্য করা গিয়েছিল যে ভক্তবৃন্দের দানে ইউরোপের বিভিন্ন অঞ্চলে ক্লুনির অধীন মঠগুলি সুবিশাল ভূসম্পত্তির অধিকারী হয়ে উঠেছে। মঠের বহুবিধ দায়িত্ব পালনের সঙ্গে যুক্ত হয়েছিল খেত খামারে খাদ্যশস্য উৎপাদন, সার্ফ নিয়ন্ত্রণ ও নানাবিধ সামন্ততান্ত্রিক কর্তব্যপালনের গুরুভার। ধর্মীয় প্রতিষ্ঠানকে সর্বপ্রকার লৌকিক কর্তৃত্বমুক্ত করার ব্রত নিয়ে যে আন্দোলন শুরু হয়েছিল, দ্বাদশ শতকে সেই আন্দোলনের স্বধর্মচ্যুতি ঘটে এবং ক্লুনি পরিণত হয় বিষয় বৈভবে জর্জরিত একটি প্রতিষ্ঠানে। তাই দ্বাদশ শতকের শেষার্দ্ধে মুক্তির আশায় ভিন্নতর কোনো পথের সন্ধানে মঠজীবনবাদকে আকুল হয়ে উঠতে দেখা গেল।

১৯.৫ : ক্লুনি নিয়ন্ত্রিত মঠজীবনবাদের সঙ্গে পোপতন্ত্রের নেতৃত্বাধীন সংস্কার আন্দোলনের সম্পর্ক

একাদশ শতকের মাঝামাঝি সময় থেকে পোপতন্ত্র সমস্ত খ্রিস্টান জগতে চার্চের সাংগঠনিক সংস্কারে ব্রতী হয় এবং পোপ সপ্তম গ্রেগরীর সময় (১০৭৩-৮৫) তা পরিপূর্ণ রূপ গ্রহণ করে। প্রধানত তিনটি কারণে ক্লুনির সঙ্গে এই আন্দোলনকে যুক্ত করা হয়। এগুলি হল—দুটি আন্দোলনই ছিল সমসাময়িক, সমস্ত পশ্চিম ইউরোপে ক্লুনির প্রগাঢ় প্রভাব এবং অন্যান্য বহু সংস্কারকের মতো পোপ সপ্তম গ্রেগরীও ছিলেন ক্লুনির আশ্রমিক। গ্রেগরীর সকল প্রেরণার উৎস ছিল ক্লুনি। কিন্তু প্রেভিটে অরটন লিখেছেন যে ক্লুনির অ্যাবট হিউ পোপ এবং শাসকবর্গকে দ্বন্দ্বে লিপ্ত হওয়ার পরিবর্তে তাদের মনোভাবের পরিবর্তন শ্রেয় বলে মনে করতেন। দশম ও একাদশ শতকে ক্লুনিকে কেন্দ্র করে যে দীর্ঘস্থায়ী উদ্যোগ সমসাময়িক ইউরোপীয় সমাজকে শ্রদ্ধাবনত করে রেখেছিল, তা ছিল মঠজীবনবাদের একটি প্রকাশ। আশ্রমিকদের নিয়ে শুরু হয়েছিল তার যাত্রা এবং সমসাময়িক হওয়া ছাড়া গ্রেগরীর নেতৃত্বাধীন 'ইনভেস্টিচ্যর' সংক্রান্ত সংঘর্ষের সঙ্গে তার সম্পর্ক ছিল না। ক্লুনির অসাধারণ সাংগঠনিক সংহতি, কেন্দ্রনির্ভর প্রশাসনিক ব্যবস্থা উচ্চাকাঙ্ক্ষী পোপদেরও অভিভূত করেছিল, ক্লুনি তাদের আদর্শে পরিণত হয়েছিল। লক্ষ্য, মতবাদ ও কর্মপদ্ধতির অভিন্নতার যে আদর্শ ক্লুনি স্থাপন করেছিল, তাই পথ প্রদর্শন করেছিল চার্চের সংস্কারকদের। এছাড়া দেশের শাসক বা আঞ্চলিক ভূস্বামীর হস্তক্ষেপ থেকে ক্লুনি ও তার অসংখ্য শাখা প্রশাখাগুলিকে সম্পূর্ণরূপে মুক্ত রাখার যে দৃষ্টান্ত স্থাপিত হয়েছিল তার সূত্র ধরে সপ্তম গ্রেগরী ও তাঁর অনুগামীরা রোমান চার্চকে সর্বপ্রকার

লৌকিক শক্তির নিয়ন্ত্রণমুক্ত, সম্রাট ও সামন্তপ্রভুর প্রাধান্য মুক্ত করার প্রেরণা লাভ করেছিলেন। ক্লুনির আদর্শের এই দিকটি পোপতন্ত্র কর্তৃক গৃহীত হয়ে একটি সর্ব ইউরোপীয় রূপ লাভ করেছিল।

১৯.৬: অনুশীলনী

১। মধ্যযুগের সমাজ ও সংস্কৃতির বিকাশে মঠজীবনবাদের অবদান কি ছিল?

২। সেন্ট বেনিডিক্টের বিধানাবলীর একটি সংক্ষিপ্ত পরিচয় দিন। বেনিডিক্টের আদর্শের বাস্তব রূপায়ন কি সম্ভব হয়েছিল ?

৩। মঠজীবনবাদের সংস্কার সাধনে ক্লুনির অবদান আলোচনা করুন।

৪। ক্লুনি নিয়ন্ত্রিত মঠজীবনবাদের সঙ্গে পোপতন্ত্রের নেতৃত্বাধীন সংস্কার আন্দোলনের সম্পর্কের পরিচয় দিন।

১৯.৭ : গ্রন্থপঞ্জী

1. Barraclough Geoffrey—*The Medieval Papacy*– Harcourt– Brace & World– 1968.

2. Cardinal Gasqet—The Rule of St. Benedict– New York.

3. Frederic P. Miller and others—Cluniac Reforms.

4. নির্মলচন্দ্র দত্ত-মধ্যযুগের ইউরোপ, প্রথম খণ্ড, কলকাতা, ২০১৭।

পর্যায়-৭

একক ২০ ❐ উপজাতীয় পটভূমি, উম্মাহ, খিলাফত রাষ্ট্র , সুলতানদের উত্থান

গঠন

২০.০ উদ্দেশ্য

২০.১ উপজাতীয় পটভূমি (**The Tribal background**)

২০.১.১ সূচনা

২০.১.২ আরবের বিভিন্ন জাতিসমূহ

২০.১.৩ আইয়ামে জাহেলিয়া

২০.১.৪ আরবের অধিবাসী

২০.১.৫ বেদুইনদের সামাজিক জীবন

২০.১.৬ প্রাক ইসলাম আরবের ধর্মীয় অবস্থা

২০. ১.৭ প্রাক ইসলামিক আরবের সংস্কৃতিক অবস্থা

২০.১.৮ প্রাক ইসলামিক আরবের অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা

২০.১.৯ উপসংহার

২০.১.১০ নির্বাচিত প্রশ্নাবলী

২০.১.১১ নির্বাচিত গ্রন্থপঞ্জী

২০.২ উম্মাহ (ummah)

২০.২.১ সূচনা

২০.২.২ উম্মাহ সম্প্রদায়

২০.২.৩ উম্মাহ সম্প্রদায়ের গুরুত্ব

২০.২.৪ উপসংহার

২০.২.৫ নির্বাচিত প্রশ্নাবলী

২০.২.৬ নির্বাচিত গ্রন্থপঞ্জী

২০.৩ খিলাফত রাষ্ট্র (**Caliphal state**)

২০.৩.১ সূচনা

২০.৩.২ খিলাফতে রাশেদা

২০.৩.৩ প্রথম খলিফা আবুবকর

২০.৩.৪ দ্বিতীয় খলিফা : হজরত উমর

২০.৩.৫ তৃতীয় খলিফা হজরত উসমান

২০.৩.৬ চতুর্থ খলিফা হজরত আলি

২০.৩.৭ পবিত্র খলিফাদের আমল

২০.৩.৮ উমাইয়া খিলাফত

২০.৩.৮.১ মুয়াবিয়া

২০.৩.৮.২ ইয়াজিদ

২০.৩.৮.৩ মারওয়ান

২০.৩.৮.৪ আব্দুল মালিক

২০.৩.৮.৫ প্রথম ওয়ালিদ

২০.৩.৮.৬ উমাইয়া খিলাফতের আমল

২০.৩.১০ আব্বাসীয় খলিফাদের আমল

২০.৩.১০.১ আলমানসুর

২০.৩.১০.২ আল মাহদী

২০.৩.১০.৩ হারুন-উল-রশীদ

২০.৩.১০.৪ আল- মামুন

২০.৩.১০.৫ পরবর্তী আব্বাসীদ খলিফা

২০.৩.১০.৬ আব্বাসীদ খলিফাদের আমল

২০.৩.১০.৭ উপসংহার

২০.৩.১১ নির্বাচিত প্রশ্নাবলী

২০.৩.১২ নির্বাচিত গ্রন্থপঞ্জী

২০.৪ সুলতানদের উত্থান (**The Rise of Sultanates**)

২০.৪.২ সুলতান শব্দটির ইতিহাস

২০.৪.৩ স্বাধীন রাষ্ট্রের উৎপত্তি

২০.৪.৪ সুলতানি যুগের বিভিন্ন পর্য্যায়

২০.৪.৫ বুয়াহিদ বংশ

২০.৪.৬ সামানিদ বংশ

২০.৪.৭ গজনবী বংশ

২০.৪.৮ দিল্লির সুলতান

২০.৪.৯ সেলজুক বংশ

২০.৪.১০ সেলজুক বংশের অবদান

২০.৪.১০.১ সুসংহতকরন

২০.৪.১০.২ সামাজিক অবদান

২০.৪.১০.৩ ধর্মীয় অবদান

২০.৪.১০.৪ প্রশাসনিক অবদান

২০.৪.১০.৫ সাংস্কৃতিক অবদান

২০.৪.১০.৬ স্থাপত্য শিল্পের অবদান

২০.৪.১১.মোঙ্গল বংশ

২০.৪.১১. ১ মধ্য এশিয়ার চাখতাই বংশ

২০.৪.১১.২ তৈমূরীয় বংশের পতন

২০.৪.১১.৩ তৈমূরীয় বংশের অবদান

২০.৪.১২ মামলুক বংশ

২০.৪.১২.১ মামলুক বংশের ইতিবৃত্ত

২০.৪.১২.২ মামলুকদের শ্রেণিবিভাগ

২০.৪.১২.৩ বাহরি মামলুক বংশ

২০.৪.১২.৩.১ ইজুদ্দিন আইবক

২০.৪.১২.৩.২ কুতুয

২০.৪.১২.৩.৩ বায়োবার্স

২০.৪.১২.৪ বুরজি মামলুক বংশ

২০.৪.১২.৫ মামলুক রাজবংশের অবদান

২০.৪.১২.৫.১ জ্ঞান-বিজ্ঞান চর্চা

২০.৪.১২.৫.২ গল্পকথন ও ক্রীড়া প্রেম

২০.৪.১২.৫.৩ ছায়ানাট্য

২০.৪.১২.৫.৪ স্থাপত্যশিল্প

২০.৪.১৩ সাফাভিদ বংশ

২০.৪.১৩.১ সূচনা

২০.৪.১৩.২ শাহ ইসমাইল

২০.৪.১৩.২.১ রাজ্যবিস্তার

২০.৪.১৩.২.২ তুর্কি পারস্য সংঘর্ষ

২০.৪.১৩.২.৩ কৃতিত্ব

২০.৪.১৩.৩ শাহ তাহমাসপ

২০.৪.১৩.৩.১ চরিত্র ও কৃতিত্ব

২০.৪.১৩.৪ শাহ দ্বিতীয় ইসমাইল

২০.৪.১৩.৫ শাহ মহম্মদ খুদাবান্দা

২০.৪.১৩.৬ মহামতি শাহ আব্বাস

২০.৪.১৩.৬.১ কৃতিত্ব

২০.৪.১৩.৭ পরবর্তী সাফাভিদ শাসকগণ

২০.৪.১৩.৮ সাফাভিদ বংশের পতন

২০.৪.১৩.৯ সাফাভিদ বংশের অবদান

২০.৪.১৪ অটোমান তুর্কি

২০.৪.১৪.১ সূচনা

২০.৪.১৪.২ ওসমান

২০.৪.১৪.৩ প্রথম বায়োজিদ

২০.৪.১৪.৪ মহামতি সোলায়মান

২০.৪.১৪.৪.১ রাজ্য সম্প্রসারণ

২০.৪.১৪.৫ অটোমান সাম্রাজ্যের পতন

২০.৪.১৪.৬ অটোমান সংস্কৃতির অবদান

২০.৪.১৪.৬.১ রাজকীয় প্রতিষ্ঠান

২০.৪.১৫ উপসংহার

২০.৪.১৫ নির্বাচিত প্রশ্নাবলী

২০.৪.১৫ গ্রন্থপঞ্জী

২০.০ উদ্দেশ্য

- আলোচ্য এককের প্রথম উদ্দেশ্য হল শিক্ষার্থীদের প্রাচীন আরবের বিভিন্ন উপজাতি বিশেষত বেদুইনদের জীবনধারন পদ্ধতি সমন্ধে সম্যক ধারনা প্রদান করা।
- হজরত মহম্মদের অনুগামী হিসাবে পরিচিত "উম্মাহ" সম্প্রদায় কিভাবে পরিচিতি ও স্বীকৃতি লাভ করে - সেই বিষয়টি সম্পর্কে আলোকপাত করা উক্ত এককের অপর উদ্দেশ্য।
- মহম্মদের মৃত্যুর পর কিভাবে খিলাফত রাষ্ট্রের জয়যাত্রার সূচনা হল তা বিশ্লেষণ করা এই এককের আর একটি উদ্দেশ্য।
- উমাইয়া ও আব্বাসীদ খিলাফতের হাত ধরে কিভাবে মুসলিম রাষ্ট্রের অগ্রগতির কাহিনী ও স্থান পেয়েছে আলোচ্য এককে।
- আব্বাসীদ খিলাফতের শেষ লগ্নে উদীয়মান বিভিন্ন আঞ্চলিক রাষ্ট্র বা সুলতানদের অস্তিত্ব ও কর্তৃত্বের ইতিহাস সম্পর্কে শিক্ষার্থীদের অবগত করা এই এককের সর্বশেষ উদ্দেশ্য।

২০.১ উপজাতীয় পটভূমি (The Tribal Background)

২০.১.১ সূচনা

এশিয়ার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত পৃথিবীর দীর্ঘতম উপদ্বীপে ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মহম্মদ জন্মগ্রহণ করলে আরবের শুষ্ক, উষ্ণ মরুভূমি আধ্যাত্মিক স্পর্শে নতুন দিশা পায়। মহানবীর জন্মের দুই শতাব্দীর মধ্যে নিকট প্রাচ্যে

প্রসারিত হয় এক নতুন সভ্যতা ও সংস্কৃতির, বিস্তার ঘটে ইসলামের। শুধু তাই নয় গ্রীক ও রোমান সংস্কৃতির ধারায় পরিপুষ্ট আরবীয়রা এই সংস্কৃতির নির্যাস পৌঁছে দিয়েছিল মধ্যযুগের ইউরোপের বিদগ্ধ মহলের হাতে। আর এই দীপ্তবুদ্ধি পরিক্রমাই উত্তরকালে প্রতীচ্যে আনে নবজাগরণের আশ্বাস। এছাড়া আজ-ও যদি বিশ্বের মানচিত্রের দিকে চোখ রাখি তাহলে দেখব যে, ইসলাম আজ শুধু একটি ধর্ম নয়, জীবন্ত বিশ্বাস।

আরব বলতে সাধারণত মানচিত্রে উত্তরে সিরিয়া ও প্যালেস্টাইন, পূর্বে পারস্য উপসাগর, দক্ষিণে আরব সাগর এবং পশ্চিমে লোহিতসাগর দ্বারা বেষ্টিত বৃহৎ ভূখণ্ডকে বুঝি। তবে এক্ষেত্রে একটি চিরাচরিত ধারণা প্রচলিত ছিল যে, এই উপদ্বীপের বেশিরভাগ অধিবাসী স্থায়ী সমাজ থাকে নিজেদেরকে বিচ্ছিন্ন করে রেখেছিল। কিন্তু বর্তমান গবেষণা থেকে এ বিষয়টি স্পষ্ট ভাবে প্রমাণিত যে, আরব ভূখন্ডের অধিবাসীদের সঙ্গে মধ্যপ্রাচ্যের নিয়মিত যোগাযোগ ছিল। অবশ্য এক্ষেত্রে বলা যায় যে, ভৌগলিক ও রাজনৈতিক চৌহদ্দির অনুপস্থিতির দরুন উক্ত ভূখণ্ড-দ্বয়ের ভাব বিনিময় সহজতর হয়েছিল। অবশ্য এর পাশাপাশি কিছু ভ্রমণকারী, ধর্মযাজক ও বণিক সম্প্রদায়ের সমাগম ঘটে যারা এই উপদ্বীপকে ধর্মীয় ভাবাদর্শ অর্থাৎ একেশ্বরবাদী ধর্মমতের পাশাপাশি বিলাসিত দ্রব্যের স্বাদ আস্বাদন করেছিল। তাছাড়া আরব সীমানার চারপাশে কতগুলি সার্বভৌম শক্তির উপস্থিতি বিদ্যমান ছিল। যাদের মধ্যে বাইজানটাইন ও সাসানীয় সাম্রাজ্যের সংঘাতের প্রভাব আরব উপদ্বীপে অনুভূতি হয়েছিল। শুধু তাই নয় এই পরস্পর বিরোধী শিবিরে ভাড়াটে সৈন্য হিসাবে আরববাসীকে যোগ দিতে হয়েছিল। সুতরাং এখান থেকে একথা স্পষ্ট যে, আরবে যে ইসলামিক সভ্যতা গড়ে উঠেছিল তার মধ্যে মধ্যপ্রাচ্যের সমাজজীবনের কতগুলি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যের সমাবেশ লক্ষ্য করা যায়।

ইসলামীয় সভ্যতার সাধারণ কতগুলি বৈশিষ্ট্য আরবজাতি সমসাময়িক অন্যান্য সভ্যতার সঙ্গে ভাগ করে নিয়েছিল, যা সহজেই দৃষ্টিগোচর হয়। এ প্রসঙ্গে বলা যায়, নগরগুলিতে যে মার্কেন্টাইল অর্থনীতি গড়ে উঠেছিল তার ফলে ধর্মীয় ধ্যান ধারণার উন্নতি ঘটে। যার দরুন আঞ্চলিক ও সঙ্কীর্ণ ধর্মীয় দৃষ্টিভঙ্গির পরিবর্তে ধর্মীয় ভাবধারা এক নগর থেকে অন্য নগরে প্রসার লাভ করেছিল। বাইজানটাইন সাম্রাজ্যের খ্রিস্টধর্ম ও সাসানীয় সাম্রাজ্যের জরাথুষ্ট ধর্মাম্বলী মানুষ থাকলে ও ইসলাম ধর্ম ঘনিষ্ঠভাবে তার রাজনৈতিক ও ধর্মীয় কর্তৃত্ব বজায় রাখতে সক্ষম হয়েছিল তার ভৌগলিক সম্প্রসারণের সঙ্গে। পাশাপাশি একথাও ঠিক যে, খ্রিস্টান, ইহুদি ও জরাথুষ্টীয় ধর্মমতের সাথে ইসলাম ধর্মের সাদৃশ্য হল একেশ্বরবাদ। এই এক ও অদ্বিতীয় ঈশ্বরের প্রতি জনগণের বিশ্বাসকে কোন ভৌগোলিক সীমারেখার মধ্যে আটকানো যায় না কারণ ইসলামিক সাম্রাজ্যের সম্প্রসারণ এর সঙ্গে সঙ্গে ইসলাম ধর্মাম্বলীদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে।এই আরব ভূমিতে ইসলামের উত্থান ও প্রসার সম্পর্কে জানতে হলে বহু বিশ্বস্ত উৎস আছে। কিন্তু আধুনিক ঐতিহাসিকরা এই উৎসগুলির গ্রহণযোগ্যতা নিয়ে অনেক ক্ষেত্রেই সংশয় প্রকাশ করেছেন।

অত্যন্ত শুষ্ক ও গ্রীষ্মপ্রধান দেশগুলির মধ্যে আরব উপদ্বীপ অন্যতম। বিস্তীর্ণ এলাকাজুড়ে মরুভূমি ও শুষ্ক তৃণভূমির প্রাধান্য বেশি। উপকূল এলাকা ছাড়া বৃষ্টিপাতের স্বল্পতা চোখে পড়ে, তাছাড়া কোনও গুরুত্বপূর্ণ নদী নেই যেটি বারোমাস প্রবাহিত হয়। নদীর পরিবর্তে আছে বেশি কিছু স্রোতস্বিনী, যেগুলি আবার বৃষ্টি না হলে সেগুলি জলশূন্য থাকে। তা সত্ত্বেও বলা যায় যে, এই স্রোতস্বিনী এবং মরুদ্যান হল রুক্ষ জীবনযাত্রায় আরববাসীদের অভিযোজন করার জীবনরেখা। তাছাড়া এখানকার মরুদ্যানকে কেন্দ্র করে বেশ কিছু ইতস্তত ও বিক্ষিপ্ত জনবসতি এবং হাতেগোনা কয়েকটি শহর গড়ে উঠেছিল।

১) আরবের মধ্যভাগে যে মরুভূমি আছে তা নাজিদ নামে পরিচিত।

২) নাজিদের সঙ্গে সিরিয়ার মরুভূমি নাফুদ মিশেছে যা উত্তর ও উত্তরপূর্ব দিকে প্রসারিত।

৩) আরব ভূমির পশ্চিমভাগে শুষ্ক অঞ্চল হেজাজ নামে পরিচিত, যেখানে মক্কা ও মদিনা শহর অবস্থিত।

৪) এই উপদ্বীপের দক্ষিণ পশ্চিম ভাগ ইয়েমেন নামে পরিচিত, যেখানে বৃষ্টিপাতের আধিক্যের কারণে স্থায়ী কৃষিভিত্তিক সমাজ ব্যবস্থা গড়ে উঠেছে।

৫) আরব ভূমির দক্ষিণ-পূর্ব অংশ যেটি পারস্য উপসাগরের মুখে অবস্থিত ও সমান নামে পরিচিত, এখানকার জলবায়ুতে তুলনামূলক শুষ্কতা কম।

এই প্রাকৃতিক পরিবেশ আরববাসীর মনের উপর অপরিসীম প্রভাব বিস্তার করেছে। প্রতিকূল আবহাওয়া ও অধিকাংশ স্থান মরুময় হওয়ায় এখানে চাষাবাদের সুযোগ সীমিত। ব্যাতিক্রম ছিল একমাত্র ইয়েমেন ও ওমান - এই উভয় অঞ্চল কৃষিকাজ ও সমুদ্র বন্দর অবস্থিত হওয়ায় ব্যাবসা বাণিজ্যে উন্নতি লাভ করেছিল। তাই জীবিকার প্রয়োজনে আরবের অধিকাংশ অধিবাসী যাযাবর ও বেদুইন। অবশ্য নিজস্ব গোত্র ও কৌম আনুগত্যের বাইরে কোন রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ ও আইন কানুন তারা মানত না।

২০.১.২ আরবের বিভিন্ন জাতি সমূহ

আরব দেশে বিভিন্ন সময় বিভিন্ন জাতির লোক বাস করেছে। এটি ছিল মানব সভ্যতার লীলাক্ষেত্র। সেমেটিক জাতির আদি বাসস্থান হল আরবদেশ। ঐতিহ্য অনুযায়ী, আরব জাতিরা তিন ভাগে বিভক্ত ছিল।

১) আরবের আদিম অধিবাসীদের আরব বায়দা বলা হয়। বাদিয়া বা বাদয়া শব্দের অর্থ হল জঙ্গল। বাদিয়াদেরকে বেদুইন বলে। আদ, সামুদ প্রভৃতি আরব গোত্রগুলি এই শ্রেণিভুক্ত, আরবের পরবর্তী জাতিগুলি উত্থানের ফলে এগুলির অবলুপ্তি ঘটে।

২) বানুকাহতান হল আরবের দ্বিতীয় জাতি। দক্ষিণ আরবের অধিবাসীগণ কাহাতানের বংশধর। এরা আবার হিমারীয় বা ইয়েমেনীয় নামে পরিচিত ছিল। আসলে দক্ষিণ আরবের কাহাতান গোত্রের উত্থানের সঙ্গে আরবের সত্যিকারের ইতিহাস শুরু হয়।

৩) উত্তরের আরবের অধিবাসীদের আরব মুস্তারিয়া বলা হয়। এরা ইব্রাহিমের(অ) পুত্র ইসমাঈলের(আ) বংশধর, আবার আদনান নামক ইসমাঈলের এক পুত্র এবং নিয়ার ও মাদার নামে দুই বংশধর ছিল। এজন্য ইসমাঙ্গলীয় সম্প্রদায় তাদের পূর্বপুরুষের নামানুসারে আদনানীয় বা মুদারীয় নামে পরিচিত ছিল। হজরত মহম্মদ স্বয়ং এই কোরায়েশ ও ইসমাঙ্গলীয় বংশধর ছিলেন। প্রকৃতপক্ষে আরব ও ইসলামের প্রাথমিক যুগের ইতিহাস হল আরব জাতির দুই শাখার (দক্ষিণ আরবে হিমারীয় ও উত্তর আরবের মুদারীয়) সংঘর্ষের ও বিবাদের ইতিহাস।



প্রাক ইসলামিক আরবের বিভিন্ন উপজাতি

৩৩৪ খ্রিস্টাব্দে কনস্টানটাইন বাইজানটিয়ান জয় করার পর খ্রিস্টধর্ম আরবে ছড়িয়ে পড়ে। এই খ্রিস্টান ধর্ম গ্রহণকারী বিভিন্ন উপজাতি হল হিমার, ঘাসান, রাবিয়া, তাগর, বাহারা, তুনুঘ, তায়ের, খুদার প্রভৃতি উল্লেখযোগ্য।

ষষ্ঠ ও সপ্তম শতাব্দীতে মদিনার আশেপাশে ও হেজাজে ইহুদিদের সংখ্যা ছিল যথেষ্ট। আরবের দক্ষিণ অংশে ইহুদিদের বসতি স্থাপনের প্রমান পাওয়া গেছে চতুর্থ ও পঞ্চম শতকে। ইয়েমেনের হিমইয়া ও কিনদা জনগোষ্ঠীর অনেকেই ইহুদি ছিলেন। ইয়েমেনে এবং আরবের উত্তরাংশে মরূদ্যান শহরগুলি , যেমন তায়মা, তাবুক, খায়বর- এ প্রচুর ইহুদির বসবাস ছিল। তবে ইসলামের উত্থানের পূর্বে মদিনা শহরের তিনটি প্রধান উপজাতি হল বানুনাদির, বানুকাহিনুকা এবং বানু কুরাইজা -এদের অর্থনৈতিক প্রাধান্য ছিল বেশি।

ঐতিহ্যগতভাবে ইহুদি ও খ্রিস্টান উভয়রাই আব্রাহম, ইশাক, ও জেকোবোতে বিশ্বাসী ছিলেন। তবে দক্ষিণ আরবের নজরানা এবং পূর্ব আরবের নেস্টোরিয়ান ছিল প্রভাবশালী খ্রিস্টধর্ম কেন্দ্র। তাছাড়া জরাথুষ্ঠীয় ধর্মমতে বিশ্বাসীদের সংখ্যাও ছিল প্রাক ইসলামিক আরবে।

২০.১.৩ আইয়ামে জাহেলিয়া

ইসলামের আবির্ভাবের পূরবর্তী যুগ আরবিতে 'আইয়ামে জাহেলিয়া' বা অজ্ঞতার যুগ নামে পরিচিত। এ যুগে আরবদের মধ্যে কোন কৃষ্টি ছিল না। তারা সভ্যতাসংস্কৃতি থেকে বিচ্ছিন্ন ছিল। তারা বহু গোত্রে বিভক্ত ছিল ও যাযাবর জীবনযাপন করত। এমনকি ঐতিহাসিক মোসিওরিনান আর বলেছেন যে, আশ্চর্য ঘটনার (ইসলামের অভ্যুদয়) পূর্বে দুনিয়ার জ্ঞানবিজ্ঞান, ধর্ম ও সংস্কৃতিক ইতিহাসে আরবদের কোন অস্তিত্ব ছিল না, ঐতিহাসিকদেরএ ধারণা ঠিক নয়। কারণ সমগ্র আরব দেশ জাহেলিয়ার আওতাভুক্ত ছিল না। অবশ্য আধুনিক গবেষণার ফলে প্রমাণিত হয়েছে, দক্ষিণ আরবে সভ্যতা-সংস্কৃতি বিদ্যমান ছিল। অন্যদিকে প্রাক ইসলামিক যুগে বর্বর ও অজ্ঞ আরব বলতে হিজাজ ও নজদ প্রদেশসহ উত্তর আরব ও মধ্য আরবকে বোঝায়।

তবে কোন সময় হতে এ যুগের সূচনা হয়েছে সে সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য পাওয়া যায় না। অবশ্য পি. কি. হিট্টির মতে, মহানবীর নবুয়ত প্রাপ্তির একশত বছরকে (৫১০-৬১০) 'আইয়ামে জাহেলিয়া' বা বর্বরতার যুগ বোঝায়। কুরআন শরীফের বহু স্থানে 'জাহেলিয়া' শব্দের উল্লেখ আছে। এ যুগ সম্পর্কে ওয়েল হাউস বলেছেন, 'আরবদের ধর্মীয় ও রাজনৈতিক জীবন একেবারে আদিম অবস্থায় ছিল।

২০.১.৪ আরবের অধিবাসী

আরবের অধিবাসীদের দুই ভাগে ভাগ করা যায় মরুবাসী ও শহরবাসী আরব। আবার এই মরুবাসী আরবদের বেদুইন বলা হয়। গোষ্ঠী ভিত্তিক জীবন যাপন করত বলে এরা নিজেদেরকে প্রকৃত আরব বলে দাবি করত, তাই তাদেরকে 'Heir of Glory' বলে অভিহিত করা হত।

দক্ষিণ আরব ছাড়া মধ্য, উত্তর ও পশ্চিম আরবের অধিবাসীগণ মরু পরিবেশে নিজেদেরকে বাঁচিয়ে রাখার জন্য উট পালন করত। উট ছিল যাযাবরদের ধাত্রীসম। তাদের যাতায়াতের বাহন ও আদান-প্রদানের মাধ্যম। উটের থেকে তারা দুধ, মাংস ও চামড়া এমনকি উটের মল জ্বালানি হিসেবে ব্যবহার করত। পি. কি. হিট্টি আর বলেছেন যে, উট ছিল তাদের কাছে আল্লাহার বিশেষ উপহার। মেয়ের বিয়ের যৌতুক, রক্তের দাম, মাইসির (জুয়ার) মুনাফা, একজন শাইখের সব কিছু উটের বিনিময়ে পরিমাপ করা হত। তাই খলিফা উমর বলেছিলেন, যেখানে উটের উন্নতি হয়েছে কেবল মাত্র সেখানেই আরবের অগ্রগতি হয়েছে।

বেদুইনরা স্থায়ী জীবনযাপনের পরিবর্তে যাযাবর জীবনকে বেছে নিয়েছিল। জল ও তৃণভূমির সন্ধানে তারা সর্বদা অন্যত্র গমন করত। ইবন খালদুন বলেছেন, স্বভাব প্রকৃতির দিক থেকে জাতিটি ছিল অসভ্য, বর্বর ও লুঠতরাজ প্রিয়। প্রথমদিকে বেদুইনরা স্থায়ী কৃষিভিত্তিক এলাকায় লুঠতরাজ চালালেও পরবর্তীকালে কৃষিজীবী মানুষের সঙ্গে পারস্পরিক মিথস্ক্রিয়ার সম্পর্কে আবদ্ধ হয় অর্থাৎ তারা পশুজাত দ্রব্যের পরিবর্তে মরূদ্যানবাসী ও স্রোতস্বিনী সংলগ্ন এলাকার অধিবাসীদের কাছ থেকে শস্য, খেজুর, পোশাক ও অস্ত্র সংগ্রহ করত। কৃষিজীবী আরবরা বেদুইনদের হাত থেকে রক্ষা পেতে খুব্বা নামক আনুগত্য কর প্রদান করত।

২০.১.৫ বেদুইনদের সামাজিক জীবন

বেদুইনরা ছিল রুক্ষ মরুর সন্তান। তাই স্বভাবের দিক থেকে তারা ছিল দুর্বিনীতি, দুর্ধর্ষ ও প্রতিশোধ পরায়ণ। সংঘর্ষ ও রক্তপাত ছিল তাদের জীবনের নিত্যনৈমিত্তিক ঘটনা। শুধু তাই নয় মদ, নারী ও যুদ্ধ বিগ্রহ নিয়ে তারা সর্বদা সংঘর্ষে লিপ্ত থাকত। এযুগে আরবরা নারীকে অস্থাবর সম্পত্তি ও ভোগের সামগ্রী বলে মনে করত। নারীদের কোনও অধিকার বা সামাজিক মর্য্যাদা ছিল না। তাছাড়া আরবদের মধ্যে বহুপত্নী, বহুপতি ও ক্রীতদাস প্রথার প্রচলন ছিল। সেযুগে

পণ্যদ্রব্যের ন্যায় হাটেবাজারে দাস-দাসী বিক্রয় হত। প্রভুরা তাদের সঙ্গে অমানুষিক আচরণ করতো। পাশাপাশি দাস-দাসীর সন্তানেরাও মুনিবের কর্তৃত্বাধীন থাকত।

বেদুইনরা নানা গোত্র বা কাবীলায় বিভক্ত ছিল। কয়েকটি বংশ নিয়ে বানু বা হায়ী গঠিত ছিল। আবার কয়েকটি পরিবার নিয়ে একটি বংশ গড়ে উঠত। পরিবারের প্রধান কর্তা হলেন পিতা। পরিবারের প্রধানগণ মিলিত হয়ে গোত্র প্রধান বা শেখ নির্বাচন করত। বয়োজ্যেষ্ঠতা, বিজ্ঞতা, সাহস, বীরত্ব প্রভৃতি গুণের ভিত্তিতে শেখ নির্বাচিত হত। তবে তিনি একক সিদ্ধান্তের অধিকারী ছিলেন না, গোত্রীয় পরিষদের পরামর্শ নিতে হত।

তবে গোত্রপ্রীতি ছিল বেদুইনের অপর চারিত্রিক বৈশিষ্ট্য। আর আসারিয়া হল গোষ্ঠী সমাজের মূল প্রেরণা। আর এই প্রেরণার মূল মন্ত্র হল- গোষ্ঠীর অন্যান্যদের প্রতি সীমাহীন ও নিঃশর্ত আনুগত্য, যার ভিত্তি ছিল রক্তের সম্পর্ক। গোত্রের কোনও লোক অন্যায় করলে সকলে তাকে সমর্থন ও সাহায্য করবে এবং সকলেই তাদের অপরাধীর অংশীদার হবে। গোষ্ঠীভুক্ত থাকার এই অনমনীয় বৈশিষ্ট্য জন্ম দিয়েছিল এক ধরনের ব্যক্তি-স্বাতন্ত্র্যবাদ যার ফলশ্রুতিতে গোষ্ঠীগুলি হয়ে পড়েছিল প্রচন্ড স্বার্থপর। তাছাড়া আরবরা তাদের পূর্বপুরুষদের ঐতিহ্য স্মরণ করে গর্ববোধ করত। অপরদিকে অতিথিপরায়ণ ছিল আরব চরিত্রের অপর বৈশিষ্ট্য।

তবে একথা ঠিক যে, আরবদের স্বদেশানুরাগ গোত্র মানসিকতার মধ্যে সীমাবদ্ধ ছিল। এই গোত্র ব্যবস্থার দরুন তাদের আন্তঃগোত্রীয় সংঘর্ষ বছরের পর বছর চলত। তবে তাদের মধ্যে গোত্র মানসিকতা ও রক্তের সম্পর্কের ভিত্তিতে যে কওমী বা গোষ্ঠী চেতনা (আসাবীয়াহ) জেগেছিল তা পরবর্তীকালে আরব জাতি গঠনে ও ইসলামের বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল।

শহরবাসী আরবরা চাষবাস ও ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে জীবিকা নির্বাহ করত , আর ব্যবসা-বাণিজ্যের প্রয়োজনে বহির্বিশ্বের সাথে তাদের সম্পর্ক গড়ে উঠেছিল। তাছাড়া তারা ছিল প্রতিভাশালী, সভ্য, মার্জিত ও রুচি সম্মত। অর্থাৎ এই শহরবাসী আরবরাই সমগ্র আরবকে নেতৃত্ব দিয়েছিল।

২০.১.৬ প্রাক ইসলাম আরবের ধর্মীয় অবস্থা

আরবদের ধর্মবিশ্বাস সম্পর্কে উইলিয়াম মূর বলেন, অনন্তকাল হতে মক্কা এবং সমগ্র উপদ্বীপ আধ্যাত্মিকতার অসাড়তায় নিমজ্জিত ছিল- সমগ্র অধিবাসী কুসংস্কার ,বর্বরতা ও পাপাচারে ডুবেছিল। তাদের ধর্ম ছিল পৌত্তলিক এবং আল্লাহার পরিবর্তে অদৃশ্য শক্তির কুহেলিকা পূর্ণ ভয়ভীতি। অবশ্য পৌত্তলিক আরব উপজাতিরা বহু ঈশ্বরবাদ ও সর্বপ্রাণে বিশ্বাসী। তারা বিভিন্ন মূর্তি পূজা ছাড়াও চন্দ্র, সূর্য্য, তারকা, বায়ুর পূজা করত। শুধু তাই নয় তারা ভবিষ্যৎবাণী ও ভাগ্য গণনায় বিশ্বাস রাখত।তারা অদৃশ্য জীবের (জ্বীন) নিয়ামক বলে নিজেদেরকে পরিচয় দিয়ে মানুষের মনকে কুসংস্কারাচ্ছন্ন করে রাখত - ইতিহাসে এরা কাহিন (Kahin) নামে পরিচিত। প্রাক ইসলামিক যুগে আরবে আরও অনেক মূর্তি ছিল এদের মধ্যে ওয়াদ, ইয়াগুস, ইয়ায়ুক ও নসরের নাম কুরআন শরীফে উল্লেখ আছে। এই সব দেবদেবীর মনঃসন্তুষ্টির জন্য আরবগণ কখন কখন নরবলি দিত। তাছাড়া আরবগণ একজন অন্যজনের দেবতাকে পূজা করতে নিতান্ত অসম্মান বোধ করত। দেবদেবীর পূজা অর্চনের জন্য আরবদেশে অসংখ্য মন্দির ছিল। যেমন- পবিত্র কাবাগৃহে ৩৬০টি দেবদেবীর মূর্তি রাখা হয়েছিল।

তবে এই অন্ধকার যুগে মদিনায় হানাফী নামে একটি সম্প্রদায় একেশ্বরবাদে বিশ্বাসী ছিলেন। তারা পৌত্তলিকতার বিরোধিতা করে এবং মানুষকে সঠিক পথের নির্দেশ দেয়। বিবি খাদিজার (রা) চাচাতো ভাই ওয়ারাকা-বিন-নওফেল, ফায়েদ-বিন-আমর, আবু আনাস প্রমুখরা ছিলেন এ সম্প্রদায়ের লোক। তবে এদের সংখ্যা ছিল নগণ্য।

প্রাক ইসলাম আরবে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায় থাকলেও আরবীয় ধর্ম নিকট প্রাচ্যের ধর্মের দ্বারা প্রভাবিত হয়েছিল। ষষ্ঠ শতাব্দীর শেষে একেশ্বরবাদী ধর্মমত হিসাবে খ্রিস্টধর্ম ও ইহুদী ধর্মমত ধর্মপ্রচারক ও ব্যবসায়ীদের মাধ্যমে আরবে প্রবেশ করেছিল। ইয়েমেনে এক বিশাল সংখ্যক খ্রিষ্টান বাস করত পরে ধীরে ধীরে আরবের অন্যান্য স্থানে খ্রিস্টান ধর্মাম্বলীদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে আবার ইহুদিরা পশ্চিম আরবে ধর্মপ্রচারক রূপে উপস্থিত ছিলেন। তাছাড়া সাসানীয় সাম্রাজ্যের প্রভাবে জরাথুরষ্ট্রীয় ধর্মমত ও প্রসার লাভ করেছিল। সুতরাং সহজেই বলা যায় যে, আরবে বসবাসরত খ্রিস্টান, ইহুদী ও এই সকল একেশ্বরবাদী ধর্মমতের সঙ্গে বহু ঈশ্বরবাদী ধর্মমতের বিবাদ ও সংঘাত ছিল স্পষ্ট।

২০.১.৭ প্রাক ইসলামিক আরবের সাংস্কৃতিক অবস্থা

প্রাক ইসলামিকআরবে বিজ্ঞানসম্মত শিক্ষা ও সংস্কৃতি না থাকলেও আরবরা সাংস্কৃতিক জীবন থেকে একেবারেই বিচ্ছিন্ন ছিল না।প্রাক ইসলামিক পর্বে আরবে বিভিন্ন উপভাষার প্রচলন থাকলে ও ভাষাগত ঐক্য কিন্তু বজায় ছিল। প্রায় প্রত্যেকে আরবী ভাষায় কথা বলত। শুধু তাই নয় তাদের উন্নত ভাষা সম্পর্কে পি. কি. হিট্টি বলেছেন, ইসলামের জয় অনেকাংশে একটি ভাষার জয়, আরও সুনির্দিষ্টভাবে বলতে গেলে একটি কেতাবের জয়ই ইসলামের জয়"। তাছাড়া ঐতিহাসিক Patricia Crone বলেছেন, প্রচলিত ভাষা বিক্ষিপ্ত, বিচ্ছিন্ন আরব জাতিকে একটি সমজাতীয় গোত্রে পরিণত করেছিল।

বেদুইনদের লিখন প্রণালী তেমন উন্নত ছিল না বলে আরবগণ তাদের রচনার বিষয়বস্তু মুখস্থ করে রাখত, তাদের স্মরণ শক্তি ছিল প্রখর। এই বেদুইনদের মৌখিক কবিতার ঐতিহ্য মূলত RAJAZ নামে পরিচিত ছিল। এর পাশাপাশি কাসিদা বা গীতিকাব্য আরবে খুব জনপ্রিয় হয়েছিল। এ প্রসঙ্গে পি. কি. হিট্টি বলেছেন, কাব্যপ্রীতি ছিল বেদুইনদের সাংস্কৃতিক সম্পদ। তাছাড়া সে যুগে সাহিত্যচর্চা প্রচলিত ছিল, উকাজ মেলা এর উৎকৃষ্ট প্রমাণ।

২০.১.৮ প্রাক ইসলামিক আরবের অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা

মধ্য, পশ্চিম ও উত্তর আরবের তুলনায় আরবের দক্ষিণ পশ্চিম ভাগ অর্থাৎ ইয়েমেন উর্বর উপত্যকার কারণে কৃষিকাজে উন্নত ছিল। সমৃদ্ধ কৃষির জন্য একদিকে যেমন ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটেছিল অন্যদিকে নগরায়ণের বিস্তার ঘটেছিল পঞ্চম শতাব্দীর শুরুতে কিন্তু অন্যদিকে আরব বাইজানটাইন ও সাসানীয় সাম্রাজ্যের সংঘর্ষের ফলে যে আন্তর্জাতিক বাণিজ্যপথ পারস্য উপসাগর ও ইরাকের মধ্য দিয়ে গিয়েছিল সেটি ক্ষতিগ্রস্ত হওয়ায় এই সুবিধা ভোগ করে আরববাসীরা। নতুন বাণিজ্যপথ জলপথে লোহিত সাগর ও সড়কপথে ইয়েমেন, সিরিয়া ও হেজাজ প্রদেশকে যুক্ত করেছিল। ফলস্বরূপ ইয়েমেনের বাণিজ্য গুরুত্ব আগের তুলনায় বৃদ্ধি পেয়েছিল।অন্যদিকে ইয়েমেনের শাসক আকারিক আসাদ দক্ষিণ আরবের বেদুইন মৈত্রসঙ্ঘ কিনদারের কাছ থেকে জোর করে রাজস্ব আদায় করতে সক্ষম হয়েছিল। তাছাড়া ইয়েমেনে জরাথুষ্টীয় ধর্মমতের পাশাপাশি কিছু খ্রিস্টান ছিল।

সীমান্তবর্তী অঞ্চলে বাইজানটাইন সাম্রাজ্যের কর্তৃত্ব স্থাপনের যে সংঘর্ষ তাতে সাসানীয় সাম্রাজ্যের উপজাতীয় রাজধানী লাখম ও বাইজানটাইন সাম্রাজ্যের অধীন ঘাসানীয় মিত্র জোট গড়ে উঠেছিল। ষষ্ঠ শতাব্দীতে উক্ত দু"টি সাম্রাজ্য ইয়েমেনকে নিজ নিয়ন্ত্রণে আনতে চেয়েছিল। বাইজানটাইন সাম্রাজ্যের সমর্থনপুষ্ট রাষ্ট্র ইথিওপিয়ার দায়িত্ব ছিল ইয়েমেনের উপর নজরদারী করা। ধুনুয়াস ইয়েমেনের খ্রিস্টানদের উপর বলপূর্বক অত্যাচার শুরু করেছিল ও ইথিওপিয়ার ইয়েমেন দখল করার সুযোগ দান করেছিল ৫২৫ খ্রি.। কিন্তু ইয়েমেনের শাসক পারসিক সাহায্যপ্রার্থী হয়েছিল কারণ

তারা ইয়েমেনকে ইথিওপিয়া ও বাইজানটাইন কর্তৃত্ব থেকে দূরে রাখতে চেয়েছিল। শেষপর্যন্ত পারসিকরা ইয়েমেনের নিজের নিয়ন্ত্রণ বজায় রাখতে সক্ষম হয়েছিল। কিনদা কনফেডারেশন ভেঙে পড়ে। কিন্তু ষষ্ঠ শতাব্দীতে উত্তর আরবে সাসানীয় ও বাইজানটাইন সাম্রাজ্যের ইয়েমেনের উপরে কর্তৃত্ব স্থাপন করতে চেয়েছিল। অন্যদিকে লাখাম ও ঘাসনাদ নামক উপজাতীয় রাষ্ট্রগুলি তাদের রাষ্ট্রের প্রতি অনুগত্য হারায়, ও স্বাধীন হয়ে পড়ে। আবার সপ্তম শতাব্দীতে সাসানীয় ও বাইজানটাইন সাম্রাজ্য যুদ্ধ করতে করতে ক্লান্ত হয়ে পড়েছিল।



প্রাক ইসলামিক আরবের রাজনৈতিক সংঘাত

ষষ্ঠ শতাব্দীতে যে সামাজিক ও রাজনৈতিক বিচ্ছিন্নতা দেখা দেয় সেই সুযোগকে কাজে লাগিয়ে মক্কা আরবের সামাজিক, অর্থনীতি এমনকি ধর্মীয় ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করত। মক্কা ছিল হেজাজ এর বাণিজ্য পথের অবস্থিত গুরুত্বপূর্ণ বাণিজ্যিক কেন্দ্র। এ প্রসঙ্গে ঐতিহাসিক Marshall G. S. Hodgon বলেছেন– The most important trading centre of western and central Arabic was Macca in the HiJ'az. It was at the Junction of two major routes. (পশ্চিম ও মধ্য আরবের সব থেকে গুরুত্বপূর্ণ বাণিজ্য কেন্দ্র হল হিজাজে অবস্থিত মক্কা। দুটি প্রধান গুরুত্বপূর্ণ পথের প্রধান সংযোগ স্থলও বটে)। মক্কার বাণিজ্যিক সমৃদ্ধি যে বিত্তশালী শ্রেণির জন্ম দিয়েছিল তা আর্থিক বৈষম্যকে প্রশ্রয় দিয়েছিল। এ প্রসঙ্গে বিশিষ্ট ইতিহাসবিদ W.M WATT তার 'Muhammad at Macca' গ্রন্থে দেখিয়েছেন যে, বিলাস দ্রব্যের সমৃদ্ধ আন্তর্জাতিক ব্যাবসার সূত্র ধরে মক্কায় প্রচুর ধন সম্পদ জমা হয়, কিন্তু সেই পুঞ্জীভূত সম্পদের ভাগ সবাই সমানভাবে পায়নি, ফলে ধনী - দরিদ্রদের মধ্যে ব্যাবধান বাড়ে এবং উপজাতীয় সংহতিতে ফাটল ধরে,যার বিরুদ্ধে প্রতিক্রিয়া স্বরূপ উথান ঘটে ইসলামের। তাছাড়া মক্কা শুধু গুরুত্বপূর্ণ তীর্থকেন্দ্র ছিল না এখানে বিচারকার্য, মীমাংসাকার্য সম্পন্ন হত। মক্কার এই ধর্মীয় ক্ষেত্রে কোরায়েশ সম্প্রদায়ের প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি পাচ্ছিল। তাছাড়া ঐতিহাসিক Ira M. Lapidus বলেছেন, আবিসিনিয়া (ইথিওপিয়া), ঘাসান ও লাখাম রাষ্ট্রগুলির পতনের পর মক্কা আরব উপদ্বীপের কূটনৈতিক সম্পর্ক স্থাপন করতে সক্ষম হয়েছিল।

২০.১.৯ উপসংহার :

এই সময় বেদুইনদের প্রভাব ক্রমশ উত্তর ও দক্ষিণ আরবে বৃদ্ধি পাচ্ছিল ও সীমান্তবর্তী অর্ধচন্দ্রাকার জমি তাদের বসবাস যোগ্য হয়ে উঠেছিল। অন্যদিকে এই বেদুইনরা আবার দক্ষিণ আরবের স্থায়ী সমাজ সংগঠনে জোর করে

প্রবেশ করছিল কারণ সীমান্তবর্তী রাষ্ট্রগুলির পতন হয়েছিল। এই বেদুইনদের মরুদ্যানে প্রায় আক্রমণ স্থায়ী কৃষিজীবী মানুষের সাথে তাদের বিরোধ অনিবার্য্য করে তুলেছিল। এই সময় মক্কায় কিছুটা সামাজিক ও আর্থিক নীতি বজায় থাকলেও সামাজিক স্তরবিন্যাস, ধর্মীয় ক্ষেত্রে কার্য্যকরী সংগঠনের অভাব প্রভৃতি বিষয়গুলি জটিল সমাজ ব্যবস্থার ইঙ্গিত দিচ্ছিল অর্থাৎ সামাজিক সংঘাত, রাজনৈতিক জটিলতা ও অর্থনৈতিক অস্থিরতার পরিমণ্ডলে মহানবীর আবির্ভাব ঘটেছিল।

২০.১.১০ নির্বাচিত প্রশ্নাবলী

বিভাগ — ক

(প্রশ্নের মান ২)

১. রুক্ষ জীবনযাত্রায় বেঁচে থাকার জন্য আরব মরুভূমির অধিবাসীদের জলের উৎস কী?

২. আইয়ামে জাহেলিয়া বলতে কী বোঝ?

৩. খুব্বা কী?

৪. আসাবীয়াহ কী?

৫. Rajaz কী?

৬. কাসিদা বলতে কী বোঝ?

বিভাগ — খ

(প্রশ্নের মান ৫)

১. বেদুইনদের জীবনযাত্রা সম্পর্কে যাহা জান লেখ।

২. শেখ সম্পর্কে টীকা লেখ।

৩. প্রাক ইসলামিক মক্কার গুরুত্ব লেখ।

৪. 'উট যেখানে উন্নত আরবরাও সেখানে উন্নত'- ব্যাখা কর।

বিভাগ — গ

(প্রশ্নের মান ১০)

১. প্রাক ইসলামিক আরবের ভৌগোলিক অবস্থার ও জলবায়ুর বর্ণনা দাও।

২. বিভিন্ন আরবজাতির বর্ণনা দাও।

৩. ইসলামের আবির্ভাবের প্রাক্কালে আরবদেশের উপজাতীয়ভিত্তি কেমন ছিল তা আলোচনা কর।

৪. প্রাক ইসলামিক আরবের সামাজিক জীবন কেমন ছিল?

৫. প্রাক ইসলামিক আরবের ধর্মীয় ও সাংস্কৃতিক জীবনের বর্ণনা দাও।

৬. প্রাক ইসলামিক আরবের অর্থনৈতিক জীবন কেমন ছিল ?

২০.১.১১ নির্বাচিত গ্রন্থপঞ্জী

১. কে. আলি, *ইসলামের ইতিহাস,* পুনর্মুদ্রণ, আজিজিয়া বুক ডিপো, ঢাকা, বাংলা বাজার, ২০০৩।

২. Rakesh Kumar, *Ancient and Medieval world*. Sage Publication, New Delhi, 2018.

৩. Marshall G. S. Hodgson, Venture of Islam, Vol. 1, Chicago University Press, Chicago, 1974.

৪. ফিলিপ. কে. হিট্টি, আরব জাতির ইতিহাস, পুনর্মুদ্রণ, আদি মল্লিক ব্রাদার্স, কলকাতা, ২০১৬।

৫. স্যার সৈয়দ আমীর আলী, এ শর্ট হিস্ট্রি অব দি স্যারাসিন্স আরব জাতির ইতিহাস, তৃতীয় মুদ্রণ, বাংলা বাজার, ঢাকা, ২০১৮।

৬. Bernard Lewis, The Arabs in History, Rpt. Oxford University Press, 2002.

৭. The New Cambridge History of Islam, Vol. 1, Editor-Chase F. Robinson, Cambridge University Press, 2010.

৮. রাজকুমার চক্রবর্তী, ইসলামের উৎপত্তি ও চরিত্র : মুহম্মদের সময়কাল সাম্প্রতিক গবেষণার আলোয়, অনুষ্টুপ, ৫৪ বর্ষ , ২য় সংখ্যা , ২০২০

website

৯. https://humanlearning.com

২০.২ উম্মাহ (Ummah)

২০.২.১ সূচনা

আরবজাতি যখন দিশাহীন, ক্লান্ত এবং জটিল সামাজিক, ধর্মীয় ও অর্থনৈতিক বাতাবরণে নাভিঃশ্বাস অবস্থা ঠিক সেই সময় আলোকবর্তিকারূপে আবির্ভূত হন হজরত মহম্মদ। কুরআন, হাদিস (মহম্মদের উপদেশ সমূহ) ছাড়া কিছু মৌখিক ঐতিহ্য, বিভিন্ন লিখিত বিবরণ- প্রভৃতি উপাদানের সাহায্যে আমরা হজরত মহম্মদের জীবন ও কার্য্যকলাপ সম্পর্কে জানতে পারি।

কোরায়েশ গোত্রজাত আব্দুল মুত্তালিবের উদারতা, বদান্যতা ও মহত্বে মুগ্ধ ছিলেন গোত্রের প্রায় সবাই। এই আব্দুল মুত্তালিবের কনিষ্ঠপুত্র আব্দুল্লার সাথে আব্দুল ওয়াহাবার সর্বগুণসম্পন্ন মেয়ে আমিনার বিবাহ হয়েছিল। এই ঘটনার কিছুদিন পরে বাণিজ্য সেরে সিরিয়া থেকে ফেরার পথে মদিনায় আব্দুল্লাহ প্রাণত্যাগ করেছিল ফলে শোকস্তব্ধ হয়ে পড়ে পিতা আবদুল মুত্তালিব ও গর্ভবতী স্ত্রী আমিনা।

৫৭০ খ্রিস্টাব্দে হজরত মহম্মদ জন্মগ্রহণ করলে বানুসাদ বংশীয় ধাত্রীমাতা হালিমার ওপর এই সদ্যোজাত শিশুটির রক্ষণাবেক্ষণের দায়িত্ব পড়ে। আমিনা শিশুটির নাম রাখেন আহমদ (প্রশংসাকারী)। স্বজাতির লোকেরা তাকে আল আমীন (বিশ্বাসী) এবং ধাত্রী মাতা তাকে মহম্মদ (প্রশংসিত) বলে ডাকত। শিশুটির যখন ছয় বছর তখন আমিনা মারা গেলে দাদা আব্দুল মুত্তালিব শিশুটির রক্ষণাবেক্ষণের দায়িত্ব পায়। আবার তার মৃত্যুর পর শিশুর অভিভাবক হয় চাচা আবুতালিব (প্রতিষ্ঠিত ব্যবসায়ী)।

মহম্মদ মাত্র ১২ বছর বয়সে চাচার সঙ্গে সিরিয়ায় বাণিজ্য করতে গিয়েছিল। বেশ কিছুদিন পর মহম্মদের উদারতা ও বদান্যতা ও বন্ধুত্বসুলভ আচরণে মুগ্ধ হয়ে ৪০ বছর বয়স্ক খাদিজা নামে ধনী বিধবা মহিলা এই সম্পদহীন যুবককে অন্তরে বরণ করেছিল। উভয়ের ২৫ বছরের দাম্পত্যজীবন বেশ ভালোই কেটেছিল। তাদের সন্তানদের মধ্যে জীবিত ছিল একমাত্র মেয়ে ফতিমা। ৬১০ খ্রীঃ হিরা পর্বতে ধ্যানমগ্ন থাকাকালীন তিনি যে ঈশ্বরের প্রত্যাদেশ পান আল্লার দূত ও বার্তাবহ রূপে, তিনি তার এই দৈব্য উপলব্ধির কথা খাদিজার কাছে ব্যক্ত করেছিলেন। নবুয়ত প্রাপ্তির পর মহম্মদ স্ত্রী খাদিজা ও হজরত আলিকে ধর্মান্তরিত করেছিল, এনারাই হলেন প্রথম ইসলাম ধর্ম অনুসরণকারী মুসলিম বা উম্মাহ। পরে আবুবকর ও কুড়ি জন এবং এর পাশাপাশি বহু ক্রীতদাস নিম্ন শ্রেণির মানুষেরা ইসলাম ধর্মের পতাকাতলে সমবেত হয়েছিল। কোরায়েশদের অত্যাচারের ভয় মহম্মদ বেশ কিছু পরিবারকে আবিসিনিয়ায় পাঠিয়ে দিয়েছিলেন। পাশাপাশি মক্কায় মুসলিমদের সামাজিক ও আর্থিকভাবে বয়কট করা হচ্ছিল। এর কারণ হিসাবে ঐতিহাসিক Ira. M. Lapidus, কোরায়েশদের সামাজিক আধিপত্য নাশ হওয়ার সম্ভাবনা ছিল বলে উল্লেখ করেছেন। শুধু তাই নয় মক্কায় বানুহাশিম গোষ্ঠীর সহযোগিতা হ্রাস পেলে মহম্মদের প্রয়োজন ছিল এমন একটি রাজনৈতিক ক্ষেত্র যেখানে তিনি সহজেই তার একেশ্বরবাদী ধর্ম প্রচার করতে পারবে। Marshall G. S. Hodgson তার 'Venture of Islam, vol. 1' গ্রন্থে বলেছেন, প্রতিবেশী তায়েফ নগরে ধর্ম প্রচার করতে গেলে তাকে তাড়িয়ে দেওয়া হয়। মহানবীর স্ত্রী ও চাচার মৃত্যু হলে মক্কায় ধর্মপ্রচার করা কঠিন হয়ে দাঁড়ায়। মদিনাবাসীদের আমন্ত্রণে সাড়া দিয়ে কোরায়েশদের কড়া নজর এড়িয়ে ৬২২ খ্রি. তার ৭৫জন অনুগামীকে নিয়ে মক্কা ছেড়ে মদিনায় গমন করেন- এই ঘটনা ইসলামের ইতিহাসে হিজরত নামে পরিচিত। এ প্রসঙ্গে পি. কে. হিট্টি বলেছেন, এই ঘটনা মক্কা যুগের অবসান ঘটিয়ে মদিনা যুগের সূত্রপাত করে হজরত মহম্মদের জীবনের মোড় ঘুরিয়ে দিয়েছিল। মদিনায় পেলেন তিনি অতিথির সন্মান, প্রতিষ্ঠিত হয় ইসলাম সমাজ ও রাষ্ট্র ব্যবস্থার ভিত্তি।

হিজরত

৬২২ খ্রি. যারা মক্কা ছেড়ে মহম্মদের সঙ্গে মদিনায় এসেছিলেন তাদের মুজারিন (শরণার্থী / Refugee) অপরদিকে যেসব নবদীক্ষিত মদিনাবাসী মক্কা হতে আগত মুসলমানদের আশ্রয় দিয়েছিল এবং হজরতকে সকল অবস্থায় সাহায্য করেছিল আনসারী (সাহায্যকারী/Helper) নামে পরিচিত।

২০.২.২ উম্মাহ সম্প্রদায়

সাধারণভাবে ইসলাম ধর্মে দীক্ষিত মুসলমানদের উম্মাহ বলা হয়। কিন্তু এই নব্য সম্প্রদায় মক্কায় প্রবল বিরোধিতার মুখোমুখি হলে মহানবী মদিনায় তাদের সুসংগঠিত করেন। এ প্রসঙ্গে ঐতিহাসিক Ira. M. Lapidus তার 'History of Islamic Societis' গ্রন্থে আল - মদিনায় হজরত মহম্মদ মক্কা থেকে আগত অনুগামী ও সাহায্যকারী মদিনাবাসীদের মধ্যে চুক্তির ভিত্তিতে যে নতুন ইসলামিক রাজনৈতিক ও সামাজিক সম্প্রদায় গঠিত হয় তাদেরকে উম্মাহ বলে উল্লেখ

করেছেন। অন্য দিকে ঐতিহাসিক Hodgson বলেছেন, এই নব গঠিত সম্প্রদায় যারা মহম্মদের প্রচারিত ধর্মমত মেনে নিয়েছিল, তাদের মহম্মদ নতুন নাম দেন উম্মাহ। মক্কা অনুগামী ও মদিনার সাহায্যপ্রার্থীরা মিলে এই অঙ্গীকারবদ্ধ হয়েছিল যে, তারা নবগঠিত মদিনা রাষ্ট্রকে বহিরাগত শত্রুর হাত থেকে রক্ষা করবেন, অন্যদিকে আবার হজরত মহম্মদ যেহেতু ঈশ্বর প্রেরিত পয়গম্বর তাই তিনি খ্রিস্টান, ইহুদি ও পৌত্তলিকদের দ্বারা সমাদৃত হওয়ার কথা ছিল। কিন্তু ইহুদিরা কখনোই হিব্রু ঐতিহ্যকে অস্বীকার করে মহম্মদকে তাদের ধর্মীয় ও রাজনৈতিক নেতারূপে বরণ করতে পারেননি। সেই সময়ে মহানবী তার রাজনৈতিক ও ধর্মীয় পরিকল্পনাকে সফল করতে ইহুদিদের মদিনা থেকে বিতাড়িত করে এবং তাদের সম্পত্তি বাজেয়াপ্ত করে উম্মাহদের মধ্যে বিতরণ করে দেন। Ira. M. Lapidus বলেছেন, এই নবগঠিত সম্প্রদায়ে কোন ইহুদি বা খ্রিস্টান থাকল না, গড়ে উঠল স্বতন্ত্র ধর্ম। Lapidus আরও বলেছেন যে, মহম্মদ মদিনায় উম্মাহদের সুসংবদ্ধ করার জন্য সামরিক অভিযানের পরিবর্তে মদিনার চারপাশে উপজাতিদের সঙ্গে আলাপ আলোচনা ও শান্তি চুক্তির মাধ্যমে ইসলামের ছত্রছায়ায় এনেছিল। অবশ্য মহম্মদ জীবনের শেষ পর্বে ইহুদি ও খ্রিস্টান ধর্মীয় সম্প্রদায়কে শ্রদ্ধা ও সম্মান প্রদর্শনের নির্দেশ উম্মাহ সম্প্রদায়কে দিয়েছিলেন।

ঐতিহাসিক Marshall. G. S. Hodgson বলেছেন, ''In the negotiations with the Medinese Muslims, Muhammad claimed explicitly an authority over the religious community which had become in increasingly implicit already even among his Maccan followers. He did not yet make the same demand non-muslims. (মদিনার মুসলিমদের সঙ্গে সন্ধি স্বাক্ষরকালে মহম্মদ সমগ্র মুসলিম সম্প্রদায়ের ওপর কর্তৃত্ব দাবি করেছিল যে কর্তৃত্ব প্রচ্ছন্নভাবে তার মক্কার অনুগামীদের মধ্যে ছিল, তিনি এই একই দাবি অ-মুসলিম সম্প্রদায়ের ওপর করেননি।) এই নতুন রাজনৈতিক কাঠামোয় মহম্মদ ছিলেন আইন ও শাসন প্রণেতা এবং ধর্মীয় নেতা, আবার ঐতিহাসিক Bernnard Lewis বলেছেন, উম্মাহ সম্প্রদায়ের শেখ ছিলেন মহম্মদ। তিনি সালিসির দ্বারা আরব উপজাতিদের সমস্যা সমাধান করতেন, অবশ্য এই সালিসি সংঘটিত হত আল্লাহার বিধান (Divine Will) এর উপর ভিত্তি করে। Hodgson আবার মহানবীকে উম্মাহ সম্প্রদায়ের 'Hakim, Judge-Arbiter' বলে অভিহিত করেছেন।

মহম্মদ নবগঠিত সম্প্রদায় অর্থাৎ উম্মাহদের প্রবল কোরায়েশ (মক্কার) শত্রুতার হাত থেকে নিষ্কৃতিদানের জন্য মদিনা রাষ্ট্রের সক্ষম পুরুষদের নিয়ে সৈন্য দল গঠন করেছিলেন। বেদুইন উপজাতিদের কাছ থেকে ১/৫ অংশ রাজস্ব আদায় করেছিলেন, এমনকি মহম্মদকে প্রধান নেতা হিসেবে মেনে নিতে জাকাত প্রদান করত, যা ছিল উম্মাহ সদস্যপদ গ্রহণের প্রতীক চিহ্ন। শুধু তাই নয়, মদিনায় মহানবী কিছু প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করেছিল। এ প্রসঙ্গে ঐতিহাসিক Carole Hillenbrand (2005) বলেছেন যে, সদ্য প্রতিষ্ঠিত মদিনা রাষ্ট্রের শাসনতন্ত্রের যে উল্লেখ মহম্মদের জীবনীকার ইবনইশাকের বিবরণীতে করেছেন, তার থেকে হজরত মহম্মদের মধ্যস্থতা করার অসাধারণ দক্ষতা ও বিক্ষিপ্ত, বিচ্ছিন্ন উপাদানগুলিকে সুসংবদ্ধ করার কথা জানা যায়।

মদিনায় হজরতের ক্রমবর্ধিষ্ণু ক্ষমতা ও ইসলামের দ্রুত প্রসার কোরায়েশদের মনে ঈর্ষা ও শত্রুতা বাড়িয়ে তুলেছিলে। তারা মুসলমানদের মক্কা থেকে বিতাড়িত করে ক্ষান্ত হলেন না। তাদের অনিষ্ট সাধন ও ইসলামের অগ্রগতিকে প্রতিহত করার দৃঢ় সঙ্কল্প নিয়েছিল। মদিনায় এত দিন বাইরের সকল প্রকার আক্রমণ থেকে মুক্ত ছিল কিন্তু মহম্মদ ও তার অনুগামীদের আশ্রয় স্থল হওয়ায় মদিনা কোরায়েশদের ক্রোধের লক্ষ্য স্থলে পরিণত হল। মুসলমানদের আশ্রয় দেওয়ার অপরাধে তারা মদিনাবাসীদের শাস্তি দিতে চাইল।

মদিনাবাসীগন হজরতের ধর্ম গ্রহণ করলেও অনেকের মনে সন্দেহ ও ঈর্ষা ছিল। তারা হজরতের প্রাধান্য সহ্য করতে পারল না। তারা খাযরাজ বংশের আব্দুল্লা-বিন উবাই এর নেতৃত্বে কোরায়েশদের সাথে গোপনে হজরতের বিরুদ্ধাচারণ করতে লাগল। মদিনার মুনাফেকদের সহযোগিতা শত্রুদের শক্তি ও সাহস বড়িয়ে দিল। মদিনার ইহুদিগন সনদে স্বাক্ষর করা সত্ত্বেও হজরতের শক্তি খর্ব করার জন্য গোপনে কোরায়েশদের সাথে ষড়যন্ত্রে লিপ্ত হল। ইসলামের এই শত্রুরা নিজেদের স্বার্থের তাগিদে মদিনা আক্রমণ করার জন্য কোরায়েশদের ষড়যন্ত্রে ইন্ধন জোগাতে লাগল। কিন্তু বদরের যুদ্ধের আসল কারন ছিল অন্যত্র। উত্তর-আরবের বাণিজ্যের মধ্যে কোরায়েশ ও মুসলমানদের যুদ্ধের আসল কারণ নিহিত ছিল। সিরিয়ার সাথে কোরায়েশদের সাথে বানিজ্যিক সম্পর্ক বহু কাল ধরে চলে আসছিল। মুসলমানদের মদিনায় হিজরত করার পর হতেই সিরিয়ার সাথে তাদের বাণিজ্য বিপন্ন হয়ে পরে। মক্কা থেকে সিরিয়া পর্যন্ত বিস্তৃত বাণিজ্য পথে মদিনা অবস্থিত হওয়ায় তাদের এই বিপদ দেখা দেয়।

নবী করীম কোরায়েশদের গতি বিধি লক্ষ্য করার জন্য আব্দুল্লা ইবন জাহাশের নেতৃত্ব মক্কার উপকণ্ঠে একটি পর্যবেক্ষক দল প্রেরণ করেন। এই সময় ছিল পবিত্র রমজান মাস। রমজান মাসে আরবদের যুদ্ধ করা নিষিদ্ধ ছিল। কিন্তু কোরায়েশদের একটি দল মক্কা ও তায়েফের মধ্যবর্তী স্থান নাখলা নামক স্থানে উপস্থিত হলে মুসলমানদের দলটি হঠাৎ তাদের আক্রমণ করে এবং একটি খণ্ড যুদ্ধে কোরায়েশ দলের নেতা নিহত হন। হজরত মহম্মদ এই নাখালের ঘটনায় মর্মাহত হন। অর্থাৎ মহানবী যখন মদিনায় আর্থিক উন্নতি ও সামাজিক-বিধান রচনায় ব্যস্ত তখন নাখালে কোরায়েশদের একটি দলের ওপর মুসলিমদের একটি দল আক্রমণের এই ঘটনাটি উভয়ের মধ্যে চরম উত্তেজনা বৃদ্ধি করেছিল।



বদরের যুদ্ধ

পি. কে. হিট্টি বলেছেন, হজরত মহম্মদের নেতৃত্বে মদিনার মুসলিমরা সিরিয়া থেকে মক্কা ফেরার পথে গ্রীষ্মকালে মক্কার এক মরুযাত্রীদলের গতিরোধ করেন, যার ফলস্বরূপ কোরায়েশ নেতা আবুসুফিয়ানের সঙ্গে মহম্মদ বাহিনীর মধ্যে ৬২৪ খ্রি. বদরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। পি. কে. হিট্টি, এই যুদ্ধে মুসলিম বাহিনীর বিজয়কে নতুন ধর্মবিশ্বাসের প্রতি আল্লাহার অনুমোদন বলে ব্যাখ্যা করেছেন। এর পরে ও মুসলিম বাহিনী বা উম্মাহদের সাথে মক্কার অন্য বাহিনীর সঙ্গে ৬২৫ খ্রি. উহুদ ও ৬২৭ খ্রি. ডিচের যুদ্ধে মুখোমুখি হতে হয়েছিল। যুদ্ধের ফলাফল ছিল কোরায়েশ বাহিনীর প্রতিকূলে। ৬২৮ খ্রি. বিজয়ী মহম্মদ কোরায়েশ বাহিনীর সাথে চুক্তি সাক্ষর করেন ও ৬৩০ খ্রি. মক্কা নগরী আক্রমণ করেন, এ প্রসঙ্গে পি. কে. হিট্টি বলেছেন, মক্কার পবিত্র কাবাগৃহে প্রবেশ করেন ও নিজের হাতে কয়েকটি মূর্তি ধ্বংস করেন। মক্কার কাবাকে পবিত্র ধর্মস্থান হিসাবে ঘোষণা করেছিলেন। মক্কাবাসী মহম্মদকে সমর্থন করেন। অবশ্য ঐতিহাসিক

S. D. Goitein মক্কাবাসীদের এই সমর্থনের পিছনে তাদের অর্থনৈতিক স্বার্থের কথা উল্লেখ করেছেন। এইভাবে মহানবী তার নবগঠিত ধর্মীয় সম্প্রদায়কে নিরাপত্তা দান করেন। ৬৩২ খ্রি. মহানবীর জীবনাবাসান হয়।

২০.২.৩ উম্মাহ সম্প্রদায়ের গুরুত্ব

হজরত মহম্মদ শুধু সাধাসিধে জীবনযাপন করেননি, হজরত মহম্মদ আল-মদিনায় রক্তের সম্পর্কের পরিবর্তে ধর্মের ভিত্তিতে গঠিত নতুন সামাজিক সংগঠন উম্মাহ নামে পরিচিত। পরবর্তীকালে এই ধর্মীয় সম্প্রদায়ের মধ্য দিয়ে বৃহত্তর রাষ্ট্র ব্যবস্থার সূচনা হয়। এর পাশাপাশি রাষ্ট্রের নিরঙ্কুশ ঘটনার ব্যক্তিকরণ ঘটে আল্লাহার মধ্য দিয়ে, উপজাতীয় সম্পর্ক, পুরোনো আনুগত্য নির্বিশেষে এই উম্মাহ সম্প্রদায় সকলে ভ্রাতৃত্ববোধের সম্পর্কে আবদ্ধ হয়। মহম্মদের উম্মাহ সম্প্রদায়ের পুরনো উপজাতীয় গোষ্ঠী ও এই সম্প্রদায়গত চেতনার নতুন ও বৃহত্তর সংস্করণকে ঐতিহাসিক Hodgson 'Super Tribe' বলে অভিহিত করেছেন।

পি. কে. হিট্টি বলেছেন, ভাইয়ের অনুমতি না নিয়ে তার সম্পত্তির ভোগ দখলকে আইনবিরুদ্ধ বলে মহানবী ঘোষণা করেছেন। এই ভাবে এক খোঁচায় আরবীয় সম্পর্কের সবচেয়ে গুরুত্বপূর্ণ ভিত্তি অর্থাৎ উপজাতীয় আত্মীয়তা ধর্মবিশ্বাসের নতুন বন্ধন দ্বারা পরিবর্তিত হল। আবার ঐতিহাসিক Bernard Lewis বলেছেন, আদিম আরব সম্প্রদায়কে অবিভক্ত ও রাজনৈতিকভাবে সংগঠিত করতে একমাত্র ধর্ম পাড়ত।

মহানবী আরবের সমস্ত ইসলাম ধর্মবিশ্বাসীদের জন্য এক ধরনের যুদ্ধবিরতির আদেশ বলবৎ করেন। যুদ্ধ ক্ষেত্রে বেদুইনদের অসমসাহস এবং উপাজাতীয় আত্মরক্ষার লক্ষ্যে বেপরোয়া আত্মবলিদানের পরম্পরা রূপান্তরিত হল নতুন ধর্ম বিশ্বাসের সুরক্ষায়, এইরকম দুঃসাহসিক প্রতিরোধে। হিট্টি বলেছেন, এই নতুন ধর্ম সম্প্রদায়ে কোন যাজকবর্গ, যাজকতন্ত্র ও প্রধান বিশপের এলাকা কিছুই থাকল না, পরিবর্তে মসজিদ হল জনতার সমাবেশস্থল, প্রার্থনার পরিচালক অর্থাৎ ইমাম ছিলেন ধর্মবিশ্বাসীদের সামরিক বাহিনীর প্রধান এবং এই ধর্মবিশ্বাসীদের প্রত্যেকে গোটা বিশ্বের আক্রমণের বিরুদ্ধে দাঁড়িয়ে একে অপরকে রক্ষা করার নির্দেশ দিয়েছিলেন। পাশাপাশি তিনি যে সব আরবীয়রা বর্বর ছিলেন তাদের জীবনাচরণকে বাতিল করে দিয়েছিলেন ও উম্মাহদের মহিলা, মদ ও জুয়া থেকে দূরে থাকতে নির্দেশ দিয়েছিলেন। তিনি মুসলিম জাতি বা উম্মাদের কতগুলি নৈতিক বিধান পালন করে চলতে বলেছিলেন যথা-

১. সত্যবাদিতা।

২. পরিবারের ভরণপোষণ।

৩. অন্যায় কাজ ও রক্তপাত ঘটনা থেকে বিরত থাকা।

৪. মেয়ে ও শিশুদের সামাজিক মর্যাদা বৃদ্ধি।

৫. অবিবাহিত অবস্থায় যৌন সহবাস ও মিথ্যা সাক্ষ্য দিতে নিষেধ করেছিলেন।

৬. কেবলমাত্র আল্লাহর উপাসনা করতে বলেছেন।

৭. উম্মাহদের ধর্মীয় কর্তব্য হিসেবে

   a. বিশ্বাস (শাহদাহ)

   b. নামাজ

c. ভিক্ষাদান (জাকাহ)

d. রোজা (উপবাস)

-এভাবে হজরত মহম্মদ সুসভ্য জাতিগঠনের রূপরেখা অঙ্কন করেছিলেন।

২০.২.৪ উপসংহার

এ প্রসঙ্গে আর বলা যায় যে, আল - মদিনা থেকে ইসলামিক ধর্মভিত্তিক রাষ্ট্র গোটা আরবে ছড়িয়ে পড়ে এবং তা ধীরে ধীরে গোটা পশ্চিম এশিয়া ও উত্তর আফ্রিকা গ্রাস করেছিল। তাই সহজেই বলা যায় যে, আল - মদিনার ইসলামি ধর্ম সম্প্রদায় ছিল পরবর্তীকালে গোটা ইসলামি সম্প্রদায়ের ক্ষুদ্র সংস্করণ। শুধু তাই নয় আধুনিক গবেষকরা মনে করেন যে, হজরত মহম্মদ যে সামাজিক ও রাজনৈতিক সংগঠন তৈরি করেছিলেন তার সঙ্গে মধ্যপ্রাচ্যের সমাজ জীবনের সাদৃশ্য ছিল। এ প্রসঙ্গে ঐতিহাসিক Ira. M. Lapidus. বলেছেন, 'আরব জাতিকে সুসংহত করে হজরত মহম্মদ যে এক নতুন ধর্ম বিশ্বাস প্রবর্তন করেছিলেন তার সারবত্তা তা ইতিপূর্বে মধ্যপ্রাচ্যে প্রচলিত খ্রিস্টান, ইহুদি ও জরাথুষ্টীয় ধর্মমতের ও সারবত্তা ঠিক একই।

২০.২.৫ নির্বাচিত প্রশ্নাবলী

বিভাগ — ক

(প্রশ্নের মান ২)

১. কোন কোন উপাদান থেকে হজরত মহম্মদ সম্পর্কে জানতে পারি?

২. ছোটোবেলায় হজরত মহম্মদ কী কী নামে পরিচিত ছিলেন?

৩. খাদিজা কে ছিলেন?

৪. হিজরত বলতে কী বোঝ?

৫. হিজরতের গুরুত্ব লেখ?

৬. মুজারিন ও আনসারী বলতে কী বোঝ?

৭. উহুদ ও ডিচের যুদ্ধ কবে কাদের মধ্যে হয়েছিল?

৮. উম্মাহ কারা?

৯. ইসলাম ধর্মমতের সাথে মধ্যপ্রাচ্যের প্রচলিত ধর্মমতের সাদৃশ্য কোথায়?

বিভাগ — খ

(প্রশ্নের মান ৫)

টীকা লেখ :

১. বদরের যুদ্ধ

২. হজরত মহম্মদ ধর্মীয় নেতা

৩. উম্মাহ সম্প্রদায়ের গুরুত্ব

বিভাগ — গ

(প্রশ্নের মান ১০)

১. হজরতের মক্কা জীবনের বর্ণনা দাও।

২. হজরত মহম্মদের মক্কা হতে মদিনায় হিজরতের কারণ ও পরিস্থিতি বর্ণনা কর।

৩. উম্মাহ বলতে কী বোঝ? হজরত মহম্মদ কীভাবে উম্মাহদের নিরাপত্তা দান করেছিলেন?

৪. হজরত মহম্মদ উম্মাহ সম্প্রদায়কে সুসংগঠিত করতে কী কী পদক্ষেপ গ্রহণ করেছিলেন?

৫. মহানবী উম্মাহ সম্প্রদায়কে সুসংহত করতে কী কী সামাজিক ও নৈতিক বিধান দিয়েছিলেন?

২০.২.৬ নির্বাচিত গ্রন্থপঞ্জী

১. কে. আলি, ইসলামের ইতিহাস , পুনর্মুদ্রণ, আজিজিয়া বুক ডিপো, ঢাকা, বাংলা বাজার, ২০০৩।

২. Rakesh Kumar, Ancient and Medieval world, Sage Publication, New Delhi, 2018,

৪. Marshall G. S. Hodgson, Venture of Islam, Vol. 1, Chicago University Press, Chicago, 1974.

৫. ফিলিপ. কে. হিট্টি, আরব জাতির ইতিহাস, পুনর্মুদ্রণ, আদি মল্লিক ব্রাদার্স, কলকাতা, ২০১৬।

৬. স্যার সৈয়দ আমীর আলী, এ শর্ট হিস্ট্রি অব দি স্যারাসিন্স আরব জাতির ইতিহাস, তৃতীয় মুদ্রণ, বাংলা বাজার, ঢাকা, ২০১৮।

৭. Bernard Lewis – The Arabs in History, Rpt. Oxford University Press– 2002.

৮. The New Cambridge History of Islam, Vol. 1, Editor-Chase F. Robinson, Cambridge University Press, 2010.

৯. Ira. M. Lapidus. A History of Islamic Societies. Cambridge University Press. Cambridge, 1988.

১০. রাজকুমার চক্রবর্তী , ইসলামের উৎপত্তি ও চরিত্র : মুহম্মদের সময়কাল সাম্প্রতিক গবেষণার আলোয় , অনুষ্টুপ , ৫৪ বর্ষ , ২য় সংখ্যা , ২০২০।

২০.৩ খিলাফত রাষ্ট্র (Caliphal State)

২০. ৩. ১ সূচনা :

হজরত মহম্মদের মৃত্যুর পর তার পদে স্থলাভিষিক্ত কে হবে তা নিয়ে মুসলিম জাহানে চরম বিশৃঙ্খলা দেখা দেয় কারণ হজরত মহম্মদের কোনো পুত্র সন্তান ছিল না বা তিনি গণতন্ত্রে বিশ্বাসী হওয়ায় কোনো উত্তরাধিকার নির্বাচন করেননি বা আইন প্রণয়ন করে যাননি।

Encyclopedia of Islam Vol-1 গ্রন্থে বলা হয়েছে ক্লাসিক্যাল ও মধ্যযুগীয় ইসলামিক ইতিহাস ও ফিকাহবিদদের তত্ত্বে 'Khilafa' আরবি শব্দটির ইংরেজিকরণ হল 'Caliphate' যার অর্থ মুসলিম সম্প্রদায়ের রাজনৈতিক জীবনের সর্বোচ্চ নেতা। আবার ঐতিহাসিক ইবন খালদুন বলছেন যে, মহানবীর পর তার আদর্শ প্রচার এবং তার প্রতিষ্ঠিত রাষ্ট্রকে সুষ্ঠভাবে পরিচালনা করার নাম খিলাফত। খিলাফতের প্রধানকে বলে খলিফা।

২০.৩.২ খিলাফতে রাশেদা :

১.	আবুবকর	....	৬৩২ - ৬৩৪
২.	উমর	....	৬৩২ - ৬৪৪
৩.	উসমান	....	৬৪৪ -৬৫৬
৪.	আলি	....	৬৫৬ -৬৬১

উপরোক্ত এই চারজন খলিফা মহম্মদের নীতি আদর্শ ও ইসলামিক বিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনা করেছিলেন বলে তাদেরকে 'খোলাফায়ে রাশেদীন বা পবিত্র খলিফা' বলা হয়। Encyclopedia of Islam– Vol. 1 গ্রন্থে বলা হয়েছে এরপর খলিফা পদ বংশানুক্রমিক হয়ে পড়ে। এরপর উমাইয়া খলিফারা (৬৬১-৭৫০) ও আব্বাসীয় খলিফারা (৭৫০-১২৫৮ খ্রি.) রাজত্ব করেছিল। ১২৫৮ খ্রিস্টাব্দের পর থেকে খলিফা পদটি আনুষ্ঠানিকভাবে টিকেছিল। ১৯২২ সালে তুর্কি পার্লামেন্ট খলিফাতন্ত্রের অবসান ঘটান।



খিলাফত যুগ

২০.৩.৩ প্রথম খলিফা - আবুবকর (৬৩২-৬৩৪)

আবুবকর প্রথম খলিফা হিসেবে নির্বাচিত হওয়ার পূর্বে এই পদের দাবিদার হিসেবে চারটি দল এগিয়ে আসে।

১. আনসারীগণ দাবি করেছিল যে, শত বিপদ-আপদ উপেক্ষা করে মহানবী ও তার অনুগামীরা ইসলাম ধর্মকে রক্ষা করেছে। সুতরাং তাদের দলের মধ্যে থেকেই শাসনকর্তা নির্বাচিত হবে।

২. মোহাজের দল দাবি করে যে, শত দুঃখ যন্ত্রণা ভোগ করে তারাই আরব উপদ্বীপে প্রথম ইসলাম ধর্ম গ্রহণ করে তাই তাদের প্রতিনিধি হবে শাসনকর্তা।

৩. অপরদিকে কোরায়েশরা দাবি করেছিল যে, স্বয়ং মহানবী যেহেতু তাদের গোত্রভুক্ত, সেই জন্য তাদের মধ্য থেকে এই পদ নির্বাচিত হোক।

৪. হজরত আলির সমর্থকবৃন্দ দাবি করেছিল যে, হজরত আলি মহানবীর জামাতা হওয়ায় তিনি খিলাফতের একমাত্র উত্তরাধিকারী।

মক্কার ধনী কোরায়েশ বংশজাত হজরত আবুরকর ছেলেবেলা থেকে ছিলেন পবিত্রতা, আন্তরিকতা ও চারিত্রিক মাহাত্ম্যের প্রতিমূর্তি ও মহানবীর নিত্যসঙ্গী। এমনকি মহম্মদের স্ত্রী খাদিজা মারা গেলে তিনি নিজ কন্যা আয়েশার সঙ্গে মহানবীকে বিবাহ দেন। শুধু হিজরতে নয়, বদর, উহুদ ও খন্দকের যুদ্ধেও তিনি মহম্মদের সঙ্গী ছিলেন। সুতরাং খলিফা পদে অগ্রাধিকার পেয়েছিলেন আবুবকর।

খলিফা পদে অধিষ্ঠিত হয়ে আবুবকরকে বহুবিধ সমস্যার মুখোমুখি হতে হয়েছিল।

১. ভণ্ড নবীদের উত্থান, ২. অভ্যন্তরীণ বিরোধী শক্তির উত্থান, ৩. ধর্মত্যাগী বা রিদ্দা আন্দোলন, ৪. পারস্যের সম্রাটের শত্রুতা, ৫. রোম সম্রাটের শত্রুতা।

১. দেশের সংকটময় পরিস্থিতির উদ্ভব হলে সাম্রাজ্যের নেতৃস্থানীয় ব্যক্তিগণ মদিনা রক্ষার্থে সিরিয়ার অভিযান প্রেরণ করেছিল। এক্ষেত্রে আবুবকরের সাফল্য মুসলিমদের শক্তি ও সাহস উভয় বৃদ্ধি করেছিল।

২. **ভণ্ডনবীদের দমন :** হজরত মহম্মদের মৃত্যুর পর তার নেতৃত্বকে অস্বীকার করে কিছু ভণ্ড ব্যক্তি নিজ নিজ অঞ্চলে নিজেদেরকে 'নবী' বলে ঘোষণা করলে আবুবকর ভণ্ড পয়গম্বরদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে।

৩. **রিদ্দা আন্দোলন দমন :** আবুবকরের শাসনকালে নবদীক্ষিত মুসলমানরা তাদের পূর্বের ধর্মে ফিরে যাচ্ছিল, তারা যেন পুনরায় প্রত্যাবর্তন না করে তাদের জন্য সংঘটিত হয়েছিল রিদ্দা বা স্বধর্মত্যাগী আন্দোলন। পি. কে. হিট্টি বলছেন যে, তার স্বল্পস্থায়ী শাসনকালের বেশিরভাগ সময় রিদ্দা যুদ্ধে ব্যাপৃত ছিল। এই সময় আবুবকরের সেনাপতি খালিদ বিন ওয়ালেদের নেতৃত্বে ইয়ামামার যুদ্ধে ভণ্ড নবী ও স্বধর্মত্যাগী মুসলমানদের পরাজিত করে নব্য প্রতিষ্ঠিত ইসলাম ধর্মকে রক্ষা করে।

৪. আজনাদের যুদ্ধ : শুধু তাই নয় তিনি পারসিক সীমান্তে বিদ্রোহ দমন এবং ৬৩৪ খ্রি. আজনাদের যুদ্ধে বাইজানটাইন শক্তিকে পরাজিত করে।

মহানবীর মৃত্যুর পর আবুবকর তার বিচক্ষণতা, নির্ভীকতা ও সত্যনিষ্ঠার দ্বারা শুধু বিপন্ন ইসলামকে রক্ষা করেননি রিদ্দা আন্দোলন দমন বা বেদুইন শক্তিকে নিজের নিয়ন্ত্রণে এনে তার সামরিক যোগ্যতার দৃষ্টান্ত স্থাপন করেছিল। আবুবকরের অন্যতম কীর্তি হল পবিত্র কুরআন শরীফের সংকলন করা। তাছাড়া বিশ্ববিজয় অভিযানের পূর্বে তিনি আরবজাতিকে সুসংহত করেন, পাশাপাশি শক্তিশালী পারসিক শক্তিকে পরাভূত করেন। অন্যদিকে আবুবকর মন্ত্রণা পরিষদের সাহায্যে রাষ্ট্র পরিচালনা করেছিলেন। সহজ সরল জীবনযাপন, নির্মলতা, পবিত্রতা, ইমান, দানশীলতা-- প্রভৃতি গুণাবলি ছিল চোখে পড়ার মতো। অর্থাৎ বলা যায় যে, আবুবকর হলেন ইসলামের ইতিহাসে উপযুক্ত স্থানে এবং উপযুক্ত সময়ে একজন যোগ্য ব্যক্তি।

২০.৩.৪ দ্বিতীয় খলিফা : হজরত উমর (৬৩৪-৬৪৪)

আবুবকরের মৃত্যুর পর খলিফা হন উমর। যিনি প্রায় দশ বছর (৬৩৪ - ৪৪) ইসলামিক রাষ্ট্র ও উম্মাহ সম্প্রদায়কে নিয়ন্ত্রণ করেছিলেন। তার শাসনকালে আরবজাতি শুধু সুস্থির হয়নি ইসলামীয় কর্তৃত্ব মধ্যপ্রাচ্যের কিছু অঞ্চল দক্ষিণ পশ্চিম এশিয়া ও উত্তর আফ্রিকায় প্রতিষ্ঠিত হয়েছিল। তাই তাকে ইসলামিক সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়।



দ্বিতীয় উমরের সাম্রাজ্য বিস্তার

বুওয়াসের যুদ্ধে মুসলিম বাহিনীর বিজয় পারসিকরা ভুলতে পারেনি। এই পরাজয়ের গ্লানি মেটাতে নতুন সম্রাট ইয়াজদিজার্জের নেতৃত্বে অগ্রসর হলে ৬৩৭ খ্রি. কাদিসিয়ার যুদ্ধে মুসলিম বাহিনী পারসিক বাহিনীকে পরাজিত করে। ফলে ইরাক খলিফার কর্তৃত্বে আসে এর পাশাপাশি দামাস্কাস (৬৩৬), জেরুজালেম (৬৩৮), মেসোপটেমিয়ার গুরুত্বপূর্ণ শহর (৬৪১) ও বাইজানটাইন সাম্রাজ্যের কর্তৃত্বাধীন সিরিয়া, মিশর প্রভৃতি প্রদেশে মুসলিম বাহিনী নিজেদের অধীনে এনেছিল। তবে দ্বিতীয় খলিফা মিশর জয় সম্পূর্ণ করতে হেলিওপলিস, ব্যাবিলন ও আলেকজান্দ্রিয়া দখল করতে হয়েছিল। ৬৪৩ খ্রি. তিনি উত্তর আফ্রিকার ত্রিপোলি জয় করেছিলেন। তার সাম্রাজ্য বিস্তার সম্পর্কে পি. কে. হিট্টি বলেছেন, মহানবীর ওফাতের পর যেন জাদুমন্ত্রের ছোঁয়ায় অনুর্বর আরব অসংখ্য ও অতুলনীয় যোদ্ধা উৎপাদনের ক্ষেত্রে পরিণত হয়।

i) তার শাসনকালে ইসলামের রীতিনীতি ও জনকল্যাণের ওপর ভিত্তি করে সাম্রাজ্যের প্রশাসনিক বৈশিষ্ট্য ও কাঠামো গড়ে উঠেছিল। এ প্রসঙ্গে সৈয়দ আমীর আলী বলেছেন যে, ত্রিশ বছরের খিলাফতের আমলে উমরের জীবদ্দশায় ও মৃত্যুর পরে তার অনুসৃত নীতি তার নিকট হইতে উদ্ভুত হয়েছিল

ii) শাসনকার্য্য পরিচালনার জন্য মসলিজ - উস - শূরার বা উপদেষ্টা পরিষদের পরামর্শ নিতেন।

iii) কোনো প্রদেশ ও জেলা শাসনকর্তার বিরুদ্ধে জনগণের অভিযোগ থাকলে উক্ত শাসককে অপসারিত করা হত।

iv) বিজিত এলাকাকে সৈন্যদের পরিবর্তে রাষ্ট্রীয় সম্পত্তি বলে ঘোষণা করেছিল।

v) কর নীতি বাস্তবায়নের জন্য ইরাকে জমি জরিপ করেন।

vi) হজরত উমরের পূর্বে রাজস্বের উৎস ছিল-- খারাজ/ভুমিকর, জাকাত, জিজিয়া, খামস (যুদ্ধে লব্ধ দ্রব্যাদি) আলফে (রাষ্ট্রীয় আয়)। উমর এই পাঁচ প্রকার কর ছাড়াও কয়েকটি নতুন কর ধার্য্য করেছিলেন।

vii) সংগৃহীত রাজস্ব বায়তুলমাল নামক কেন্দ্রীয় কোষগারে জমা পড়ত।

তিনি সুসংবদ্ধ সামরিক ব্যবস্থা গঠন করেছিলেন। Encyclopedia of Islam Vol.1 গ্রন্থে বলা হয়েছে- 'He created a military register (Diwan) for payment of the troops and for the disbursement of pensions to the members of Muslim Community.' (তিনি প্রবর্তন করেছিলেন সামরিক নিবন্ধকরণ (দিওয়ান) সেনাবাহিনীকে বেতন দেওয়ার জন্য এবং মুসলিম সম্প্রদায় সদস্যদের পেনশন দেওয়ার জন্য)।

জাতীয় অর্থ সুষ্ঠভাবে বন্টনের জন্য তিনি লোকগণনার ওপর জোর দেন। এ প্রসঙ্গে পি. কে. হিট্টি বলেছেন, রাজস্ব বন্টনকার্য্য সম্পন্ন করার জন্য আদমশুমারির প্রয়োজন হয় এবং পৃথিবীর রাষ্ট্রীয় রাজস্ব বন্টনের ক্ষেত্রে এটাই সর্বপ্রথম লিপিবদ্ধ আদমশুমারি। ঐতিহাসিক উইলিয়াম মূর বলেছেন- উমরের ভাতা প্রদানকারী পৃথিবীর ইতিহাসে সম্ভবত অতুলনীয়।

এছাড়াও অখণ্ড আরব জাতীয়তাবাদ গঠন, বিচার বিভাগের উন্নতি সাধন এবং শাসনবিভাগ থেকে পৃথকীকরণ, জনহিতকর কার্য্যাবলি (সরকারি ভবন, মসজিদ, হাসপাতাল, রাস্তাঘাট নির্মাণ), ইসলামি শিক্ষা ও সংস্কৃতির বিকাশ সাধন, নির্মাতা হিসেবে দ্বিতীয় খলিফা উমর কুফা, বসরা, ফুসতাত ও বহু সৈন্য শিবির নির্মাণ করেছিলেন।

পরিশেষে তার বিজয়কীর্তি দেখে পি. কে. হিট্টি বলেছেন-- "...শূন্য হতে শুরু করে আরবীয় মুসলিম খিলাফত পৃথিবীর শ্রেষ্ঠ শক্তিতে পরিণত হয়। অর্থাৎ খলিফা উমর ছিলেন আলেকজাণ্ডারের মতো পরাক্রমশালী বিজেতা, ইরানের বাদশাহ নওশেরওয়ানের মতো ন্যায় বিচারক ও অ্যারিস্টটলের মতো সাংগঠনিক চিন্তার অধিকারী। বহুমুখী প্রতিভা ও অনন্য সাধারণ কৃতিত্বের জন্য তিনি সর্বকালের ইতিহাসে চির অম্লান হয়ে আছেন।

২০.৩.৫ তৃতীয় খলিফা : হজরত উসমান (৬৪৪ - ৬৬১)

দ্বিতীয় উমরের মৃত্যুর পর কোরায়েশ বংশজাত উমাইয়া গোত্রের সন্তান হজরত উসমান খলিফা হিসেবে মনোনীত হলে হাশেমীয় পরিবারের হজরত আলি অসন্তুষ্ট হয়, যা পরবর্তীকালে মুসলিম জাহানে বিবাদ ও কলহ সৃষ্টি করেছিল। তাঁর সম্পর্কে স্যার সৈয়দ আমীর আলী বলেছেন, ধার্মিক ও সৎ হলেও হজরত উসমান ছিলেন অতিবৃদ্ধ ও দুর্বলচেতা মানুষ। এমনকি প্রশাসনিক কাজেও তিনি ছিলেন অনুপযুক্ত। তাই তিনি খুব সহজেই তার পরিবার ও বিশ্বাসঘাতক মারওয়ানের দ্বারা পরিচালিত হয়েছিল। আমীর আলী আরও বলেছেন যে, হজরত উসমান (রা) হজরত উমর (রা) কর্তৃক নিযুক্ত প্রশাসকদের অপসারণ করলেন এবং তাদের স্থানে নিজ বংশের অনুপযুক্ত ও অপদার্থ ব্যক্তিদের নিয়োগ করেছিলেন।

সৈয়দ আমীর আলী বলেছেন যে, সীমান্ত প্রদেশগুলিতে সাধারণ শত্রুর আক্রমণ সম্পর্কে আরবরা অবহিত ছিল আর সে ব্যাপারে সেনাবাহিনীও কর্মতৎপর ছিল। তুর্কীরা অক্ষু অঞ্চল জয় করলে মুসলমানরা বালখ জয় করে। তারা একইভাবে হিরাট, কাবুল ও গজনী দখল করেছিল। দক্ষিণে পারস্যের দিকে অগ্রসর হলে কিরমান ও সিস্তান মুসলিমদের দখলে এসেছিল। এই সকল নববিজিত অঞ্চলে হজরত উমরের গৃহীত নীতি অনুসরণ করে তৃতীয় খলিফা প্রাসঙ্গিক উন্নয়নের ওপর যেমন - পয়ঃপ্রণালী খনন, রাস্তাঘাট নির্মাণ, ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে নিয়মিত পুলিশবাহিনী নিয়োগের মাধ্যমে নিরাপত্তা প্রদান - ইত্যাদির ওপর জোর দিয়েছিলেন।

আবার বাইজানটাইন বাহিনী উত্তর দিক থেকে আক্রমণ করলে উসমানের মুসলিম বাহিনী বর্তমান এশিয়া মাইনর থেকে কৃষ্ণসাগর পর্যন্ত অগ্রসর হয়, এর পাশাপাশি রোমানরা মিশর পূর্ণ দখলের জন্য নৌবাহিনী পাঠালে আলেকজান্দ্রিয়ার অদূরে তা ধ্বংস করা হয়।

ঐতিহাসিক পি. কে. হিট্টি বলেছেন যে, উসমান মনে করতেন যে, আল্লাহার কথা মানেই অপরিবর্তনীয়। তবে তিনি কুরআনের 'রহস্য উদ্‌ঘাটন পর্বের' পাণ্ডুলিপির বিবৃতি করেছিলেন বলে অভিযোগ রয়েছে। শুধু তাই নয় মাত্রাহীন স্বজন পোষণ করেন উমাইয়া বংশের ক্ষেত্রে। পি. কে. হিট্টি আরও বলেছেন যে খলিফা নিজেও রাজ্যপাল বা তাদের কর্মচারীদের উপহার গ্রহণ করতেন। প্রশাসনের বিরুদ্ধে জনরোষ দিন দিন বাড়তে থাকে। অন্যদিকে কোরায়েশপন্থী তিন জন যথা -আলি, তালহা ও আলযুবাইর উত্তরাধিকারী দাবি করে। পরিস্থিতি এত জটিল হয়ে পড়ে যে, ৬৫৬ খ্রি. এক মুসলমানের হাতে খলিফার মৃত্যু হয়। এই হত্যাকাণ্ড প্রমাণ করল যে- হজরত মহম্মদ প্রবর্তিত ইসলাম ধর্ম যেন সিংহাসন দখলের দাবিদারদের অন্তর্দন্দ্বে দীর্ণ হয়ে পড়ল।

২০.৩.৬ চতুর্থ খলিফা : হজরত আলি (৬৫৬ - ৬৫৯)

উসমানের পর আলমদীনার চতুর্থ খলিফা হলেন হজরত আলি। তিনি ছিলেন মহানবীর খুড়তুতো ভাই ও ফতেমার স্বামী মহানবীর আহ্বানে সাড়া দিয়ে খাদিজা বিবির সঙ্গে আলি সর্বপ্রথম ইসলাম ধর্ম গ্রহণ করেছিল।



হজরত মহম্মদের সঙ্গে হজরত আলির সম্পর্ক

খিলাফত লাভের পর প্রথম সমস্যা ছিল কোরায়েশ বংশের অন্যতম দুই দাবিদার তালহা ও যুবাইকে ৬৫৬ খ্রি. পরাজিত তিনি করেন এবং মহানবীর স্ত্রী বন্দি আয়েশাকে যথাযোগ্য সম্মান প্রদর্শন করেছিলেন। হজরত আলি প্রাদেশিক রাজ্যপালদের সরিয়ে সেই স্থানে তার অনুগত ব্যক্তিদের বসালে বিরোধ শুরু হয়। বিশেষত সিরিয়ার শাসক মুয়াবিয়াকে স্বীকৃতি প্রদানে অস্বীকৃত হলে বুদ্ধিমান, সামরিক যোদ্ধা, যোগ্য সংগঠক মুয়াবিয়া তৃতীয় খলিফা উসমান খুনের প্রতিশোধের (উসমানের রক্ত রঞ্জিত বস্ত্র প্রদর্শন করেছিল) সঠিক মীমাংসাকে কেন্দ্র করে মুসলিম আবেগকে কাজে লাগিয়ে কোণঠাসা করতে চাইলে চূড়ান্ত পরিণতি ঘটে ৬৫৭ খ্রি. ইউফ্রেটিস নদীর তীরে সিনফিন নামক যুদ্ধে। অবশ্য শেষপর্যন্ত আপস-রফা দ্বারা যুদ্ধের মীমাংসা ঘটে। হজরত আলি যথাযোগ্য সম্মান পেলেও প্রকৃত ক্ষমতা থেকে বঞ্চিত হয়। শুধু তাই নয় তিনি তার অনুগামীদের বৃহৎ অংশের সহানুভূতি থেকে বঞ্চিত হলেন ও গড়ে উঠল নতুন খারিজী বা বিচ্ছিন্নতাকামী দল। ৬৬১ খ্রি. এই খারিজী সম্প্রদায়ের আঘাতে তার মৃত্যু হয়।

২০.৩.৭ পবিত্র খলিফাদের আমল

ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মহম্মদ যুদ্ধবাজ আরবজাতি ও গোত্রগুলিকে ঐক্যবদ্ধ করে আরব জাতি গঠন করলে প্রথম খলিফা হজরত আবুবকরের আমলে আগের অবস্থায় ফিরে আসার চেষ্টা করলে ব্যর্থ হয়, সৈয়দ আমীর আলী এই ঘটনাকে নীলনদের বন্যার সঙ্গে তুলনা করেছেন। প্রথমে অনেক দুঃখ ও ক্ষয়ক্ষতি হওয়া সত্ত্বেও ও সেখান দিয়ে বন্যা বয়ে যায় সেখানকার মাটি উর্বর হয়ে যায়। শুধু তাই নয় উপদ্বীপে প্রচলিত আশ্রয় প্রথা অনুসারে বিজিত দেশগুলির পারসি, তুর্কি ও গ্রিকরা ইসলামধর্ম গ্রহণ করে 'মাওলা' গোত্রের আশ্রয়ভুক্ত। খলিফা সর্বোচ্চ ক্ষমতার অধিকারী হলেও তিনি মন্ত্রীপরিষদের পরামর্শ নিয়ে শাসনকার্য পরিচালনা করতেন।

পবিত্র খলিফাদের আমলে অধিকৃত দেশসমূহের প্রশাসনে কৃষি ও ব্যাবসা বাণিজ্যকে গুরুত্ব দেওয়া হয়। পাশাপাশি মিশর, সিরিয়া, ইরাক ও দক্ষিণ পারস্য - সমস্ত অঞ্চলে জমি জরিপ করে রাজস্ব আদায় করা হয়। অন্যদিকে যোগাযোগ ব্যবস্থার উন্নতির জন্য দ্বিতীয় খলিফা নীলনদ ও লোহিত সাগরের মধ্যবর্তী পুরানো অব্যবহৃত খাল পুনরায় খনন করা হয়। আরবরা এর নাম দেয় আমিরুল মুমেনীর খাল। সাধারণতন্ত্রে রাজস্ব সংগ্রহ করা হত তিনটি উৎস থেকে i) খারাজ, ii) জাকাত, iii) জিজিয়া। সেনাবাহিনী মূলত গঠিত হয়েছিল গোত্রীয় পুরুষ এবং মদিনা, তায়েফ ও অন্যান্য নগরী থেকে স্বেচ্ছাসেবকদের নিয়ে। পাশাপাশি স্থায়ী সেনাশিবির গঠন, সেনাবাহিনীর তালিকার প্রথা, সীমান্ত দূর্গ ও অভিযানে সেনাপতি নিযুক্ত করা হয়।

পবিত্র খলিফাদের আমলে সমাজব্যবস্থা ছিল পিতৃতান্ত্রিক পরিবারভিত্তিক, মক্কা ও মদিনার ধনী ব্যক্তিরা বৃহৎ অট্টালিকায় বসবাস করত। তবে সে যুগে মেয়েরা ছিল স্বাধীন, পর্দাপ্রথার প্রচলন ছিল না। মুসলিম মহিলারা স্বাধীনভাবে বাইরে চলাফেরা করত। আমীর আলী বলেছেন, তারা খলিফা হজরত আলি (রা), ইবনে আব্বাস ও অন্যান্যদের ধর্মোপদেশ ও বক্তৃতা শুনতেন। তার পাশাপাশি দাস কেনাবেচা কঠোরভাবে নিষিদ্ধ ছিল।

২০.৩.৮ উমাইয়া খিলাফত (৬৬১ - ৭৫০)

হজরত আলির মৃত্যুর পর পুত্র ইমাম হাসান খিলাফত লাভ করে। কিন্তু রাজনীতি ও সমরনীতিতে অনভিজ্ঞ ইমাম হাসান শেষপর্যন্ত খিলাফতের দাবি মুয়াবিয়ার অনুকূলে ত্যাগ করেছিলেন। এর ফলে ৬৬১ খ্রি. মুয়াবিয়া সমগ্র ইসলামি সাম্রাজ্যের খিলাফত লাভ করে। এ প্রসঙ্গে সৈয়দ আমীর আলী বলেন যে, কেবল রাজবংশের পরিবর্তন হয়নি, বরং শাসননীতির আমূল পরিবর্তন সাধিত হয়েছিল, এটা সাম্রাজ্যের ভাগ্য ও জাতির ক্রমবিকাশের ওপর প্রভুত্ব বিস্তার করার মতো অনেক উপাদানের জন্ম দিয়েছিল।

২০.৩.৮.১ মুয়াবিয়া (৬৬১ - ৭৮০) :

উমাইয়া বংশের প্রতিষ্ঠা মুয়াবিয়া খলিফার হৃত মর্যাদার পুনরুদ্ধার করেন। বিশেষত মুদারীয় ও হিমারীয় গোত্রের মধ্যে সামঞ্জস্য রক্ষা করতে সক্ষম হন। এ প্রসঙ্গে পি. কে. হিট্টি বলেছেন, বিশৃঙ্খলার ভেতর হতে মুয়াবিয়া শৃঙ্খলা আনয়ন করে ও একটি সুশৃঙ্খল মুসলিম সমাজ গঠন করেন। তার সামরিক বাহিনী মধ্য এশিয়ার হিরাট, কাবুল, বোখরা এবং উত্তর আফ্রিকার আটলান্টিক মহাসাগর পর্যন্ত বিস্তৃত হয়। এছাড়া গ্রিকদের বিরুদ্ধে রাজধানী কনস্ট্যান্টিনেপোলে অবিরত নৌ অভিযান প্রেরণ করেন।

এ ছাড়া ও বাইজানটাইন ও সাসানীয় সাম্রাজ্যের অধীন অঞ্চলগুলির রাজস্ব অধিকারের ওপর ব্যক্তিগত নিয়ন্ত্রণ আরোপ, উপজাতীয় ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন, প্রশাসনিক ক্ষেত্রে যোগ্য ব্যক্তিদের নিয়োগ ইত্যাদি কারণে তিনি স্মরণীয় হয়ে

আছে। ঐতিহাসিক Ira M. Lapidus বলেছেন যে, প্রথমদিককার খলিফাদের সমাজের ভিত্তি ছিল খোলাফায়ের রাশেদীনের সঙ্গে মহম্মদের ঘনিষ্ঠতা ও ধর্মীয় ন্যায়পরায়ণতা অন্যদিকে মুয়াবিয়া আরব উপজাতির গোষ্ঠীপতি হিসেবে নিজের সক্ষমতা প্রকাশ করেছিল।

২০.৩.৮.২ ইয়াজিদ (৬৮০ - ৮৩)

মুয়াবিয়ার মৃত্যুর পর মনোনীত উত্তরাধিকারী অযোগ্য ও অপদার্থ ইয়াজিদের ক্ষমতা লাভ ছিল রাজনৈতিক জটিলতার পূর্ণ। সাম্রাজ্যের সর্বত্র বিদ্রোহের আগুন ছড়িয়ে পড়ে। শুধু তাই নয় আমীর আলী বলেছেন, ইয়াজিদ যেমন নিষ্ঠুর ছিলেন তেমনই বিশ্বাসঘাতক, তার কলুষিত মনে দয়া বা সুবিচারের কোনো স্থান ছিল না। তার আমোদ-প্রমোদের মতোই তার সঙ্গীসাথীরা ছিল নীচুস্তরের ও দুশ্চরিত্র। অপরদিকে মুসলিম জাহানের অনেকেই মহানবীর বংশধর ইমাম হুসাইনকে খলিফা পদের জন্য সমর্থন করেছিল।

অন্যদিকে আবার কুফার মুসলিমরা উমাইয়া শাসনের অভিশাপ থেকে মুক্তি পাওয়ার জন্য ইমাম হুসাইনেক আমন্ত্রণ জানালে হুসাইন বন্ধুদের পরামর্শ অগ্রাহ্য করে বিভিন্ন আত্মীয় পরিজন, পুত্রদ্বয়, কিছু ভক্ত অনুগামী এবং মহিলা, শিশুদের নিয়ে ইরাক সীমান্তে যখন পৌঁছান তখন কুফা সেনাবাহিনীর কোনো চিহ্ন ছিল না , যাদের হুসাইনের সঙ্গে মিলিত হয়ে উমাইয়াদের প্রতিরোধ করার কথা ছিল। তখন আতঙ্কিত হুসাইন কুফাবাসীদের বিশ্বাসঘাতকতা ও উমাইয়াদের মারণাস্ত্রের ভয়ে তার সঙ্গী সাথীদের নিয়ে ইউফ্রেটিস নদীর তীরে কারবালায় শিবির স্থাপন করেছিল। শেষপর্য্যন্ত ৬৮০ খ্রি. ১০ অক্টোবর শত্রুবাহিনীর আঘাতে হুসাইনের দেহ মস্তক ছেদন করা হল, দেহ দলিত করা হল এই মর্মান্তিক ঘটনা কারবালার হত্যাকাণ্ড নামে পরিচিত। এ প্রসঙ্গে পি. কে. হিট্টি বলেছেন যে, হুসাইনের রক্ত তাঁর পিতার রক্ত অপেক্ষা বেশি করে শিয়া মতবাদের বীজ প্রমাণিত হল। শিয়া মতবাদের জন্ম হল, এ ঘটনার পর থেকে শিয়ারা মহরমের প্রথম দশদিন শোক দিবস হিসেবে পালন করত। অপরদিকে আমীর আলী বলেছেন কারবালার নির্মম হত্যাকাণ্ড ইসলামি দুনিয়ার সর্বত্র ত্রাসের শিহরণ জাগিয়ে তুলল এবং পারস্যে এক জাতীয় উদ্দীপনার জন্মলাভ করল। এই উদ্দীপনা পরবর্তীকালে উমাইয়াদের ধ্বংস সাধনে এবং আব্বাসীয় বংশধরগণকে ক্ষমতা দখলে সহায়তা করেছে। ৬৩৮ খ্রি. ইয়াজিদের মৃত্যু হলে তার পুত্র দ্বিতীয় মুয়াবিয়া খলিফা হলেন। তিনি ছিলেন নম্র স্বভাবের লোক। কিন্তু অল্পকালেই মৃত্যুমুখে পতিত হন।

২০.৩.৮.৩ মারওয়ান (৬৮৩ - ৮৫)

দ্বিতীয় মুয়াবিয়ার কোনো পুত্র সন্তান ছিল না, তাছাড়া তার কনিষ্ঠ ভাই খালিদ-বিন-ইয়াজিদ ছিল নাবালক। দরবারের আমীরগণ তখন পরিস্থিতি বুঝে তৃতীয় খলিফা উসমানের আমলে তার প্রধান পরামর্শদাতা মারওয়ানকে খলিফা পদে বসান। অবশ্য খালিদ বড়ো হলে মারওয়ান এই পদ ছেড়ে দিতে হবে এই শর্তে মারওয়ান খলিফা পদ লাভ করেছিলেন।

কিন্তু মারওয়ান ছিলেন সুচতুর কূটনীতিবিদ। তিনি সিরিয়ার হিমারীয়দের সাহায্যে মুদারীয় নেতা যাহহাতের বিরুদ্ধে অভিযান পাঠান। যাহহাত আব্দুল্লাহ-বিন-যুবাইকে সমর্থন করেছিল। মারওয়ান মারজরাহাতের (৬৮৪) যুদ্ধে সমগ্র সিরিয়াকে তার অধীনে নিয়ে আনেন। মিশর ও পুনরুদ্ধার করে। কিন্তু তা সত্ত্বেও সুন্নী মুসলিমগণ তাকে কখনো সমর্থন করেননি।

মারওয়ান খালিদকে খিলাফতের অধিকার থেকে বঞ্চিত করে নিজ পুত্র আব্দুল মালিককে উত্তরাধিকার মনোনীত করলে খালিদের মাতা মারওয়ানকে ঘুমন্ত অবস্থায় হত্যা করে। মারওয়ানের মৃত্যুর পর তার সুযোগ্য পুত্র আব্দুল মালিক সিংহাসনে বসেন। তিনি অবিলম্বে সিরিয়া ও মিশরের খলিফা হিসেবে স্বীকৃতি লাভ করে।

২০.৩.৮.৪ আব্দুল মালিক (৬৮৫ - ৭৫০)

আব্দুল মালিক তার রাজত্বকালে বহুবিধ সমস্যার সম্মুখীন হয়েছিলেন—

তিনি ইরাকের বিদ্রোহ দমনের জন্য ইবনে যুবাইরকে নিয়োগ করলে তিনি বিদ্রোহী হয়ে ওঠে। তার পাশাপাশি আলমুখতার নামক সাফীক গোত্রের এই ব্যক্তি কারবালার হুসাইন হত্যার প্রতিশোধ নিতে হজরত আলির অনুসারীদের নিয়ে একটি সমর্থক দল গঠন করেন এবং ইবনে যুবাইরকে বিতাড়িত করে ইরাক, পারস্য ও আরবের কিছু অংশে স্বীয় প্রভুত্ব বিস্তার করেছিল। কিন্তু শেষ পর্যন্ত ইবনে যুবাইয়ের ভ্রাতা ও বসরার শাসনকর্তা মুসাব তার সেনাপতি মুহাল্লা আলমুখারকে হত্যা করেন।

অন্যদিকে ইয়াজিদের পুত্র খালিদ ও সিরিয়ার শাসনকর্তা আমীর-বিন-সাঈদে খলিফা পদের দাবিদার হলে আব্দুল মালিক কূটকৌশল ও প্রলোভন দেখিয়ে বশীভূত করেছিলেন।

তিনি বসরার শাসনকর্তা বিদ্রোহী মুসাবকে শায়েস্তা করার পর আরফাতের যুদ্ধে (৬৯২ খ্রি.) ইবনে যুবাইরকে পরাজিত করেন। খারিজীদের দমন করেন ও সিজিস্তানের রাজা জ্ঞানবিলকে যুদ্ধের মাধ্যমে পরাভূত করেন। কিন্তু অন্যদিকে আবার বাইজানটাইন সাম্রাজ্যে মুসলিম কর্তৃত্বের প্রসার করেন। শুধু তাই নয় তার সুযোগ্য সেনাপতির মাধ্যমে উমাইয়া সাম্রাজ্য বার্কার প্রাচীর হইতে আটলান্টিক মহাসাগর পর্যন্ত বিস্তৃত হয়। এরপরে কাহিনা নামক জনৈক নারীর নেতৃত্বে বার্বাররা বিদ্রোহ করলে ৬৯৮ খ্রি. কাহিনাকে পরাজিত ও হত্যা করে মুসলিম কর্তৃত্বের প্রসার করেন।

আব্দুল মালিক মুসলিম সাম্রাজ্যের গৌরব কেবল বিজয় ও বিস্তারের মধ্যে সীমাবদ্ধ রাখেননি। পাশাপাশি কেন্দ্রীভূত শাসনব্যবস্থা প্রবর্তনের ওপর জোর দিয়েছিলেন। তার জন্য তিনি আরবি ভাষাকে সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছিলেন। এ প্রসঙ্গে Marshall Hodgson বলেছেন, ''It soon imposed the Arabic language on administration, replacing Greek and Pahlab, the coinage was minted and the tax books kept henceforth in Arabic'' (তিনি খুব শীঘ্র আরবিক ভাষা প্রশাসনে প্রয়োগ করেছিলেন গ্রিক ও পহ্লব ভাষার পরিবর্তে, টাঁকশাল তৈরি করেছিলেন এবং রাজস্ব সংক্রান্ত হিসেবের নথি রাখতেন আরবি ভাষায়) জাতীয় টাঁকশাল (৬৯৬) দামাস্কাসে প্রতিষ্ঠা করেন এবং আরবি লিপি ও ডাক বিভাগের উন্নতি সাধন করেন। স্থাপত্যশিল্পের পৃষ্ঠপোষক হিসেবে জেরুজালেমে 'Dome of the Rock' নামে বিখ্যাত মসজিদ ও কয়েকটি শহরের প্রতিষ্ঠা করেন।

তাই বলা যায় যে, আব্দুল মালিক শুধু উমাইয়া বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন না তিনি এ বংশের সর্বশ্রেষ্ঠ খলিফার মর্যাদা লাভ করেছিলেন।

২০.৩.৮.৫ প্রথম ওয়ালিদ (৭০৫ - ৭১৫)

আব্দুল মালিকের পুত্র প্রথম ওয়ালিদ তার সুযোগ্য সেনাপতি হাজ্জাজ-বিন-ইউসুফের নেতৃত্বে শুধু হিজাজ ও ইরাকের বিদ্রোহ দমন করেননি তারই নেতৃত্বাধীন কুতায়রা-বিন-মুসলিম নামক সেনাপতি মধ্য এশিয়ার ট্রান্স-আক্সিয়ানা এবং মহম্মদ বিন কাশিম সিন্ধু ও মূলতান জয় করেছিলেন। অন্যদিকে অপর এক সেনাপতি মুসার নেতৃত্বে আফ্রিকা ও তারিকের নেতৃত্বে স্পেনে কর্তৃত্ব প্রতিষ্ঠা করেন। শুধু তাই নয় ওয়ালিদের নেতৃত্বে ভূমধ্যসাগরে মুসলিম নৌবাহিনীর প্রাধান্য লক্ষ্য করা যায়। এই বাহিনীর সাহায্যে মেজর্কা ও অন্যান্য দ্বীপ অধিকার এবং স্পেন ও ফ্রান্সের বিরুদ্ধে অগ্রসর হতে সাহায্য করেছিল, এছাড়া জনহিতকর কার্য্যাবলি ও স্থাপত্য শিল্পের পৃষ্ঠপোষক হিসেবে দামাস্কাসে উমাইয়া মসজিদে নির্মাণের জন্য স্মরণীয় হয়ে আছেন।



উমাইয়া সাম্রাজ্য বিস্তার

প্রথম ওয়ালিসের মৃত্যুর পর তার ভ্রাতা সুলায়মান (৭১৫ — ৭১৭) ও তারপর সুলায়মানের ভ্রাতুষ্পুত্র দ্বিতীয় উমর (৭১৭ — ৭২০) সিংহাসনে বসেন। তিনি খোলাফায়ে রাশেদীনের আদর্শ অনুসরণ করতেন এবং তার চরিত্রে খলিফা দ্বিতীয় উমরের প্রতিফলন থাকায় সুন্নী মুসলিমগণ তাকে দ্বিতীয় ওমর বা পঞ্চম খলিফা বলে অভিহিত করতেন। তার রাজত্বকালে কোনো গুরুত্বপূর্ণ সামরিক অভিযান প্রেরণ করা হয়নি। তবে আরব গোত্রগুলির মধ্যে সমতা রক্ষা, প্রাদেশিক শাসনকর্তাদের জনকল্যাণ সাধনের ওপর জোর দেন।

এরপর দ্বিতীয় ইয়াজিদ (৭২০ — ২৪) দ্বিতীয় ওয়ালিদ, তৃতীয় ইয়াজিদ ও সর্বোপরি উমাইয়া বংশের শেষ শাসক দ্বিতীয় মারওয়ানের রাজত্বকালে গোত্র কলহ, খারিজী বিদ্রোহ ও আব্বাসীয় আন্দোলনের হাত ধরে উমাইয়া বংশের পতন হয়।

২০.৩.৯ উমাইয়া খিলাফতের আমল

মুয়াবিয়া খিলাফত লাভের ফলে ইসলামের ইতিহাসে প্রথম রাজতন্ত্রের সূচনা হয় এই আমলে খলিফারা ছিলেন

শাসনব্যবস্থার শীর্ষে। শাসন, বিচার ও সামরিক বিভাগের সর্বোচ্চ কর্তা। শাসনব্যবস্থা প্রতিনিধিত্বমূলক ছিল না। তবে কেন্দ্রীয় শাসন পরিচালনার জন্য পাঁচটি বিভাগ ছিল—

১. দিওয়ানুল জুনদ (সামরিক বিভাগ)

২. দিওয়ানুল খারাজ (রাজস্ব বিভাগ)

৩. দিওয়ানুল রাসায়েল (পত্র আদান-প্রদান বিভাগ)

৪. দিওয়ানুল খাতাম (ব্যবস্থাপনা বিভাগ)

৫. দিওয়ানুল বারিদ (ডাক বিভাগ)

উমাইয়া খিলাফতের আমলে রাষ্ট্রীয় আয়ের উৎস ছিল খারাজ, খামস, জাকাত, জিজিয়া, করদ রাজ্য থেকে প্রাপ্ত কর, আলফে, উৎসব উপলক্ষ্যে কর প্রভৃতি। শাসনকার্য্যের সুবিধার জন্য সমগ্র সাম্রাজ্যকে কতগুলি প্রদেশে বিভক্ত করা হয় ও বৈদেশিক প্রভাব দূর করতে আব্দুল মালিক আরবি ভাষার জাতীয়করণ করেছিলেন। পাশাপাশি রোমান যুদ্ধ কৌশল অনুসরণ ও নৌ-তৎপরতা দেখা গিয়েছিল এই আমলে।

রোমান ও পারসিক কায়দা অনুসরণকারী উমাইয়া খলিফারা ইন্দ্রিয়পরায়ণ ও উপপত্নী রাখতে ব্যস্ত ছিলেন কয়েকজন খলিফা ব্যতিরেকেই সকলেই মদ্যপানে ব্যস্ত ছিল। অভিজাত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত ছিল খলিফার পরিবারবর্গ আরব বিজেতাগণ, উচ্চপদস্থ রাজকর্মচারীগণ ও সম্ভ্রান্ত আরবেরা। আরব সাম্রাজ্যে নবদীক্ষিত মুসলমানেরা মাওয়ালী নামে পরিচিত ছিল। আরবজাতির সঙ্গে সাধারণ নগর এলাকায় বাস করলেও উমাইয়া খলিফাগণ তাদের নাগরিক সুযোগসুবিধা থেকে বঞ্চিত করেছিল। জিম্মিদের স্থান ছিল মাওয়ালীদের পরে। জিম্মিরা ছিল অমুসলমান, তারা সাধারণত সামরিক বাহিনীতে যোগদান করত না। কৃষিকার্য্য ছিল তাদের প্রধান পেশা। জিজিয়া প্রদানের মাধ্যমে রাষ্ট্রীয় নিরাপত্তা ভোগ করত। দাস সম্প্রদায় ছিল সমাজের সর্বনিম্ন শ্রেণি। যুদ্ধ বন্দিরাই দাস রূপে পরিগণিত হত। দ্বিতীয় ওয়ালিদের আমলে পর্দাপ্রথা প্রচলিত হলেও সমাজে নারীদের যথেষ্ট স্বাধীনতা ছিল। এ আমলে বহু আধ্যাত্মিক সাধনা, কবিতা রচনা ও আবৃত্তির রচনার জন্য বিখ্যাত হয়ে আছে। সুতরাং বলা যায় যে, উমাইয়া খিলাফতের আমলে সামরিক সফলতা, ইসলামীকরণ, আরবীয়করণের পাশাপাশি ইসলামিক স্থাপত্যকর্ম হিসেবে জেরুজালেমের 'Dome of Rock' এবং দামাস্কাস উমাইয়া মসজিদের জন্য আজও বিখ্যাত হয়ে আছে।

২০.৩.১০ : আব্বাসীয় খলিফাদের আমল (৭৫০ — ১২৫৮)

আবুল আব্বাস আস সাফার ক্ষমতা লাভের সঙ্গে সঙ্গে আব্বাসীয় খলিফাদের ইতিহাসে এক নতুন যুগের সূচনা হয়। হজরত মহম্মদের চাচা আল আব্বাস বিন আব্দুল মুত্তালিব হিশামের নাম হতে আব্বাসীয় বংশের নামকরণ করা হয়েছে। তাই তারা নিজেদেরকে খিলাফতের প্রকৃত দাবিদার মনে করেন।



হজরত মহম্মদ ও আব্বাসীয়গণের সম্পর্কের বংশ তালিকা

ইমাম হুসাইনের প্রতি মুয়াবিয়ার বিশ্বাসঘাতকতা, কারবালার মর্মান্তিক ঘটনা, আলির বংশধর যায়েদকে হত্যা আরব ও অ-আরব মুসলিমদের প্রতি বৈষম্যমূলক ব্যবহার, বিজিত জাতির সদস্যদের বিশেষত পারসিকগণকে সরকারি চাকরি বড়ো বড়ো পদ থেকে অপসারণ করা, এছাড়া উমাইয়া খলিফাদের রাষ্ট্রের প্রতি অবহেলা প্রভৃতি কারণ সমূহের জন্য আব্বাসীদ খলিফাদের ক্ষমতা লাভ অনিবার্য হয়ে ওঠে। আবুল আব্বাস প্রতিষ্ঠিত আব্বাসীয় বংশের ক্ষমতা লাভ কোনো বংশগত শাসনের শুধু পালাবদলের ইতিহাস নয় বরং এ-যুগের হাত ধরে ইসলাম ও উম্মাহরা এক পরিবর্তনশীল দুনিয়ায় পা বাড়িয়েছিল।

২০.৩.১০.১ : আলমানসুর

আবুল আব্বাস আব্বাসীয় বংশের প্রতিষ্ঠাতা হলেও প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন আলমানসুর। তার সম্পর্কে পি. কে. হিট্টি বলেছেন, 'আসসাফার পরিবর্তে বরং তিনি নতুন রাজবংশের প্রতিষ্ঠা করেন, তার পর যে পয়ত্রিশ জন খলিফা শাসনদণ্ড পরিচালনা করেন তারা সকলেই তাঁর বংশধর। আলমনসুর শুধু অভ্যন্তরীণ শৃঙ্খলা বজায় রাখেননি পাশাপাশি সাহস ও বিচক্ষণতার সঙ্গে আবদুল্লাহ-বিন আলির বিদ্রোহ, সানবাদের নেতৃত্বে পারস্য বিদ্রোহ, ধর্মদ্রোহী রাওয়ান্দি সম্প্রদায়ের বিদ্রোহ, হিরাটের শাসনকর্তা উস্তাদসীসের বিদ্রোহ ও অন্যান্য বিচ্ছিন্নতাবাদী শক্তিকে পরাভূত করে ইসলামিক সাম্রাজ্যের অস্তিত্ব বজায় রেখেছিলেন।

তিনি আলি সম্প্রদায়ের ক্ষমতা খর্ব করার জন্য কুফা থেকে রাজধানী বাগদাদে স্থানান্তরিত করেন, সুন্নী ধর্মমতকে প্রাধান্য দানের পাশাপাশি প্রাদেশিক শাসনব্যবস্থাকে সুসংগঠিত করে ন্যায়নীতি ও জনকল্যাণমূলক আদর্শকে প্রাধান্য দিয়েছিল। তাই ঐতিহাসিক আমীর আলী তাকে এই বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা বলেছেন।



আব্বাসীদ সাম্রাজ্যের স্বর্ণযুগ

২০.৩.১০.২ : আল মাহদী (৭৭৫-৭৮৫)

মানসুরের মৃত্যুর পর আলমাহদী খলিফা হলেন। তিনি উদার ও ন্যায়পরায়ণ হলেও ধর্মীয় ব্যাপারে খুব কঠোর ছিলেন। তার মৃত্যুর পর পুত্র আলহাদী (৭৮৫ — ৭৮৬) সিংহাসনে বসেন। আলহাদীর রাজত্বকালে তার দুর্ব্যবহারের জন্য মক্কা ও মদিনা নগরীতে হজরত আলির বংশধরের লোকেরা বিদ্রোহী হয়ে ওঠে। বিদ্রোহী দলের নেতা ইদ্রিস পরবর্তীকালে আফ্রিকার তাঞ্জিয়ায় পলায়ন করে ইদ্রিস বংশের প্রতিষ্ঠা করেন। ৭৮৬ খ্রি. তার মৃত্যুর পর ভ্রাতা হারুণকে খিলাফত পদ দেওয়া হয়।

২০.৩.১০.৩ : হারুণ-উল-রশীদ (৭৮৬ — ৮০৯)

পি. কে. হিট্টি বলেন যে, 'নবম শতাব্দীর শুরুতে দুজন বিশ্ববিখ্যাত নৃপতির নাম ইতিহাসের দিগন্তে দেখা যায় পাশ্চাত্যের শার্লাম্যান আর প্রাচ্যে হারুণ-উল-রশীদ। হারুণ সিংহাসনে বসে কঠোর হস্তে বিভিন্ন বিদ্রোহ দমন করে সাম্রাজ্যের শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনেন। অন্যদিকে আবার বাইজানটাইন সম্রাটের বিরুদ্ধে সৈন্য পরিচালনা করে সন্ধি স্থাপনে বাধ্য করেন। তিনি ছিলেন প্রজাবৎসল ও জনদরদী খলিফা। প্রজাদের মঙ্গলের জন্য সাম্রাজ্যের সর্বত্র মসজিদ, স্কুল, কলেজ, হাসপাতাল, দাতব্য চিকিৎসালয়, রাস্তাঘাট নির্মাণ করেন। পি. কে. হিট্টি বলেন যে, 'খলিফা হারুণ-ই সর্বপ্রথম জনসাধারণের সুবিধার জন্য 'বিমারিস্তান' নির্মাণ করেছিলেন। এই খলিফার শাসনকালে বাগদাদ শহর ঐশ্বর্যের স্বপ্নপুরীতে পরিণত হয়েছিল পাশাপাশি তিনি জ্ঞান-বিজ্ঞান, সংগীত, কাব্য ও সাহিত্যের পৃষ্ঠপোষকতা করেন, তাছাড়া জ্ঞান-বিজ্ঞানের উন্নতি সাধনের জন্য ৭৯৪ — ৯৫ খ্রি:-তে বাগদাদে কাগজের কল (Paper Mill) প্রতিষ্ঠা করেন। হারুণ-উল-রশীদ ইসলামি আইন সম্পর্কে গভীর আগ্রহ প্রকাশ করতেন। হারুণের প্রধান কাজী আবু ইউসুফের নেতৃত্বে সুন্নী সম্প্রদায়ভুক্ত

হানাফী স্কুল চরম উৎকর্ষতা লাভ করে। আমীর আলী বলেন যে, হানাফী ধর্মবিধি আবু হানিফার নামানুসারে নামকরণ করা হলেও প্রকৃতপক্ষে এটা রশীদের প্রধান বিচারপতি (আবু ইউসুফ) সৃষ্টি বিশেষ। এই খলিফার সুনাম বহির্জগতে এত দূর ছড়িয়ে পড়েছিল যে, চীন সম্রাট ফাগফুর ও ফ্রান্সের নৃপতি শার্লাম্যান তার বন্ধুত্ব লাভের জন্য তার নিকট দূত পাঠিয়েছিলেন। দাতা ও ধার্মিক খলিফা হিসেবে খ্যাতি অর্জন করলেও বংশানুক্রমিক অসহিষ্ণুতা ও সন্দেহ পরায়ণতার দোষ হতে মুক্ত হতে পারেননি।

পরিশেষে বলা যায় যে, খলিফা হারুণের দরবার সে যুগের সর্বাপেক্ষা আড়ম্বরপূর্ণ ছিল। রূপকথার সম্রাট ও ইতিহাসে রোমাঞ্চকর ব্যক্তি ছিলেন হারুণ-উল-রশীদ। তাই ঐতিহাসিক Hadgson বলেছেন, তাকে কেন্দ্র করে আরব্য উপন্যাস বা "এক সহস্র ও এক রজনীর" কাহিনী লিপিবদ্ধ আছে। রশীদের পুত্র আমীন পরবর্তী খলিফা হন। কিন্তু আমীন ও মামুনের গৃহযুদ্ধের ফলে মামুন খলিফা পদ লাভ করে।

২০.৩.১০.৪ আল-মামুন

আব্বাসীয় খলিফাদের ইতিহাসে আল-মামুনের শাসনকাল (৮১৩ — ৮৩৩) বিশেষভাবে স্মরণীয়। মামুন মেসোপটেমিয়া, মিশর, ইয়েমেন ও খোরাসানের বিদ্রোহ দমন করেন। বাবেক দস্যুকে পরাজিত করেন ও রোমানগণকে সন্ধি স্থাপনে বাধ্য করেন।



আব্বাসীদ খলিফাদের সাম্রাজ্য

পাশাপাশি মামুন ছিলেন একজন প্রতিভাবান শাসক। সকল সম্প্রদায়ের প্রতিনিধিদের নিয়ে Council of State গঠন করেন। কৃষিকার্য ও শিল্পের উন্নতির দিকে নজর দিয়েছিলেন। সকল সম্প্রদায়কে ধর্মীয় স্বাধীনতা প্রদানের পাশাপাশি

শিক্ষা, সংস্কৃতি ও জ্ঞান-বিজ্ঞানের পৃষ্ঠপোষক ছিলেন। বিশেষত তার রাজত্বকালের জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে এত উন্নতি হয় যে, তা বিবেচনা করে তার শাসনকালকে ইসলামিক সভ্যতার স্বর্ণযুগ (The Golden Age of Islamic Civilization) বলে উল্লেখ করেছেন।

২০.৩.১০.৫ পরবর্তী আব্বাসীদ খলিফা

আব্বাসীয় যুগের ৮৩৩ — ১২৫৮ খ্রিস্টাব্দের সময়কালকে পরবর্তী আব্বাসীদ খলিফা (Later Abbasid Caliph) বলা হয়। মূলত মুতাওয়াক্কিলের মৃত্যুর পর আব্বাসীদ বংশ চারশো বছর টিকেছিল ও ছাব্বিশ জন খলিফা রাজত্ব করেছিল। পরবর্তী খলিফাদের অযোগ্যতা ও দুর্বলতার সুযোগ গ্রহণ করে আঞ্চলিক শক্তির উত্থান হয় ও সুলতান, মালিক, শাহ প্রভৃতি পদ প্রাতিষ্ঠানিক স্বীকৃতি লাভ করে। ১২৫৮ খ্রি. মোঙ্গল নেতা চেঙ্গিস খানের পৌত্র হলাগু শেষ খলিফা মুহতাসিমকে ও তার পরিবারবর্গকে হত্যা করে আব্বাসীদ সাম্রাজ্যের উপর বিরাট আঘাত হানে।

২০.৩.১০.৬ আব্বাসীদ খলিফাদের আমল

খোলাফায়ে রাশেদীন ছিল ইসলাম ধর্মতন্ত্র। উমাইয়া খিলাফত ছিল আরব গোত্র ও জাতিগত রাজতন্ত্র আবার আব্বাসীদ খলিফারা ছিলেন ইসলামের স্বঘোষিত রক্ষাকর্তা। তারা মুসলিম ধর্মতত্ত্ববিদ ও উলেমাদের সঙ্গে রাজনৈতিক বিষয়ে আলাপ-আলোচনা করতেন এবং শাসন ও বিচার বিভাগের উচ্চপদে তাদের নিয়োগ করতেন।

আব্বাসীদরা মধ্য প্রাচ্য, পশ্চিম এশিয়া এবং উত্তর পূর্ব আফ্রিকা (মিশর সহ) সাম্রাজ্যের ওপর আধিপত্য বিস্তার করেছিল। তাছাড়া আব্বাসীদ খলিফাদের ক্ষমতা লাভের পিছনে ইরাক বা পারস্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করায় আব্বাসীদরা তাদের রাজধানী বাগদাদ(দঃ ইরাক)-এ স্থানান্তরিত করেছিল। অবশ্য Jonathan Berkey বলেছেন, আব্বাসীদদের প্রথম দিককার রাজধানী কুফায় আলি সমর্থকদের কর্তৃত্ব বেশি থাকার জন্য আলমানসুর রাজধানী কুফা থেকে বাগদাদে স্থানান্তরিত করেছিল।

উমাইয়া খিলাফতের ভিত্তি ছিল আরব গোত্রগুলির সমর্থন কিন্তু আব্বাসিদ খলিফাদের ক্ষমতার উৎস ছিল অ-আরব বা মাওয়ালী সম্প্রদায়। এ প্রসঙ্গে স্যার সৈয়দ আমীর আলী বলেছেন, অ-আরবরা একটি মহান ও সুসভ্য সাম্রাজ্যের মহান প্রজা হলেও নিজেদেরকে নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করে উচ্চ রাজকার্যে নিযুক্ত হয় ও আরবদের মত সমান অধিকার ভোগ করে। অন্যদিকে ঐতিহাসিক Ira. M. Lapidus বলেছেন, আরব ও অ-আরবদের দ্বারা মধ্যপ্রাচ্যে এক নতুন Cosmopolitan Society (বহু জাতি ভিত্তিক সমাজ) গড়ে উঠেছিল।

আব্বাসীদ দরবারে পারসিকদের রীতিনীতি আদব-কায়দা, চালচলন, উপাধি, সংগীত, ভাবধারা, পত্নী-উপপত্নী গ্রহণ, পোশাক-পরিচ্ছদ প্রভৃতি বিষয়টি প্রাধান্য লাভ করলে পরবর্তীকালে তারা আরবের জাতীয় জীবনকে প্রভাবিত করে।

খলিফার পরেই ছিল উজিরের স্থান। পি. কে. হিট্টি উল্লেখ করেছেন, এই উজিররা অনেক সময় বিকল্প খলিফা হিসেবে কাজ করতেন। অন্যদিকে বলা যায়, এই পদ সৃষ্টি হওয়ার ফলে প্রাচীন আরব আভিজাত্যের অবসান ঘটে। পি. কে. হিট্টি আরও বলেছেন যে, তারা অর্থমন্ত্রকের সভাপতি হতেন।

এ যুগে রাষ্ট্রীয় আয়ের উৎস ছিল খারাজ, জাকাত, ঘামস ছাড়াও অমুসলিম মালিকানাধীন বাণিজ্য সংস্থার ওপর আরোপিত কর ও নানা কর। এছাড়াও ন্যায় বিচারের দায়িত্ব খলিফাগণ ধর্মতত্ত্ববিদগণের ওপর দিয়েছিল।

তাছাড়া এই আমলে কোনো বিশাল, সুশৃঙ্খল সেনাবাহিনী ছিল না। এ যুগে মহিলারা সৈন্যবাহিনী পরিচালনা থেকে শুরু করে কবিতা লেখা ও সাহিত্যের ক্ষেত্রে পুরুষদের সঙ্গে সমানভাবে পাল্লা দিতে পারত। এমনকি সংগীত প্রতিভা ও বাগ্মীতায় তারা এগিয়েছিল পাশাপাশি মেয়েদের সংসারধর্ম পালনের ওপর জোর দেওয়া হত।

খলিফা আলমানসুর, হারুণ-উল-রশীদ ও আলমামুন জ্ঞান-বিজ্ঞান, শিক্ষা-সংস্কৃতির উদার পৃষ্ঠপোষক ছিলেন। পাশাপাশি আরবি স্থাপত্য শিল্পের বিকাশ লাভের সাথে সাথে উচ্চতর সংস্কৃতির প্রসার ঘটে। এজন্য ইসলামিক ইতিহাসে আব্বাসীদ যুগকে সুবর্ণযুগ বলা হয়।

২০.৩.১০.৭ উপসংহার

মোঙ্গল নেতা হলাগুর আক্রমণে আব্বাসীয়রা মিশরে পালিয়ে যাওয়ায় ১২৬১-১৫১৭ পর্য্যন্ত আব্বাসীয় খেলাফত মিশরের কায়রোতে অবস্থিত হয়। আব্বাসীদ খলিফারা ইসলামিক বিশ্বের ধর্মীয় নেতা রূপে বিবেচিত হলেও মামলুক নামক গোষ্ঠী প্রকৃত রাজনৈতিক ও সামরিক শক্তি করায়ত্ত করে। ১২৬১ খ্রি. মিশরের মামলুক সুলতানগণ আব্বাসীদ খলিফা জাহিরের পুত্র মুসতানসিরকে খলিফা হিসেবে গ্রহণ করে। এই পর্বে খলিফা মামলুক সুলতানদের হাতের পুতুলে পরিণত হয়েছিল। পরে আবার খিলাফত অটোমান তুর্কি সুলতানদের নিকট স্থানান্তরিত হয়। পরে ১৯২২ খ্রি. মুস্তাফা কামাল পাশার নেতৃত্বে তুর্কি পার্লামেন্ট খলিফাতন্ত্রের আনুষ্ঠানিক বিলোপ সাধন করেন।

২০.৩.১১ নির্বাচিত প্রশ্নাবলী

বিভাগ — ক

(প্রশ্নের মান ২)

১. খলিফা শব্দের অর্থ কী?

২. খলিফা কাদের বলা হত?

৩. পবিত্র খলিফা বলতে কী বোঝ?

৪. হজরত আবুবকর কী কী সমস্যার সম্মুখীন হয়েছিলেন?

৫. আজনাদের যুদ্ধ কবে ও কাদের মধ্যে হয়েছিল?

৬. কাদিসিয়ার যুদ্ধের গুরুত্ব কী?

৭. মজলিস-উস-শূরা কী?

৮. বায়তুলমাল কী?

৯. হজরত মহম্মদের সঙ্গে হজরত আলির পারিবারিক সম্পর্ক কী ছিল?

১০. মাওলা কারা?

১১. আমিরুল মুমেনীর খাল কোথায় কে পুনরায় খনন করেন?

১২. মুয়াবিয়া কে ছিলেন?

১৩. উমাইয়া বংশ কে কবে প্রতিষ্ঠা করেন?

১৪. কাহিনা কে ছিলেন?

১৫. উমাইয়া খিলাফতের আমলে রাষ্ট্রীয় আয়ের উৎস কী?

১৬. আব্বাসীদ বংশের নামকরণ কীভাবে হয়েছে?

১৭. হারুণ-উল-রশীদের দরবারে কোন কোন বিদেশি সম্রাটরা দূত পাঠিয়েছিলেন?

১৮. আলমামুনের শাসনকালকে ইসলামিক সভ্যতার স্বর্ণযুগ বলে কেন?

১৯. আব্বাসীদ খিলাফতে উজিরের কাজ কী ছিল?

২০. আব্বাসীদ আমলে রাষ্ট্রীয় আয়ের উৎস কী ছিল?

বিভাগ — খ

(প্রশ্নের মান ৫)

১. সিনফিনের যুদ্ধ সম্পর্কে যাহা জান লেখ।

২. রিদ্দা আন্দোলন সম্পর্কে যাহা জান লেখ।

৩. আল আব্বাস সম্পর্কে যাহা জান লেখ।

৪. আব্বাসীদ খলিফাদের ক্ষমতা লাভের কারণগুলি আলোচনা করো।

৫. পরবর্তী খলিফা সম্পর্কে যাহা জান লেখ।

বিভাগ — গ

(প্রশ্নের মান ১০)

১. খলিফা তন্ত্রের উৎপত্তির ইতিহাস লেখ।

২. আবুবকর কীভাবে খলিফা নিযুক্ত হলেন? ইসলামের প্রতি তার অবদান সংক্ষেপে লেখ।

৩. হজরত উমরের বিজয় অভিযানগুলি আলোচনা করো।

৪. হজরত উমর প্রবর্তিত শাসনব্যবস্থার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৫. "উমর-বিন-আল খাত্তাব" ছিলেন ইসলামের রাজনৈতিক প্রশাসনের বাস্তব প্রতিষ্ঠাতা ব্যাখ্যা করো।

৬. খলিফা উসমান হত্যার বিভিন্ন কারণগুলি লেখ।

৭. খলিফা উসমানের চরিত্র ও কৃতিত্ব লেখ।

৮. হজরত আলি ও মুয়ারিয়ার সংঘর্ষের প্রকৃতি ও ফলাফল লেখ।

৯. পবিত্র খলিফা আমলের শাসনব্যবস্থা ও সামাজিক জীবন কেমন ছিল?

১০. শাসক ও উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা হিসেবে মাবিয়ার কৃতিত্ব লেখ।

১১. কারবালার মর্মান্তিক ঘটনার কারণসমূহ ও ফলাফল লেখ।

১২. উমাইয়া খিলাফতের দ্বিতীয় প্রতিষ্ঠাতা হিসেবে আব্দুল মালিকের কৃতিত্ব লেখ।

১৩. উমাইয়া শাসক হিসেবে প্রথম ওয়ালিদের কৃতিত্ব লেখ।

১৪. উমাইয়া খিলাফত আমলের প্রধান বৈশিষ্ট্যগুলি লেখ।

১৫. আব্বাসীদ খলিফা হিসেবে হারুণ-উল-রশীদের কৃতিত্ব লেখ।

১৬. খলিফা হিসেবে আল মামুনের রাজত্বকাল স্মরণীয় কেন?

১৭. আব্বাসীদ খিলাফতের প্রধান বৈশিষ্ট্যগুলি লেখ।

২০.৩.১২ নির্বাচিত গ্রন্থপঞ্জী

১. ফিলিপ. কে. হিট্টি, আরব জাতির ইতিহাস, পুনর্মুদ্রণ, আদি মল্লিক ব্রাদার্স, কলকাতা, ২০১৬।

২. Ira. M. Lapidus. A History of Islamic Societies. Cambridge University Press. Cambridge, 1988.

৩. Rakesh Kumar. Ancient and Medieval World. Sage Publication. New Delhi, 2018.

৪. Marshall G. S. Hodgson. Venture of Islam Vol. 1. Chicago University Press. Chicago, 1974.

৫. স্যার সৈয়দ আমীর আলী, এ শর্ট হিস্ট্রি অফ স্যারাস্নিস আরব জাতির ইতিহাস, তৃতীয় মুদ্রণ, বাংলা বাজার, ঢাকা, ২০১৮।

৬. কে. আলী, ইসলামের ইতিহাস, পুনর্মুদ্রণ, আজিজিয়া বুক ডিপো, বাংলা বাজার, ঢাকা, ২০০২।

৭. Encyclopedia of Islam and the Muslim World. Rpt. Editor-Richard. C. Martin, Vol.-1, 2003.

২০.৪ সুলতানের উত্থান (The Rise of Sultanates)

২০.৪.১ সূচনা

দশম শতাব্দীতে আব্বাসীদ সাম্রাজ্যের ভাঙন ধরলে প্রাদেশিক ও ছোটো ছোটো অঞ্চলের শাসনকর্তারা নতুন সামরিক অভিজাতদের কর্তৃত্বে আসে, যাযাবর জাতিরা সীমান্ত নিরাপত্তাকে বিঘ্নিত করে মধ্যপ্রাচ্যে প্রবেশ করলে কৃষিকাজ ও বাণিজ্য বিধ্বস্ত হয়। জীবনযাত্রার মানের অবনমন ঘটে। অপরদিকে Ira. M. Lapidus উল্লেখ করেছেন যে, ৯৫০ -১৫০০ খ্রিস্টাব্দ অর্থাৎ আব্বাসীদ খিলাফত ও বারুদ সাম্রাজ্যের মধ্যবর্তী যুগ (৯৫০ — ১৫০০ : Between the Abbasid Caliphate and the Gunpowder Empires) হল পুনর্গঠনের যুগ। নতুন রাষ্ট্র ও সামাজিক সংগঠন তৈরি হয়েছিল, নতুন সাংস্কৃতিক উপাদান ও আত্মপরিচয়-এর প্রকাশ ঘটে, যা অটোমান ও সাফাভিদ বংশ পর্যন্ত টিকে

ছিল। তিনি ৯৫০-১৫০০ খ্রিস্টাব্দ সময়কালকে সুলতানি যুগ (The Sultanate Era) বলে উল্লেখ করেছেন। এই পর্বের শাসকরা শাহ, মালিক, সুলতান প্রমুখ উপাধি ধারণ করে ছিলেন। অন্যদিকে Encyclopedia of Islam Vol. 1 গ্রন্থে বলা হয়েছে, In the latter part of the ninth century, independent royal dynasties were established in Iran and Egypt and chose to remain under the suzerainty of the caliphs. In this period, [We find the term 'Sultan' first used to refer to a specific person- the caliph's brother, who was the commander of a special army.] (নবম শতাব্দীর শেষে ইরান ও মিশরে স্বাধীন রাজবংশ প্রতিষ্ঠা হয়েছিল এবং এই সময় তারা খলিফার কর্তৃত্বাধীন থাকতে চেয়েছিল। আমরা সাধারণ সুলতান বলতে একজন বিশেষ ব্যক্তিকে বুঝি: যিনি খলিফার ভাই ছিলেন, যে বিশেষ সামরিক বাহিনীর সেনাপতি ছিলেন।) এই গ্রন্থে আরও বলা হয়েছে স্বাধীন রাজবংশ হিসেবে বুয়াহিদ শাসকরা প্রথম 'সুলতান' উপাধি গ্রহণ করে।

২০.৪.২ সুলতান শব্দটির ইতিহাস

আব্বাসীয় খলিফা মামুনের তুলনায় তুর্কিরা মুতাসিমকের অধিক প্রিয় ছিলেন। মুতাসিমকের রাজধানী সামরা ছিল মূলত তুর্কি শহর। শক্তি, সম্পদ ও ঐশ্বর্য্যের অধিকারী এই তুর্কিরা সর্বদা লালসা, হিংসা, প্রতিহিংসা, রক্তপাত ও ষড়যন্ত্রে লিপ্ত থাকতেন। তাদের দমন করার মতো ক্ষমতা আল মুতাসিমের পরবর্তী খলিফাদের না থাকায় এই আব্বাসীয় খলিফারা মূলত তুর্কিদের হাতে ক্রীড়নকে পরিণত হয়েছিল।

পরবর্তী খলিফা ওয়াসিকের গৃহীত পদক্ষেপ আব্বাসীদ খলিফাদের ওপর তুর্কিদের শক্তি ও প্রতিপত্তিকে জোরদার করেছিল। তিনি তুর্কি দেহরক্ষীদের প্রধান সেনাপতি আশনাসকে প্রথম 'সুলতান' উপাধি দান করেন। এবং তাকে একটি মণিমুক্ত খচিত মুকুট ও দুটি কটিবন্ধন দান করেন। সৈয়দ আমীর আলী বলেছেন, এটি বোধ হয় প্রকৃতপক্ষে বুয়াহিদদের ক্ষমতা লাভের পর্যন্ত অব্যাহত ছিল। তারপর এই উপাধিটি আমীরদেরকে প্রদান করা হত। বিপুল জাঁকজমক ও উৎসব সহকারে অভিষেক ক্রিয়া সম্পন্ন হত। সৈয়দ আমীর আলী আরও বলেছেন যে, সুলতানি শুধু মাত্র বুয়াহিদ রাজবংশের মধ্যে সীমাবদ্ধ ছিল না। গজনীর মামুদ তুঘ্রিল, আলপ আর্সলান, মালিকশাহ, সালাউদ্দিন প্রমুখ পরাক্রমশালী বিজয়ীদেরও প্রদান করা হয়েছিল। আবার একবার কেউ গ্রহণ করলে বা কাউকে প্রদান করা হলে সেটি পরিবারের বংশানুক্রমিকভাবে নিয়োগের জন্য আবেদন করা হত এবং প্রায় প্রথা মতো নিয়মিত খিলাফত সহযোগে তা মঞ্জুর করা হত।

২০.৪.৩ স্বাধীন রাষ্ট্রের উৎপত্তি

কেন্দ্রীয় শাসনব্যবস্থার সুষ্ঠু প্রবর্তনের অভাব, সাম্রাজ্যের বিশালতা, দ্রুত যোগাযোগ ব্যবস্থার অভাব, সৈনিকদের বিদ্রোহ, প্রাদেশিক শাসনকর্তাদের উচ্চাভিলাষ প্রভৃতি কারণে আব্বাসীদ সাম্রাজ্য শতধা বিভক্ত হয়েছিল। পাশাপাশি বিচ্ছিন্নতাবাদী আন্দোলন আব্বাসীদ যুগের প্রথম থেকেই লক্ষ করা যায়। যেমন ৭৫০ খ্রি. একদিকে যখন আব্বাসীদ সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয় অন্যদিকে ৭৫৬ খ্রিস্টাব্দে স্পেনে উমাইয়া খলিফা হিশামের পৌত্র আব্দুর রহমান একটি স্বাধীন উমাইয়া বংশ প্রতিষ্ঠা করতে সক্ষম হন। অন্যদিকে ৮০০ খ্রি. উত্তর আফ্রিকার শাসনকর্তা ইবনে আগলাব কর্তৃক স্বাধীন আগলবী বংশের প্রতিষ্ঠা হয়। স্বয়ং খলিফা মামুনের আমলে স্বাধীন তাহিরী বংশের জন্ম হয়। এছাড়া পরবর্তীকালে সমগ্র আব্বাসীদ সাম্রাজ্যে ব্যাঙের ছাতার মতন ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাষ্ট্র কায়েম হতে থাকে। যেমন : তুলুনীয় বংশ, ইখশীদে বংশ, হামদানি বংশ, সাফফরি বংশ, সামানীদ বংশ, জিয়ারি বংশ, বুয়াহিদ বংশ, সেলজুক বংশ ও ফাতেমীয় বংশ প্রভৃতি।

২০.৪.৪ সুলতানি যুগের বিভিন্ন পর্যায়

Ira. M Lapidus বলেছেন, আব্বাসীদ সাম্রাজ্যের ভাঙনের যুগে যে বিশৃঙ্খলার অধ্যায় শুরু হয়েছিল অর্থাৎ ৯৫০-১৫০০ খ্রি. পর্যন্ত সুলতানি যুগকে চারটি পর্যায়ে বিভক্ত করেছেন।

প্রথম পর্যায় (৯৫০-১০৫০) : আব্বাসীদ সাম্রাজ্যের ভাঙনের যুগে ১) মিশর ও সিরিয়ায় ফাতিমিয় বংশ, ২) পূর্বে প্রাচ্যে বুয়াহিদ (ইরাক ও পশ্চিম ইরান), ৩) সামানিদ (পূর্ব ইরান ও ট্রান্স অক্সিয়ানা), গজনবী (আফগানিস্তান ও খোরাসান রাজবংশ রাজত্ব করেছিল। অবশ্য এই রাজবংশগুলি সমর্পণ করেছিল তুর্কিদের হাতে।

দ্বিতীয় পর্যায় (১০৪০-১২০০) : যখন আব্বাসীদ সাম্রাজ্যের কেন্দ্রীয় কর্তৃত্ব ভেঙে পড়ে, তখন পূর্ব ইরান সীমান্তের বর্বর জাতির আক্রমণ প্রতিহত করতে বহু আঞ্চলিক শাসকরা এগিয়ে এসেছিল। বিশেষত সপ্তম শতাব্দীতে চিনের তাং শাসকেরা যাযাবর জাতির আক্রমণ প্রতিহত করতে মধ্য এশিয়ার সীমান্তকে পরিবেষ্টিত করে দিলে তখন যাযাবর জাতি বাধ্য হয়ে দশম, একাদশ ও পরবর্তী দশকে মধ্যপ্রাচ্যে প্রবেশ করে। আন্তঃএশিয়ার এই যাযাবর জাতিরা পশুচারণ ভূমির সন্ধানে আরল সাগরের উত্তরদিক, ট্রান্স অক্সিয়ানা ও আফগানিস্তানে প্রবেশ করে। স্থায়ী জনবসতির অধিবাসীদের সঙ্গে সংযোগের ফলে তারা কৃষিকাজ পদ্ধতি, নগর প্রশাসন নীতি, ব্যাবসা-বাণিজ্য প্রভৃতির ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন করে। সেলজুক তুর্কিরা কর্তৃত্ব স্থাপন করে ট্রান্স অক্সিয়ানা অঞ্চলে ও ১০৫৫ খ্রি. বাগদাদকে নিয়ন্ত্রণ করে।

তৃতীয় পর্যায় (১১৫০-১৩৫০) : সেলজুক তুর্কিদের পতনের সঙ্গে এই পর্বের তৃতীয় অধ্যায়ের সূচনা হয়। সেইসময় এশিয়ার অভ্যন্তরে মোঙ্গল জাতির আক্রমণ সর্বোচ্চ সীমায় পৌঁছেছিল এবং মধ্যপ্রাচ্যে মোঙ্গল কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। ১১৫৩ খ্রি. ঘুজ জাতিরা পূর্ব ইরান থেকে সেলজুক কর্তৃত্ব ধ্বংস করে। অবশ্য ঘুজ জাতি ধ্বংস হয় মোঙ্গল আক্রমণের আঘাতে। এই পর্বে ইলখানি মোঙ্গলদের নেতৃত্বে ইরানীয় অর্থনীতি তথা শিক্ষা সংস্কৃতির বিকাশ সাধিত হয়। যদিও মিশরের মামলুক (১২৫০-১৫১৭) জাতি মোঙ্গল আক্রমণের বিরুদ্ধে স্থায়িত্ব লাভ করেছিল।

চতুর্থ পর্যায় (১৪০০ — ১৫০০) : চতুর্থ পর্যায়ে ট্রান্স অক্সিয়ানা ও ইরান তৈমুর লঙের কর্তৃত্ব থেকে বিচ্ছিন্ন ছিল। তৈমূরের উত্তরাধিকারীদের আমলে অস্থায়ী রাজবংশ প্রতিষ্ঠিত হয়েছিল। যদিও তৈমুর লঙ একজন বিখ্যাত তুর্কি সামরিক বিজেতা রূপে পরিচিত ছিলেন। এই পর্বে তুর্কি জাতির ইসলামীকরণ ঘটলে মধ্যপ্রাচ্যের সমাজ, অর্থনীতি, রাজনৈতিক ও সামরিক কাঠামোয় পরিবর্তন আসে। এই তুর্কি জাতি মূলত তুর্কি ভাষা ও সংস্কৃতির স্বকীয়তা বজায় রাখলেও আরবি-পারসিক সংস্কৃতির পৃষ্ঠপোষকতা করেছিল।

এই দীর্ঘপর্বে খলিফারা প্রশাসনিক ও সামরিক পদ থেকে বঞ্চিত হয়ে নামসর্বস্ব শাসকে পরিণত হয়। অপরদিকে খলিফারা ধর্মীয় বিশ্বাসের প্রতিভূর পদমর্যাদা পালন করেছিল। আঞ্চলিক শাসনকর্তারা খলিফার কাছ থেকে অনুমোদন আদায় করত তাদের শাসকপদের স্বীকৃতির জন্য। ১২৫৮ খ্রিস্টাব্দে আব্বাসীদ খলিফার অবসান ঘটলে বিকল্প প্রাদেশিক শাসনকর্তা গঠিত হয়। যেমন মিশরের মামলুক ও অটোমান তুর্কিরা নিজেদের খলিফা বলে দাবি করত। এমনকি পারস্যের সাফাভিদরা নিজেদের খলিফার উত্তরাধিকারী হিসেবে ঘোষণা করেন।

এই পর্বে বুয়াহিদ, গজনবী, সেলজুক তুর্কি, মোঙ্গল জাতি, মামলুক, সাফাভিদ ও অটোমান সুলতানদের সম্পর্কে বিস্তৃত আলোচনা করা হল।

আব্বাসীদ পরবর্তী আমলে স্বাধীন রাজবংশ

২০.৪.৫ বুয়াহিদ বংশ (৯৪৪-১০৫৫)

দশম শতাব্দীতে আব্বাসীদ সাম্রাজ্য যখন ধ্বংসের পথে তখন বুয়াহিদগণ ক্ষমতা লাভ করে। তুর্কিদের বিতাড়ন করার জন্য খলিফা আল-মুসতাকফির (৯৪৪-৪৬) আহ্বানে আবু সুজা বুয়াইয়া তার তিন পুত্রকে নিয়ে বাগদাদে প্রবেশ করলে তুর্কিরা ভয়ে পলায়ন করলেও খলিফা চিন্তা মুক্ত হতে পারেননি। কারণ কিছু দিনের মধ্যে বুয়াহিদ নেতার পুত্র মুহযদৌল্লা প্রথম 'সুলতান' উপাধি ধারণ করে নিজের নামে খুৎবা পাঠ করে। খলিফা বিরোধিতার খবর পেলে তাকে হত্যা করে। ইযজদৌল্লার পর আযদউদ্দৌল্লা এত শক্তিশালী যে খলিফা তাকে 'সুলতান' উপাধি দেন, শুধু তাই নয়, আযদউদ্দৌল্লা ছিলেন বুয়াহিদ বংশের শ্রেষ্ঠ শাসক। তিনি বুয়াহিদদের মধ্যে সর্বপ্রথম সুলতান উপাধি পেয়েছিলেন। এবং খলিফার আদেশে শুক্রবারে খুৎবাতে তার নাম পাঠ করা হয়। সাম্রাজ্য বিজেতা ও দানশীলতার জন্য বিখ্যাত ছিলেন। তার আমলে বুয়াহিদ সাম্রাজ্য কাস্পিয়ান সাগর থেকে হতে সিরিয়া পর্যন্ত বিস্তৃত ছিল।



কিন্তু শেষ পর্যন্ত পরবর্তীকালের গৃহযুদ্ধ ও শিয়া ধর্মমতে বিশ্বাস স্থাপন করায় এই রাজবংশের পতন অনিবার্য হয়ে ওঠে। সেলজুক তুর্কিদের নেতা তুঘ্রিল বেগের আক্রমণে ১০৫৫ খ্রি. এই বংশের পতন হয়।

২০.৪.৬ সামানিদ বংশ

Ir. M. Lapidus বলেছেন, পূর্ব ইরান ও ট্রান্স অক্সিয়ানা অঞ্চলে সামানিদ রাজবংশ রাজত্ব করত। তাদের রাজধানী ছিল বুখরা। তারা ইসলামিক সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। কিন্তু দশম শতাব্দীতে সামানিদ রাজবংশের অবসান ঘটিয়ে আলাপ্তগীন খুরসান আফগানিস্তান দখল করে গজনবী বংশের প্রতিষ্ঠা করেন।

২০.৪.৭ গজনবী রাজবংশ

গজনবী বংশের প্রতিষ্ঠাতা আলাপ্তগীন প্রথম জীবনে সামানিদ রাজবংশ কর্তৃক নিযুক্ত খুরসানের গভর্নর ছিলেন। অবশ্য তার জামাই সবুক্তগীন ছিলেন এই বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা (৯৭৬ — ৮৭)। আবার সবুক্তগীনের পুত্র মামুদের নেতৃত্বে গজনবী ক্রীতদাসরা ১০০১ — ১০২৭ খ্রিস্টাব্দ পর্য্যন্ত মোট ১৭ বার ভারতবর্ষ আক্রমণ করে। হিট্টি বলেন যে, মুসলিম শাসকদের মধ্যে মামুদ প্রথম "সুলতান" উপাধি নেন। অবশ্য সেই সময়কার মুদ্রালিপি থেকে জানা যায়, সেলজুক তুর্কিরা আনুষ্ঠানিকভাবে এই উপাধি ব্যবহার করতেন। পূর্বে উত্তর ভারত এবং পশ্চিমে ইরাক ছাড়াও গোটা খোরাসান রাজধানী বলখসহ তুঘারিস্তান, উত্তরে ট্রান্স অক্সিয়ানার কিছু অংশ ও দক্ষিণ সিরিস্তান তার অন্তর্ভুক্ত ছিল। হিট্টি জানিয়েছেন, মামুদ শুধু এই বংশের শ্রেষ্ঠ সুলতান ছিল না, তিনি তার রাজধানীকে সুসজ্জিত করেছিলেন, বহু কবি ও বিখ্যাত পণ্ডিতরা তার রাজসভা অলংকৃত করেছিলেন তাদের মধ্যে আলউতবী, অলবিরুণী প্রমুখরা উল্লেখযোগ্য। এ প্রসঙ্গে ঐতিহাসিক Ira. M. Lapidus বলেছেন, গজনবী রাজবংশ হল পথ প্রদর্শক সেখানে ক্রীতদাসরা রাষ্ট্র পরিচালনা করেছিল। শুধু তাই নয় বুয়াহিদদের মতো সৈন্যদের ইক্তা দান করতেন। পাশাপাশি সামানিদ অভিজাততন্ত্রের আদর্শ অনুসরণ করে তারা কেন্দ্রীয় নিয়ন্ত্রণ আরোপ করত ও দখলীকৃত রাষ্ট্রগুলি থেকে রাজস্ব আদায় করতেন। শুধু তাই নয় মধ্যপ্রাচ্যের রাজবংশগুলির মতো তারা পারসিয়ান মুসলিম সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। কিন্তু একাদশ শতাব্দীর মধ্যভাগে সেলজুক তুর্কিদের হাতে এই রাজবংশের ছন্দ পতন ঘটে।

২০.৪.৮ দিল্লির সুলতান

গজনবী ও সেলজুক সাম্রাজ্যের মধ্যবর্তী সুরক্ষিত একটি ক্ষুদ্র বিচ্ছিন্ন পার্বত্য এলাকা, এই পার্বত্য এলাকায় ঘুরীদের ক্ষমতার উত্থান ছিল এক অপ্রত্যাশিত ঘটনা। দ্বাদশ শতকের সুলতান মামুদের আগমনের পর এরা ইসলাম ধর্মে দীক্ষিত হয় এবং ইসলামীয় রীতিনীতিতে ঘুরীদের শিক্ষা দেওয়ার জন্য উলেমা শিক্ষক রেখে দেওয়া হয়।

শাঁসবাণীরা যারা আদতে ঘুরের একটি গোষ্ঠী ছিল তারা ঘুর অঞ্চলে ইসলামকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং নিজেদের প্রাধান্য গড়ে তোলে। ঘুর শাসক আলাউদ্দিন শাহ গজনীদের পরাজিত করে। একদিকে সেলজুক তুর্কি ও অক্ষুর অপর পাড়ে তুর্কি উপজাতিদের সঙ্গে চিরন্তন সংঘাতের কারণে ঘুরীরা ভারতের দিকে অগ্রসর হয়।

১১৬৩ খ্রি. গিয়াসুদ্দিন মুহাম্মদ ঘুরের সিংহাসনে বসেন ও তার ভ্রাতা মুইজুদ্দিন মহম্মদকে গজনীর শাসক নিযুক্ত করেন। মুইজুউদ্দিন ১১৭৫ থেকে ১২০৬ খ্রিস্টাব্দ পর্যন্ত উত্তর ভারত থেকে বাংলা জয় করেছিলেন। মহম্মদ ঘুরীর

১২০৬ খ্রিস্টাব্দে মৃত্যু হলে তার নিযুক্ত তুর্কি ক্রীতদাস কুতুবুদ্দিন আইবক দিল্লিতে স্বাধীন সুলতানি সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। আইবকের জামাতা ইলতুৎমিস বাগদাদের আব্বাসীদ খলিফার কাছ থেকে 'সুলতান-ই-আজম' উপাধিতে ভূষিত হন। দিল্লির দাসবংশ ১২৯০ খ্রি. পর্যন্ত টিকেছিল। শুধু দাস বংশ (১২০৬-৯০) খলজি বংশ (১২৯৬ — ১৩২০), তুঘলক বংশ (১৩২০- ১৪২৩), সৈয়দ বংশ (১৪১৩-১৪৫১) ও লোদী বংশ (১৪৫১- ১৫২৬) রাজত্ব করেছিল। ১৩৯৮ খ্রি. মোঙ্গল নেতা তৈমুর লঙের ভারত অভিযান ও মোগল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা বাবর ১৫২৬ খ্রি. লোদী বংশের শেষ সুলতান ইব্রাহিম লোদীকে পরাজিত করে সুলতানি সাম্রাজ্যের পতন ঘটিয়ে মোগল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন।

২০.৪.৯ সেলজুক বংশ (১০৫৫ — ১১০৪)

সেলজুক ছিলেন তুর্কি জাতির ঘুজ গোত্রের প্রধান। তারই নামানুসারে এই বংশের নাম হয় সেলজুক বংশ। আব্বাসীদ খলিফা কাইম বুয়াহিদ আমীরদের প্রতিপত্তিতে অতিষ্ট হয়ে সেলজুকদের সাহায্যে প্রার্থনা করলে সেলজুকের পুত্র তুঘ্রিল বেগ বুয়াহিদদের বিতাড়িত করে। বাগদাদে কিছুদিন অবস্থান করার পর তুঘ্রিল বেগ পারস্যে বিদ্রোহ দমনে গেলে এই সময় আলবাসাসিরী যিনি মিশরের ফাতেমীয়দের অধীনে চাকরি গ্রহণ করেন, বাগদাদ দখল করে আব্বাসীদ খলিফা কাইমের স্থলে ফাতেমীয় বংশীয় খলিফা মুসতানসির বিল্লাহকে বাগদাদের খলিফা হিসেবে ঘোষণা করেছিলেন। অবশ্য এ বিজয় ছিল ক্ষণস্থায়ী। তুঘ্রিলবেগ ফিরে এসে সামরিক শক্তি প্রয়োগ করে আব্বাসীদ খলিফা কাইমকে পুনঃ প্রতিষ্ঠা করেন। খলিফা কৃতজ্ঞতাস্বরূপ তুঘ্রিলকে রাজকীয় পোশাক দান করেন এবং প্রাচ্য ও প্রতীচ্যের 'সুলতান' উপাধিতে ভূষিত করেন। ঐতিহাসিক Lapidus তাকে নতুন মধ্যপ্রাচ্য সাম্রাজ্যের খোরাসান থেকে ইরাক পর্যন্ত বিস্তৃত অঞ্চলের নতুন শাসক বলে উল্লেখ করেছেন।

তুঘ্রিলবেগের ভ্রাতুষ্পুত্র আলাপ আরসালান ১০১৭ খ্রি. মালাজকার্দ নামক যুদ্ধে রোমান বাহিনীকে পরাজিত করেন। এই যুদ্ধের ফলে এশিয়া মাইনরে বাইজানটাইনীয়দের প্রভুত্ব লোপ পেয়ে সেলজুক তুর্কিদের প্রাধান্য প্রতিষ্ঠিত হয়। তুঘ্রিলবেগ ছিলেন জ্ঞানী, দয়ালু, মহানুভব, ধার্মিক (সুন্নী) শাসক। এমনকি তিনি মার্ভ থেকে ইস্পাহানে রাজধানী স্থানান্তরিত করেন।

আলপ আরসলানের মৃত্যুর পর পুত্র মালিক শাহ 'জালালউদ্দৌলাহ' উপাধি নিয়ে সিংহাসনে বসেন। তিনি ছিলেন সেলজুক সুলতানদের মধ্যে সর্বশ্রেষ্ঠ। ১) তিনি শুধু ধার্মিক ও দানশীল ছিলেন না, ২) সেলজুকদের রাজধানী ইস্পাহান থেকে বাগদাদে স্থানান্তরিত করেন। ৩) তিনি খাজা হাসান নিজাম উল মুলককে উজির পদে অধিষ্ঠিত করেন এবং তার ওপরে রাজ্যশাসনের সকল ক্ষমতা অর্পণ করেন। ৪) মালিক শাহের আমলে সেলজুক সাম্রাজ্য চিন সীমান্ত থেকে পশ্চিমে ভূমধ্যসাগর এবং উত্তরে জর্জিয়া হতে দক্ষিণে ইয়েমেন পর্যন্ত বিস্তৃত হয়। ৫) রাজ্য জয়ের পাশাপাশি শাসন সংস্কারের জন্য খ্যাতি অর্জন করেছিলেন। তিনি বিশেষত জালালী পঞ্জিকা সংস্কার করেন। তার সম্পর্কে পি. কে. হিট্টি বলেন যে, এটা আমাদের পঞ্জিকার তুলনায় অনেকটা নির্ভুল ছিল। ৬) তিনি হাশিশিনা নামক গুপ্তঘাতক সম্প্রদায়ের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছিলেন। ৭) কৃষি, শিল্প, বাণিজ্যের উন্নতির পাশাপাশি সাম্রাজ্যের বিভিন্ন স্থানে খাল খনন, বিশ্রামাগার, মসজিদ, রাস্তাঘাট প্রভৃতি নির্মাণ ও বহু স্কুল, কলেজ, হাসপাতাল তৈরি করেছিলেন। তাই আমীর আলী বলেছেন, আড়ম্বর, ঐশ্বর্য্য ও জনসাধারণে সমৃদ্ধিতে মালিক শাহের রাজত্বকাল রোমান অথবা আরব শাসনের শ্রেষ্ঠ যুগের সমকক্ষ ছিল। ৮) তাছাড়া ইস্পাহানে জামে মসজিদ নির্মাণে স্থাপত্য শিল্পের চরম উৎকর্ষতার পরিচয় পাওয়া যায়।

মালিক শাহের রাজত্বকালে এ গৌরবের জন্য তার প্রধানমন্ত্রী নিজাম-উল মুলুকের দান ছিল অপরিসীম। পি. কে. হিট্টির মতে, ইসলামের রাজনৈতিক ইতিহাসে নিজাম-উল-মুলুক একটি অলংকারস্বরূপ।

সেলজুকদের বংশ তালিকা



মালিক শাহের মৃত্যুর পর গৃহযুদ্ধ সেলজুক বংশের পতনকে ত্বরান্বিত করে এবং সেলজুক সুলতান পাঁচভাগে বিভক্ত হয়ে পড়ে। শেষপর্যন্ত আব্বাসীদ খলিফা আল-নাসিরের (১১৮০-১২২৫) আমলে ১১৯৪ খ্রি. সেলজুকরা বিলীন হয়ে যায়।

২০.৪.১০ সেলজুক রাজ বংশের অবদান

সেলজুক তুর্কিদের অবদান সবথেকে বেশি।

২০.৪.১০.১ সুসংহতকরণ

সেলজুক তুর্কিরা অভ্যন্তরীণ ও বহিঃশত্রুর হাত হতে আব্বাসীদ সাম্রাজ্যকে সুসংবদ্ধ ও সুসংহত করতে সক্ষম হন।

২০.৪.১০.২ সামাজিক অবদান :

সামাজিক দিক থেকে বিচার করলে দেখা যায় যে, পারস্য রীতিনীতি, শিক্ষা-দীক্ষা প্রভৃতি প্রসার লাভ করে। সেলজুকদের চেষ্টায় সামাজিক ঐক্য ও সংহতি প্রতিষ্ঠিত হয় এবং এটা প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে স্থিতিশীল সমাজব্যবস্থা গড়ে ওঠে।

২০.৪.১০.৩ ধর্মীয় অবদান :

সেলজুক সুলতানদের পৃষ্ঠপোষকতায় সুন্নী মতবাদ সাম্রাজ্যে প্রাধান্য পায়।

২০.৪.১০.৪ প্রশাসনিক অবদান :

সেলজুক সুলতান মালিক শাহের উজির নিজাম-উল-মুলকের চেষ্টায় শাসনব্যবস্থায় আমূল পরিবর্তন সাধিত হয়। সেলজুক অধিকৃত অঞ্চলে শান্তি ও নিরাপত্তা বজায় থাকে। নিজাম-উল-মুলকের প্রশাসনিক দক্ষতার শ্রেষ্ঠ নজির হিসেবে 'সিয়াসতনামা' রচনা করেন।

২০.৪.১০.৫ সাংস্কৃতিক অবদান

সেলজুক সুলতানদের প্রায় সকলে সাহিত্য ও বিজ্ঞানের পৃষ্ঠপোষক ছিলেন। শিক্ষা ও সংস্কৃতির অগ্রগতিতে তাদের দান ছিল অপরিসীম। মালিক শাহের উজির নিজাম-উল-মুলক ছিলেন একজন বিদ্যোৎসাহী। তাদের পৃষ্ঠপোষকতায় সাম্রাজ্যের সর্বত্র স্কুল কলেজ প্রতিষ্ঠিত হয়। তার বিদ্যানুরাগের বড়ো প্রমাণ হল নিজামিয়া মাদ্রাসা। বিশ্ববিখ্যাত দার্শনিক ইমাম গাজ্জালী, মরমী কবি ফরিদউদ্দিন আত্তার, সাহিত্যিক নিজামী, পরিব্রাজক নাসির-ই-খসরু, প্রখ্যাত জ্যোতির্বিদ ওমার খৈয়াম - প্রমুখরা মালিক শাহের দরবার অলংকৃত করেছিলেন।

২০.৪.১০.৬ স্থাপত্যশিল্পে অবদান

এ যুগে স্থাপত্যশিল্পে যথেষ্ট উন্নতি সাধিত হয়। রায়ের তুঘ্রিল সমাধি, ইস্পাহানে জামে মসজিদ এবং এর অনুকরণে জাওয়ারা ও গুলপাইজানে জামে মসজিদ এ আমলের স্থাপত্য শিল্পের শ্রেষ্ঠ নিদর্শন।

২০.৪.১১ মোঙ্গল বংশ

আব্বাসীদ সাম্রাজ্যের পতনের পর মুসলিম সাম্রাজ্যের ঐক্য ও সংহতি বিপন্ন হলে কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র রাষ্ট্রের উদ্ভব হয়। তার মধ্যে মোঙ্গল সাম্রাজ্য অন্যতম। পৃথিবীর ইতিহাসে সর্বাপেক্ষা দুর্ধর্ষ ও সাহসী জাতিরূপে পরিচিত মোঙ্গল জাতির বাসস্থান ছিল মধ্য এশিয়ার চারণভূমিতে। চিন দেশীয় শব্দ 'মোঙ্গ' (সাহসী) থেকে 'মোঙ্গল' নামের উৎপত্তি।

মাত্র তেরো বছর বয়সে চেঙ্গিস খান (১১৭৫ — ১২২৭ খ্রি.) মোঙ্গল জাতির নেতৃত্ব গ্রহণ করেন। তিনি পশ্চিম দিকে অভিযান করে তাতার কিরগিজ এবং তাতার জাতির একটি উপদল উগুইর বংশকে মোঙ্গলদের বশ্যতা স্বীকারে বাধ্য করেন। তাতারগণ সম্পূর্ণরূপে বিজিত না হলেও চেঙ্গিস খানের প্রাধান্য ও প্রতিপত্তি স্বীকার করে। অন্যদিকে ১২১৫ খ্রি. কিন রাজ্যের রাজধানী পিকিং দখল করেন।

চেঙ্গিস খানের বিজয়াভিযান পৃথিবীর ইতিহাসে এক স্মরণীয় ঘটনা। মাত্র কুড়ি বছরের মধ্যে মোঙ্গল সাম্রাজ্য পূর্বে প্রশান্ত মহাসাগর থেকে পশ্চিমে কৃষ্ণসাগর, উত্তরে কিরগিজ থেকে দক্ষিণে সিন্ধু উপত্যকা পর্যন্ত বিস্তৃতি লাভ করে। তিনি শুধু সাম্রাজ্য বিজেতা ছিলেন না— দক্ষ প্রশাসক, আইন প্রণেতা ও সমাজ সংস্কারক রূপে তিনি তার প্রতিভার পরিচয় রেখেছেন পাশাপাশি কৃষি ও শিল্পের উন্নতি সাধন, পিকিং নগরীর সৌন্দর্য বৃদ্ধি, পরধর্ম সহিষ্ণুতা এবং শিক্ষা ও সংস্কৃতির পৃষ্ঠপোষক রূপে তিনি সমধিক খ্যাতি অর্জন করেছিলেন। চেঙ্গিস খানের মৃত্যুর পর তার পুত্র ওগতাই (১২২৭-৪১) 'মহান খান' উপাধি নিয়ে সিংহাসনে বসেন। তার মৃত্যুর পর চেঙ্গিস খানের পৌত্র ও টুলির পুত্র মঙ্গু খান (১২৪৮ — ৫৯) ও পরে মঙ্গু খানের মৃত্যুর পর তার ভাই কুবলাই খান (১২৫৯ -৯৪) সিংহাসনে বসেন।

১২৯৪ খ্রি. কুবলাই খানের মৃত্যুর পর উলজাইতু (১২৯৪ — ১৩০৭), কুলুক (১৩০৭ — ১১), বায়ানুতু (১৩১১ — ২০), গিজন (১৩২০ — ২৩) ও ইসনু তৈমূর (১৩২৩ — ২৮) মোঙ্গল অধিপতি হিসেবে শাসনকার্য পরিচালনা করেন। কিন্তু শাসনকার্যে তাদের যোগ্যতার অভাবে মোঙ্গল সাম্রাজ্য তাসের ঘরের মতো ভেঙে পড়ে এবং মোঙ্গল সাম্রাজ্য অল্পদিনের মধ্যে পাঁচটি ক্ষুদ্র ক্ষুদ্র অঙ্গরাজ্যে বিভক্ত হয়ে যায়—

১. মহান চিন সাম্রাজ্য, ২. ইরানের ইলখানি রাজ্য, ৩. মধ্যএশিয়ার চাগতাই রাজ্য, ৪. সাইবেরিয়া রাজ্য, ৫. দক্ষিণ রাশিয়ার গোল্ডেন হোর্ড।

২০.৪.১১.১ মধ্য এশিয়ার চাগতাই বংশ

চেঙ্গিস খানের দ্বিতীয় পুত্র চাগতাই মধ্য এশিয়ায় চাগতাই বংশ প্রতিষ্ঠা করেন। তবে এই বংশের শ্রেষ্ঠ শাসক ছিলেন তৈমূর লঙ। তৈমূর লঙ তার রাজত্বকালের প্রথম দশ বছর মোঙ্গল এবং খোয়ারিজমদের বিদ্রোহ দমনে ব্যস্ত ছিলেন। হিরাট অধিকৃত হওয়ার পর তৈমূর লঙ কান্দাহার ও কাবুল দখল করেন এবং উত্তর সিস্তানের সমৃদ্ধ রাজ্য জয় করেন। এছাড়া তিনি ভারত (১৩৯৮), মামলুকের বিরুদ্ধে অভিযান, তুরস্ক অভিযান (১৪০২) ও ১৪০৫ খ্রিস্টাব্দে চিনের বিরুদ্ধে অভিযান করেছিলেন। অবশ্য এই বিজয় অভিযানের মূলে ছিল শৃঙ্খলাবোধ, নিয়মানুবর্তিতা ও রণনৈপুণ্য সক্ষম সেনাবাহিনী।

তৈমূর লঙ স্বীয় সাম্রাজ্যে শান্তি, শৃঙ্খলা ও নিরাপত্তা কায়েম করেন। ন্যায়পরায়ণ ও কর্তব্যনিষ্ঠার জন্য তিনি সমধিক পরিচিত ছিলেন। Encyclopedia of Islam গ্রন্থে বলা হয়েছে তিনি ব্যাবসা-বাণিজ্য ও শিল্পের উৎকর্ষের জন্য সকল ব্যবস্থা গ্রহণ করেন এবং তার বিজয়ের ফলে ভারতবর্ষ ও পূর্ব পারস্যের মধ্যে ব্যাবসা-বাণিজ্যের জন্য একটি নতুন স্থলপথ উন্মোচিত হয়, তিনি জনহিতকর কার্যকলাপের পৃষ্ঠপোষকতা করেন। শাসনব্যবস্থা নিয়ন্ত্রণ করেন, যুক্তিসংগতভাবে সেনাবাহিনীর পুনর্গঠন করেন এবং ইসলামের প্রচারের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালান, তিনি রাজধানী সমরখন্দকে অনিন্দ্যসুন্দর ও অপূর্ব ইমারত দ্বারা সুসজ্জিত করেন এবং এটিকে একটি আন্তর্জাতিক বাজারে পরিণত করেন। তাছাড়া তিনি শিল্পকলার পৃষ্ঠপোষক ছিলেন।

২০.৪.১১.২ তৈমূরীয় বংশের পতন

তৈমূর লঙের মৃত্যুর পর তার বিশাল তাতারি সাম্রাজ্যের উত্তরাধিকারকে কেন্দ্র করে গোলযোগ শুরু হয়। সাম্রাজ্যে বিশৃঙ্খলা দেখা দেয় ও বিভিন্ন অঞ্চলে বিদ্রোহ দেখা যায়। শেষপর্যন্ত তৈমূরের চতুর্থ পুত্র শাহরুখ (১৪০৫ — ১৪৪৭) সিংহাসনে বসেন। তিনি ছিলেন তৈমূর বংশের অন্যতম সুলতান। এরপর উলুখ বেগ (১৪৪৭ — ১৪৪৯), আবুসাঈদ (১৪৪৯ — ১৪৬৭), হোসেন বায়কারা (১৪৬৮ — ১৫০৬) প্রমুখরা সিংহাসনে বসেন। তার মৃত্যুর পর তৈমূর কর্তৃক প্রতিষ্ঠিত চাগতাই বংশের অবসান ঘটে।

২০.৪.১১.৩ তৈমূরি বংশের অবদান

ঐতিহাসিক সাইকস বলেন, 'দেড় শতাব্দীকাল স্থায়ী তৈমূরি বংশে শিল্পকলা ও সাহিত্যে অনুরাগী বহু সদস্য ছিল। পারস্য সাহিত্য ও সংস্কৃতির রেনেসাঁ যুগের উদ্ভব হয় তৈমূরি বংশের অভ্যুত্থানে। তৈমূর লঙ, শাখরুখ উলুঘ বেগ ও হোসেন বায়কারার পৃষ্ঠপোষকতায় স্থাপত্য, চিত্রকলা, নৃত্যশিল্প, বয়নশিল্প, সাহিত্য, বিজ্ঞান প্রভৃতি ক্ষেত্রে উন্নতি সাধিত হয়। তৈমূর লঙ যিনি দিগ্বিজয়ের নেশায় বহু জনপদ বিলীন করেন তিনিই সমরখন্দ ও বুখরাকে পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ও সমৃদ্ধ নগরীতে পরিণত করেন। এ প্রসঙ্গে হ্যারল্ড ল্যাম্ব যথার্থই বলেছেন, তৈমূরের পৃষ্ঠপোষকতায় সমরখন্দ সত্যিই এশিয়ার শ্রেষ্ঠ নগরীতে পরিণত হয়।

২০.৪.১২ মামলুক বংশ

মামলুক অর্থে ক্রীতদাস। ইসলামের ইতিহাসে দুটি ক্রীতদাস বংশের উল্লেখ পাওয়া যায়। ভারতীয় উপমহাদেশে কুতুবউদ্দিন আইবক কর্তৃক প্রতিষ্ঠিত দাসবংশ এবং অপরটি মামলুক বংশ। পি. কে. হিট্টি যথার্থ বলেন যে, মুসলিম ইতিহাস ব্যতীত মামলুকদের মতো কোনও বংশের উত্থান ও বিকাশ ধারণাতীত।



মামলুক সাম্রাজ্য

২০.৪.১২.১ মামলুক বংশের ইতিবৃত্ত

ইসলামের ইতিহাসে মামলুকরা ছিল মূলত মধ্য এশিয়ার তুর্কি বংশোদ্ভূত। আয়য়ুবি রাজত্বকালে মিশরে সর্বপ্রথম মধ্যএশিয়ার তুর্কি ক্রীতদাসদের আমদানি করেছিলেন আয়য়ুবি আস সালিহ। এই আস সালিহ সজর-উদ-দুর নামে একজন তুর্কি বা আমেনীয় ক্রীতদাসকে বিবাহ করেন। এই সজর প্রথম জীবনে আব্বাসীয় খলিফা মুসতাসিমের হারেমের একজন ক্রীতদাস ছিলেন। পরে সালিহের ঔরসে তার একটি পুত্র সন্তান ভূমিষ্ঠ হলে তিনি দাসত্ব থেকে অব্যাহিত পান। ১২৫০ খ্রি. সালিহের মৃত্যু হলে তার বুদ্ধিমতী ও বিচক্ষণ স্ত্রী সজর-উদ-দুর সর্বময় ক্ষমতার অধিকারী হন। তার স্বামীর মৃত্যুর কথা তিনি তিন মাস গোপন রেখে শাসনকার্য্য পরিচালনা করেন। এর পাশাপাশি সজর আস-সালিহের অপর এক পুত্র ও উত্তরাধিকারী তুরান শাহকে ক্রীতদাসদের সহায়তায় হত্যা করে সিংহাসন কণ্টকমুক্ত করেন। পি. কে. হিট্টির ভাষায়, সজর আশিদিন যাবৎ উত্তর আফ্রিকা এবং পশ্চিম এশিয়ার একমাত্র মুসলিম মহিলা যিনি সুলতানের পদমর্যাদা লাভ করেন। যে দেশে ক্লিওপেট্রা ও জেনোবিয়ার জন্ম গ্রহণ করেন, সেই দেশে সার্বভৌম শাসকরূপে শাসন পরিচালনা করেন। এছাড়া নিজের নামাঙ্কিত মুদ্রা তৈরি ছাড়াও শুক্রবারের নামাজে নিজ নাম অন্তর্ভুক্ত করেন সুলতানা।

কিন্তু মিশরের আমীরগণ তার সহযোগী ও সেনাপ্রধান ইজ-আল দিন আইবককে সুলতান মনোনীত করেন তখন সুলতানা তার সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। কিন্তু সজর-উদ-দুরের রাজক্ষমতা পরিচালনার চেষ্টা এবং বিবাহ নিয়ে আইবকের সঙ্গে মতানৈক্য ও বিরোধ হওয়ায় সজর-উদ-দুর সুপরিকল্পিতভাবে স্বামীকে হত্যা করেন কিন্তু এর প্রতিশোধ হিসেবে আমীরগণও সজরকে হত্যা করেন।

২০.৪.১২.২ মামলুকদের শ্রেণিবিভাগ

মিশরের ক্রীতদাস অথবা মামলুক বংশ দুই ভাগে বিভক্ত ছিল বাহরি ও বুরজি। যে সমস্ত ক্রীতদাসকে আয়য়ুবি সুলতান আস সালিহ ক্রয় করেন তাদের বাহরি মামলুক বলা হত। এরা মূলত নীলনদের রাওদা দ্বীপাঞ্চলে বসবাস করত। এই বাহরি মামেলুকরা মূলত ১২৫০-১৩৯০ খ্রিস্টাব্দ পর্যন্ত শাসনকার্য পরিচালনা করেন। এই বংশে ২৪ জন সুলতান রাজত্ব করেছিল।

বাহরি মামলুকদের পর বুরজি মামলুকদের আবির্ভাব ঘটে। বাহরি মামলুক সুলতান কালাউনের রাজত্বকালে এক শ্রেণির দেহরক্ষী হিসেবে নিযুক্ত হয়। তারা ছিল কারকেসিয়ান বংশোদ্ভূত। এই আমলে ক্রীতদাসদের অধিকাংশ নগরদূর্গ বা বুরজে বসবাস করত। এই কারণে তাদের বুরজি মামলুক বলা হয়। এই বংশের ৩৩ জন সুলতান ১৩৮২ — ১৫১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত মিশরে রাজত্ব করত। অবশ্য বুরজিদের মধ্যে বংশানুক্রমিক উত্তরাধিকার বা স্বজন প্রীতি প্রচলিত ছিল না।

২০.৪.১২.৩ বাহরি মামলুক বংশ (১২৫০ — ১৩৯০)

২০.৪.১২.৩.১ ইজুদ্দিন আইবক (১২৫০ - ৫৭ খ্রি.)

১২৫০ খ্রি. সজর-উদ-দুর বাহরি মামলুক বংশ প্রতিষ্ঠা করলেও ও ইজুদ্দিন আইবককে আব্বাসীয় খলিফা মুসতাসিম 'সুলতান' হিসেবে স্বীকৃতি প্রদান করে। তিনি সিরিয়ার বিদ্রোহ দমন করেন এবং প্যালেস্তাইন ও জর্ডনের কিছু অংশ মামলুক রাজ্যের অন্তর্ভুক্ত হন। তিনি তার প্রতিদ্বন্দ্বীদের হত্যা ও রাজ্যের সীমানা বৃদ্ধি করে মামলুক রাজ্যে শৃঙ্খলা, ঐক্য ও সমৃদ্ধি আনেন। তবে তার উচ্চাভিলাষীর স্ত্রীর সঙ্গে মতানৈক্যের ফলে আইবককে নৃশংসভাবে হত্যা করা হয়।

২০.৪.১২.৩.২ কুতুয (১২৫৯ — ৬১)

ইজুদ্দিন আইবকের মৃত্যুর পর তার নাবালক পুত্র আলমানসুর সিংহাসনে আরোহণ করলে তার অভিভাবক নিযুক্ত হন সেনাপতি সাইফউদ্দিন কুতুয। এই কুতুয বলিষ্ঠতার সঙ্গে আল-কেরাকের আয়য়ুবি সুলতানের আক্রমণ প্রতিহত করেন। এর ফলে কুতুযের প্রভাব প্রতিপত্তিও বেড়ে যায় ও তিনি মনসুরকে পদচ্যুত করে ১২৫৯ খ্রি. সিংহাসন দখল করেন। তবে কুতুযের রাজত্বকাল মোঙ্গল আক্রমণের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ। তবে ১২৬০ খ্রি. বায়োবার্স কুতুযকে হত্যা করেন।

২০.৪.১২.৩.৩ বায়োবার্স (১২৬০ — ৭৭)

পি. কে. হিট্টি বলেছেন যে, বায়োবার্স ছিলেন মহান মামলুক এবং মামলুক শক্তির প্রকৃত প্রতিষ্ঠাতা। তিনি প্রথম জীবনে ছিলেন আয়ুযবি সুলতান আস-সালিহের দেহরক্ষী। কিন্তু স্বীয় যোগ্যতা, প্রতিভা, কর্মদক্ষতা ও বিচক্ষণতার জন্য মিশরের মামলুক অথবা ক্রীতদাস বংশের সর্বশ্রেষ্ঠ সুলতানের মর্যাদা লাভ করে।

মামলুক রাজ্যে শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য তিনি ১) আইনজালুতের যুদ্ধে মোঙ্গল বাহিনীকে পরাজিত করেন। ২) ক্রুসেডারদের নিকট থেকে অধিকৃত অঞ্চল পুনর্দখলের মাধ্যমে সিরিয়ার মুসলিম প্রভুত্ব পুনঃপ্রতিষ্ঠা করেন। ৩) রক্তলোলুপ গুপ্তঘাতক সম্প্রদায়কে দমন করেন। এছাড়া এন্টিওক জয় বায়োবার্সের সামরিক কৌশলের এক উজ্জ্বল

দৃষ্টান্ত। তাছাড়া তিনি সিরিয়ার খ্রিস্টান দুর্গগুলো জয় করে তিনি ফ্রাঙ্কদের মেরুদণ্ড ভেঙে দেন। এর ফলেই তাকে 'দ্বিতীয় সালাহউদ্দিন' উপাধি প্রদান করেন। শুধু তাই নয় শাসক হিসেবে বায়োবার্স যথেষ্ট খ্যাতি অর্জন করেছিল। তাছাড়া বিচারকার্য ও নিরপেক্ষ ন্যায়নীতির প্রতি জোর দিয়েছিলেন। পাশাপাশি কূটনীতিবিদ হিসেবেও সুনাম অর্জন করেছিলেন।

এরপরে সুলতান কালাউন, আল আশরাফ, আলনাসির ছিলেন বাহারী মামলুক সুলতানদের মধ্যে উল্লেখযোগ্য। সুলতান আল-নাসিরের মৃত্যুর পর তার বংশধরগণ ৪২ বছর মিশরে রাজত্ব করেন। তার উত্তরাধিকারীগণ প্রায় প্রত্যেকেই অকর্মণ্য, দুর্বল, বিলাসপ্রিয় ও স্বেচ্ছাচারী ছিলেন। এর ফলে যে রাজনৈতিক বিশৃঙ্খলার দেখা দেয় সুলতান নাসিরের প্রপৌত্র শালিহ হাজী ইবন শাবানের কাছ থেকে বারবুক নামক জনৈক কারকেসিয়ান ক্রীতদাস ক্ষমতা দখল করে। এর ফলে বুরজি মামলুকদের আধিপত্য প্রতিষ্ঠিত হয়।

২০.৪.১২.৪ বুরজি মামলুক বংশ (১৩৮২ -১৫১৭ খ্রি.)

কারকেসিয়ান বংশোদ্ভূত বারবুক বুরজি মামলুক রাজত্বের সূচনা করেন। সুলতান খুশকদম ও তুমুর বুগা একমাত্র গ্রিক ছিলেন এই দুজন ছাড়া সকলেই ছিলেন কারাকেসিয়ান বংশের সুলতান। এই পর্বে মোট ৩৩ জন সুলতান ১৩৪ বছর রাজত্ব করেছিল। এদের মধ্যে নয়জন সুলতান ১২৪ বছর ক্ষমতায় অধিষ্ঠিত ছিল। অবশিষ্ট ২৪ জন সুলতান ছিলেন প্রায় ক্ষমতাহীন। এই বুরজি মামলুক সুলতানদের মধ্যে কুয়েতবেরের শাসনকাল ছিল সর্বাপেক্ষা দীর্ঘস্থায়ী ও তাৎপর্যপূর্ণ। বুরজি মামলুকগণ বংশানুক্রমিক উত্তরাধিকার পছন্দ করতেন না, একটি সামরিক জোট দ্বারা শাসনকার্য পরিচালনা করা হত। সুলতান ছিলেন এই সামরিক পরিষদের সেনাপতি।

বুরজি মামলুকদের রাজত্বকালে মিশরে অর্থনৈতিক সংকট দেখা যায় পাশাপাশি কূটনৈতিক সম্পর্কের অবনতি ঘটে। বিশেষ করে পর্তুগিজগণ লোহিত সাগর ও ভারত মহাসাগরের মুসলিম বাণিজ্য জাহাজগুলো বিধ্বস্ত করে ভারতবর্ষের সঙ্গে মিশরের সামুদ্রিক বাণিজ্যের সূত্র ছিন্ন করে।

তাছাড়া মামলুক সুলতানরা যখন রাজনৈতিক সমস্যায় জর্জরিত ঠিক সেই সময় তাতার বাহিনী ও বিশেষত অটোমান তুর্কিদের আঘাতে মামলুক বংশের পতন হয়।

২০.৪.১২.৫ মামলুক রাজবংশের অবদান

মামলুক মিশরের যাত্রা শুরু হয় বিজয়গৌরবে গরিয়ান সুলতানদের হাত ধরে। মামলুকরা একদিকে যেমন সিরিয়ার বুক থেকে ফ্র্যাঙ্ক আধিপত্যের শেষ চিহ্নটুকু মুছে ফেলেছিল তেমনি অন্যদিকে থামিয়ে দিতে পেরেছিল মোঙ্গলদের বিজয়রথ।

২০.৪.১২.৫.১ জ্ঞান-বিজ্ঞান চর্চা

মামলুক শাসনাধীন সিরিয়া ও মিশর চিকিৎসাশাস্ত্রে যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। কালাউনের তৈরি বিশাল ও সুপরিকল্পিত হাসপাতাল তার প্রমাণ। এই হাসপাতালের প্রধান চিকিৎসক ছিলেন আবু আল হাসান আলী ইবনআল-নাফিস। দামাস্কাসের এই শিক্ষক চিকিৎসক বিষয়ক তার গ্রন্থে ফুসফুসে রক্ত চলাচল সম্পর্কে স্পষ্ট ধারণার কথা জানিয়েছিলেন। অথচ এই আবিষ্কারের কৃতিত্ব দেওয়া হয় স্পেনের বিজ্ঞানী সারভেটাসকে।

তবে পশু চিকিৎসা বিষয়ে মূল্যবান গ্রন্থ রচিত হয় কালাউনের পুত্র আল - নাসিরের আমলে। অপর দিকে কালাউন এবং বারাকুকসহ বেশ কয়েকজন মামলুক সুলতানদের আস্তাবালে ঘোড়া সংগ্রহ ছিল দেখার মতো। ঘোড়াকে কেন্দ্র

করে ইসলামি ঐতিহ্য সংক্রান্ত নানা গ্রন্থ লেখা হয় এই সময়। তাছাড়া স্ত্রীরোগ, চক্ষুরোগ বিষয়ে মামলুক বিশেষ উন্নতি লাভ করেছিল।

সমাজবিজ্ঞানে মামলুক যুগের প্রধান অবদান ছিল জীবনীগ্রন্থ। ইতিহাসের ক্ষেত্রে এবং ভাষাতত্ত্ব বিষয়ক বিষয়ে মামলুক যুগের অবদানকে মোটামুটিভাবে সমৃদ্ধ বলা যায়।

২০.৪.১২.৫.২ গল্পকথন ও ক্রীড়া প্রেম

আরব মুলুকে গল্পগাথা আজ গোটা বিশ্বের কাছে সুখপাঠ্য। কিন্তু এগুলির জনপ্রিয়তার সূচনা কিন্তু মামলুক যুগ থেকে। আন্তারা ও রেবার্সের যে দুটি প্রেমকাহিনি আজও মুসলিম মননে গাঁথা হয়ে আছে, তা পরিমার্জিত হয়েছে মামলুক যুগেই। বিভিন্ন ভাষার অনুবাদের দৌলতে যে 'আলফ লায়লা' আজ এত জনপ্রিয় তা কিন্তু মামলুক যুগের আগে ততটা জনপ্রিয় ছিল না।

মামলুক সুলতানরা ছিলেন ক্রীড়াপ্রেমী। বিশেষ করে ধর্মযুদ্ধ পর্বের সুলতানরা ক্রীড়া প্রতিযোগিতা, তীরন্দাজী, মল্লক্রীড়া, শিকার এবং ঘোড় সওয়ারি ইত্যাদিতে উৎসাহ ও দক্ষতা তাদের কিংবদন্তি করে তুলেছে।

২০.৪.১২.৫.৩ ছায়ানাট্য

ত্রয়োদশ শতাব্দীর শেষভাগে আরবি সাহিত্যে ছায়ানাট্যের আবির্ভাব ঘটে। ছায়ানাট্যের জন্ম হয় খুব সম্ভবত দূরপ্রাচ্যে। অবশ্য তুর্কি পুতুল নাচের অনেক উপকরণ আরব্যরজনী থেকে ধার নেওয়া।

২০.৪.১২.৫.৪ স্থাপত্যশিল্প

মামলুক শাসনকাল যুদ্ধবিগ্রহে পূর্ণ হলেও গুণমানের অসাধারণ স্থাপত্যশিল্প ও চারুকলার উন্মেষ এ যুগে হয়। মামলুক স্থাপত্যশৈলী গড়ে ওঠে নূরিদ আয়্যুবিয় স্থাপত্যের আদলে। কালাউন, আল-নাসির এবং আল-হাসানের তৈরি মসজিদ, বিদ্যালয় ও সমাধিস্থলগুলিতে মুসলিম স্থাপত্য প্রাণময় হয়ে উঠেছিল। সবচেয়ে সুখের কথা, মামলুক স্থাপত্যের নিদর্শনগুলি আজও অক্ষত আছে। এত শতাব্দীর পরে আজ পর্যটক ও গবেষকদের কাজে তা বিশেষ আগ্রহের বস্তু।

তাছাড়া এ যুগের বিভিন্ন স্থাপত্যকর্মে নানাবর্ণের কাঁচের নকশা, কাঠের সূক্ষ্ম নকশার প্রাধান্য চোখে পড়ে। অপরদিকে তারা আবার রঙিন অক্ষর দিয়ে বা চিত্র দিয়ে গ্রন্থসজ্জা মামলুক শিল্পের অসাধারণ অপর বৈশিষ্ট্য। তাছাড়া সাধারণ মানুষের নিত্যকার জীবনে শুধু শিল্পের ছোঁয়া লাগেনি অভিজাতদের বিলাসসামগ্রী জিনিসে কারুকার্য্যের একাধিক নিদর্শন আছে। অবশ্য সিরিয়া ও মিশর অটোমান তুর্কিদের দখলে আসার পরে মামলুক শিল্পকলা অধিকাংশ ধ্বংস হয়ে যায়।

২০.৪.১৩ সাফাভিদ বংশ (১৫০২ -১৭৩৬ খ্রি.)

২০.৪.১৩.১ সূচনা

চাগতাই তুর্কি সাম্রাজ্যের ধ্বংসস্তূপের ওপর যে সমস্ত রাজবংশের উত্থান হয় তাদের মধ্যে সাফাভিদ বংশ ছিল খুবই শক্তিশালী ও দীর্ঘস্থায়ী। ব্রাউন যথার্থ বলেছেন পারস্যের সাফাভিদ বংশের উত্থান একটি গুরুত্বপূর্ণ ঘটনা।

সাফাভিদ বংশ

২০.৪.১৩.২ শাহ ইসমাইল (১৫০২ -২৪ খ্রি.)

শিয়া সম্প্রদায়ভুক্ত শাহ ইসমাইল এই বংশের প্রতিষ্ঠাতা। তবে সাফাভিদগণ দ্বাদশবাদী ইমামের অনুসারী, তবে এই রাজবংশের নাম কেন 'সাফাভিদ' হল তা নিয়ে ঐতিহাসিক মহলে যথেষ্ট মতপার্থক্য আছে। তবে ১৫০২ খ্রি. শাহ ইসমাইল 'শাহ' উপাধি গ্রহণ করে আনুষ্ঠানিকভাবে সাফাভি বংশ প্রতিষ্ঠা করেন।

২০.৪.১৩.২.১ রাজ্যবিস্তার

সাফাভিদ বংশের প্রতিষ্ঠাতা শাহ ইসমাইল প্রথমে একটি ক্ষিপ্রগতি সম্পন্ন ও শক্তিশালী বাহিনী গঠন করে বাকু ও সামাখা দখল করেন। তারপর সাফাভি বংশের উৎপত্তিস্থল আরদাবিলে স্বীয় ক্ষমতা ও আধিপত্য প্রতিষ্ঠার জন্য 'শ্বেতমেষ' বংশের নৃপতি আলওয়ান্দের বিরুদ্ধে অভিযান পাঠান এবং এই অভিযানে সফল হয়ে আজারবাইজানে আধিপত্য প্রতিষ্ঠা করেছিল। তাব্রিজ ইসমাইলের অধীনে আসে এবং সেখানেই তার রাজধানী প্রতিষ্ঠিত হয়। এমনকি ইরাক, কাজারুন, কিরমান ও ইয়াজাদে তার কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। ১৫০৪ খ্রি. তিনি ইস্পাহান দখল করেন এবং ক্রমে ক্রমে বাগদাদ ও মসুল-ও সাফাভিদ রাজ্যের অন্তর্ভুক্ত হয়। তাছাড়া খোরাসানের অভিযানকে কেন্দ্র করে শায়বানির সঙ্গে তার যে রক্তক্ষয়ী সংগ্রাম হয় তার দরুন বলখ ও হিরাটে সাফাভিদ কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়েছিল।

২০.৪.১৩.২.২ তুর্কি পারস্য সংঘর্ষ

ইসমাইল শাহের সামরিক সাফল্য ও সম্প্রসারণ নীতিতে তুর্কি জাতি শঙ্কিত হলে ইসমাইল শাহের রাজত্বকালে তুর্কি-পারস্য সংঘর্ষ নতুন মাত্রা পায় অবশ্য এর পিছনে ধর্মীয় কারণ হিসেবে বলা যায় সুন্নি তুর্কিদের পক্ষে শিয়া রাজ্যের উত্থান মেনে নেওয়া সম্ভব ছিল না। যার ফলস্বরূপ ১৫১১ খ্রি. সিভার্সের যুদ্ধে তুর্কি সৈন্যরা তার বিখ্যাত নেতা শাহ কুলির প্রাণের বিনিময়ে সাফল্য লাভ করে কিন্তু এখানেই এই সংঘর্ষের পরিসমাপ্তি ঘটেনি।

তুর্কি সুলতান দ্বিতীয় বায়োজিদের (১৪৮১-১৫১২) পর প্রথম সেলিম (১৫১২-২০) ছিলেন প্রবল সুন্নী সমর্থক। তার রাজত্বকালে ১৫১৪ খ্রি. কালভিরানের রণক্ষেত্রে তুরস্কের নিকট পারস্য শোচনীয় পরাজয় বরণ করে। বিজয়ী তুর্কিবাহিনী কুর্দিস্তান, দিয়ারবকর ও জর্জিয়া দখল করেছিল কিন্তু তুর্কি সুলতান সেলিম সাফাভিদ বংশকে ধ্বংস করতে চাননি, শুধু শিয়া রাষ্ট্রকে পদানত করাই ছিল তার লক্ষ্য।

শুধু তাই নয় শাহ ইসলামের আমলে কোনো সুদক্ষ নৌবাহিনী না থাকায় পর্তুগিজরা পারস্য উপসাগরের হরমুজ দ্বীপ ১৫১৪ খ্রি. দখল করে নেয়।

২০.৪.১৩.২.৩ কৃতিত্ব

ইসমাইল শাহ কঠোর সংগ্রাম ও প্রতিকূল অবস্থার নিরসন করে শিয়া রাষ্ট্র হিসেবে শুধু সাফাভিদ বংশ প্রতিষ্ঠা করেননি তার আমলে পারসিকদের কর্তৃত্ব অক্সাস নদী থেকে পারস্য উপসাগর এবং আফগানিস্তান থেকে ইউফ্রেটিস নদী পর্য্যন্ত বিস্তার লাভ করেছিল। তাছাড়া সুষ্ঠ শাসন ও বিচার ব্যবস্থা প্রবর্তনের পাশাপাশি জ্ঞান, বিজ্ঞান সাহিত্য ও শিল্পকলার পৃষ্ঠপোষক হিসেবেই তার রাজত্বকাল স্মরণীয়।

২০.৪.১৩.৩ শাহ তাহমাসপ (১৫২৪ — ১৫৭৬ খ্রি.)

১৫২৪ খ্রি. ইসমাইল শাহের জ্যেষ্ঠপুত্র শাহ তাহমাসপের আমলে কিজিলকস সম্প্রদায়ের দুই প্রতিদ্বন্দ্বী গোত্র শামলু ও তুকুলু ক্ষমতা কুক্ষিগত করার জন্য প্রতিযোগিতা শুরু করলে শাহ তাহমাসপ এক বিশাল সেনাবাহিনী নিয়ে তুকুলু গোত্রকে পরাজিত ও বিতাড়িত করেন। অন্যদিকে শামলু গোত্র শাহের আনুগত্য স্বীকার করলে সাম্রাজ্যে শান্তি ও শৃঙ্খলা বজায় থাকে।

অন্যদিকে সাফাভিদ বংশের প্রবল প্রতিদ্বন্দ্বী খাওয়ারিজেমের উজবেক গোত্রের নাবালক শাহ তাহমাসপের রাজ্য আক্রমণ করলে ১৫২৭ খ্রি. মাশাদের সন্নিকটে এক সংঘর্ষে তিনি উজবেকদের পরাজিত করেন ও সাফাভিদ আধিপত্য পুনঃপ্রতিষ্ঠা করেন। কিন্তু উজবেকরা আবার মধ্য এশিয়ার হিরাট শহরে ওয়াবেদ খানের নেতৃত্বে পুনরায় বিদ্রোহ ঘোষণা করলে শাহ তাহমাসপ সেনাবাহিনীর সাহায্যে উজবেকদের পরাজিত করে ও হিরাট নগরী উদ্ধার করেন। শুধু তাই নয় অন্যদিকে বাগদাদের কালহোর গোত্রের অধিপতি জুলফিকার বিদ্রোহ ঘোষণা করলে তাহমাসপ বিদ্রোহী নেতা জুলফিকারকে হত্যা করে বিদ্রোহ দমন করেন।

কিন্তু তুর্কি সুলতান সোলায়মানের চারবার আক্রমণে পারস্য বিধ্বস্ত হয় আজারবাইজানের বিদ্রোহী গোত্রপতিদের আমন্ত্রণে সোলায়মান পারস্য অভিযান প্রেরণ করে তার পুত্রের নেতৃত্বে। সমূহ বিপদে বিচলিত হয়ে পারস্য সুলতান হাঙ্গেরী ও অস্ট্রিয়ার সাহায্যপ্রার্থী হয়। ১৪৩৪, ১৫৪৮, ১৫৫৩, ১৫৫৪ খ্রিস্টাব্দে চতুর্থ বার তুর্কিবাহিনীর অভিযানে নিরুপায় শাহ তাহমাসপ তুর্কি সুলতান সোলায়মানের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেন। সন্ধির শর্তানুযায়ী ইরাকসহ পারস্য উপসাগরের কতিপয় দুর্গ লাভ করেন এবং জিলান ও শিরওয়ান প্রদেশ তুর্কি সাম্রাজ্যভুক্ত হয়। অপরদিকে দিয়ারবকর ও কুর্দিস্তান ছাড়া অন্যান্য হৃতরাজ্য শাহ তাহমাসপ তুর্কি সুলতানদের হাত থেকে ফিরে পান।

২০.৪.১৩.৩.১ চরিত্র ও কৃতিত্ব

শাহ ইসমাইল পিতা-এর মতো দক্ষ, বিচক্ষণ ও চারিত্রিক দৃঢ়তা না থাকলেও শাহ তাহমাসপের রাজত্বকালে সাফাভিদ বংশের ক্ষমতা সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়। তুরস্কের মতো পরাক্রমশালী সাম্রাজ্যের তুলনায় পারস্য ছিল খুবই ক্ষুদ্র ও

দুর্বল। তা সত্ত্বেও শাহ কুর্দিস্তান ও মেসোপটেমিয়ার কিছু অংশ ছাড়া পারস্যের অন্যান্য অঞ্চলে সাফাভি কর্তৃত্ব বজায় রাখেন। পাশাপাশি তিনি ঘন ঘন তুর্কি আক্রমণ থেকে রেহাই পেতে রাজধানী তাব্রিজ থেকে কাযাউনে স্থানান্তরিত করেন। কাযাউনে নির্মিত তার প্রাসাদ, বিভিন্ন ইমারত, মসজিদ ইত্যাদির সমন্বয়ে কাযাউন সাফাভিদ সংস্কৃতির প্রাণকেন্দ্রে পরিণত হয়। তাছাড়া তিনি সর্বপ্রথম সুলতান যিনি ইউরোপীয় শক্তিবর্গের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের চেষ্টা করেন। এমনকি তার রাজত্বকালে ইংল্যান্ডের দূত অ্যান্টনি জেনকিনসন রাশিয়া হয়ে পারস্যের রাজদরবারে উপস্থিত হন। এমনকি ১৫৭১ খ্রি. ভেনিস রাষ্ট্রদূত আলেক্সান্দ্রি তার দরবারে আগমন করেন।

তিনি শুধু রুচিবান বা বিদ্বান ছিলেন না স্থাপত্য, চিত্রশিল্প ও হস্তশিল্পের পৃষ্ঠপোষকতা করেন। নিজেও হস্তশিল্পীবিদ ছিলেন। শাহের সময় ১৫৭১ খ্রি. এক দুর্ভিক্ষ ও মহামারী দেখা যায় ও ১৫৭৬ খ্রি. বিষমিশ্রিত খাদ্য খেয়ে মৃত্যুবরণ করেন।

২০.৪.১৩.৪ শাহ দ্বিতীয় ইসমাইল (১৫৭৬ — ৭৮ খ্রি.)

শাহ তাহমাসপের মৃত্যুর পর পারস্য সাম্রাজ্যে চরম বিশৃঙ্খলা ও ভ্রাতৃদ্বন্দ্ব শুরু হলে শেষপর্য্যন্ত হায়দার মির্জাকে হত্যা করে ভাই দ্বিতীয় ইসমাইল শাহ সিংহাসনে বসেন। তিনি শুধু অযোগ্যই ছিলেন না, নিষ্ঠুরতা ও নৃশংসতার জ্বলন্ত দৃষ্টান্ত থাকা সত্ত্বেও তিনি 'আদিল' বা মহৎ উপাধি পান।

২০.৪.১৩.৫ শাহ মহম্মদ খুদাবান্দা (১৫৭৮ — ৮৭ খ্রি.)

শাহ দ্বিতীয় ইসমাইলের জ্যেষ্ঠপুত্র সিংহাসনে অধিষ্ঠিত হয়ে তার ভগ্নী পিয়ারি খনম এবং কিজিলকসদের চোরখাস গোত্রপতিকে ষড়যন্ত্রের অভিযোগে হত্যা করেন। শুধু তাই নয় গোল্ডেন হোর্ডের তাতারগণ পারস্যের জিলাহ শহর দখল করার চেষ্টা করলে মহম্মদ খুদাবান্দা তাদের প্রচেষ্টা ব্যর্থ করে দেন।

বিশেষত খুদাবান্দার উজির মির্জা সুলায়মানের বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করে ও তাতার দলপতি আদিল গিরাইকে হত্যা করেন। কিন্তু তাতারগণ তা সত্ত্বেও পুনরায় পারস্য অভিযানে ক্ষান্ত হননি। তাতার নেতা নিহত আদিল গিরাই-এর ভাই মহম্মদ গিরাই পারস্য অভিযান করে শিরওয়ান আক্রমণ করলে তিনি ও খুদাবান্দার কাছে পরাজিত ও নিহত হন।

সুলতান যখন বহিঃশত্রুর আক্রমণ মোকাবিলা করার পর অভ্যন্তরীণ বিশৃঙ্খলা ও গোলযোগ দমনে ব্যস্ত তখন তুর্কিবাহিনী আবার সেনাপতি ওসমান পাশার নেতৃত্বে পারস্য আক্রমণ করে, তাব্রিজ ও আজারবাইজান দখল করে। উভয় সংকটে সুলতান যখন দিশেহারা তখন তার পুত্র হরমুজ গির্জা পিতাকে সাহায্য করার জন্য এগিয়ে আসেন। হরমুজ গির্জা বীর বিক্রমে তুর্কি অভিযানের মোকাবিলা করেন ও এই অভিযানে তুর্কি সেনাপতি ওসমান পাশার মৃত্যু হলে তুর্কিরা তাব্রিজে একদল তুর্কি সৈন্য মোতায়েন করে স্বদেশে প্রত্যাবর্তন করে। হরমুজ ক্ষিপ্রতার সঙ্গে ওই সকল সৈন্যদেরও বিতাড়িত করেন। বিদ্রোহী আমীরগণ খুদাবান্দার আনুগত্য গ্রহণ করে। কিন্তু হরমুজা হঠাৎ এক আততায়ীর হাতে নিহত হন। খুদাবান্দা তার অপর পুত্র যুবরাজ শাহ আব্বাসের অনুকূলে সিংহাসন ত্যাগে বাধ্য হন। তবে খুদাবান্দার নয় বছর রাজত্বকাল ছিল খুব গোলযোগপূর্ণ।

২০.৪.১৩.৬ মহামতি শাহ আব্বাস (১৫৮৭ — ১৬২৯)

কিজিলবাজের গোত্রের নেতা মুর্শিদকুলির সহযোগিতায় শাহ আব্বাস পারস্যের সুলতান হয়েছিলেন। তিনি অত্যন্ত বলিষ্ঠ ও দৃঢ়তার সঙ্গে শাসনকার্য পরিচালনা করেছিলেন।

এই সময় কিজিলবাস নেতা মুর্শিদকুলি তরুণ শাহের ওপর প্রভাব বিস্তার করতে চাইলে কিজলিস উপজাতির বিভিন্ন গোত্র ক্ষমতা লড়াইয়ে জড়িয়ে পড়লে শাহ এই দ্বন্দ্ব ও নৈরাজ্য নির্মূল করতে মুর্শিদকুলিকে হত্যা করেন এবং বিদ্রোহী গোত্র সমূহ শাহের আনুগত্য ও বশ্যতা স্বীকার করে।

অন্যদিকে তুর্কি সুলতান তৃতীয় মুরাদের আমলে ফরহাদ পাশা ১৫৮৭ খ্রি. পারস্য অভিযান করে জর্জিয়া আজারবাইজান, তাব্রিজ ও লুবিস্তান প্রভৃতি অঞ্চল সমূহ দখল করেন। ১৫৮৮ খ্রি. পুনরায় তুর্কি বাহিনী পারস্য আক্রমণ করলে উপায়ন্ত না দেখে পারস্য সুলতান ১৫৯০ খ্রি. তুরস্কের সঙ্গে সন্ধি সম্পাদিত করে তাব্রিজ, জর্জিয়া, শিরওয়ান ও লুবিস্তান লাভ করেন।

শাহ আব্বাস তুর্কিদের সঙ্গে সন্ধি স্বাক্ষর করে উত্তর পশ্চিম সীমান্তে শান্তি প্রতিষ্ঠা করতে ব্যস্ত তখন অন্যদিকে মধ্য এশিয়ার শক্তিশালী উজবেক সম্প্রদায় দ্বিতীয় আবদুল্লাহ-এর নেতৃত্বে একটি শক্তিশালী রাষ্ট্র গঠন করেন। শুধু তাই নয় এই উজবেকগণ ক্রমশ পারস্যে প্রবেশ করে নিশাপুর সাবজাভার, ইস্পাহান ও খোরাসানের বিভিন্ন শহর দখল করলে ১৫৭৯ খ্রি. শাহ আব্বাস তার বিশাল সেনাবাহিনীর সাহায্যে শত্রুর মোকাবিলা করেন ও পরাজিত করেন।

আবার শাহ আব্বাসের রাজত্বের শেষের দিকে তুর্কি বাহিনী পারস্য-তুর্কি চুক্তি লঙ্ঘন করে পারস্য আক্রমণ করলে শাহ আব্বাস সৈন্য প্রেরণ করলে যে যুদ্ধ সংগঠিত হয় তাতে তুর্কি বাহিনী পরাজিত হয় ও শাহ আব্বাস মেসোপটেমিয়া মসুল ও দিয়ারবকর অধিকার করেন। ১৬১২ খ্রি. পারস্য-তুর্কি সন্ধিচুক্তি সম্পাদিত হয়। তবে এই চুক্তি ক্ষণস্থায়ী ছিল কারণ শাহ আব্বাস তুর্কিদের কাছ থেকে পারস্যের হৃত অঞ্চল পুনরুদ্ধারের জন্য দৃঢ় সংকল্প করেন ও জর্জিয়া পুনর্দখল করে পরাক্রমশালী শাহ আব্বাস সামরিক দক্ষতার পরিচয় দেন।

২০.৪.১৩.৬.১ কৃতিত্ব

শাহ আব্বাস শুধুমাত্র পারস্যের সাফাভিদ বংশের শ্রেষ্ঠ সুলতান ছিলেন না বরং সমসাময়িক এশিয়ার ইতিহাসে অন্যতম আকর্ষণীয় ব্যক্তি ছিলেন। তিনি অত্যন্ত বলিষ্ঠতার সঙ্গে অটোমান তুর্কি ও মধ্য এশিয়ার উজবেক সম্প্রদায়ের আক্রমণ প্রতিহত করে পারস্যের স্বাধীনতা ও সার্বভৌমিকতা অক্ষুণ্ণ রাখেন। পাশাপাশি তার অন্যতম কৃতিত্ব পারস্যের সেনাবাহিনী সংস্কার সাধন করা ও গোত্র ভিত্তিক পারস্য বাহিনীর পরিবর্তে রাষ্ট্রীয় কর্তৃত্বাধীন নিয়মিত বাহিনী গঠন করা।

অপরদিকে মারব্বাম বলেন যে, In his foreign relations Abbas displayed as much wisdom as in his home policy (বৈদেশিক সম্পর্ক নির্ধারণের ক্ষেত্রে তিনি বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছেন, যেমন পরিচয় দিয়েছেন তাঁর স্বদেশ পরিচালনার দক্ষতার ক্ষেত্রে)। তিনি সফল বৈদেশিক নীতি দ্বারা মুঘল সম্রাট আকবর এবং ইংল্যান্ড, ফ্রান্স, স্পেন প্রমুখ ইউরোপীয় শক্তির সঙ্গে মৈত্রী স্থাপন করেন।

শাহ আব্বাসের অন্যতম অপর প্রধান কৃতিত্ব হল কাযাউন থেকে ইস্পাহানে রাজধানী স্থানান্তর করা ১৫৯৮ খ্রি.। সুলতান দরবারসহ ইস্পাহানে স্থায়ী বসবাস করার ফলে ইস্পাহান প্রাচ্যের অপূর্ব ও সমৃদ্ধ নগরে পরিণত হয়। এছাড়া স্থাপত্য শিল্পকলা, চিত্রশিল্প ও অলংকরণ শিল্পেরও অভাবনীয় উন্নতি ঘটে। তাছাড়া মৃৎপাত্র ও কার্পেট শিল্পে এখানকার কারিগররা সুনাম অর্জন করেছিল।

তবে ঐতিহাসিক মারখেম তার সম্পর্কে অভিযোগ এনেছিলেন যে, তিনি অত্যন্ত স্বৈরাচারী, নিষ্ঠুর ও সন্দেহপ্রবণ প্রকৃতির সুলতান ছিলেন। তার প্রমাণস্বরূপ বলা যায় যে, তিনি তার চার পুত্রের মধ্যে তিনজনকে নিষ্ঠুরভাবে হত্যা এবং চক্ষু উৎপাটন দ্বারা অন্ধ করে দেন। কিন্তু এই অভিযোগের সপক্ষে বলা যায় যে, রাষ্ট্র ও সিংহাসন নিরাপত্তার জন্য তাকে এই পদক্ষেপ গ্রহণ করতে হয়েছিল।

পরিশেষে বলা যায় যে, পারস্যের সুলতান শাহ আব্বাস বিভিন্ন গোত্রকে শিয়া মতবাদে উদ্বুদ্ধ করে একটি শক্তিশালী জাতিতেই শুধু পরিণত করেননি পাশাপাশি পারস্যের আধুনিকীকরণের জন্য ইংলিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে বাণিজ্যিক সুবিধা প্রদান করেন ও ইস্পাহানে কলকারখানা নির্মাণের অনুমতি দেন। অন্যদিকে ব্রিটিশ নৌবহরের সাহায্যে শাহ আব্বাসের সুনাম বৃদ্ধি পায় এবং পারস্যের এই হরমুজ প্রণালী পরবর্তীকালে বন্দর আব্বাসে পরিণত হয়।

২০.৪.১৩.৭ পরবর্তী সাফাভিদ শাসকগণ

শাহ আব্বাসের পর শাহ সাফি (১৬২৯ — ৪২), দ্বিতীয় শাহ আব্বাস (১৬৪২ — ৬৭), শাহ সুলায়মান (১৬৬৭ — ৯৪ খ্রি.), শাহ সুলতান হুসাইন (১৬৯৪ — ১৭২২) ও শাহ দ্বিতীয় তাহমাসপ সিংহাসনে বসেন।

২০.৪.১৩.৮ সাফাভিদ বংশের পতন

অষ্টাদশ শতাব্দীর প্রথমার্ধে পারস্যের পরাক্রমশালী সাফাভি বংশ বহিঃশত্রুর দ্বারা বিশেষত আফগান রুশ ও তুরস্ক পারস্য বিভিন্ন অঞ্চলে আধিপত্য প্রতিষ্ঠা করেন। এই সময় দ্বিতীয় শাহ তাহমাসপের সেনাবাহিনীতে যোগদান করে আফসারি গোত্রের নেতা নাদির কুলি খান। এই নাদির কুলি খানের নেতৃত্বে তিনি গিলজাই গোত্রের দলপতি আশরফকে পরাজিত করেন। দাগেস্তান এবং ইস্পাহানে নাদির কুলি অভিযান করেন ও আফগান সেনাবাহিনীকে পরাজিত করে ইস্পাহান দখল করেন। হিরাটে নাদির কুলি বিদ্রোহ দমনে ব্যস্ত থাকার সময় দ্বিতীয় শাহ তাহমাসপ নাদিরের অনুপস্থিতিতে তুর্কিদের সঙ্গে যুদ্ধ করে পরাজিত হন। তাহমাসপের এই নির্বুদ্ধিতার জন্য নাদির ইস্পাহানে প্রত্যাবর্তন করে তাহমাসপকে সিংহাসনচ্যুত করেন এবং তার স্থলে নিজের নাবালক পুত্র তৃতীয় আব্বাসকে নামেমাত্র শাহের মর্য্যাদা দেন। ১৭৩৬ খ্রি. নাদির পুনরায় তুর্কিদের আক্রমণ করেন এবং বাগদাদ দখল করেন পরবর্তী বছর তিনি রুশবাহিনীর বিরুদ্ধে অভিযান করেন এবং দখলীকৃত পারস্য অঞ্চল থেকে তাদের বিতাড়িত করেন। নাদির কুলি তুরস্কের বিরুদ্ধে সমরাভিযানে অসামান্য সাফল্য অর্জন করেন এবং এরিভান ও এরজেরুম অধিকার করেন। ১৭৩৬ খ্রি. নাদির কুলি তৃতীয় শাহ আব্বাসকে ক্ষমতাচ্যুত করে 'নাদিরশাহ' উপাধি ধারণপূর্বক পারস্যের সিংহাসনে উপবেশন করেন। এর ফলে পারস্যের সাফাভিদ বংশের অবসান ঘটে।

২০.৪.১৩.৯ সাফাভিদ বংশের অবদান

১. শাহ ইসমাইল কেবলমাত্র বংশ প্রতিষ্ঠাতা নয়, সাহিত্য ও শিল্পকলার পৃষ্ঠপোষক ছিলেন। মহান শাহ আব্বাসের রাজত্বে রাজধানী ইস্পাহানে স্থানান্তরিত হয় এবং তা প্রাচ্যের সুরম্য নগরীতে পরিণত হয়।

২. সাফাভিদ বংশের অন্যান্য অবদান ছিল নতুন পরিকল্পনায় শহর নির্মাণ করা। শাহ ইসমাইল শিয়া বংশ প্রতিষ্ঠা করে তাব্রিজকে রাজধানীতে পরিণত করেন।

৩. সাফাভিদ বংশের শাসকবৃন্দ পারস্যকে একটি সমৃদ্ধ দেশে পরিণত করার জন্য স্থাপত্যকলার পৃষ্ঠপোষকতা করেন। স্থাপত্যরীতি দুই ধরনের ছিল পবিত্র ভবন যেমন মসজিদ, মাদ্রাসা, মাজার এবং অপরাপর ইমারত যেমন দুর্গ, প্রাসাদ, সরাইখানা, হাম্মাম ইত্যাদি। এই যুগে পারস্যের স্থাপত্যে শুধু উৎকর্ষ সাধিত হয়নি বরং পরিকল্পনা, অলংকরণ ও বৈচিত্র্যপূর্ণ নকশা ব্যবহারেও চরম শিখরে পৌঁছেছিল। টালি দ্বারা ইমারতগুলি শোভিত হত।

৪. এ যুগে মৃৎশিল্প, কারুশিল্পে (বিশেষত গালিচা) প্রস্তুতিতে উন্নতি লাভ করে।

৫. ১৫৯৮ খ্রিস্টাব্দে শাহ আব্বাস রাজধানী ইস্পাহানে স্থানান্তর করলে চিত্রকলার কেন্দ্র ও স্থানান্তরিত হয় এবং ১৬২৮ খ্রিস্টাব্দ পর্যন্ত সাফাভিদ চিত্রকলার বিকাশ ঘটে। মুসলিম চিত্রকলার স্বর্ণযুগ সাফাভি চিত্র শিল্প এবং এই চিত্ররীতির ধারক ও বাহকগণ তাদের শিল্পরীতি ও রঙের বিন্যাস দ্বারা মুসলিম চিত্রকল্পকে সমুজ্জ্বল করেন। এ যুগের সেরা প্রতিভা হলেন কামালউদ্দিন বিহযাদ যাকে 'প্রতীচ্যের রাফায়েল' বলা হয়।

পরিশেষে বলা যায় যে, সাফাভিদ যুগে সাহিত্য, শিল্পকলা, সংস্কৃতি, দর্শন, জ্ঞানবিজ্ঞান চর্চার ক্ষেত্রে বিশেষ অবদান রেখেছে।

২০.৪.১৪ অটোমান তুর্কি

২০.৪.১৪.১ সূচনা

চাগতাই মঙ্গোলিয়ায় অটোমান তুর্কিদের উত্থান ঘটে। মধ্য এশিয়ার ইরানীয় উপজাতিদের সঙ্গে তাদের মিলন ঘটে। এশিয়া মাইনরে প্রবেশ করে ধীরে ধীরে তারা সেলজুক আমীরদের স্থানচ্যুত করে ১৪ শতকের গোড়ার দিকে নিজেদের সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। বাইজানটাইন সম্রাট এবং আরব খলিফাদের স্থানচ্যুত করাই ছিল তাদের উদ্দেশ্য।



অটোমান তুর্কি সাম্রাজ্য

২০.৪.১৪.২ ওসমান (১২৮৮ — ১৩২৬)

অটোমান সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা হিসেবে ওসমান সামরিক অভিযান দ্বারা স্বীয় ক্ষমতা ও প্রতিপত্তি বিস্তার করেন। এইচ. এ . গিবন বলেছেন যে , ওসমান পৃথিবীর মধ্যে অন্যতম বৃহৎ রাজ্য প্রতিষ্ঠা করেন। তার রাজত্বের সর্বশ্রেষ্ঠ কৃতিত্ব ছিল গ্রিকদের নিকট হতে ব্রুসা অধিকার করা। এই ব্রুসা উদীয়মান অটোমান তুর্কি শক্তির প্রাণকেন্দ্রে পরিণত হয়।

তবে ১৩২৬ খ্রি. ওসমান রোগাক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে তার পুত্র আরখান (১৩২৬ — ৫৯) এবং প্রপৌত্র প্রথম মুরাদের (১৩৫৯ — ১৩৮২) রাজত্ব কালে তুর্কি সাম্রাজ্যের সম্প্রসারণ ঘটে। বিশেষত মুরাদের আমলে তুর্কি সাম্রাজ্যের আধিপত্য দানিয়ুব পর্য্যন্ত বিস্তৃতি লাভ করলে দক্ষিণ পূর্ব ইউরোপের ভৌগোলিক মানচিত্রের পরিবর্তন সাধিত হয়।

থ্রেস, ম্যাসিডোনিয়া, বুলগেরিয়া প্রভৃতি রাজ্য তুর্কি সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয় এবং কতিপয় খ্রিস্টান রাজ্য যেমন সার্বিয়া, তুরস্কের মিত্র অধীনস্থে পরিণত হয়। তবে মুরাদের এই সামরিক কৃতিত্বের মূলে ছিল জেনিসারি নামক এক সৈন্যবাহিনীর সুযোগ্য নেতৃত্ব।

২০.৪.১৪.৩ প্রথম বায়োজিদ (১৩৮৯ — ১৪০৩)

মুরাদের জ্যেষ্ঠপুত্র একজন খ্যাতনামা বীর ও রণকুশলী ছিলেন। তার উপাধি ইলাদ্রম (ক্ষিপ্র গতিসম্পন্ন) থেকে প্রমাণ পাওয়া যায়। তার সমরাভিযানের ফলে এশিয়া মাইনরের ম্যাসিডোনিয়া, উত্তর বুলগেরিয়া, খাসালি তার অধিকৃত হয়। গ্রিক সাম্রাজ্য একটি মিত্র করদ রাজ্যে পরিণত হয়। অনুরূপভাবে ওয়ালাচিয়া, সার্বিয়া, বসনিয়া এবং গ্রিসের বৃহৎ অঞ্চল তার বশ্যতা স্বীকার করে। শেষের দুবছর তার জীবনে তৈমুর লঙের হাতে পরাজয়ের গ্লানি ভোগ করতে হয় এবং ১৪০৩ খ্রিস্টাব্দে ভগ্নহৃদয়ে তিনি দেহত্যাগ করেন।

তবে তার পুত্র প্রথম মহম্মদ তাতারবাহিনী কর্তৃক পর্যুদস্ত অটোমান সাম্রাজ্যকে পুনর্জাগরিত করেন। প্রথম মহম্মদের প্রপৌত্র দ্বিতীয় মহম্মদের রাজত্বের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা হল ১৪৫৩ খ্রিস্টাব্দে কনস্ট্যান্টিনোপল জয়। এইচ. এ. ডেভিস বলেন যে কনস্টান্টিনোপলের পতনের ফলে পূর্বাঞ্চলীয় সাম্রাজ্যের অবসান হয় এবং তুরস্ক একটি ইউরোপীয় রাষ্ট্র হিসেবে কায়েম হয়। তাছাড়া তুর্কি সাম্রাজ্যের শিক্ষাদীক্ষা, সমাজ, সাহিত্য ও শিল্পকলায় গ্রিক বাইজানটাইন প্রভাব পড়েছিল। তাছাড়া এই অটোমান তুর্কিরা কৃষ্ণসাগর ও ভূমধ্যসাগরে প্রাধান্য বিস্তার করায় ইউরোপীয় নাবিকগণ ভারতবর্ষ এবং দূর প্রাচ্যে সামুদ্রিক অভিযানে ভূমধ্যসাগরের স্থলে আফ্রিকা মহাদেশ প্রদক্ষিণ করে নতুন নতুন বাণিজ্যপথ আবিষ্কার করেন। তাছাড়া দ্বিতীয় মহম্মদের রাজত্বকালে এশিয়া মাইনর ও ইউরোপীয় ভূখণ্ডে ও তুর্কি সাম্রাজ্যের সীমানা বৃদ্ধি ঘটেছিল।

দ্বিতীয় মহম্মদের পুত্র দ্বিতীয় বায়োজিদকে গৃহযুদ্ধের মোকাবিলা করতে হলে ও তার রাজত্বকালে তুর্কি সাম্রাজ্যের সম্প্রসারণের গতি আটকায়নি। তবে তার পুত্র প্রথম সেলিম (১৫১২ — ২১) ১৫১৬ খ্রি. পারস্যের সম্রাট শাহ ইসমাইলকে পরাজিত করে শুধু সামরিক প্রতিভার পরিচয় দেননি বরং জয়ী সুন্নী রাষ্ট্র হিসেবে তিনি শিয়া রাষ্ট্রকে অর্থাৎ পারস্যকে পদানত করতে সক্ষম হয়েছিলেন। অন্যদিকে আবার ১৫১৬ খ্রিস্টাব্দে মামেলুক বাহিনীর সঙ্গে সংঘর্ষে লিপ্ত হন এবং মার্জদাবিকের প্রান্তরের যুদ্ধে মামলুক বাহিনীকে পর্যুদস্ত করে মিশর ও সিরিয়ার আড়াইশত বছর ধরে রাজত্বকারী মামলুক বংশের অবসান ঘটান। উপরন্তু গাজী সালাউদ্দিনের আমলে রাজধানী নগরী হিসেবে কায়রো যে মর্যাদা লাভ করেছে তা বিলুপ্ত হয়ে একটি প্রাদেশিক রাজধানীতে পরিণত হয়। তাছাড়া সুলতান সেলিমের রাজত্বকালে সাহিত্য, শিক্ষাদীক্ষা ও শিল্পকলার উৎকর্ষ সাধিত হয়।

২০.৪.১৪.৪ মহামতি সোলায়মান (১৫২১ — ৬৬)

সেলিমের একমাত্র পুত্র সোলায়মান ১৫২০ খ্রিস্টাব্দে ২৪ বছর বয়সে অটোমান সিংহাসনে উপবেশন করেন। ষোড়শ শতাব্দী বিশ্বের ইতিহাসে এক গৌরবময় যুগ। এদিকে যেমন ইউরোপে সংস্কার আন্দোলন ও রেনসাসঁ যুগের সূচনা হয়, অপরদিকে ভৌগোলিক আবিষ্কারের নেশায় মানবজাতি সমুদ্রে পাড়ি দিতে থাকে। অপরদিকে পৃথিবীর ইতিহাসে মহাপরাক্রমশালী সংস্কৃতিবান নৃপতিদের আবির্ভাব হয় এই শতাব্দীতে। মহামতি সোলায়মানের সমসাময়িক যে সমস্ত নৃপতি বিশ্বের ইতিহাসে গতিধারাকে সঞ্জীবিত করেন তাদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হলেন ভারতের শ্রেষ্ঠ মোগল

সম্রাট আকবর, পারস্যের সাফাভি বংশের প্রতিষ্ঠাতা শাহ ইসমাইল, ইংল্যান্ডের মহারানি প্রথম এলিজাবেথ, রাশিয়ার কবি আইভানোভিচ, পোল্যান্ডের রাজা সিগিসমণ্ড, ফ্রান্সের সম্রাট প্রথম ফ্রান্সিস, জার্মানির রাজা পঞ্চম চার্লস। অটোমান তুরস্কের ইতিহাসে সোলায়মান নিঃসন্দেহে সর্বশ্রেষ্ঠ সুলতান হিসেবে বিবেচিত এবং তার মহানুভবতা, ন্যায়পরায়ণতা ও কর্তব্যনিষ্ঠার জন্য তাকে মহামতি (The Magnificent) এবং আল- কানুনী অর্থাৎ আইন প্রণেতা (The Law Giver) উপাধিতে ভূষিত করা হয়।

২০.৪.১৪.৪.১ রাজ্য সম্প্রসারণ

সোলায়মান ক্ষমতা লাভ করে তার পূর্বপুরুষদের অসম্পূর্ণ কাজ সম্পূর্ণ করার জন্য ইউরোপ ও ভূমধ্যসাগরীয় অঞ্চলে যুদ্ধাভিযানের পরিকল্পনা করেন। এভারসলের ভাষায়, দীর্ঘ ছেচল্লিশ বছর রাজত্ব করে সোলায়মান অনেক অঞ্চল সংযোজন করেন। ১৫২১ খ্রি. বেলগ্রেড, ১৫২২ খ্রি. রোডস দ্বীপ, ১৫২৯ খ্রি. হাঙ্গেরী, ক্রিমিয়া, মসুলের বিশাল প্রদেশ, বাগদাদ, বসরা এবং পারস্যের নিকট থেকে অধিকৃত আর্মেনিয়া, আরব দেশ থেকে এডেন, ইয়েমেন, আলজেরিয়া, ওমান, ত্রিপলি, উত্তর আফ্রিকার বিশাল ভূমধ্যসাগরীয় অঞ্চল প্রভৃতি স্থান দখল করেন। তাছাড়া তিনি তার উন্নত নৌবাহিনীর সাহায্যে স্পেন ও ভেনিসের সঙ্গে নৌযুদ্ধে সাফল্য অর্জন এবং স্পেন, পোল্যান্ড ও ভেনিসের সম্মিলিত বাহিনীর বিরুদ্ধে তুর্কি নৌবহর অধিকতর যোগ্যতা ও রণনৈপুণ্য প্রদর্শন করেন এবং ভূমধ্যসাগর, লোহিত সাগর ও আরব সাগরে প্রাধান্য বিস্তার করে। তাই এলান বুলক বলেছেন, সম্ভবত মুসলিম নৃপতিদের মধ্যে সর্ব শ্রেষ্ঠ নৃপতি ছিলেন সোলায়মান এবং তার আমলে অটোমান সাম্রাজ্য সর্বোচ্চ শিখরে উপনীত হয়। সোলায়মান শুধু আইন প্রণেতা ছিলেন না, একজন রাষ্ট্র নির্মাতা, সুষ্ঠ প্রশাসক, ভূমি সংস্কারক, হিসেবে ও খ্যাতি অর্জন করেছিলেন। এভারসলে আর বলেন যে, তাঁর পূর্বসূরিদের অনেকের মতো সোলায়মানের সাহিত্য ও কাব্যের প্রতি অনুরাগ ছিল। দেশবাসীর মধ্যে তার কাব্যরচনার খ্যাতি ছড়িয়ে পড়েছিল। তিনি জ্ঞানবিজ্ঞান, ও শিল্পকলার উদার পৃষ্টপোষক ছিলেন। তার রাজত্বকাল ছিল তুরস্কের অগাস্টান যুগ (Augustan Age)। তিনি কেবলমাত্র কনস্ট্যান্টিনোপলেই নয়, সাম্রাজ্যের প্রধান নগরীতে মসজিদ, হাসপাতাল, জলাধার ও পুল নির্মাণ করেন। তাছাড়া বহু খ্যাতনামা পণ্ডিতের সমাবেশ তার রাজদরবারে ঘটেছিল, যাদের মধ্যে পিরিবায়েস ও সিদি আলির নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

২০.৪.১৪.৫ অটোমান সাম্রাজ্যের পতন

সোলায়মানের মৃত্যুর পর থেকে অটোমান সাম্রাজ্যের দ্রুত অবনতি ঘটে। পতনের ইতিহাস একদিকে যেমন দীর্ঘ, তেমনই ছিল ভুলভ্রান্তি এবং অবশ্যম্ভাবী মাশুলের ভারে দীর্ণ। "সুলতান সোলায়মান ছিলেন প্রথম দশজন অটোমান সুলতানের মধ্যে সর্বশেষ এবং সর্বশ্রেষ্ঠ।" এভারসলের এই উক্তিটি যথার্থ, কারণ মহামতি সুলতান সোলায়মানের পর থেকে অটোমান সাম্রাজ্যের পতনের সূচনা হয়। এই পতনের মূলে বিশেষ কয়েকটি রাজনৈতিক কারণ ছিল প্রথমত, সোলায়মানের অধিকাংশ উত্তরাধিকারী ছিলেন অকর্মণ্য, অযোগ্য, বিলাসপ্রিয় ও ইন্দ্রিয়গ্রস্ত। সোলায়মানের পুত্র ও উত্তরাধিকারী 'নেশাগ্রস্ত সেলিম' (Salim the Sot) নামে পরিচিত ছিলেন। দ্বিতীয়ত, অটোমানগণ ইউরেশীয় সাম্রাজ্য প্রতিষ্ঠা করে ইসলামের ইতিহাসের সর্ববৃহৎ রাজ্যের অধিপতি হয়, কিন্তু এই বিশাল সাম্রাজ্যে কেন্দ্রীয় শাসন সুষ্ঠুভাবে পরিচালনায় সক্ষম হয়নি। এ কারণে অভ্যন্তরীণ গোলযোগ ও অসন্তোষের ফলে সাম্রাজ্যের স্থায়িত্ব ও নিরাপত্তা বিঘ্নিত হয়। তৃতীয়ত, ষোড়শ শতাব্দীতে রেনেসাঁ ও ধর্মীয় সংস্কার আন্দোলনের ফলে ইউরোপে যে নবজাগরণের সৃষ্টি হয় এর সঙ্গে সমান তালে চলতে পারেনি বলেও অটোমান সাম্রাজ্যের বিরুদ্ধে খ্রিস্টান ইউরোপের প্রতিরোধ

গড়ে ওঠে। প্রাইস যথার্থই বলেন, "মধ্যযুগ থেকে আধুনিক যুগে উত্তরণে তুরস্ক ইউরোপের সঙ্গে তাল মিলিয়ে অগ্রসর হতে পারেনি। চতুর্থত, এলান বুলক বলেন, "সোলায়মানের পর ইউরোপ ও অটোমান সাম্রাজ্যের মধ্যে অচলাবস্থার সৃষ্টি হয়। কারণ তুর্কিরা ইউরোপীয় উন্নত যুদ্ধ কৌশল আয়ত্ত করতে পারিনি। পঞ্চমত, সোলায়মানের পর তুর্কি সামরিক বাহিনীর শক্তি লোপ পেতে থাকে। তুর্কি নৌবহর বিভিন্ন রাজ্য জয়ে সহায়তা করে, এমনকি কনস্টান্টিনোপল দখলে সাহায্য করেছিল, কিন্তু ভেনিসীয় ও স্প্যানিশ জাতির মতো তুর্কিগণ সমুদ্রাভিযানে অনভ্যস্ত ছিল এবং তারা একটি শক্তিশালী নৌবাহিনী গঠনে ব্যর্থ হয়। ষষ্ঠত, অর্থনৈতিক দিক থেকে বিচার করলে প্রতীয়মান হবে যে, সমগ্র অটোমান রাজ্যে কৃষিকার্য ও শিল্পের অনগ্রসরতা ও মধ্যযুগীয় ব্যবস্থায় অর্থনৈতিক বিপর্য্যয়ের সৃষ্টি হয়। সপ্তমত, তুর্কি সাম্রাজ্যের পতনে অস্ট্রিয়ার মতো রাশিয়াও সম্প্রসারণ দ্বারা আগ্রাসন নীতি চরিতার্থ করে, এর ফলে অটোমান সাম্রাজ্যের পতনের সূচনা হয় এবং তুরস্ক 'ইউরোপের রুগ্ন ব্যক্তি ("Sick man of Europe") নামে অভিহিত হয়।

প্রথম বিশ্বযুদ্ধে পরাজিত তুরস্কের সঙ্গে মিত্রশক্তিবর্গ সেভরের চুক্তি (১৯২০) স্বাক্ষর করলে তুর্কি সুলতান ষষ্ঠ মহম্মদ এই ঘৃণ্য ও অপমানজনক সন্ধি স্বাক্ষরে বাধ্য হয়। ১৯২২ খ্রি. তুর্কি পার্লামেন্ট খিলাফতের মতো বহু প্রাচীন ইসলামি প্রতিষ্ঠানকে বিলুপ্ত করে তুরস্ক একটি প্রজাতন্ত্রে পরিণত করেন; পরে অবশ্য ১৯২৩ খ্রিস্টাব্দে ল্যাসেনের সন্ধি স্বাক্ষর দ্বারা মিত্রশক্তিবর্গ তুরস্কের ভৌগোলিক সীমারেখা পুনর্নির্ধারণ করেন। তুরস্ককে যুদ্ধের ক্ষতিপূরণ থেকে রেহাই দেওয়া হয়। অবশ্য মুস্তাফা কামাল পাশার একনিষ্ঠ দেশাত্মবোধ, কূটনৈতিক দক্ষতা ও সামরিক মেধার জন্য তুরস্ক ধ্বংসের হাত থেকে রক্ষা পায়।

২০.৪.১৪.৬ অটোমান সংস্কৃতির অবদান

নানা দেশ এবং নানা জাতির মিলনে সম্পূর্ণতা পেয়েছে তুর্কি সংস্কৃতি। এর ব্যাপ্তি যেমন বিশাল ছিল, তেমনি এর বৈচিত্র্য। পশ্চিম এশিয়ায় আসার আগেই তুর্কিরা পারস্যের মানুষের সংস্পর্শে আসেন। তার কাছ থেকে তুর্কিরা শিল্পশৈলী, রম্যরচনা পদ্ধতি শেখে। আবার রাজার পদকে মহিমান্বিত করার রাজনৈতিক পাঠও নেয়। শুধু তাই নয় সেবা ও অঙ্গীভূত করার গুণও গ্রহণ করেছিল।

মূলত রূমের সালজুকদের মাধ্যমে বাইজানটাইনদের সম্পর্কে জানার সুযোগ হয় তুর্কিদের। ইসলাম ধর্মে দীক্ষা এবং আরবি ভাষা শিক্ষার পর আরবি এবং পারসি ভাষা থেকে ধর্ম, বিজ্ঞান, আইন এবং সাহিত্যে হাজার হাজার নিদর্শন ও উপমা গ্রহণ করে তুর্কিরা। তুর্কি ভাষাকে পরিশুদ্ধ করতে সম্প্রতি উদ্যোগী হয়েছেন জাতীয়তাবাদীরা। কিন্তু এই উদ্যোগ সত্ত্বেও তুর্কি ভাষায় আরবি ও পারসির এইসব নিদর্শন বেঁচে আছে। তবে তিনটি উল্লেখযোগ্য ক্ষেত্রে অটোমানদের অবদান ছিল একান্তভাবে তাদের নিজস্ব। এই তিনটি ক্ষেত্র হল রাষ্ট্রশাসন, স্থাপত্য এবং কবিতা।

২০.৪.১৪.৬.১ রাজকীয় প্রতিষ্ঠান

পূর্ববর্তী রোমান এবং আব্বাসিদ সাম্রাজ্যের মতো অটোমান সাম্রাজ্যের চরিত্র ছিল মূলত সামরিক। শুধু প্রজাকল্যাণ নয়, অটোমান শাসনের প্রধান উদ্দেশ্য ছিল রাষ্ট্রের কল্যাণ। রাষ্ট্রের কল্যাণের অর্থ রাষ্ট্রের মূর্ত প্রতীক সুলতান-খলিফার কল্যান। অটোমান প্রজারা ছিলেন নানা জাতির আরবীয়, সিরীয়, ইরাকি, মিশরীয়, বার্বার, কুর্দ, আর্মেনীয়, স্লাভ, গ্রিক ইত্যাদি। বিভিন্ন ভাষা, ধর্ম ও জীবনযাত্রায় এই মানুষেরা ওসমানের তলোয়ারের ক্ষমতায় এক হয়েছিল।

শাসকরা নিজেদেরকে উসমানলি, ওসমানল বা অটোমান হিসেবে উল্লেখ করেছেন। তুর্কিরা যতদিন শাসন করেছে, ততদিন তারা সাম্রাজ্য আধিপত্য বিস্তার করেছে কিন্তু সংখ্যালঘু হিসেবে আরব ভূখণ্ডে ঔপনিবেশিকতার কোনো চেষ্টা করেননি। কিন্তু নিজের দল ভারী করতে তারা বেশ কয়েকটি পদক্ষেপ নেয় যেমন অমুসলিম মহিলাদের বিবাহ করা, প্রজারা ইসলাম ধর্ম বা তুর্কি ভাষা গ্রহণ করলে এবং রাজদরবারে যোগদান করলে তাদের সম্পূর্ণ নাগরিকত্ব প্রদান করা - ইত্যাদি।

অপরদিকে অটোমান আমলে অন্য অঞ্চল থেকে জ্ঞানান্বেষণে আসা যুবকদের সংখ্যা ছিল যথেষ্ট। তাদের সেনাবাহিনী ও প্রশাসনিক কাজে নিয়োগ করা হত। এইভাবে বাছাই করা অমুসলিম যুবকদের দেশের কাজে লাগানো হত। অটোমান তুর্কিরা যখনই কোনো দেশ জয় করেছে। তখনই সেখানকার সেরা প্রতিভাদের বাছাই করে তাদের রাজধানীতে নিয়ে এসেছে। রাজধানীতে তাদের ইসলাম ধর্মে দীক্ষা দেওয়া হত। তুর্কিদের আদব কায়দার সঙ্গে পরিচিত করা হত। এইভাবে তুর্কি সাম্রাজ্যকে আরও গৌরবান্বিত করে প্রগতির পথে নিয়ে যেতে ব্যবহার করা হত এইসব ভিনদেশি প্রতিভাদের। সারকাশিয়, গ্রিক আলবানিয়, স্লাভ, ইতালীয় এমনকি আর্মেনীয়রাও উচ্চপদে আসীন ছিলেন। শুধু তাই নয় এদের মধ্যে কেউ কেউ উজীর-ও ছিলেন।

২০.৪.১৫ উপসংহার

পরিশেষে বলা যায় যে, মুসলিম সম্প্রদায় বিশ্বাস করত যে, মুসলিম প্রশাসনিক কর্তৃত্বকে নিয়োগ করে আল্লাহ এবং শরীয়তের নির্দেশে ধর্মীয় নীতিসমূহ পরিচালিত হয়। ম্যাক্স ওয়েবারের দৃষ্টিভঙ্গি অনুযায়ী মধ্যপ্রাচ্যের মুসলিম শাসকরা মুসলিম প্রশাসনব্যবস্থা প্রতিষ্ঠা ও উন্নতি সাধনের এবং সামরিক কার্যাবলির উন্নয়নের সুলতানের ব্যক্তিগত নির্দেশ ও মতামত কার্যকরী হত। শুধু তাও নয় ঊনবিংশ শতাব্দী থেকে একবিংশ শতাব্দী পর্যন্ত মুসলিম জনগণের আনুগত্য শুধু সুলতানদের আদর্শ বা মোহময় ব্যক্তিত্বের নিকট প্রদর্শিত হত না বরং এর পরিবর্তে পুরস্কার বা ভয় উভয় কাজ করত কারণ তারাই ছিল ইসলামের রক্ষক।

নির্বাচিত প্রশ্নাবলী

বিভাগ — ক

(প্রশ্নের মান ২)

১. সুলতানি যুগ বলতে কী বোঝ?

২. আব্বাসীদ রাজবংশের অধীনে "সুলতান" উপাধিটি প্রথম কোন রাজবংশ পায়?

৩. স্পেনে স্বাধীন উমাইয়া বংশ কে কবে প্রতিষ্ঠা করে?

৪. আগলবী বংশ কে কবে প্রতিষ্ঠা করে?

৫. আব্বাসীদ সাম্রাজ্যের ভাঙনের যুগে গড়ে ওঠা চারটি রাজবংশের নাম লেখ।

৬. সামানিদ রাজবংশ কোথায় রাজত্ব করত? তাদের রাজধানীর নাম কী?

৭. দিল্লিতে সুলতানি সাম্রাজ্য কে কবে প্রতিষ্ঠা করে?

৮. আব্বাসীদ খলিফা কাইম কেন তুঘ্রিল বেগকে প্রাচ্য ও প্রতীচ্যের সুলতান উপাধি দেন?

৯. নিজাম-উল-মুলুক কে ছিলেন?

১০. দিল্লির সুলতালি সাম্রাজ্য কে কবে প্রতিষ্ঠা করেন?

১১. দিল্লির সুলতানি যুগে কোন কোন রাজবংশ রাজত্ব করেছিল?

১২. চেঙ্গিস খাঁ কে ছিলেন?

১৩. মোঙ্গল সাম্রাজ্য কয় ভাগে বিভক্ত হয় ? কী কী?

১৪. তৈমূর লঙ কে ছিলেন?

১৫. ইসলামের ইতিহাসে দুটি ক্রীতদাস রাজবংশের নাম বল।

১৬. মামলুক ক্রীতদাসরা কয়ভাগে বিভক্ত ও কী কী?

১৭. বাহরি মামলুক কাদের বলা হয়?

১৮. বাহরিক মামলুকদের মধ্যে কে প্রথম সুলতান উপাধি পান এবং কোন খলিফার কাছ থেকে?

১৯. বুরজি মামলুক বংশের মোট কত জন সুলতান কত বছর রাজত্ব করেন?

২০. পারস্যের সাফাভিদ বংশ কে কবে প্রতিষ্ঠা করেন?

২১. শাহতাহমাসপের দরবারে আগত দুজন বিদেশি দূতের নাম লেখ।

২২. কোন পারসিক সুলতান তাব্রিজ থেকে কাযাউনে রাজধানী স্থানান্তরিত করেন এবং কেন?

২৩. অটোমান তুর্কিদের প্রধান উদ্দেশ্য কী ছিল?

২৪. ওসমান কে ছিলেন?

২৫. মার্জদাবিক যুদ্ধের গুরুত্ব লেখ।

২৬. কোন অটোমান সুলতান ইলাদ্রম উপাধি কেন নিয়েছিলেন?

বিভাগ — খ

(প্রশ্নের মান ৫)

১. সুলতান শব্দটির উত্থান ও ইতিহাস সম্পর্কে যাহা জান লেখ।

২. Ira M. Lapidus যে সুলতানি যুগকে যে চার পর্যায়ে বিভক্ত করেছেন তা ব্যাখ্যা সহকারে লেখ।

৩. টীকা লেখ বুয়াহিদ বংশ, গজনী বংশ

৪. সেলজুক সুলতান মালিকশাহের কৃতিত্ব লেখ।

৫. সেলজুক রাজবংশের অবদান লেখ।

৬. তৈমূর লঙের কৃতিত্ব লেখ।

৭. মামলুক সুলতান বায়োবার্সের কৃতিত্ব লেখ।

৮. সাফাভিদ বংশের অবদান লেখ।

৯. অটোমান সংস্কৃতির অবদান লেখ।

বিভাগ — গ

(প্রশ্নের মান ১০)

১. মামলুক বংশের অবদান সম্পর্কে যাহা জান লেখ।

২. সাফাভিদ সুলতান ইসলাম শাহের কৃতিত্ব বর্ণনা করো।

৩. সাফাভিদ সুলতান শাহ তাহমাসপের কৃতিত্ব সম্পর্কে যাহা জান উল্লেখ করো।

৪. সাফাভিদ সুলতান শাহ আব্বাসের কৃতিত্ব লেখ।

৫. মহামতি সোলেয়মান সম্পর্কে যাহা জান উল্লেখ করো।

৬. অটোমান সাম্রাজ্যের পতনের কারণ ব্যাখ্যা করো।

নির্বাচিত গ্রন্থপঞ্জী

১. কে. আলী, ইসলামের ইতিহাস। পুনর্মুদ্রণ, আজিজিয়া বুক ডিপো, বাংলা বাজার, ঢাকা, ২০০২।

২. ফিলিপ. কে. হিট্টি, আরব জাতির ইতিহাস, পুনর্মুদ্রণ, আদি মল্লিক ব্রাদার্স, কলকাতা, ২০১৬।

৩. Ira. M. Lapidus. A *History of Islamic Societies*. Cambridge University Press. Cambridge, 1988.

৪. Ira M. Lapidus– *Sultanates and Gunpowder Empires*, Essay in The Oxford History of Islam, Edited-John. L. Esposito, Oxford University Press, 1999.

৫. *Encyclopedia of Islam and the Muslim World*. Rpt. Editor-Richard. C. Martin, Vol.-1 2003.

৬. স্যার সৈয়দ আমীর আলী, এ শর্ট হিস্ট্রি অফ স্যারান্সিস আরব জাতির ইতিহাস , তৃতীয় মুদ্রণ, বাংলা বাজার, ঢাকা , ২০১৮।

৭. সৈয়দ মাহামুদুল হাসান, ইসলাম ও আধুনিক বিশ্ব , পুনর্মুদ্রণ, উত্তরণ প্রকাশনী, বাংলা বাজার, ঢাকা, ২০১৩।

পর্যায়-৭

একক ২১ ❐ ধর্মীয় বিকাশ : শরিয়ত, মিহনা এবং সুফিবাদ

গঠন

২১.০ : উদ্দেশ্য

২১.১ : শরিয়ত (**Shariah**)

২১.১.১: সূচনা

২১.১.২: শরিয়তের অর্থ

২১.১.৩: শরিয়তের প্রয়োজনীয়তা

২১.১.৪: শরিয়তের উৎস

২১.১.৪.১: আল-কুরআন

২১.১.৪.২: কুরআন সংকলন

২১.১.৪.৩: কুরআনের প্রয়োজনীয়তা

২১.১.৪.৪: সুন্নাহ

২১.১.৪.৫: হাদিস সংরক্ষণ

২১.১.৪.৬: হাদিস সংগ্রহের ইতিহাস

২১.১.৪.৭: হাদিসের বিভিন্ন কেন্দ্র

২১.১.৪.৮: ইজমা

২১.১.৪.৯: ইজমার উতপাত্তি

২১.১.৪.১০: কিয়াস

২১.১.৪.১১: ইজাতিহাদ

২১.১.৫: ফিকাহ

২১.১.৫.১: হানাফী মাজহাব

২১.১.৫.২: মালিকি মাজহাব

২১.১.৫.৩: শাফেয়ী মাজহাব

২১.১.৫.৪: হাম্বলী মাজহাব

২১.১.৬: বিভিন্ন অধিকার ও কর্তব্য

২১.১.৭: উপসংহার

২১.১.৮: নির্বাচিত প্রশ্নাবলী

২১.১.৯: নির্বাচিত গ্রন্থপঞ্জী

২১. ২ : মিহনা (**Mihna**)

২১. ২. ১ : সূচনা

২১. ২. ২ : মুতাজিলা ধর্মমত :

২১. ২. ৩ : মুতাজিলা ধর্মমতের উপর বিভিন্ন দর্শনের প্রভাব

২১. ২. ৪ : মুতাজিলা মতবাদ

২১. ২. ৫ : মিহনা ও প্রবর্তনের কারণ

২১. ২. ৬ : মিহনার প্রভাব

২১. ২. ৭ : উপসংহার

২১.২.৮: নির্বাচিত প্রশ্নাবলী

২১.২.৯: নির্বাচিত গ্রন্থপঞ্জী

২১. ৩ : সুফিবাদ (**Sufism**)

২১. ৩. ১ : সূচনা

২১. ৩. ২ : তাসাউফ কী ?

২১. ৩. ৩ : সুফি শব্দের অর্থ

২১. ৩. ৪ : সুফিবাদের উৎপত্তি

২১. ৩.৫ : সুফিবাদের লক্ষ্য

২১. ৩.৬ : অতীন্দ্রিয় পথের গুণাবলি

২১. ৩.৭ : সুফিবাদের ক্রমবিকাশ

২১. ৩.৮ : স্পেন ও পারস্যে সূফিবাদ

২১. ৩.৯ : সুফির স্তর পরিক্রমা

২১. ৩.৯. ১ : শরিয়ত

২১. ৩.৯. ২ : তরিকত

২১. ৩.৯. ৩ : মারেফত

২১. ৩.৯. ৪ : হকিকত

২১. ৩.১০ : সূফিবাদের মূলনীতি সমূহ

২১. ৩.১০. ১ : তওবা (অনুতাপ)

২১. ৩.১০. ২ : তাওয়াক্কুল (নির্ভরশীলতা)

২১. ৩.১০. ৩ : পরিবর্তন

২১. ৩.১০. ৪ : সবর (ধৈর্য্য)

২১. ৩.১০. ৫ : এখলাস (পবিত্রতা)

২১. ৩.১০. ৬ : জিকর (স্মরণ)

২১. ৩.১০. ৭ : শোকর (কৃতজ্ঞতা)

২১. ৩.১০. ৮ : কাশ (অতীন্দ্রিয় অনুভূতি)

২১. ৩.১০. ৯ : সংগীত

২১. ৩.১০. ১০ : ফানা ও বাকা

২১. ৩.১১ : 'ফানা' ও 'বাকা' সম্বন্ধে সুফিবাদের মত

২১. ৩.১২ : সূফিদের তরিকা

২১. ৩.১২. ১ : কাদেরিয়া তরিকা :

২১. ৩.১২. ২ : সোহরাওয়ার্দিয়া তরিকা :

২১. ৩.১২. ৩ : চিশিয়া তরিকা

২১. ৩.১২. ৪ : নকশাবন্দিয়া তরিকা

২১. ৩.১২. ৫ : শাততারিয়া তরিকা :

২১. ৩.১৩ : সূফিবাদের গুরুত্ব

২১. ৩.১৪ : সুফিবাদের পতন

২১.৩.১৫ : উপসংহার

২১.৩.১৬: নির্বাচিত প্রশ্নাবলী

২১.৩.১৭: নির্বাচিত গ্রন্থপঞ্জী

২১.০ উদ্দেশ্য

এই একক পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা মুসলিম সন্তানদের ধর্মীয় জীবনে শরীয়তের অর্থ, প্রয়োজনীয়তা ও বিভিন্ন উৎস সম্পর্কে অবগত হবে।

- আব্বাসীদ রাষ্ট্রে মিহনা প্রবর্তনের কারন ও প্রভাব আলোচনা করা উক্ত এককের অপর উদ্দেশ্য।
- সুফিবাদ নামক রহস্যময় আধ্যাত্মিক আন্দোলনের উৎপত্তি , মূলনীতি, স্তর বিভাজন ও গুরুত্ব সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পারবে।

২১.১ শরিয়ত (Shariah)

২১. ১. ১ : সূচনা

ইসলাম কেবল একটি ধর্মমত নয়, এটি মানুষের জন্য একটি পরিপূর্ণ জীবন বিধান। মানুষের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত ইহলৌকিক ও পারলৌকিক জীবনকে নিয়ন্ত্রণ করে বলে ইসলামকে বলা হয় একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা। এই জীবনব্যবস্থায় প্রত্যেক মুসলিম সন্তানের জীবনকে সুষ্ঠ ও সঠিক পথে পরিচালনার জন্য আল্লাহ ও তাঁর রসূলের নির্দেশিত বিশেষ বিধান পালন করতে হয়, ইসলামি পরিভাষায় এইসব কানুন ও বিধিনিষেধকে বলা হয় শরিয়ত।

২১. ১. ২ : শরিয়তের অর্থ

আরবিতে স্রষ্টার অমোঘ স্বর্গীয় বিধান বোঝাতে 'শরিয়ত' শব্দটি ব্যবহৃত হয়। আবার ''শারী'আত'' শব্দ থেকে শরীয়ত শব্দটি এসেছে। এ প্রসঙ্গে রাগীব আলি ইস্পাহানী বলেন যে, যে ব্যক্তি যথার্থভাবে শরীআত গ্রহণ করবে সে বিশুদ্ধ পানি ব্যবহারকারীর মতন পবিত্র হয়ে যাবে। আবার শাব্দিক অর্থে 'শরিয়ত' বলতে বোঝায় অনুসরণীয়পথ; কিন্তু ইসলামিক পরিভাষায় কানুন অর্থে শব্দটি ব্যবহৃত হয়। আর আল্লাহ স্বয়ং এই ইসলামি কানুন বা বিধানের রচয়িতা এবং এই কানুন মানুষের জীবনকে নিয়ন্ত্রিত করার জন্য ধর্মীয়, সামাজিক, রাজনৈতিক, গার্হস্থ্য ও ব্যক্তিগত জীবনের সকল ক্ষেত্রে পথ নির্দেশ করেছে। তবে এই ইসলামি কানুনের সীমা লঙ্ঘন করা যেমন অন্যায় কাজ, তেমনি সামাজিক অপরাধও বটে।

২১. ১. ৩ : শরিয়তের প্রয়োজনীয়তা

আব্বাসীদ বিজয় সম্পূর্ণ করার পর ধার্মিক ব্যাক্তিদের (piety minded people) কাজ ছিল মুসলিম সম্প্রদায়ের জনজীবনকে একটি সুনির্দিষ্ট আইন বা শরিয়তের দ্বারা পরিচালিত করা।মারওয়ান বা প্রাক আব্বাসীদ পর্বে সরকার পরিচালনার ক্ষেত্রে যে সমস্যার সম্মুখীন হয়েছিল বিশেষত মুসলিম জনজাতির পক্ষপাতিত্ব অর্জন করার জন্য এই ধার্মিক ব্যাক্তিদের প্রয়োজন ছিল আল্লাহার ইচ্ছা অনুযায়ী কুরআন ও হাদিসের ব্যাখার। উপরন্তু এই পর্বে ইসলামিক সাম্রাজ্যের ভৌমিক সম্প্রসারণ ঘটলে বহু অমুসলিম প্রজা ইসলাম ধর্মে ধর্মান্তরিত হলে মুসলিম রাষ্ট্রের স্বকীয়তা বজায় রেখে মিশ্র সংস্কৃতির বাতাবরণে পরিপুষ্ট মুসলিম সমাজের বিশুদ্ধতা বজায় রাখার জন্য প্রয়োজন ছিল ইসলামীয় বিধান বা শরিয়তের। এমনকি এই শরিয়তে ইহুদি ও খ্রিস্টান প্রজাদের ধর্মীয় স্বাধীনতা প্রদানের কথা উল্লেখ আছে।

শরিয়তের অনুশাসন গুলিকে দুই ভাগে ভাগ কোরা যায় যথা - ধর্মীয় ও রাজনৈতিক। ধর্মীয় অনুশাসন বলতে বোঝায় ইবাদত ও ধর্মীয় আচার অনুষ্ঠান আর রাজনৈতিক অনুশাসন বলতে শাসন সংক্রান্ত বিষয়কে বোঝায়।



source: Hodgson, M. G. S. *Venture of Islam*, Vol. 2, Chicago: University of Chicago Press, 1974. Quoted in Lapidus, Ira M. *A History of Islamic Societies*. New York: Cambridge University Press, 1988.

Genealogy and origins from 600 until 1200.

শরিয়তের উৎস

২১. ১. ৪ : শরিয়তের উৎস

আসমান-জমিন মানুষ তথা সৃষ্টি জগতের সবকিছুর স্রষ্টা হলেন মহান আল্লাহ। তিনি হলেন ইসলামিক রাষ্ট্র ব্যবস্থার সার্বভৌম ক্ষমতার মালিক। তবে এই রাষ্ট্রব্যবস্থায় শরিয়তের গৌণ উৎসগুলি হল--

i) কুরআন

ii) সুন্নাহ

iii) ইজমা

iv) কিয়াস

আবার কোনো কোনো পণ্ডিতের মতে শরিয়তের সম্পূরক উৎসগুলি হল--

- ইসতিহাসান (উত্তম বিধান নির্ধারণ)

- মাসালিহ মুরসালাহ (জনকল্যাণ বিবেচনা)
- উরথ (প্রথা)
- ইসতিসহাব (পূর্বের বিধান অক্ষুণ্ণ রাখা)

শরিয়তের প্রথম উৎস হল কুরআন।

২১. ১. ৪. ১ : আল-কুরআন

এই আল কুরআন হল আল্লাহার বাণী যা জিব্রাইল ফিরিশতার মাধ্যমে তার উপদেশ হজরত মহম্মদের কাছে পৌঁছেছিল। আদি ইসলামের ইতিহাস ও চরিত্র জানার ক্ষেত্রে প্রধান আকর হল এই কুরআন।

২১. ১. ৪. ১. ১ কুরআন সংকলন

নবী হিসেবে মহম্মদের ২৩ বছর বয়সে কুরআনের আয়াত নাফিল হওয়ার সঙ্গে তা মুখস্থ করা হয়েছিল এবং প্রায় ৪২ জন লোক কাগজ, কাপড়, হাড়ের টুকরো এবং চামড়ার মতো বিভিন্ন উপকরণের ওপর আয়াত লিখেছিলেন। তবে প্রাচীনকালে সাক্ষরতা হল একটি দক্ষতা যা খুব কম লোকের ছিল এবং মহম্মদ নিজেই লিখতে বা পড়তে জানত না।

এদিকে প্রথম খলিফা হজরত আবুবকরের সময় ভণ্ড পয়গম্বরদের মধ্যে যুদ্ধে বহু হাফিজ (যারা কুরআন জানত) শহীদ হলে জায়েদ ইবনে সাবিতের নেতৃত্বে যে কুরআন সংকলনের কাজ শুরু হয়েছিল তা শেষ হয় তৃতীয় খলিফা উসমানের আমলে।

২১. ১. ৪. ১. ২ কুরআনের প্রয়োজনীয়তা

ধর্মীয় পাপাচারে নিমগ্ন আরব জাতিকে আল্লাহার একত্বের আদর্শে দীক্ষিত করে কুরআন। এই মহাগ্রন্থ শুধু ধর্মীয় বিধানের মধ্যে সীমাবদ্ধ ছিল না। এতে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বিধানও আছে। শুধু তাই নয় মানবজীবনের চরম লক্ষ্য ও পরিপূর্ণতা লাভের জন্য ইসলামের পঞ্চস্তম্ভেরও উল্লেখ আছে কুরআনে। এগুলো হচ্ছে--

১. ইমান বা বিশ্বাস

২. সালাত বা নামাজ

৩. সওম বা রোজা

৪. জাকাত বা দরিদ্রদের প্রাপ্য কর

৫. হজ বা মক্কা শরিফ, জিয়ারত ইত্যাদি বিধান।

তাছাড়া শরিয়তের প্রধান উৎস এই আল-কুরআনে বিবাহ, তালাক, হত্যা, চুরি, সুদ, উত্তরাধিকার সম্বন্ধে পারিবারিক, দেওয়ানি ও ফৌজদারি আইনের বিভিন্ন ধারা আলোচিত হয়েছে। পাশাপাশি মানুষের মধ্যে ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য বিচার আইন এবং ইসলামি রাষ্ট্রের সঙ্গে অন্যান্য রাষ্ট্রের সুসম্পর্ক স্থাপন, যুদ্ধ বিধান নির্ধারণ এবং মুসলিম রাষ্ট্রে বসবাসকারী অমুসলিমদের সঙ্গে মুসলিমদের সম্পর্ক নির্ধারণ-- ইত্যাদি অনুশাসনের উল্লেখ আল-কুরআনে আছে। তাই বলা যায় যে, কুরআনের অনুশাসনই হল মানবকল্যাণের অকাট্য বিধান।

২১. ১. ৪. ২ সুন্নাহ

শরিয়তের দ্বিতীয় উৎস হল সুন্নাহ। সুন্নাহ একটি আরবি শব্দ। এর আভিধানিক অর্থ হল পথ বা কার্যবিধি। মুসলিম সন্তানরা সুন্নাহ বলতে বোঝে Way to Prophet অর্থাৎ তাদের কাছে মহানবীর জীবন ও কার্যাবলি ছিল আদর্শ স্বরূপ।

মহানবীর প্রধান বৈশিষ্ট্য হল যে, তিনি শুধু চলার নিয়মনীতি দেননি, বরং তার নিজের জীবনের এইসব নিয়মনীতি প্রয়োগের বাস্তব উদাহরণও রেখে গেছেন। নবীজির জীবন, তার আলাপ-আলোচনা, তার কাজকর্ম, নীরব সম্মতি এমনকি মহম্মদের নিস্ক্রিয় আচরণ-- এগুলিকে একত্রিতভাবে নবীর সুন্নাহ বলে। আর এই সুন্নাহর মৌখিক রূপ (Oral Tradition) হল হাদিস। এই সুন্নার নীতি সম্পর্কে ঐতিহাসিক Jonathan Barkey (2002) বলেছেন, 'The Principle of Sunna, was aimed at balancing centripetal forces (Need for a clear Muslim Identity) with centrifugal ones (the diversity of actual Muslim Practices'). [সুন্না নীতির মূল লক্ষ্য ছিল কেন্দ্রমুখী শক্তির সঙ্গে (মুসলিম সম্প্রদায়ের আত্মপরিচয়ের চাহিদা) কেন্দ্রাতিগ বলের (মুসলিম ধর্মের প্রকৃত বৈচিত্র্য অনুধাবন) সামঞ্জস্য বিধান করা।]

২১. ১. ৪. ২. ১ : হাদিসের সংরক্ষণ

আল্লাহর আশীর্বাদ স্বরূপ মহানবী হজরত মহম্মদ (দ:) দুনিয়ায় এসেছিলেন।তার সমস্ত কার্য্য ও বাণী ঐশী প্রণোদিত বলে বিবেচিত হয়। এই জন্য তার বাণী ও কার্যকলাপের ওপর খুব গুরুত্ব দেওয়া হয়েছে। নবীজি যা বলেছেন ও করেছেন তা অপরের কাছে পৌঁছে দেওয়ার উপদেশ তিনি নিজে দিয়ে গিয়েছিলেন বলেই হাদিসের সংরক্ষণ প্রয়োজন।

২১. ১. ৪. ২. ২ : হাদিস সংগ্রহের প্রয়োজনীয়তা

১. রসূলে করিম (দ:) যতদিন জীবিত ছিলেন, ততদিন ইসলামের অনুসারীগণ হাদিস সংগ্রহ ও লিপিবদ্ধ করার প্রয়োজন অনুভব করেনি। কিন্তু মহানবীর মৃত্যুর পর বিভিন্ন দেশে ইসলামি হুকুমত প্রতিষ্ঠার জন্য যেসকল রাজনৈতিক শাসনতান্ত্রিক ও বিচার সংক্রান্ত সমস্যার সৃষ্টি হল তার সমাধানের জন্য হাদিসের নির্দেশনা জরুরি ছিল।

২. হজরত মহম্মদের মৃত্যুর পর বিভিন্ন লোক বিভিন্ন রূপে কুরআনের ব্যাখ্যা করেছেন। কুরআনের ব্যাখ্যার যথার্থতা রক্ষার জন্য হাদিস সংগ্রহ ও সংকলন অপরিহার্য হয়ে পড়ে।

২১. ১. ৪. ২. ৩ : হাদিসের বিভিন্ন কেন্দ্র

২১. ১. ৪. ২. ৩. ১ : হিজাযি স্কুল

মহানবীর মৃত্যুর পর তার সাহাবগণ বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়ে এবং মুসলিম জাহানের বিভিন্ন অংশে বসতি স্থাপন করে। এভাবে বিভিন্ন সাহিবকে কেন্দ্র করে হাদিস শিক্ষার বিভিন্ন কেন্দ্র গড়ে ওঠে। মক্কা নগরে যে হাদিস শিক্ষার কেন্দ্র গড়ে ওঠে, তাতে ইবনে আব্বাস, আবদুল্লাহ ইবনে যুবাইর এবং তাদের শিষ্যবৃন্দ ছিল নেতৃস্থানীয়। মদিনা ছিল হাদিস শিক্ষার অপর কেন্দ্র। মক্কা ও মদিনার স্কুল হিজাযি স্কুল নামে পরিচিত।

হিজায স্কুল

এছাড়া কুফা ও বসরা শহরে প্রখ্যাত সাহিবদের নেতৃত্বে যে স্কুল গড়ে ওঠে তা ইরাকি স্কুল নামে খ্যাত। এছাড়া দামাস্কাসে সিরীয় স্কুল নামে একটি হাদিস শিক্ষাকেন্দ্র ছিল, তবে এটি খুব জনপ্রিয় ছিল না।

২১. ১. ৪. ২. ৪ হাদিস সংগ্রহের ইতিহাস

উমাইয়া বংশীয় শাসক ওমর বিন আব্দুল আজিজ হিজরি প্রথম শতাব্দীর শেষের দিকে হাদিস সংগ্রহ করে তা যথারীতি লিপিবদ্ধ করার হুকুম দিয়েছিলেন। তবে হাদিস সংগ্রহের ইতিহাসে ইসমাইল বুখারি ,ইবন-অল-হজ্জাজের নাম ছিল বিশেষভাবে স্মরণীয়। উভয় হাদিস পণ্ডিতই হাদিসের সত্যতা নির্ধারণের জন্য যাবতীয় বিধির প্রবর্তন করেছিলেন।

মহানবীর যাবতীয় কার্যকলাপের বিবরণ যেহেতু হাদিসে সংরক্ষিত হয়েছে, তাই হাদিসকে তার সর্বাপেক্ষা নির্ভরযোগ্য জীবন কথা বলা যেতে পারে।

২১. ১. ৪. ৩ ইজমা

ইসলামীয় অনুশাসনের তৃতীয় উৎস হল ইজমা। আরবি 'জাম' শব্দ থেকে ইজমার উৎপত্তি। ইজমা বলতে বোঝায় সংগ্রহ বা একত্রে সমাবেশ। আবার মুসলিম আইনবিদদের পরিভাষায় মহানবীর সাহাবাদের মতামতের সমন্বয়কে বোঝায়।

২১. ১. ৪. ৩. ১ ইজমার উৎপত্তি

প্রকৃতপক্ষে নবী করিম (দ:)-এর ওফাতের পর ইজমা প্রচারিত হয়। ইসলামি কানুনের উৎস হিসেবে ইজমার বুনিয়াদ কুরআনের কতিপয় আয়াত ও হাদিসের ওপর প্রতিষ্ঠিত ছিল।

২১. ১. ৪. ৩. ২ ইজমার প্রয়োজনীয়তা

গতিশীল ইসলামিক রাষ্ট্র ব্যবস্থার জটিল সমস্যার সমাধান যখন কুরআন বা হাদিসের নির্দেশ অনুসারে না হলে সেই উদ্ভূত সমস্যার সমাধানের জন্য মহানবীর প্রধান সাহাবাদদের সঙ্গে পরামর্শ অনুসারে সিদ্ধান্ত নেওয়া হত। এই ধরনের সিদ্ধান্ত ইজমা নামে পরিচিত। অবশ্য এই ইজমার কার্যকারিতা নিয়ে নানা মতানৈক্য রয়েছে।

২১. ১. ৪. ৪ : কিয়াস

কিয়াস হল ইসলামীয় আইনের চতুর্থ উৎস। মহানবীর মৃত্যুর পর কুরআন, সুন্না ও ইজমা থেকে যখন কোনো বিরোধের নিষ্পত্তির সমাধান না পেলে শাস্ত্রবিদরা উপরোক্ত তিনপ্রকার ইসলামি কানুনের উৎস থেকে কোনো সাদৃশ্যমূলক বিষয়ের ওপর দৃষ্টি দিতেন এবং যুক্তির দ্বারা সাদৃশ্যের ভিত্তিতে সিদ্ধান্তে উপনীত হতেন। এই পদ্ধতিকে কিয়াস বলে। তাই কিয়াসকে সাধারণত সাদৃশ্যমূলক সিদ্ধান্ত (Analogical deduction) বলা হয়। অর্থাৎ যে সব সমস্যার স্পষ্ট কোন সমাধান কুরআন বা হাদিসে বা ইজমায় উল্লেখ নেই এইরূপ ক্ষেত্রে কিয়াস প্রযুক্ত হয়ে থাকে।

কুরআন ও হাদিসের পর ইজমা ও কিয়াস ইসলামি কানুনের দুটি গুরুত্ব পূর্ণ উৎস। খিলাফত ও শাসন সংক্রান্ত বহু গুরুত্ব পূর্ণ বিধান ও ব্যাখ্যা ইজমা ও কিয়াসের উপর নির্ভরশীল।

২১. ১. ৪. ৫ : ইজতিহাদ

আল-কুরআন ও সুন্নাহ কোনো সুস্পষ্ট নির্দেশ পালন করেনি এইরূপ বিষয়ে আইনজ্ঞ ব্যক্তিদের ইজমা ও কিয়াস প্রয়োগ ছাড়াও তাদের স্বাধীন চিন্তা ও ব্যক্তিগত মতামত দ্বারা কোনো বিশেষ সমস্যার মীমাংসা করতেন। এভাবে স্বাধীন বা নিজস্ব এখতিয়ারের মাধ্যমে কোনো নতুন সমস্যার সমাধান করার নীতিকে ইসলামি পরিভাষায় 'ইজতিহাদ' বলে। প্রকৃতপক্ষে ইজমা ও কিয়াস ইজতিহাদের দুটি শাখামাত্র।

হিজরি দ্বিতীয় শতকে শ্রেষ্ঠ আইনবিদ্দান সময়ের প্রয়োজনে ইসলামি আইন প্রণয়ন করেন। এই আইনবিদ্দানের প্রথম হলেন আবু-হানিফা-নুমান-বিন-সাবিদ। অন্যান্য আইনবিদ হলেন ইমাম মালিক, ইমাম শাফেয়ী ও ইমাম আহম্মদ ইবনে হাম্বল। তারা আইন প্রণয়নের ক্ষেত্রে ইজতিহাদের উপর গুরুত্ব দিতেন। শিয়া সম্প্রদায়রা ইজতিহাদের উপর গুরুত্ব দিতেন। এমনকি ইসলামের বড় বড় মুজতাহিদ (যারা আইন সক্রান্ত ব্যপারে ব্যক্তিগত বিচার ক্ষমতা প্রয়োগ করেন) মুসলমানদের ধর্মীয় ,পার্থিব সর্বপ্রকার চাহিদা পুরনের জন্য ইজতিহাদের বিভিন্ন পন্থা হিসাবে ইজমা, কিয়াস, ইসতিহাসান, ইসতিসলাহ প্রয়োগ করতে যথা সাধ্য চেষ্টা করেছেন।

২১. ১. ৫ : ফিকাহ

হিজরীর প্রথম শতাব্দীর শেষ দিক থেকে অনেক মুসলিম মনীষী কুরআন বা হাদিস বা সুন্নাহর ওপর গবেষণা চালিয়ে তা থেকে জীবনযাপনের বাস্তব কর্মপন্থা বের করার চেষ্টা করেন, তাদের এই গবেষণার ফল ফিকাহ বা আইনবিজ্ঞান (Jurisprudence)। ইসলামি পরিভাষায় 'ফিকাহ' বলতে সামগ্রিক ইসলাম বিধানশাস্ত্রকে বোঝায়। কিন্তু সাধারণ অর্থে এটি দ্বারা বুদ্ধিবৃত্তি বোঝায়। মূলত কানুন সংক্রান্ত ফয়সালায় কুরআন- হাদিস অথবা আইন সংক্রান্ত অপর কোনো উৎস থেকে সংগৃহীত জ্ঞানের আলোকে বুদ্ধিবৃত্তির স্বাধীন প্রয়োগ হল ফিকাহ। পি. কে. হিট্টি বলেছেন, ফিকাহ এমন একটি বিজ্ঞান ভিত্তিক পদ্ধতি যা গ্রিক-রোমান আইন দ্বারা প্রভাবিত হলেও ইসলামি অনুশাসনগুলোর

সুষ্ঠু বিশ্লেষণ সম্পন্ন করেছিল। অবশ্য ফিকাহর ক্ষেত্র শরিয়ত অপেক্ষা সংকীর্ণ। তবে শরিয়তের পথ আল্লাহ ও তার রসুল নির্ধারিত এবং অন্যদিকে ফিকাহ হল শরিয়তের বিধান অনুযায়ী মানবীয় প্রচেষ্টার ওপর নির্ভরশীল।

এই ফিকাহ শাস্ত্রের বিকাশ ও উন্নয়নে চার জন প্রখ্যাত আইনবিদ ও তাদের প্রতিষ্ঠিত মাজহাব (''chosen way'') বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। প্রত্যেক সুন্নি মুসলমান এই চারটি মাজহাবের যে কোন একটি মাজহাবকে অনুসরণ করতে পারে কিন্তু এক সাথে দুই বা ততোধিক মাজহাব অনুসরণ করার দরকার নেই। এই চার মাজহাবের মধ্যে গুরুত্বপূর্ণ বিষয়ে কোন পার্থক্য নেই। এরা একে অন্যের মাজহাবকে অনুমোদন দান করেছেন।

২১. ১. ৫. ১ হানাফী মাজহাব

ইসলামে যে চারটি সুন্নি মাজহাবের (স্কুল) উৎপত্তি হয়েছে। তার মধ্যে হানাফী মাজহাব সর্বপ্রথম ও সর্বশ্রেষ্ঠ। ইমাম আবু হানিফা এই মাজহাব প্রতিষ্ঠা করায় তার নামানুসারে এই মাজহাবের নাম হয় হানাফী মাজহাব। এই আবু হানিফা তার আইন পদ্ধতির মৌখিক শিক্ষার কাজে সমস্ত শক্তি ও সময় প্রয়োগ করতেন। তাঁর চতুর্দিকে অনেক শ্রোতা জমা হত। তাই আবু হানিফাকে তার অনুসারীরা ইমামুল আযম (বড়ো ইমাম) নামে অভিহিত করতেন।

এই আবু হানিফা আধ্যাত্মিক ও পার্থিব কানুনের একটি সিলসিলা (ধারা) প্রবর্তন করেন ও তার শিষ্যগণ এই ধারার বিকাশসাধন করে। আজও তার মাজহাব প্রাচ্যের অধিকাংশ স্থানে সর্বজনীন স্বীকৃতি লাভ করেছে।

আবু হানিফা প্রথম আইন প্রণয়নের ক্ষেত্রে কিয়াস বা সাদৃশ্যমূলক যুক্তির মূল্যের প্রতি মনযোগ দিয়েছিলেন। তিনি সামান্য নীতির পত্তন করেন। শুধু তাই নয়, এই আবুহানিফা রীতি ও প্রথার প্রাধান্য স্বীকার করতেন এবং আইনের ব্যাখ্যার সময় প্রচলিত অবস্থা বিবেচনা করতে তার অনুসারীদেরকে উৎসাহিত করতেন। তিনি ব্যক্তিগত বিচার ক্ষমতার ওপর এত গুরুত্ব দিতেন যে, তাঁকে ও তার শিষ্যবর্গকে অন্যান্য মাজহাবের অনুসারীরা 'আহলে রায়' বলে অভিহিত করতেন। তবে এই আবু হানিফা কর্তৃক প্রতিষ্ঠিত ধর্মতত্ত্ব ও আইন বিজ্ঞানের মাজহাব আব্বাসীয় দরবারে প্রাধান্য বিস্তার করেছিল।

২১. ১. ৫. ২ মালিকি মাজহাব

ইমাম মালিক ইবনে আনাস এই মালিকি মাজহাব প্রতিষ্ঠা করেন। তিনি প্রথমে কুরআন ও ফিকাহ শাস্ত্রে পাণ্ডিত্য অর্জন করে। 'ইমাম মালিকের আইন পদ্ধতি সম্পূর্ণরূপে হাদিস ও মদিনাবাসীদের চালচলনের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। বিচারের ক্ষেত্রে তিনি অত্যন্ত সতর্ক ছিলেন। তিনি হাদিসকে যুক্তি তর্কের উর্ধে স্থান দিয়েছিলেন। তিনি 'বিলা কায়েফা' (Bila kaifa) - এর নীতিতে বিশ্বাসী ছিলেন।

'কিতাবুল মুয়াত্তা' ছিল ইমাম মালিকের একটি শ্রেষ্ঠ গ্রন্থ। এই গ্রন্থ প্রণয়নের উদ্দেশ্য ছিল ন্যায়বিচার এবং ইসলামি রীতিনীতির পর্য্যালোচনা করা। অধ্যপক পি. কে. হিট্টি এই গ্রন্থকে মুসলিম আইনের সর্বপ্রাচীন গ্রন্থ বলে উল্লেখ করেছেন। তবে তিনি ফাতেমীয়দের গোঁড়া সমর্থক ছিলেন বলে খালিফা আল-মানসুরের হাতে নির্যাতিত হন। উত্তর পশ্চিম আফ্রিকা ও পূর্ব আরবের মুসলমানগণ মালিকী মাজহাবের অনুসারী।

২১. ১. ৫. ৩ শাফেয়ী মাজহাব

ফিকাহ শাস্ত্রের তৃতীয় মাজহাবের প্রতিষ্ঠাতা ছিলেন মহম্মদ ইবনে আল শাফেয়ী। তিনি মদিনায় ইমাম মালিক ইবনে আনাসের তত্ত্বাবধানে লেখাপড়া করেন এবং অতি অল্প সময়ে কুরআন ও হাদিসে ব্যুৎপত্তি লাভ করে। তবে ইমাম

শাফেয়ী আইন প্রণয়নের ক্ষেত্রে কুরআন অপেক্ষা সুন্নার ওপর অধিক গুরুত্ব দিয়েছিলেন। তার মতে নির্ভরযোগ্য ব্যক্তির বর্ণিত যে কোন হাদিসই প্রামাণ্য ও বিনা প্রতিবাদে গ্রহন যোগ্য। তার মতে, দুটি হাদিস পরস্পর বিরোধী হলে যেটি কুরআনের সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ , সেটি গ্রহন যোগ্য হবে। তিনি হানাফী ও মালিকি মাজহাবের মধ্য পন্থা অনুসরন করেছিলেন। মদিনা স্কুল (কুরআন ও হাদিস) এবং ইরাকী স্কুল (মুক্ত চিন্তা ও যুক্তিবাদ প্রসূত মতবাদ) সমন্বয় সাধন করে তিনি তার মতবাদ প্রতিষ্ঠিত করেন। এক্ষেত্রে তার প্রাথমিক অবদান ছিল মুসলিম আইন বিজ্ঞানে পেশা চিন্তার পদ্ধতিগত বিকাশ। তিনি এই আইনবিজ্ঞানকে পদ্ধতিগত বিজ্ঞানের রূপ দিয়েছিলেন। এই মাজহাবের প্রাণকেন্দ্র ছিল মূলত মিশর। বর্তমানে পারস্য, আরব, পূর্ব আফ্রিকা ও ভারতবর্ষের জনগণ এই মাজহাবের অনুসারী। তবে ইবনে শাফেয়ী ফাতেমীয়দের গোঁড়া সমর্থক ছিলেন।

২১. ১. ৫. ৪ হাম্বলী মাজহাব

ইসলামের এই চতুর্থ মাজহাবের প্রতিষ্ঠাতা হলেন আহমদ বিন হাম্বল। তিনি ছিলেন হাদিস শাস্ত্রের গোঁড়া সমর্থক। তবে তিনি হাদিসের ওপর নির্ভর করতেন বলে বিচার বুদ্ধি বা আইন প্রণয়নের ক্ষেত্রে যুক্তির উপর কম জোর দিতেন। দুর্বলতম হাদিসকে তিনি উপেক্ষা করেন নি। কোন আকস্মিক ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের উৎস সন্ধান সম্ভব না হলে ,তখনই তিনি যুক্তি প্রয়োগের সিদ্ধান্ত নিতেন। একথা ঠিক যে, হাম্বলী মাজাহাবে যুক্তির প্রয়োগ যথা সম্ভব কম ছিল। তার বিখ্যাত গ্রন্থ হল "মসনদ" তাকে অমর করে রেখেছে। হাম্বলী মাজহাব তৎকালীন সময়ে মুসলিম সমাজে ধর্মীয় বিশুদ্ধতা রক্ষায় বিশেষ অবদান রেখেছিল। তার সম্পর্কে ঐতিহাসিক Marshall Hodgson তার Venture Of Islam vol. 1 গ্রন্থে বলেছেন, "His powerful memory, his piety and generiosity and his good judgement and eoquence made him a pre-eminent teacher of hadith." (তার প্রখর স্মৃতি শক্তি, তার ধর্মানুরাগ, উদারতা, সঠিক বিচার করার ক্ষমতা এবং বাকপটুতা তাকে হাদিদের সর্বশ্রেষ্ঠ শিক্ষক তৈরি করেছিল।)

তিনি মুতাজিলা ধর্মমতের ঘোরতর বিরোধিতা করায় আব্বাসীদ খলিফা মুতাসিম তাকে কারারুদ্ধ করেছিলেন। যদিও পরে খলিফা আল মুতাওয়াক্কিল তাকে মুক্তি দেন। অবশ্য আইন প্রণয়নের ক্ষেত্রে কড়াকড়ি নীতি অনুসরণ করায় হাম্বলির এই মাজাহাবের অনুসারীর সংখ্যা ও জনপ্রিয়তা ছিল বেশ কম।

২১. ১. ৬ বিভিন্ন অধিকার ও কর্তব্য

শরিয়ত মানুষকে সঠিক পথে পরিচালিত করতে এবং তার জীবনের চাহিদা পূরণ করার জন্য বিভিন্ন অধিকার ও কর্তব্যের উল্লেখ আছে।

১. **আল্লাহার অধিকার :** আল্লাহার প্রথম ও সর্বপ্রধান অধিকার হল, মানুষ তার প্রতি ইমান পোষণ করবে এবং অপর কাকেও তার সঙ্গে শরিক করেব না এবং আল্লাহার নির্দেশ মেনে চলবে।

২. **মানুষের ব্যক্তিগত অধিকার :** মানুষের দেহের নিরাপত্তা, ইজ্জতের নিরাপত্তা, আইনসংগত কার্যকলাপে স্বাধীনতার নিরাপত্তা-- প্রভৃতি মানুষের ব্যক্তিস্বাধীনতার অন্তর্গত।

৩. **অপর মানুষের অধিকার :** সমগ্র মানবজাতির কল্যাণসাধন হল শরিয়তের উদ্দেশ্য। কাজেই ব্যক্তি মানুষের অধিকারের সঙ্গে সঙ্গে অপরাপর মানুষের প্রতি তার কর্তব্য নির্দেশ করেছে।সমাজ, রাষ্ট্র ও সমগ্র মানব জাতির

কল্যানে প্রতিটি মানুষকে সেই কর্তব্য সম্পাদন করতে হবে। প্রতিটি মানুষের ব্যক্তিগত অধিকার আছে, কিন্তু তা এমনভাবে ভোগ করতে হবে যাতে অপরে অধিকার বিঘ্নিত না হয়। তাছাড়া ডাকাতি, উৎকোচ গ্রহণ, জালিয়াতি, অসাধুতা ও প্রতারণা এতে নিষিদ্ধ হয়েছে।

৪. সৃষ্ট জীবের অধিকার : আল্লাহার সৃষ্ট পৃথিবীতে যে সকল জীব প্রতি সংগত আচরণ করতে হবে ও অকারণে পাখিকে পিঞ্জরে আটকানো বা গাছ কাটা নিষিদ্ধ করেছে শরিয়ত।

২১. ১. ৭ উপসংহার

পরিশেষে বলা যায় যে, শরিয়তে মানবজীবনের কোন দিকটি ভালো আর কোন দিকটি মন্দ তা বিস্তারিতভাবে আলোচনা করেছে অর্থাৎ ইসলামি শরিয়তের বিশেষত্ব এই যে, এটি সর্বকালরে এবং সর্বযুগের মানবতার কল্যাণে কার্যকরী ভূমিকা পালন করেছে অর্থাৎ সমাজ যত সমৃদ্ধশালী হোক না কেন ইসলামি শরিয়ত সেখানে চির নতুন।

২১.১.৮ নির্বাচিত প্রশ্নাবলী

বিভাগ — ক

(প্রশ্নের মান ২)

১. শরিয়ত বলতে কী বোঝ?

২. শরিয়ত শব্দের অর্থ কী?

৩. শরিয়তের বিভিন্ন উৎস লেখ।

৪. সুন্নাহ বলতে কী বোঝ?

৫. হাদিস কী?

৬. দুটি হিজাযি স্কুল কেন্দ্রের নাম লেখ।

৭. একটি করে ইরাকি স্কুল ও সিরীয় স্কুল কেন্দ্রের নাম লেখ।

৮. ইজমা বলতে কী বোঝ?

৯. কিয়াস বলতে কী বোঝ?

১০. ইজতিহাদ কী?

১১. ফিকাহ বলতে কী বোঝ?

১২. কিতাবুল মুয়াত্তা গ্রন্থের বিষয়বস?

১৩. আহলে রায় কাকে ও কেন বলা হয়?

বিভাগ — খ

(প্রশ্নের মান ৫)

১. মুসলিম জনজীবনে শরিয়তের প্রয়োজনীয়তা লেখ।

২. মুসলিম জনজীবনে কুরআনের প্রয়োজনীয়তা লেখ।

৩. হাদিস সংগ্রহের গুরুত্ব লেখ।

৪. ইজমা সম্পর্কে যাহা জান লেখ।

৫. হানাফী মাজহাব সম্পর্কে যাহা জান লেখ।

৬. শাফেয়ী মাজহাব সম্পর্কে যাহা জান লেখ।

বিভাগ — গ

(প্রশ্নের মান ১০)

১. শরিয়তের বিভিন্ন উৎসগুলি ব্যাখ্যা সহকারে লেখ।

২. ফিকাহ শাস্ত্রের বিকাশ ও উন্নয়নে চার জন প্রখ্যাত আইনবিদও তাদের প্রতিষ্ঠিত মাজহাবের বিস্তৃত ব্যাখ্যা দাও।

৩. শরিয়তে বর্ণিত মানব জীবনে বিভিন্ন অধিকার কর্তব্যের উল্লেখ আছে তার বিস্তৃত ব্যাখ্যা দাও।

২১.১.৯ নির্বাচিত গ্রন্থপঞ্জী

১. কে. আলি। মুসলিম সংস্কৃতির ইতিহাস। দ্বিতীয় মুদ্রণ। আলেয়া বুক ডিপো। ঢাকা, বাংলা বাজার, ২০১৯।

২. Rakesh Kumar, Ancient and Medieval world. Sage Publication, New Delhi, 2018

৩. মুহাম্মদ রুহুল আমিন, ইসলামী আইনের উৎস। বাংলাদেশ ইসলামিক ল রিসার্চ অ্যান্ড লিগাল এইড সেন্টার, ঢাকা, ২০১৩।

৪. Marshall G. S. Hodgson, Venture of Islam, Vol. 1, Chicago University Press, Chicago, 1974.

Website

৫. https://en.m.wikipedia.org

৬. https://www.britannica.com

২১. ২ মিহনা (Mihna)

২১. ২. ১ : সূচনা

মধ্যযুগের যদি আমরা ইসলামিক ভূখণ্ডের প্রতি নজর রাখি, তাহলে দেখব যে, ধর্মীয় কর্তৃত্বের প্রধান উলেমাদের সঙ্গে রাজনৈতিক শক্তির আধার খলিফা সহাবস্থান রাষ্ট্রীয় কার্য্যের ক্ষেত্রে সবসময় শান্তিপূর্ণভাবে ঘটেনি। বরং এর ব্যতিক্রম ঘটেছে সপ্তম আব্বাসিদ খলিফা আলমামুনের রাজত্বকালে (৮১৩ — ৮৩৩)।

এই সপ্তম খলিফা একদিকে যেমন আব্বাসীদ সাম্রাজ্যের গৌরব ও ভৌগোলিক সীমানার সম্প্রসারণ ঘটিয়েছিলেন আবার অন্যদিকে তিনি কিন্তু পূর্ববর্তী আব্বাসিদ খলিফাদের মতন প্রচলিত ধর্ম মতের প্রতি আস্থাস্থাপন করতে পারেননি। বরং বলা যায় যে, তার গৃহীত ধর্মমত ছিল অবশ্যই পৃথক এবং এক অভিনব ও বলিষ্ঠ পদক্ষেপ। The Oxford History of Islam গ্রন্থে বলা হয়েছে, খলিফা আলমামুন হাদিদ ও ফিকাহ পণ্ডিতদের ধর্মীয় বিশ্বাসকে চ্যালেঞ্জ করে নিজে 'Imm-al-Huada' (ন্যায়পরায়ণতার পথ প্রদর্শক) উপাধি নিয়েছিলেন এবং ধর্মীয় কর্তৃত্বের একক সিদ্ধান্তকারী রূপে ঘোষণা করেন। তিনি তার রাজত্বকালে মুতাজিলা ধর্মমতকে রাষ্ট্রীয় ধর্মবিশ্বাসে পরিণত করতে গিয়ে মিহনা নামক ইনকুইজিশন জারি করেছিলেন।

২১. ২. ২ : মুতাজিলা ধর্মমত

মুতাজিলা বা যুক্তিবাদী সম্প্রদায় ইসলামের দর্শনে ইতিহাসে একটি বিশিষ্ট স্থান অধিকার করে আছে। উমাইয়া আমলের কাদারিয়া আন্দোলনের বীজ বপন করেন বিখ্যাত পণ্ডিত ইমাম হোসেন আল-বাসরি। এই মাজহারের প্রবক্তারা মানুষের ইচ্ছা ও কর্মের স্বাধীন শক্তিতে বিশ্বাস করে। এই কাদারিয়া ছিল মুতাজিলাদের অগ্রদূত। তবে এই মুতাজিলা মাজহাবের প্রতিষ্ঠাতা ছিলেন ওয়াসিল-বিন-আতা (৬৯৯-৭৮৯)। তিনি একদিন তার ধর্মগুরু হাসান আল বাসরির সঙ্গে মতানৈক্য হওয়ায় মুতাজিলা নামক ধর্মমত প্রচার করেছিলেন। Encyclopedia of Islam Vol-1 গ্রন্থে বলা হয়েছে Mutazila was used to refer to some one a group of people who withdrew (Itazala from which the term Mulazila derives) [মুতাজিলা বলতে বোঝায় একদল ব্যক্তি যারা ছেড়ে চলে গেছে, (ইতাজালা শব্দ থেকে মুতাজিলা শব্দটি নেওয়া হয়েছে।)] আবার এই প্রসঙ্গে ঐতিহাসিক Nallino বলেছেন যে, খারিজিদের মতে কোনো মুসলমান গুরুতর অপরাধ করলে তাকে মুসলমান হিসেবে গণ্য করা হয় না। আবার মুরাজিয়রা সেই ব্যক্তিকে ইসলাম থেকে বিচ্ছিন্ন বলে মনে করে না। মুতাজিলারা অবশ্য এই চরম মতের কোনোটি গ্রহণ না করে মধ্যপন্থা অনুসরণ করেছে। এই জন্য এদের প্রত্যাহারকারী বা মুতাজিলা বলা হয়েছে।

২১. ২. ৩ : মুতাজিলা ধর্মমতের উপর বিভিন্ন দর্শনের প্রভাব

ঐতিহাসিক ভনক্রেমার ও অলিয়ারি দাবি করেছেন যে, মুতাজিলাগণ খ্রিস্টীয় মতবাদ ও চিন্তাধারা দ্বারা প্রভাবিত হয়েছিলেন। কিন্তু ঐতিহাসিক এইচ আর গিব বলেছেন, মুতাজিলাদের শিক্ষা ছিল সম্পূর্ণ কুরআন ভিত্তিক। আবার সৈয়দ আমীর আলী বলেছেন, মুতাজিলা মাজহাবের প্রধান কর্মকর্তাগণ ফাতেমীয়দের অধীনে শিক্ষালাভ করে এবং নিঃসন্দেহে বলা যায় যে, মধ্যপন্থী মুতাজিলারা খলিফা হজরত আলি ও তার প্রাথমিক বংশধরদের এবং সম্ভবত হজরত মহম্মদের উদার ধর্মমতের প্রতিনিধিত্ব করে। তবে এই ধর্মমতের ওপর গ্রিক দর্শনের প্রভাবকে কোনো মতেই অস্বীকার করা যায় না। Encyclopedia of Islam Vol. 1 গ্রন্থে বলা আছে যে, মুতাজিলা বিদ্বান ব্যক্তিরা গ্রিক দর্শনের উৎস থেকে অনেক ধারণা গ্রহণ করে। তবে উমাইয়া শাসনের শেষের দিকে এই মাজহাবের প্রসার ঘটলেও আব্বাসীদ আমলে রাজকীয় অনুগ্রহ ও বিদ্বান ব্যক্তিদের হাত ধরে মুতাজিলা ধর্মমত বসরা ও বাগদাদ থেকে মিশর, উত্তর আফ্রিকা ও স্পেনে ছড়িয়ে পড়েছিল। অবশ্য আব্বাসিদ আমলে অনেক গ্রিক দর্শনের গ্রন্থ আরবিতে অনূদিত হলে মুতাজিলীয় বিদ্বান ব্যক্তিরা তাদের যুক্তিতর্কের ভাণ্ডারকে সমৃদ্ধ করেছিল। বিশেষত, আলমামুন উচ্চশিক্ষার জন্য তার রাজধানীতে বায়তুল হিক্মাহ (বিজ্ঞান ভবন) প্রতিষ্ঠা করেছিলেন। এই বিজ্ঞান ভবনের সঙ্গে একটা বিরাট গ্রন্থাগার ছিল। এ প্রসঙ্গে ঐতিহাসিক ইবনে নাদিম বলেছেন যে, এই কলেজের অধ্যক্ষ সালামকে খলিফা গ্রিক গ্রন্থ আরবিতে অনূদিত করার জন্য গ্রিসে প্রেরণ করেছিলেন।

বায়তুল হিক্মাহের গ্রন্থাগার

২১. ২. ৪ : মুতাজিলা মতবাদ

মুতাজিলারা তৌহিদ বা আল্লার একত্বে ও চিরন্তন অস্তিত্বে বিশ্বাসী। গুণাবলিতে (Attributes) বিশ্বাসী নয়। তারা মনে করে আল্লাহ ন্যায়বান, তিনি তার সৃষ্ট কোনো জীবের অনিষ্ট করে না। বরং মানুষ তার নিজের ভালোমন্দ কর্মের নিয়ন্ত্রক। অন্যায় কার্য করলে শাস্তি পাবে ও ভালো কার্য করলে পুরস্কৃত হবে। তাছাড়া তারা বিশ্বাস করত যে, সৎকর্মশীল ব্যক্তি কখনো আল্লাহার দর্শন লাভ করতে পারেন না কারণ আল্লাহ নিরাকার। এই দিদার যদি সম্ভব হয় তা হবে আত্মিক, দৈহিক নয়। এই মুতাজিলা সম্প্রদায় কুরআনের চিরন্তনা স্বীকার করে না। তারা মনে করে আল্লাহ একমাত্র চিরন্তন, কুরআন নয়। মুতাজিলদের মতে, কুরআন আল্লার সৃষ্টি। আবার ঐতিহাসিক M. Watt তার Islamic Philosophy and Theology গ্রন্থে বলেন যে, ''the Mutazila debated sophisticated questions that dealt with the meaning of divine word, the concept of divine Justice, individual free will and Pre-destination (মুতাজিলা বিচার বিবেচনা করে বাস্তববুদ্ধিসম্পন্ন সেইসমস্ত প্রশ্ন নিয়ে যা মূলত স্বর্গীয় জগৎ, ঈশ্বরের বিধান সম্পর্কে সঠিক ধারণা, ব্যক্তিগত স্বাধীনতা ও পূর্ব নিয়তিবাদকে যথার্থভাবে ব্যাখ্যা করে।) তবে আব্বাসীদ খলিফা আলমানসুর মুতাজিলা ধর্মমতের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করলে ও সপ্তম খলিফা এই ধর্মমতকে সরকারিভাবে স্বীকৃতি দিয়েছিলেন। সপ্তম খালিফা মুতাজিলা প্রচারক আহমদ দ্বারা প্রভাবিত হয়েছিলেন। তবে মুতাজিলারা বিশ্বাস করে কুরআন সৃষ্ট-- এই ধারণাটি আল জাহমিয়া ধারার প্রবর্তক বিশর-আল-মারিস খলিফা হারুণ-উল-রশিদের (৭৮৬-৮০৯) রাজত্বকালে উত্থাপন করলে এই খলিফা সহমত পোষণে অসম্মত হন এবং বিশরকে হত্যার ভয় দেখালে তিনি প্রায় কুড়ি বছর আত্মগোপন করেন। পরে আলমামুন মুতাজিলা ধর্মমতে পৃষ্ঠপোষকতা করলে বিশর-আল-মারিস জনসমক্ষে তার ধারণা পুনরায় প্রচার করেছিলেন।

২১. ২. ৫ : মিহনা ও প্রবর্তনের কারণ

কুরআন সৃষ্ট--এই ধারণাকে সরকারিভাবে কার্যকরী করার সিদ্ধান্ত নিয়েছিলেন আল মামুন তার মৃত্যুর চার মাস আগে ৮৩৩ খ্রি. এপ্রিল মাসে। এর জন্য তিনি মিহনা বা ইনকুইজিশন বা আধ্যাত্মিক পরীক্ষা জারি করেছিলেন।

১) তবে আলমামুনের মিহনা বা তদন্তকারী বিচারসভা গঠনের পিছনে ধর্মীয় ও রাজনৈতিক উদ্দেশ্য ছিল। মিহনার সাথে ইসলামধর্মের মূল নীতি তৌহিদ (unity of God) সম্পর্কিত। অথচ আলমামুন যখন বাগদাদের গভর্নর ইশাক বিন ইব্রাহিমকে যে চিঠি লিখেছিলেন, উলেমা ও সুন্নী সম্প্রদায়ভুক্ত উলেমারা বিশ্বাস করত যে, আল্লাহ ও কুরআন -- উভয় চিরন্তন। কিন্তু আলমামুন বিশ্বাস করতেন যে, ''Everything that is made is created''। অর্থাৎ আলমামুন বোঝাতে চেয়েছিলেন যে, কুরআন চিরন্তন নয় বরং তা আল্লাহর সৃষ্ট। এবং মিহনা নামক ইনকুইজিশন জারি করে ভ্রান্ত উলেমাদের তৌহিদের শিক্ষায় পরিচালিত করতে চাইছিলেন।

২) আলমামুন বুঝতে পেরেছিলেন যে, তার পূর্ববর্তী আব্বাসীদ খলিফারা ধর্মীয় বিশ্বাসের ক্ষেত্রে সুন্নী দৃষ্টিভঙ্গি ও গোঁড়া উলেমাদের ওপর নির্ভরশীল ছিল। তাছাড়া সেই সময় সমাজে এই উলেমা সম্প্রদায় রক্ষণশীলতার ভাবমূর্তি ধরে রাখত। তাই আলমামুন এই উলেমা সম্প্রদায়কে নিয়ন্ত্রণ ও পরিচালিত করার জন্য মিহনার জারী করেছিলেন। Encyclopedia of Islam vol-1 বলা হয়েছে যে, ''It appears that the caliph's interest in asserting his position as the arbiter of right belief and in there by checking the increasing influence in society of the populist scholar of hadith, had much to do with the institution of Mihana.'' (এই বিষয়টি প্রতীয়মান হয় যে, খলিফার ইচ্ছা ছিল ধর্মবিশ্বাসের বিচাররূপে নিজের অবস্থানের ওপর জোর দিয়েছিল এবং জনপ্রিয় হাদিদ পণ্ডিত ও মিহনা প্রতিষ্ঠানের ওপর কী প্রভাব বৃদ্ধি পেয়েছিল তা পরীক্ষা করতে চাইছিল।)

৩) তাছাড়া আলমামুন তিন জন খলিফা থেকে চতুর্থ খলিফা হজরত আলী ও তার বংশধরদের প্রতিনিধিত্বকে সমর্থন করে নিজের উদ্দেশ্য পূরণ করতে চেয়েছিলেন। The Mutazilis According to famous Theory of Nyberg were anti umayad on the other hand. Pro Alid and Pro Abbasid on the other hand. (নেইবার্গের বিখ্যাত তত্ত্ব অনুযায়ী মুতাজিলারা একদিকে উমাইয়া শাসন বিরোধী ছিলেন এবং অন্যদিকে আলী ও আব্বাসীদদের সমর্থক ছিলেন।) প্রকৃত অর্থে আলমামুন শিয়া সম্প্রদায়ের সমর্থন পেতে চেয়েছিলেন।

২১. ২. ৬ : মিহনার প্রভাব

শুধু খলিফা আলমামুন নয় তার উত্তরসূরি আল-মুতাসিম (৮৩৩-৪২ খ্রি.) আল ওয়াসিক (৮৪২ — ৪৭) ও আল-মুতাওয়াক্কিলের (৮৪৭-৬১) রাজত্বকালের দুবছর পর্যন্ত টিকে ছিল।

আলমামুন বাগদাদের গভর্নরকে 'কুরআন সৃষ্ট'-- এই মতবাদকে অগ্রাহ্য করলে ঐতিহ্যশালী উলেমা ও ধর্মতত্ত্ববিদদের ওপর শাস্তিমূলক ব্যবস্থা নিতে বলেছিলেন। এমনকি যে সমস্ত ধর্মপণ্ডিতরা বিরোধিতা করেছিল তাদের সরকারি বিচারক, প্রার্থনার নেতা বা শিক্ষকের পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছিল। আলমামুন বিভিন্ন মসজিদের সামনে লিপিতে 'কুরআন সৃষ্ট' মতটি খোদাই করে রাখার নির্দেশ দিয়েছিলেন। মামুন তার মুতাজিলা মতবাদকে গ্রহণ করার জন্য কোনো কোনো সময় তরবারির সাহায্যে লোকেদের বাধ্য করতেন। এমনকি মিহনা বা তদন্তকারী বিচার সভার দ্বারা বিরোধীদের বিরুদ্ধে বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হত, অনেক গোড়া বিদ্বান ব্যক্তিদের ওপর অত্যাচার করা হয়, বন্দি করা হয়,এমনকি হত্যা করা হয়েছিল।

আলমামুনের রাজত্বকালে মিহনার প্রয়োগ

আলমামুনের উত্তরাধিকারী খলিফা মুতাসিম মুতাজিলা ধর্মমতের পৃষ্ঠপোষক ছিলেন। এই মুতাজিলা ধর্মমতের বিরোধিতা করায় ইবনে হাম্বলসহ অনেক গোঁড়া আলেমকে গ্রেফতার ও জিজ্ঞাসাবাদ করা হয়েছিল। যারা এই ধর্মমত গ্রহণে অস্বীকৃতি জানিয়েছিল তাদেরকে চরম শাস্তি দেওয়া হয়, এমনকি কারাগারে নিক্ষেপ করা হয়। এইসব শাস্তিমূলক ব্যবস্থা বাগদাদে দারুণ ভীতির সঞ্চার করে এবং বিদ্রোহ ও দাঙ্গার আশঙ্কা দেখা দিলে মুতাসিম সামারাতে রাজধানী স্থানান্তরিত করেছিল।

আল মুতাসিমের মৃত্যুর পর তার জ্যেষ্ঠপুত্র আল-ওয়াসিক (৮৪২-৪৭) ও ছিলেন মুতাজিলাদের পৃষ্ঠপোষক। অবশ্য প্রথম থেকেই বাগদাদের জনগণ এই বিষয়টাকে ভালো নজরে দেখেনি। এমনকি বাগদাদের জনতারা আহম্মদ-ইবনে-নাসর নামক এক সুফী সাধকের নেতৃত্বে সরকারি ধর্মনীতির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছিল। শোভাযাত্রার দিন ধার্য হলে খলিফার নির্দেশে আহম্মদকে বন্দি করে সামারায় নিয়ে আনেন এবং সুফি সাধকের মুতাজিলা সম্পর্কীয় প্রশ্নে অসন্তুষ্ট হয়ে মিহনার রায়ে প্রাণদণ্ডে দণ্ডিত করে যা ওয়াসিকের রাজত্বকালে অবশ্যই একটি কলঙ্কজনক অধ্যায়।

আল ওয়াসিকের ভাই আল-মুতাওয়াক্কিলের আমলে অবশ্য মুতাজিলা ধর্ম তার রাজকীয় মর্যাদা হারাল। সুন্নীধর্মের সমর্থক এই আল মুতাওয়াক্কিলের (৮৪৭-৬১) রাজত্বকালে দুই বছরের মধ্যে কুরআন সংক্রান্ত সমস্ত আলোচনা নিষিদ্ধ ঘোষণা করা হয় এবং মিহনার অবসান ঘটে শুধু তাই নয় খলিফার রোষানলে বহু বহু মুতাজিল ধর্মাবলম্বীদের সরকারি চাকরিতে ইস্তফা দিতে বাধ্য করা হয়। সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়।

২১. ২. ৭ : উপসংহার

পরিশেষে বলা যায় যে, মুতাওয়াক্কিলের খিলাফত আরোহণের সঙ্গে সঙ্গে মুতাজিলারা ক্ষমতাচ্যুত হয় এবং গোঁড়া সম্প্রদায় পুনরুজ্জীবিত হতে আরম্ভ করেছিল। মুতাওয়াক্কিল ও তার উত্তরাধিকারীরা গোঁড়া মুসলমান ছিলেন। অন্যদিকে আবার পূর্ববর্তী খলিফাদের মিহনা বা ইনকুইজিশনের প্রয়োগের ফলে অমুতাজিলাদের মনে তীব্র অসন্তোষ ভাব সৃষ্টি করেছিল ও

মনস্তাত্ত্বিক ভীতির সঞ্চার করছিল। শুধু তাই নয় মিহনার প্রভাবে আল মামুনের রাজত্বকালে সাহিদ, তাইরিদ, সামানিদ, আফসিন প্রমুখ দলের বহিরাগত নেতারা ইসলাম ধর্মে দীক্ষিত হওয়ার ফলে নতুন সাংস্কৃতিক গোষ্ঠী বা ইসলামের সামাজিক পরিবর্তন ঘটেনি বরং ক্ষমতার বিকেন্দ্রীকরণ ঘটছে এবং প্রাচ্যে বিভিন্ন স্বাধীন রাজবংশের উত্থান ঘটছে।

২১.২.৮ নির্বাচিত প্রশ্নাবলী

বিভাগ — ক

(প্রশ্নের মান ২)

১. Imm-Al-Huada উপাধি আলমামুন কেন নিয়েছিল?

২. মুতাজিলা শব্দের অর্থ কী?

৩. মিহনা কী?

৪. কোনকোনআব্বাসীদ খলিফার আমলে মিহনা জারি হয়েছিল?

৫. ইবনে হাম্বলে কে ছিলেন?

বিভাগ — খ

(প্রশ্নের মান ৫)

১. মিহনা প্রবর্তনের কারণ সম্পর্কে যাহা জান লেখ।

২. মিহনার প্রভাব লেখ।

৩. আলমামুন মিহনাকে কার্যকর করতে কী কী ব্যবস্থা নিয়েছিলেন?

বিভাগ — গ

(প্রশ্নের মান ১০)

১. মিহনাকে কার্যকরী করতে আব্বাসীদ খলিফারা কী কী পদক্ষেপ গ্রহণ করেছিল এবং কেন?

২১.২.৯ নির্বাচিত গ্রন্থপঞ্জী

১. The New Cambridge History of Islam, Editor-Chase. F. Robinson, Cambridge University Press, 2010

২. Encyclopedia of Islam and the Muslim World, Editor-Richard. C. Martin, Vol.-1, 2003.

৩. কে. আলি, মুসলিম সংস্কৃতির ইতিহাস, দ্বিতীয় মুদ্রণ, আলেয়া বুক ডিপো, ঢাকা, বাংলা বাজার, ২০১৯।

website

৪. https://www.academia.edu

৫. http.//www.encyclopedia.com

২১. ৩ : সুফিবাদ (Sufism)

২১. ৩. ১ : সূচনা

মহানবী ও খোলাফায়ে রাশেদীনের পর ইসলাম ধর্মে যখন শিয়া ও সুন্নী সম্প্রদায় মুসলিমদের জীবনকে কীভাবে পরিচালিত করতে হবে সেই বিষয়ে ইসলামিক আইনকে সুসংহত ও ব্যাখ্যা করতে ব্যস্ত তখন একদল অতীন্দ্রিয়বাদী কৃচ্ছ্রসাধনকারী ব্যক্তির আল্লাহার প্রকৃত সত্য উদ্ঘাটনের অভিজ্ঞতা ব্যক্ত করে ধর্মীয় ইসলামি বিশ্বাসীদের আত্মিক ও মানসিক উন্নতি সাধনের চেষ্টা করছিল। অবশ্য এই মরমী সাধকদের ধর্মীয় ও ভাববাদী মনোভাবের জন্য উলেমা ও রাজনৈতিক কর্তৃত্বের বিরোধিতার মুখোমুখি হতে হয়েছিল। এই রহস্যবাদী, মরমী সাধকদের বলা হয় সুফি এবং তাদের মতামতকে বলে তাসাউফ। Encyclopedia Britannica গ্রন্থে বলা হয়েছে যে, সুফিবাদ হল ইসলামের অভ্যন্তরে একটি রহস্যবাদী আন্দোলন যা ঐশ্বরিক প্রেম ও জ্ঞান সন্ধান করে আল্লাহার প্রত্যক্ষ ব্যক্তিগত পরিচয় লাভের মাধ্যমে। (Sufism is a mystical movement that seeks to find divine love and knowledge through direct personal experiences of God)

২১. ৩. ২ : তাসাউফ কী?

Encyclopedia of Islam Vol-1 গ্রন্থে বলা হয়েছে, তাসাউফ একটি আরবি শব্দ। যার দ্বারা নৈতিক ও আত্মিক উপলব্ধির প্রক্রিয়াকে বোঝায়। অর্থাৎ মহান আল্লাহার সন্ধান ও লাভ করার পথ হল তাসাউফ। এই পথের পথ নির্দেশক ছিলেন নবী ও রসুলগণ। হজরত মহম্মদ তিরোধানের পূর্বে তিনি এই গুরু দায়িত্ব দিয়ে গেলেন হজরত আলির ওপর। ৬৬১ খ্রি. এই হজরত আলী শাহাদত বরণ করলে হিংসাত্মক রাজনীতির দাবা খেলা থেকে প্রকৃত ইসলামকে বাঁচাতে হজরত আলির শিষ্য হজরত হাসান বাসরী তাসাউফের দিকে দৃষ্টি দেন।

হজরত আলি তাসাউফের শিক্ষা তার জীবনে প্রথম সত্তর জন ব্যক্তিকে দীক্ষা দিলেও পরে অবশ্য চারজনকে বিশেষভাবে মনোনীত করেছিলেন।



আসলে তাসাউফ হল এমন একটি জ্ঞানচর্চা যার দ্বারা মানুষ i) আত্মশুদ্ধি, i) উত্তম চরিত্র, ii) আল্লাহার গুণাবলি, iii) আল্লাহার প্রতিনিধিত্ব লাভ করে, iv) সাম্যবাদের আদর্শে দীক্ষিত হন এবং v) বিশ্বভ্রাতৃত্বের নীতির প্রতি আস্থা রাখেন।

২১. ৩. ৩ : সুফি শব্দের অর্থ

সুফি শব্দটি নানা অর্থে ব্যবহৃত হয়। আরবি শব্দ 'সুফ' থেকে সুফি শব্দ এসেছে যার অর্থ পশম (Wool), মহানবী ও নিকট প্রাচ্যের ঐতিহ্যবাদী বৈরাগ্য পোশাক। আবার অনেকে বলেন, 'সাফা' শব্দ থেকে সুফি শব্দ এসেছে যার অর্থ পবিত্রতা। সুফিরা আল্লাহর চিন্তা ও এবাদত দ্বারা অন্তরের পবিত্রতা রক্ষার চেষ্টা করতেন। আবার পাশ্চাত্যের পণ্ডিতগণ মনে করেন, গ্রিক শব্দ 'সফিয়া' (জ্ঞান) থেকে সুফি শব্দটি এসেছে। তাদের মতে, সুফিরা আধ্যাত্মিক জ্ঞানের অধিকারী ছিলেন বলে তারা এই নামে অভিহিত করতেন।

২১. ৩. ৪ : সুফিবাদের উৎপত্তি

১. সুফিবাদ হল ইসলামের এক রহস্যময় আধ্যাত্মিক আন্দোলন। অনেক পণ্ডিত দাবি করেন যে, প্রাক ইসলামিক যুগে এই ভাবধারার অস্তিত্ব থাকলেও আধুনিক পণ্ডিতরা এই মতকে খারিজ করে দিয়েছেন। তাদের মতে, কুরআন ও হজরত মহম্মদের বাণী হল সুফিবাদের প্রধান উপাদান।

২. অবশ্য কিছু পণ্ডিত মনে করেন যে, ইসলামের এই রহস্যবাদীদের সঙ্গে নিকট প্রাচ্যের ধর্মীয় ঐতিহ্যের সাদৃশ্য খোঁজার চেষ্টা করেছেন। এ প্রসঙ্গে Jonathan Berkey (২০০২) উদাহরণ দিয়ে যুক্তি স্থাপন করতে চেয়েছেন যে, সুফি শব্দ এসেছে পশম থেকে যা নিকট প্রাচ্যের বৈরাগ্য সাধকরা পরিধান করত। তিনি আরও বলেছেন যে, সুফিবাদের আউলিয়া (Friends of God) ধারণার সঙ্গে নিকট প্রাচ্যে 'পবিত্র মানুষ' (Holy men) এর সঙ্গে জোরালো সাদৃশ্য আছে।

৩. অনেকে বলেন যে, ভাববাদ ও মরমীবাদের প্রভাব সুফিবাদে স্পষ্ট। আবার কোনো কোনো পণ্ডিত খ্রিস্টধর্মের প্রভাব, কোনো পণ্ডিত পারসিক প্রভাব আবার বেদান্তের প্রভাবের কথা সুফিবাদে এসেছে। কিন্তু একথা স্পষ্ট যে, ইসলামে সুফিবাদ ইসলামের জন্ম নাড়ীর সঙ্গে মিশে আছে। এ প্রসঙ্গে ইউসুফ হোসেন বলেছেন, ইসলামের বক্ষদেশ থেকে সুফিবাদের জন্ম (Born in the bosom of Islam)। অবশ্য আমরা ইসলাম জগতে সুফিবাদ বিকাশের পরিবেশ ও পরিস্থিতির দিকে একটু নজর দেব।

৪. এই সুফিবাদের জন্ম ইতিহাস অন্যত্র সন্ধান করতে হবে। চতুর্থ খলিফার শাহাদাতের পর ইসলামিক জগতে বিশৃঙ্খলা দেখা দিলে সুফি নামক অতীন্দ্রিয়বাদী সাধকদের আবির্ভাব ঘটে। আবার অষ্টম শতাব্দীতে যখন উমাইয়া অভিজাতরা সাম্রাজ্য বিস্তার ও সুসংগঠিত করতে ব্যস্ত তখন কিছু পণ্ডিত পার্থিব জগতের মূল্য নিয়ে প্রশ্ন তোলে এবং ত্যাগ ও তিতিক্ষার আদর্শে দীক্ষিত হয়, এমনকি আব্বাসীদ খিলাফতের আমলে খলিফাগণ যখন আপন গদি সামলাতে ব্যস্ত তখন সুফিগণ ইসলাম প্রচারে বিভোর আত্মভোলা ও ব্যস্ত। ইসলামের এই ব্যস্তকুলই সুফি-ওলী-দরবেশ।

উপরের আলোচনা থেকে বোঝা যায় যে, প্রাথমিক পর্যায়ে সুফিবাদ মোটেই বাহ্যিক প্রভাবে প্রভাবিত হয়নি। কুরআন ও মহানবীর জীবনধারা ছিল সুফিবাদের মূল উৎস। হজরত মহম্মদ নিজের জীবনেই গভীর ধ্যান ও চিন্তায় হীরা পর্বতের গুহায় ধ্যানমগ্ন অবস্থায় থাকাকালীন 'সুফি মনোভাবের' পরিচয় পাওয়া যায়। তাই কুরআন ও হাদিস শিক্ষার মধ্যে যে সুফিবাদের যে বীজ নিহিত আছে, তা ভিতর ও বাইরের প্রভাব দ্বারা সমভাবে পুষ্ট হয়েছিল। তবে ইসলামি সাম্রাজ্য বিস্তারের সঙ্গে সঙ্গে মুসলমানগণ খ্রিস্টান গোষ্ঠীর সংস্পর্শে আসে এবং এই সময়ে খ্রিস্টানদের ধর্মীয় ভাবধারা সুফিবাদে অনুপ্রবেশ করে। অবশ্য ইসলাম সন্ন্যাস জীবন পছন্দ না করলেও মরমিবাদের উন্মেষে খ্রিস্টান সন্ন্যাসীদের প্রভাব দেখা যায়।

উমাইয়া শাসনকাল পর্যন্ত ইসলামি চিন্তাধারার ওপরে বাইরের প্রভাব ছিল না। কিন্তু আব্বাসীদদের উত্থানের সঙ্গে সঙ্গে শিক্ষা ও সাহিত্য সাধনার নতুন যুগের সূচনা হয়। ভারতীয় ও গ্রিক দর্শন সম্পর্কিত গ্রন্থাদি আরবিতে অনুবাদ করা হয়। প্রাচ্য ও প্রতীচ্যের বিপুল জ্ঞান ভাণ্ডার মুসলিম সুধীমণ্ডলীর হাতে এসে পৌঁছায় এবং তারা নতুন করে এতে উদ্বুদ্ধ হয়। অ্যারিস্টটল ও প্লেটোর গ্রন্থগুলি আরবিতে অনূদিত হলে গ্রিক ভাবধারা সুফিবাদে অনুপ্রবেশ করে। ঠিকই একইভাবে সুফিবাদের হিন্দু-বৌদ্ধধর্মের প্রভাব লক্ষ্য করা যায়। পারসিক প্রভাবও সুফিবাদের ক্রমবিকাশে গভীরভাবে পরিলক্ষিত হয়। এই সময় থেকে সুফিবাদ বিদেশি মতবাদ দ্বারা প্রভাবিত হতে থাকে এবং ইসলামি চিন্তাধারার সঙ্গে বিদেশি চিন্তাধারার সমন্বয় ঘটে।

২১. ৩. ৫ : সুফিবাদের লক্ষ্য

১. মানবাত্মার সঙ্গে পরমাত্মার মিলন সাধন হল সুফিবাদের মুল কথা।

২. সুফিবাদ হল একমাত্র পথ যার মাধ্যমে মানুষ প্রকৃত আদর্শ, শেষ লক্ষ্য, আল্লাহার জ্ঞানে ও মহিমায় পৌঁছতে পারে।

৩. সুফিবাদ হল মানুষ ও আল্লাহার মাঝে সেতু স্বরূপ।

৪. সুফিবাদের লক্ষ্য হল আত্মসংযমতা।

৫. আত্মতত্ত্ব, আত্মশুদ্ধি, আত্ম সংশোধন ও আত্মসাধনা হল সুফিবাদের অপর লক্ষ্য।

৬. সুফিবাদকে মুসলিম সমাজের রহস্যভেদের নিগূঢ় শাস্ত্র (Mystic Theology) বলা হয়।

৭. আল্লাহ সর্বত্র বিরাজমান। তিনি তন্দ্রাহীন, নিদ্রাহীন, সদা জাগ্রত। এই আল্লাহকে সর্বত্র দেখতে পাওয়ার নাম সূফিবাদ।

৮. সুফিবাদের প্রথম কথা হল অন্তর জগতকে পরিষ্কার করা।

৯. আল্লাহার স্মরণে আত্মবিস্মৃত হওয়ার অপর নাম সুফিবাদ।

১০. সুফিবাদের শেষ লক্ষ্য হল আল্লাহতে বিলীন ও মিলন।

২১. ৩. ৬ : অতীন্দ্রিয়পথের গুণাবলি

সুফি সাধনার পথে গুণাবলি প্রধানত আটটি।

১. সৃষ্টির সেবা

২. জীবে প্রেম

৩. সাধনার পথে বাধা-বিপত্তি

৪. স্বর্গীয় জ্ঞান

৫. সদা সুখ-দুঃখে উৎফুল্ল

৬. সর্বাবস্থায় সত্যবাদিতা

৭. আল্লাহাতে মিলন

৮. আল্লাহাতে বিলীন।

২১. ৩. ৭ : সুফিবাদের ক্রমবিকাশ

কুরআনের আধ্যাত্মিকতাপূর্ণ আয়াতসমূহ নাজিল হওয়ার সঙ্গে সঙ্গে সুফিবাদের সূত্রপাত হয়। হজরত মহম্মদ নিজে সুফিভাব ব্যক্ত করেছেন। তার কিছু সংখ্যক সাহাবাগণ ইসলামধর্ম গ্রহণের পর থেকেই সুফির ধ্যান ও তন্ময়তা অনুশীলন করতে থাকেন। তারা মসজিদে নবীর একপাশে উপাসক ও আল্লাহার ধ্যানে নিমগ্ন থাকতেন। এই সকল সাহাবাগণ 'আহালুস সাফফা' নামে পরিচিত। অনেকে মনে করেন যে, এই আইলুস সাফফা থেকে 'সুফি' শব্দের উৎপত্তি।

ইসলামের প্রথম খলিফাগণ (খোলাফায়ে রাশেদীন) নানা কাজের মধ্যে ও পার্থিব জগতের জাঁকজমকতা পরিহার করে মাঝে মধ্যে আল্লাহার ধ্যানে নিমগ্ন হতেন। প্রথমে এই সুফি প্রবণতা সীমিত সংখ্যক মুসলমানদের মধ্যে সীমাবদ্ধ ছিল। হজরত উসমানের হত্যাকাণ্ড এবং খোলাফায়ে রাশেদীনের পর যে অরাজক পরিস্থিতির উদ্ভব হয় তাতে একদল মুসলিম পার্থিব জগতের ঊর্ধে অবস্থান করে সর্বক্ষণ আল্লাহার ধ্যানে নিমগ্ন থাকতেন। এই পুণ্যবান ব্যক্তিরাই ছিলেন প্রকৃত অর্থে সুফি। তবে এইসকল পুণ্যবান ব্যক্তি বিদেশি ভাষা জানতেন না এবং গ্রিক দার্শনিকদের সংস্পর্শে আসার সুযোগ পাননি। তারা সর্বদা আল্লাহর ধ্যানে সময় অতিবাহিত করতেন। আল্লাহ ছাড়া তাদের অন্য কোনো চিন্তা থাকত না।

সুফি হিসেবে প্রথম পরিচিতি লাভ করেন বসরাবাসী প্রখ্যাত ইমাম হাসান-আল-বসরি। তিনি মদিনায় জন্মগ্রহণ করেন এবং বসরায় বসতি স্থাপন করেন। ইসলাম ধর্মের বিভিন্ন বিষয়ের ওপর তার পাণ্ডিত্য ছিল। ৭২৮ খ্রিস্টাব্দে তিনি মৃত্যুবরণ করেন। আবু হাসিম শাম ও জাবির- বিন- হায়ানের নামও প্রথম সুফি হিসেবে শোনা যায়। প্রথম সুফি হিসেবে যাকেই বলা হোক না কেন হিজরি দ্বিতীয় শতাব্দীর শেষভাগে "সুফি" নামটি সাধারণ মানুষের মধ্যে পরিচিত হতে থাকে। এই সময়ের সুফি সাধকদের মধ্যে উল্লেখযোগ্য হলেন রহিম-বিন-আদহাম, রাবেয়া-অল-বসরি, দাউদ আততায়ী, মারুফ-অল-কারখি, হারিস-অল-মুহাসিবি প্রমুখ।

সুফিবাদ বিবর্তনের দ্বিতীয় স্তর আরম্ভ হয় হিজরি তৃতীয় শতকে সুফি যুন যুন মিশরির মাধ্যমে। তিনি সর্বপ্রথম সুফিবাদকে মতবাদ হিসেবে রূপদান করেন। তিনি ছিলেন একজন সুফি ও দার্শনিক। তার মতে, তন্ময়তা আল্লাহ সম্পর্কে জ্ঞান লাভের প্রধান উপায়। তিনি বলেন যে, ব্যক্তি আল্লাহকে সম্যকরূপে জানেন, যিনি আল্লাহর মধ্যে সর্বাধিক সমহিত। এই সময় থেকে দিব্যজ্ঞান সাধনার পদ্ধতি সুষ্ঠ ও পূর্ণাঙ্গরূপ লাভ করে।

সুফিবাদে সর্বেশ্বরবাদ বা সর্বখোদাবাদের প্রবক্তা হলেন বায়োজিদ আল-বোস্তামি। তিনি প্রথম ফানা (আত্মবিনাসন) মতবাদের প্রচলন করেন। যার অর্থ ব্যক্তির মধ্যে সকল অশুভ প্রবৃত্তির ধ্বংস সাধন করা। তার মতে, ঐশী জ্ঞান লাভ করতে হলে নিজেকে অবশ্যই আল্লাহার মধ্যে সমাহিত করতে হবে। সুফিবাদে সর্বেশ্বরবাদের অপর প্রবক্তা হলেন আল-মুসাইন-বিন-মনসুর-হাল্লাজ। তিনি মনে করতেন যে, মানুষ মূলত ঐশী। কারণ আল্লাহ তার নিজের প্রতিবিম্বে মানুষকে সৃষ্টি করেছেন।

সুফিবাদের ক্রমবিকাশ দুই পর্য্যায়ে বিভক্ত। i) ইনকিশাফি (গোঁড়া বা রক্ষণশীল পর্যায়), ii) ইসতিদলালি (বুদ্ধিবৃত্তি পর্য্যায়)। প্রথম মতবাদটি সাধারণত ভক্তি প্রধান ও চিন্তাবিদদের নিয়ে গঠিত। হজরত আব্দুল কাদের জিলানি ও খাজা মহিউদ্দিন চিশতি এই মতবাদের প্রধান অনুসারী ছিলেন। দ্বিতীয় মতবাদটি (ইসতিদলাল) এমন একদল ব্যক্তির সমন্বয়ে

গড়ে উঠেছিল যারা বিদেশি বিজ্ঞান অধ্যয়ন ও আত্মস্থ করে কুরআনের শিক্ষা ও বহিরাগত মতবাদের মধ্যে সমন্বয় সাধন করতেন। মহীউদ্দিন ইবনুল আরাবি ও মওলানা জালালউদ্দিন রুমি ছিলেন এদের অনুসারী।

আল কুশাইরির বর্ণনা থেকে জানা যায় যে সূফিবাদকে সাধারণ মুসলমানরা সুনজরে দেখেনি, গোঁড়া মুসলমানরা সুফিদের সন্দেহের চোখে দেখতেন। ইমাম আল-গাজ্জালি সুফিবাদ ও গোঁড়া মতবাদের মধ্যে সমন্বয় সাধন করেন এবং তার প্রচেষ্টায় এটি সাধারণের কাছে গ্রহণযোগ্য হয়। আল-গাজ্জালির সময়ে অনেক সুফি আত্মপ্রকাশ করেন। এই সমস্ত সুফির মধ্যে আল কুশাইরি, আব্দুর কাদির জিলানি, শিহাবউদ্দিন সোহরাবর্দ্দি, ফরিউদ্দিন আক্তার প্রমুখের নাম উল্লেখযোগ্য।

২১. ৩. ৮ : স্পেন ও পারস্যে সূফিবাদ

ত্রয়োদশ শতাব্দীতে স্পেন ও পারস্যে সুফিবাদের ক্রমবিকাশ ঘটে। মহীউদ্দিন ইবনুল আরাবি ছিলেন স্পেনের প্রথম সুফি। তিনি আরবি ভাষাভাষী সুফিদের মধ্যে সর্বশ্রেষ্ঠ স্থানের অধিকারী। তিনি সুফিবাদের সর্বেশ্বর মতবাদকে পূর্ণতা দান করেন, এই মতবাদ 'ওয়াদুল ওজুদ' নামে পরিচিত। ইবনুল আরবি অনুসারীদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন সুফি ইরাকি, শাবিসতারি, কলোনি, জামি প্রমুখ।

ভারতীয় উপমহাদেশের সুফিবাদের ইতিহাসে যারা স্মরণীয় তাদের মধ্যে মহিউদ্দিন চিশতি, বখতিয়ার ফাকি, ফরিদউদ্দিন শাকারগঞ্জ ও নিজামউদ্দিন আউলিয়া। মোজাদ্দে-ই-আলফেসানি নামে খ্যাত শেখ আহমদ সরহিন্দির নামও উল্লেখযোগ্য।

২১. ৩. ৯ : সুফির স্তর পরিক্রমা

আধ্যাত্মিক শিক্ষার স্তর

সুফিবাদ এর নিজস্ব দর্শনের ওপর প্রতিষ্ঠিত। এ. এম. এ. শুস্তারি বলেন, "সুফি দর্শন অনুযায়ী বাস্তবতা হচ্ছে বিশ্বজনীন ইচ্ছা, সত্যকার জ্ঞান, চিরন্তন আলোক ও সর্বোত্তম সৌন্দর্য। এর ধর্ম হচ্ছে বিশ্বদর্পণে প্রতিফলিত আত্মপ্রকাশ।" সুফিবাদ অনুযায়ী জীবনের প্রধান লক্ষ্য হচ্ছে ব্যক্তিগত আত্মাকে বিশ্বজনীন আত্মায় সমাহিত করা। পরম লক্ষ্যে পৌঁছানোর জন্য সূফিকে কতিপয় স্তর অতিক্রম করতে হয়। আত্মিক সফরের পথে এই স্তরগুলো হচ্ছে ১. শরিয়ত, ২. তরিকত, ৩. মারেফত ও ৪. হকিকত।

২১. ৩. ৯. ১ : শরিয়ত

সুফির যাত্রাপথের প্রথম স্তর হল শরিয়ত। এই প্রথম স্তরে সুফিকে গোঁড়া ইসলামি আইন-কানুন অনুসারে মনকে শৃঙ্খলা আনার শিক্ষাদান করা হয়। তাকে নামাজ, রোজা, জাকাত প্রভৃতি যাবতীয় ধর্মীয় অনুষ্ঠান পালন করতে হয়। শরিয়তের বিধি-বিধান পালনের মধ্য দিয়ে সুফি তাঁর প্রবৃত্তিসমূহকে নিয়ন্ত্রিত করেন এবং দেহকে আত্মার অধীনে আনেন।

২১. ৩. ৯. ২ : তরিকত

তরিকত হল সুফি সাধনার দ্বিতীয় স্তর। তরিকতের স্তরে সুফিকে পীর বা মুর্শিদের (আধ্যাত্মিক গুরু) নির্দেশ গ্রহণ করতে হয়। এই স্তরে সুফিকে বিনা প্রশ্নে ও তর্কে পীরের নির্দেশ পালন করতে হয়। সুফি যখন এই স্তরের সমস্ত

নিয়ম-কানুন প্রতিপালন করে পীরের সন্তুষ্টি বিধানে সমর্থ হন, তখন তিনি মুরিদ হিসেবে গণ্য হন। এই স্তরের মুরিদ পীরের (মুর্শিদের) ইচ্ছার মধ্যে নিজের ইচ্ছাকে বিলিয়ে দেন। এই স্তরকে 'ফানা শেখ' বা (শেখের ভিতর আত্মবিলোপ) বলে।

২১. ৩. ৯. ৩ : মারেফত

তরিকতের পরবর্তী স্তর হচ্ছে মারেফত। মারেফত হল আধ্যাত্মিক আলোকের স্তর। এই স্তরে সুফি সাধকের অন্তর আধ্যাত্মিক আলোকে আলোকিত হয়। তিনি তখন বস্তুর নিগূঢ় তত্ত্ব উপলব্ধি করতে শুরু করেন। সৃষ্টি রহস্যের কালো যবনিকা তাঁর চক্ষুর সম্মুখ থেকে সরে যায়। সুফি তখন ধ্যানের মাধ্যমে সৃষ্টি কৌশল বা মানবজীবনের গুপ্ত রহস্য ভেদ করে এক ঐশী জ্ঞানালোকের আভাপ্রাপ্ত হন।

২১. ৩. ৯. ৪ : হকিকত

হকিকত হচ্ছে সুফি সাধনার চূড়ান্ত স্তর। এই স্তরে সুফি শৃঙ্খলা, অনুরাগ, সৎকর্ম ও আত্মশুদ্ধির মাধ্যমে সত্য উপলব্ধি করেন। সুফিদের মতে, শুধুমাত্র ধর্মীয় রীতি-নীতি, আচার-অনুষ্ঠান পালনের মাধ্যমেই এই সত্য লাভ করা যায় না। আত্মশুদ্ধি ও আত্মসমালোচনার মাধ্যমেই কেবল তা সম্ভব, আল্লাহার সঙ্গে মিলনই সুফিদের একমাত্র কাম্য। সুফি সাধকরা আল্লাহার প্রেম ও ধ্যানের মাধ্যমে নিজেদের অস্তিত্ব আল্লাহার মধ্যে বিলোপ করেন। এই স্তরকে বলা হয় 'ফানা ফিল্লাহ' বা আল্লাহ্‌র মধ্যে আত্মবিলোপ। সুফি কবি হাফিজ বলেন, "অন্তর যার প্রেম দ্বারা আলোড়িত হয়, তার মৃত্যু ঘটে না।" হকিকত স্তরে সুফির কোনো নিজস্ব ইচ্ছা বা আকাঙ্ক্ষা থাকে না। আল্লাহার ইচ্ছাই তাঁর ইচ্ছায় সমর্থিত হয়।

২১. ৩. ১০ : সুফিবাদের মূলনীতি সমূহ

সুফিবাদের মূল লক্ষ্যই হল আল্লাহার নৈকট্য লাভ। পরম-সত্তার সঙ্গে মিলনে যে চরম পরিতৃপ্তি তাই সুফি সাধককে ক্ষণস্থায়ী পার্থিব লোভ-লালসা এবং ইন্দ্রিয়াসক্তি থেকে মুক্ত করে তাঁকে মনুষ্যত্বে (ইনসানে কামিল) সাধনায় ব্যাপৃত করে। সুফিসাধকদের এই সাধনায় নিম্নবর্ণিত মূলনীতিসমূহ সাহায্য করে।

২১. ৩. ১০. ১ : তওবা (অনুতাপ)

পাপ বর্জন করে পাপ পথে অগ্রসর না হওয়ার প্রতিজ্ঞাই হল 'তওবা'। অনুতপ্ত ব্যক্তি পাপ কাজ ত্যাগ করে এবং ভবিষ্যতে সে আর পাপ না করার জন্য শপথ গ্রহণ করে। আধ্যাত্মিক সাধনার প্রাথমিক স্তরে যারা নিমগ্ন থাকেন তাদের ক্ষেত্রে তওবা হল কৃত পাপের জন্য অনুশোচনা। কিন্তু যারা এই পথে বেশ কিছুদূর অগ্রসর হয়েছেন তাদের জন্য তওবা হল আল্লাহাতে বিস্মৃত হওয়ার জন্য অনুতাপ। এই অর্থে তওবা হল আল্লাহ ছাড়া অন্য সকল বস্তু থেকে নিজেকে ফিরিয়ে আনা।

২১. ৩. ১০. ২ : তাওয়াক্কুল (নির্ভরশীলতা)

সকল অবস্থাতেই আল্লাহার ওপর নির্ভর করাকেই তাওয়াক্কুল বলে। নির্ভরশীলতা তৌহিদের ধারণা থেকে আগত। আল্লাহ সর্বশক্তিমান এবং তাঁকে ছাড়া অন্য কোনো কিছুর ওপর নির্ভর করা শরিয়তবিরুদ্ধ।

২১. ৩. ১০. ৩ : পরিবর্তন

পার্থিব সুখ ও বিলাসিতা ত্যাগ করে আল্লাহার প্রেমে আত্মোৎসর্গ করাই হল পরিবর্জন। পরিবর্জন দুই প্রকার ১. বাহ্যিক ও ২. আন্তরিক। বাহ্যিক পরিবর্জনের মাধ্যমে সুফিসাধক তাঁদের দৈহিক প্রয়োজন হ্রাস করেন। কিন্তু আন্তরিক পরিবর্জনের মাধ্যমে সুফি সাধকরা ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ের আবেদন থেকে আত্মাকে মুক্ত করেন। প্রখ্যাত সুফি সাধক নিজামউদ্দিন আওলিয়ার মতে, 'অল্প আহার, স্বল্প কথন, স্বল্প মেলামেশা ও স্বল্প নিদ্রার মধ্যেই আছে মানুষের পূর্ণতা। পরিবর্জন নীতির ক্ষেত্রে দেখা যায়, কোনো কোনো সুফি পার্থিব সম্পদের প্রতি সম্পূর্ণ নিরাসক্ত, আবার কেউ কেউ জীবনের সাধারণ চাহিদা ছাড়া অন্য সবকিছু পরিত্যাগের পক্ষপাতী।

২১. ৩. ১০. ৪ : সবর (ধৈর্য)

সকল প্রকার আপদ-বিপদে আল্লাহার ওপর বিশ্বাস রাখাই হল সবর বা ধৈর্য। সুফি সাধকরা জীবনের মূলনীতি হিসেবে সবরের অনুশীলন করে থাকেন। আল্লাহ সবরকারীকে ভালোবাসেন।

২১. ৩. ১০. ৫ : এখলাস (পবিত্রতা)

সুফি সাধকরা হৃদয়ের পবিত্রতা রক্ষা করেন। কারণ, তাঁদের মতে, একমাত্র পূত-পবিত্র অন্তঃকরণে আল্লাহ্‌র নুর প্রতিফলিত হয়, তাই সুফিরা সর্বদা আল্লাহার ধ্যানে নিমগ্ন থাকেন।

২১. ৩. ১০. ৬ : জিকর (স্মরণ)

আল্লাহ্‌র নাম বা কুরআনের কোনো আয়াত বারবার আবৃত্তি করার নাম জিকর। ফানাফিল্লাহ অবস্থায় পৌঁছানোর জন্য সুফিগণ জিকরের আশ্রয় গ্রহণ করে থাকেন।

২১. ৩. ১০. ৭ : শোকর (কৃতজ্ঞতা)

সকল অবস্থায় আল্লাহার প্রতি কৃতজ্ঞ থাকা সুফি সাধনার অন্যতম মূলনীতি। ইমানই কৃতজ্ঞতার উৎস এবং সকল কল্যাণ আল্লাহার দান।

২১. ৩. ১০. ৮ : কাশ্‌ফ (অতীন্দ্রিয় অনুভূতি)

আল্লাহ সম্পর্কে জ্ঞানলাভের উপায় হল কাশ। এই অতীন্দ্রিয় অনুভূতি আসে সূফির তন্ময় অবস্থায়। সাধনার উচ্চস্তরে উন্নীত হয়ে আল্লাহ্‌র অসীমতার মধ্যে নিজেকে যখন হারিয়ে ফেলেন, ঠিক সেই নিবিড় মুহূর্তে তিনি আল্লাহ সম্পর্কে জ্ঞান লাভ করেন।

২১. ৩. ১০. ৯ : সংগীত

সংগীত প্রিয় কোনো কোনো সুফি মনে করেন যে, সংগীতের মূর্ছনা অন্তরের আধ্যাত্মিক অনুভূতি জাগিয়ে তোলে এবং মনকে আল্লাহ্‌র ধ্যানে নিমগ্ন করতে সাহায্য করে। চিশ্‌তিয়া তরিকার সুফিরা সংগীতের সমর্থক। তাঁরা বাদ্যযন্ত্রের সঙ্গে 'সামা' গেয়ে আধ্যাত্মিক ভাব জাগিয়ে তোলেন।

২১. ৩. ১০. ১০ : ফানা ও বাকা

সুফি সাধনার পূর্ণতা ঘটে 'ফানাফিল্লাহর মাধ্যমে 'বাকাবিল্লাহ'-তে উপনীত হওয়ার মাধ্যমে। ফানা ও বাকা সুফি সাধনার সর্বোচ্চ স্তর বলে গণ্য হয়। ফানা'র অর্থ আত্মবিনাশ, আর বাকা'র অর্থ ঐশী সত্তার স্থায়িত্ব লাভ। সুফি সাধক তন্ময়তার মাধ্যমে নিজের ব্যক্তিগত সত্তাকে ভুলে গিয়ে ঐশী সত্তার উপনীত হন অর্থাৎ আল্লাহ্‌র চিরন্তন সত্তায় অবস্থান করেন। 'বাকাবিল্লাহ' অবস্থায় সুফি সাধক ঐশী গুণে গুণান্বিত হন এবং তাঁর সকল ইচ্ছা আল্লাহার ইচ্ছায় বিলীন হয়ে যায়।

২১. ৩. ১১ : 'ফানা' ও 'বাকা' সম্বন্ধে সুফিবাদের মত

অন্যান্য সুফি মনে করেন যে, 'ফানা' বলতে সত্তার বিলোপ এবং দৈহিক অস্তিত্বের বিনাশ বোঝায় না; 'বাকা' বলতেও মানুষের মধ্যে আল্লাহ্‌র অবস্থানকে বোঝায় না। 'ফানা'র যথার্থ অর্থ নিজের অসম্পূর্ণতা সম্পর্কে ব্যক্তির আত্মচেতনা। এ কথা সত্য যে, ব্যক্তিগত বিনাশ ঘটলে সুফি আল্লাহার ইচ্ছার মধ্যে সমাহিত হয়। কিন্তু তাই বলে বলা যায় না যে, মানবিক গুণাবলি ঐশ্বরিক গুণাবলির সঙ্গে অভিন্ন। আল্লাহ সম্পর্কে স্বীয় চিন্তার নিবিষ্টতার মধ্যেই অভিন্নতা উপলব্ধি করা যায়, যা দ্বারা ব্যক্তি তার চারপাশের সবকিছুতেই খোদাকে অনুভব করে; নিজস্ব সত্তাকে অতিক্রম করে আল্লাহ্‌র মধ্যে আত্মসমাহিত হওয়াই সুফিবাদের আদর্শ। সত্যিকারের মানুষের উচিত বহুত্ব হতে একত্বে উন্নীত হওয়ার চেষ্টা করা।

কে প্রথম সুফি নামে অভিহিত হয়েছিলেন তা বলা মুশকিল। অনেকের মতে, কুফার আবু হাশিম শামি-ই সর্বপ্রথম সুফি নামে অভিহিত হন। ১৬২ হিজরিতে তিনি প্রাণ ত্যাগ করেন। এই হিজরির শেষদিকে মুসলমানদের মধ্যে "সুফি" শব্দের ব্যাপক প্রচলন শুরু হয়। এই সময় পবিত্র কুরআনের শিক্ষা কয়েকজন মুসলমানকে আল্লাহার সাধনায় গভীরভাবে অনুপ্রাণিত করে। তাঁরা আল্লাহার ধ্যান-ধারণাকেই তাঁদের জীবনের একমাত্র ব্রত হিসেবে গ্রহণ করেন। এই সকল ধর্মতাপসের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন ইব্রাহিম বিন-আদহাম, রাবেয়া আল-বসরি, ফুজায়েল বিন ইয়াজ ও হাবিব আল মুসাহেবি। তাঁদের ধর্ম সাধনা এক নতুন দর্শনের জন্ম দেয়।

হিজরির তৃতীয় শতকের শেষের দিকে সুফি-সাধকদের জীবনবৃত্তান্ত অবলম্বন করে তাদের উপাসনা পদ্ধতি রচিত হয়। এই সময় থেকে সুফি মতবাদ নিয়মতান্ত্রিক পথে পরিচালিত হতে থাকে। যুনুন আল-মিশরি এই মতবাদকে সর্বপ্রথম সুসংগঠিত করেন। তৌহিদকেই তিনি সুফিবাদের ভিত্তি হিসেবে প্রতিষ্ঠিত করেন। বিখ্যাত সুফি শেখ জুনায়েদ বাগদাদি (মৃত্যু ২৯৭ হিঃ) সুফিবাদের উক্ত নীতিকে সুসংগঠিত করেন। শিবলি খোরাসানি এই শিক্ষাকে আরও সম্প্রসারিত করেছিলেন। কিন্তু তখন পর্যন্ত সূফি দর্শনের মূল লক্ষ্য ছিল খোদাতত্ত্ববাদ। কালক্রমে সুফিদের মধ্যে সর্বেশ্বরবাদের ধারণা জন্মলাভ করে। আল্লাহাতে বিলীন (ফানাবিল্লাহ) হওয়াকে সুফিরা তাদের সাধারণ চরম লক্ষ্যে প্রবেশ হিসেবে গণ্য করে। এই পর্যায়ে সুফিরা বিশ্বাস করত যে, আত্মা আল্লাহারই অংশবিশেষ। নিজেকে জানার অর্থ আল্লাহাকে জানা। সর্বেশ্বরবাদী চিন্তাধারার প্রবক্তা ছিলেন বায়োজিদ আলী বুস্তামি ও হুসাইন বিন-মনসুর আল-হাল্লাজ।

নবম ও দশম শতকের সুফিরা তাঁদের আধ্যাত্ম দর্শনে যথেষ্ট অগ্রসর হন। তাঁদের সাধনায় মানবাত্মার সঙ্গে পরমাত্মার বা খোদার মিলনের মহাগুপ্ততত্ত্ব প্রাধান্য লাভ করে। এই সময়ে তাঁরা প্রথম প্রকাশ্যে 'আনাল হক' মহাবাণী প্রচার করেন। 'হক' অর্থ সত্য। এই সত্যের মতবাদ দ্বারা সুফিরা নিজেকে, নিজের আত্মাকে ও আল্লাহাকে সত্য বলে প্রচার করেন। বিশেষত, ইরানের দার্শনিক ও সুফিরা 'হক' শব্দকে 'খোদা' শব্দের বিকল্প হিসেবে গ্রহণ করেন। এজন্য হুসাইন

বিন মনসুর হাল্লাজের 'আনাল হক' এই দর্শন ও অনুভূতিকে শরিয়তপন্থী সুফি ও দার্শনিকরা স্বীকার করতে পারেননি। তাঁরা তাঁকে প্রাণদণ্ড দিয়েছিলেন। তাঁর অনুসারীরা তাঁকে একজন শহীদ হিসেবে গণ্য করেন।

২১. ৩. ১২ : সূফিদের তরিকা

খ্রিস্টীয় দশম শতাব্দী থেকে সুফিরা বিভিন্ন তরিকায় বিভক্ত হয়ে পড়েন। ইসলামি বিশ্বকোষে একশতেরও বেশি সুফি তরিকার উল্লেখ আছে। প্রত্যেক তরিকা আবার কয়েকটি শাখায় বিভক্ত। বহুসংখ্যক সুফি তরিকার মধ্যে কাদোরিয়া, নক্সবন্দিয়া, শাহতারিয়া, চিশ্‌তিয়া, সোহ্‌রাওয়ার্দিয়া ও মোজাদ্দিদিয়া বিশেষ গুরুত্বপূর্ণ।

২১. ৩. ১২. ১ : কাদেরিয়া তরিকা

হজরত মহীউদ্দিন আবদুল কাদের জিলানী (রাঃ) ছিলেন কাদেরিয়া তরিকার প্রতিষ্ঠাতা। ১০৭৭-৭৮ খ্রিস্টাব্দে তিনি কাস্পিয়ান সাগরের দক্ষিণে জিলান জেলার নিফ নামক গ্রামে জন্মগ্রহণ করেন। ১১৬৬ খ্রিস্টাব্দে তাঁর মৃত্যু হয়। হজরত আবদুল কাদের জিলানী (রাঃ) বাগদাদে শিক্ষা লাভ করেন। তিনি বাগদাদের তদানীন্তন বিখ্যাত সুফি আবুল খায়ের মুহম্মদ বিন মুসলিমের কাছে তসাউফের শিক্ষা গ্রহণ করেন। এরপর তিনি বাগদাদের হাম্বলি মাজহাবের প্রতিষ্ঠিত মাদ্রাসার অধ্যক্ষ কাজী আবু সাদ মোবারক আল-মুকাররমির কাছ থেকে 'খিরকা' লাভ করেন। শিক্ষা লাভের পর হজরত আবদুল কাদের জিলানী (রাঃ) বাগদাদের হাম্বলি মাদ্রাসার অধ্যক্ষের পদ অলংকৃত করেছিলেন। এই সময় তিনি একটি খানকাহ্‌রও প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে মাদ্রাসা ও খানকাহ্‌ উভয়ই মোঙ্গল নেতা হালাগু খান কর্তৃক বাগদাদের ধ্বংসের সময় নষ্ট হয়ে যায়।

হজরত আবদুল কাদের জিলানী (রাঃ)-এর জীবিতকালেই কাদেরিয়া তরিকা বেশ জনপ্রিয় হয়ে ওঠে। তাঁর মৃত্যুর পর তাঁর শিষ্যদের চেষ্টায় এই তরিকা সমগ্র মুসলিম জাহানে বিস্তার লাভ করে। বর্তমানে আরব, তুরস্ক, মিশর, উত্তর-আফ্রিকার মুসলিম দেশসমূহ ও ভারতীয় উপমহাদেশে এই তরিকার বহু অনুসারী রয়েছে।

২১. ৩. ১২. ২ : সোহরাওয়ার্দিয়া তরিকা

শেখ নজিবউদ্দিন আবদুল কাদির ছিলেন সোহ্রাওয়ার্দিয়া তরিকার প্রতিষ্ঠাতা। তিনি জিবালের অন্তর্গত সোহ্‌রাওয়ার্দ শহরে জন্মগ্রহণ করেন। তিনি নিজামিয়া কলেজের অধ্যক্ষ ছিলেন এবং হাদিসশাস্ত্রে তাঁর বিরাট ব্যুৎপত্তি ছিল। তাঁর মৃত্যুর পর তাঁর ভ্রাতুষ্পুত্র শিহাবউদ্দিন ওমর বিন আবদুল্লাহ সোহরাওয়ার্দি এই তরিকার বিশেষ উৎকর্ষ সাধন করেন। এজন্য অনেকে মনে করেন যে, শিহাবউদ্দিনই সোহরাওয়ার্দিয়া তরিকার প্রকৃত প্রতিষ্ঠাতা। অনেকে তাঁর শিষ্যত্ব গ্রহণ করেন। বিখ্যাত ফারসি কবি শেখ সাদি তাঁর শিষ্য ছিলেন। শেখ শিহাবউদ্দিন সোহ্‌রাওয়ার্দি তসাউফ বিষয়ে 'আওযারিফ-উল-মুআরিফ' নামক একটি গ্রন্থ রচনা করেন। তাঁর অনেক শিষ্য ভারতীয় উপমহাদেশে আসেন। এই সমস্ত শিষ্যদের মধ্যে শেখ বাহাউদ্দিন জাকারিয়া মুলতানির নাম এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি মুলতানে বসতি স্থাপন করেন এবং এ দেশে ধর্ম প্রচারে ব্রতী হন।

তিনি এই দেশে সোহরাওয়ার্দিয়া তরিকার প্রতিষ্ঠাতা। তাঁর প্রচেষ্টায় এই তরিকা ভারতীয় উপমহাদেশে প্রাধান্য লাভ করে। পাকিস্তান ও গুজরাটে ইসলাম প্রচারে সোহরাওয়ার্দিয়া তরিকার যথেষ্ট অবদান রয়েছে। শেখ শিহাবউদ্দিনের আর এক শিষ্য শেখ জালালউদ্দিন তবরেজি মূলতানির নাম এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি মুলতানে বসতি

স্থাপন করেন এবং এ দেশে ধর্ম প্রচারে ব্রতী হন। তিনি এই দেশে সোহরাওয়ার্দিয়া তরিকার প্রতিষ্ঠাতা। তাঁর প্রচেষ্টায় এই তরিকা ভারতীয় উপমহাদেশে প্রাধান্য লাভ করে। শেখ শিহাবউদ্দিনের আর এক শিষ্য শেখ জালালউদ্দিন তবরেজি মুলতান ও দিল্লির মধ্য দিয়ে বাংলাদেশে আসেন। বাংলাদেশে তাঁর শিষ্যরা জালালিয়া নাম ধারণ করেন।

২১. ৩. ১২. ৩ : চিশ্‌তিয়া তরিকা

চিশতের খাজা আহমদ অবদাল (মৃত্যু ৯৬৫-৬৬ খ্রি.) এই তরিকার প্রতিষ্ঠাতা। খাজা মঈনউদ্দিন চিশতি এই তরিকাকে ভারতীয় উপমহাদেশে নিয়ে আসেন। সূফিসাধকদের ইতিহাসে খাজা মঈনউদ্দিন চিশতি অত্যন্ত জনপ্রিয় ও প্রভাবশালী ছিলেন। ১১৯৩ খ্রিস্টাব্দে তিনি সুলতান মুহম্মদ ঘোরীর সময় ভারতবর্ষে আসেন এবং আজমিরকে তাঁর প্রচারকার্যের কেন্দ্র করেন। আজমিরে খানকাহ স্থাপন করে তিনি ইসলাম প্রচারে ব্রতী হন। তিনি বাকি জীবনটা আজমিরেই কাটান। ১২৩৬ খ্রিস্টাব্দে আজমিরেই তাঁর মৃত্যু হয় এবং তাঁর মৃত্যুর পর আজমিরে তাঁর দরগাহ তীর্থক্ষেত্রে পরিণত হয়। আজও হাজার হাজার লোক তাঁর দরগাহ জিয়ারতে যায়।

এই উপমহাদেশের হিন্দু-মুসলমান সকলের কাছেই খাজা মঈনউদ্দিন চিশতি প্রিয় ছিলেন। এ দেশের জনগণ তাঁকে আদর করে 'খাজা গরিব নওয়াজ' (গরিব লোকদের সেবক) বলে ডাকত। সুনাম ও সুখ্যাতির জন্য তিনি ভারতীয় উপমহাদেশে 'সুলতান-উল-হিন্দ' (আধ্যাত্মিক পর্যায়ে হিন্দুস্থানের সুলতান) নামে পরিচিতি লাভ করেন। পাকিস্তান, ভারতবর্ষ ও বাংলাদেশে চিশ্‌তিয়া তরিকার অগণিত শিষ্য আছে। শেখ কুতুবউদ্দিন বখতিয়ার কাকি ও শেখ করিদউদ্দিন গঞ্জ শাখার (বাবা ফরিদউদ্দিন নামে সমধিক পরিচিত) খাজা মঈনউদ্দিন চিশতির দুইজন প্রধান খলিফা ছিলেন। তাঁদের চেষ্টায় চিশ্‌তিয়া তরিকা এই দেশে খুব জনপ্রিয় হয়ে ওঠে।

২১. ৩. ১২. ৪ : নকশাবন্দিয়া তরিকা

খাজা মুহাম্মদ বাহাউদ্দিন মুহম্মদ নকশবন্দ-আল-বুখারি (১৩১৭-১৩৮৯) নকশাবন্দিয়া তরিকার প্রতিষ্ঠাতা ছিলেন। তিনি প্রথমে খাজা আহমদ ইয়াসভির শিষ্যত্ব গ্রহণ করেন। খাজা আহমদ তাঁকে খলিফা নিযুক্ত করে যান। খাজা বাহাউদ্দিন এই তরিকার এমন উন্নতি সাধন করেন যে, তাঁর সময় থেকে এই তরিকা 'নকশাবন্দিয়া তরিকা' নামে অভিহিত হয়। 'নকশাবন্দ' শব্দের অর্থ চিত্রকর। এই তরিকার সুফিরা আল্লাহার মহিমার চিন্তা অন্তরে পোষণ করতেন বলে তাঁদেরকে 'নকশাবন্দি' বলা হয়। নকশাবন্দিয়া তরিকার প্রতিষ্ঠা বহু পূর্বে হলেও এই তরিকা ভারতীয় উপমহাদেশে অন্যান্য তরিকার শেষে আসে। নকশাবন্দিয়া তরিকার অনুসারীরা তুরস্ক, চিন, জাভা, ভারত, পাকিস্তান, বাংলাদেশ প্রভৃতি দেশে ছড়িয়ে আছেন। এই তরিকার অনুসারীরা নীরবে জিকর করেন।

২১. ৩. ১২. ৫ : শাততারিয়া তরিকা

শাহ আবদুল্লাহ (মৃত্যু ১৪৮৫ খ্রি.) শাততারিয়া তরিকার প্রতিষ্ঠাতা। জৌনপুর ও বিহারের শাততারিয়া তরিকার সুফিদের খুব প্রভাব-প্রতিপত্তি ছিল। এই তরিকার সুফিরা আল্লাহার একত্বের (তৌহিদ) ওপর খুব জোর দেন।

২১. ৩. ১৩ : সূফিবাদের গুরুত্ব

মধ্য ইসলামিক ভূখণ্ডে তথা ভারত ভূমির ওপর সুফিবাদের প্রভাব ছিল অপরিসীম।

i) সুফিসাধক কর্তৃক প্রচারিত আল্লাহার একত্ববাদ, বিশ্ব সাম্যবাদ ও ভ্রাতৃত্ববাদের আদর্শের প্রচার অপরদিকে সরল ও সহজ প্রার্থনা সুফিদের জনপ্রিয় করেছিল।

ii) ইসলামি আধ্যাত্মিকতার ক্ষেত্রে সুফিবাদ এক বিরাট বিপ্লব আনয়ন করেন। সুফি মতবাদ প্রচারের ক্ষেত্রে ইবনুল ফরিদ, ইবনুল আরবি, ফরীদউদ্দিন আক্তার, মাওলানা রুমি, হাফিজ, জামি প্রমুখ ব্যক্তির দান অপরিসীম। সুফি দর্শন ও অনুভূতিকে সহজ ও সুন্দর করে তাঁরা মানুষের কাছে তুলে ধরেছিলেন। তাঁদের প্রচেষ্টায় ইসলামি আধ্যাত্ম সাধনার পথ প্রশস্ত হয়। ইমাম গাজ্জালির মতো প্রখ্যাত দার্শনিক ইসলামি বিচার ও যুক্তি-তর্কের মাধ্যমে সুফি মতবাদকে সকল মানুষের কল্যাণের উপযোগী করেন। সিরিয়া, ইরাক, পারস্য ও আরবের ভাবধারায় গঠিত সুফি মতবাদ ভারতবর্ষেও প্রসারিত হয় এবং এখানেও এক উন্নত ও পরিপুষ্ট সাহিত্য জন্মলাভ করে।

iii) সুফিবাদ এবং সুফি সমাজে ইতিহাসে অবদান নিয়ে যতই বিতর্ক থাকুক না কেন বিশ্বে ইসলামকে তুলে ধরতে ইসলামের নির্ভেজাল প্রচার ও নিরঙ্কুশ প্রসারে ইসলামের মূল উদ্দেশ্য। সুদূর লক্ষ্য ও তার অমিত প্রাণ শক্তিকে জাগরিত করতে, ক্ষয়িষ্ণু মানব সমাজের প্রহরীর কাজে, দুর্গত মানবতার উদ্ধারকল্পে, আপসহীন চিত্তে মনুষ্যত্বের পতাকা উত্তোলন করতে বিশ্ব মানবকে আপন করতে স্বর্গ-নরকের লোভ, ভয়কে পরিহার করে এক আল্লাহার প্রেমে তার প্রশংসা ও জয়গান গাইতে জীর্ণ মানবতার ময়দানে, মূর্ছাপ্রায় মনুষ্যত্বের শ্মশানভূমিতে মরণের মুখোমুখি দাঁড়িয়ে ও অখণ্ড মানব সমাজের চির অবহেলিত, গভীর বেদনাহত মানুষগুলির বুকে সাম্য ও ভ্রাতৃত্বের নিষ্কলঙ্ক ফুল ফোটাতে সুফি সমাজ নিরন্তর ও উল্লেখযোগ্য অবদান রেখেছে।

iv) ইসলামের মহান সুফিকুল আজও সারা বিশ্বের মহাবিস্ময়। মানুষের চারিত্রিক, মানবিক, সামাজিক ও সাংস্কৃতিক মূল্যায়নে তাদের বাণী আজও অক্ষয় হয়ে আছে। রাষ্ট্র নেতাদের রাজনৈতিক চিন্তাধারা সুফিবাদ দ্বারা প্রভাবিত হয়।

v) সুফিবাদের সমাধিক্ষেত্রগুলি জনগণের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। এই সমাধিক্ষেত্রগুলির সঙ্গে অতিথিশালা যুক্ত থাকায় বহু দর্শনার্থীদের সমাগম ঘটে। তাছাড়া হজরত মহম্মদের জন্মদিন বা সুফি সাধকদের মৃত্যুবার্ষিকী মহাসমারোহে পালিত হয়। যেমন মিশরের তান্টা, ভারতের আজমির বিখ্যাত ছিল।

vi) সুফি সাধকদের ধর্মপ্রচারের ফলে আঞ্চলিক ভাষা ও সাহিত্যের প্রসার লাভ করে। বিশেষত, সুফিদের কবিতাগুলি শুধু আরবি বা পারসিক ভাষায় নয় বিভিন্ন দেশে বিভিন্ন আঞ্চলিক ভাষায় বিকাশ লাভ করে। যেমন ভারতে হিন্দি, বাংলা, গুজরাটি, তামিল, কাশ্মীরি প্রভৃতি। চিশ্‌তি কবি হিসেবে মহম্মদ জয়সী এবং অটোমান কবি হিসেবে শাইখ গালিব ছিলেন বিখ্যাত।

vii) সুফি সাধকদের মাধ্যমে ইরান, ভারত, আন্দালুসিয়া, তুর্কিস্তান প্রভৃতি দেশে সুফি শিক্ষার মাধ্যমরূপে সংগীতকলার বিকাশ ঘটে। ভারতে বিশেষত সুফিদের প্রভাবে কাওয়ালী সংগীত প্রসার লাভ করে।

সূফি সংগীত

viii) সুফি সাধকদের প্রভাবে ভারতে খানকাহগুলি ধর্মচর্চা, বিদ্যাচর্চা ও জ্ঞানান্বেষণের কেন্দ্রে পরিণত হয় অপরদিকে সুরাপান, জুয়াখেলা, ক্রীতদাসপ্রথা প্রভৃতি সামাজিক অনাচারের বিরুদ্ধে সুফি সাধকরা সরব হয়েছিল।

ix) ভারতের ভক্তি আন্দোলনকে প্রভাবিত করে। অপরদিকে ভারতের বৌদ্ধ ধারা, উপনিষদ ও যোগ সাধনা দ্বারা সুফিরা প্রভাবিত হয়েছিল। অপরদিকে সুফিবাদের প্রভাবে ইসলামের ভারতীয়করণ ঘটে।

x) সুফি আন্দোলনে নারীদের যোগদান ছিল চোখে পড়ার মতো। বিশেষত আমেরিকান নারীরা Mevlevi নৃত্য পরিবেশন করত প্রকাশ্য অনুষ্ঠানে এবং আধ্যাত্মিক নেত্রীর ভূমিকা পালন করে। অবশ্য এই ধরনের বিশিষ্ট মহিলারা ঐতিহ্যবাদী মুসলিম সমাজে অপরিচিত নয়। আজ বিশ্বব্যাপী পরিবর্তনের ফলে নারীদের গুরুত্বপূর্ণ ভূমিকা সুফি সংগঠকের সামনে উপস্থাপিত হয়েছে বিশেষত তুর্কি, পাকিস্তান এমনকি আমেরিকা ও ইউরোপ মহাদেশে।

২১. ৩. ১৪ : সুফিবাদের পতন

সুফিবাদ অল্প সময়ের মধ্যে বিশ্বের বিভিন্ন দেশে বিস্তৃত হলেও নানা কারণে এটা স্থায়িত্ব লাভ করতে পারেনি। এর পিছনে অবশ্য নানা কারণ ছিল

১. সুফিবাদে পাশ্চাত্য ধ্যানধারণার অনুপ্রবেশ।

২. বৈদেশিক প্রভাবে সুফিবাদের মৌলিকতা হরণ।

৩. সুফিবাদকে প্রকৃত ইসলামসম্মত বলে গ্রহণে জনসাধারণের অনীহা।

৪. সুফিবাদে সর্বখোদাবাদ সম্পর্কে জনসাধারণের দুর্বোধ্যতা।

৫. ওয়াহাবি, হাম্বলি ও শিয়া সম্প্রদায়ের বিরোধিতা।

৬. সুফিসম্প্রদায়ের অন্যতম প্রাণকেন্দ্র খিবা ও বোখরার ধ্বংস সাধন।

২১.৩.১৫ : উপসংহার

সুফিবাদের পতন হওয়া সত্ত্বেও বলা যায়, সুফিবাদীরা ধর্মীয় ও সংস্কৃতির ক্ষেত্রে যে অবদান রেখেছিলে তার তাৎক্ষণিক প্রভাব আরব ভূখণ্ডে পড়লেও পরে তা পারস্য, তুরস্ক, ভারত, পাকিস্তান ,বাংলাদেশ ও অনান্য এশিয়ান , আফ্রিকান, এমন কি আমেরিকা মহাদেশের উপর পড়েছিল। তাছাড়া সুফিবাদ মুসলিম সমাজ গঠনে বিশেষত স্বধর্ম প্রচার ও শিক্ষাগত ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলেছিল।আবার ঐতিহাসিক William Chittick বলেছেন, In a broad sense, Suffism can be described as the interiorisation and intensification of Islamic faith and practices. (বৃহত্তর অর্থে সুফিবাদ ইসলামিক বিশ্বাস ও অনুশীলনসমূহের একত্রীকরণ ও প্রসারতাকে বোঝায়।) তাছাড়া সুফিবাদ শুধু ইসলামিক জগৎকে নয় ,পাশ্চাত্যের আধ্যাত্মবাদকে নানাভাবে প্রভাবিত করেছিল।

২১.৩.১৬ নির্বাচিত প্রশ্নাবলী

বিভাগ — ক

(প্রশ্নের মান ২)

১. সুফি কাদের বলা হয়?

২. তাসাউফ কী?

৩. সুফিবাদের অর্থ লেখ।

৪. সুফিবাদের লক্ষ্য কী?

৫. সুফিবাদের সঙ্গে নিকট প্রাচ্যের সম্পর্ক লেখ।

৬. সুফিবাদের মূল লক্ষ্য কী ছিল?

৭. সুফি সাধকদের অতীন্দ্রিয় পথে অগ্রসর হতে গেলে কী কী গুণাবলির প্রয়োজন?

৮. আহালুস সাফফা কাদের বলা হয়েছে?

৯. প্রথম সুফি হিসেবে কে খ্যাতি অর্জন করেছিলেন?

১০. যুন যুন মিশরি কে ছিলেন?

১১. ফানা কী?

১২. বাকা কী?

১৩. সুফিবাদে সর্বেশ্বরবাদ মতবাদটি কী?

১৪. সুফি মতবাদ ক্রমবিকাশের দুটি পর্য্যায় লেখ।

১৫. ওয়াদুল ওজুদ বলতে কী বোঝ?

১৬. সুফিবাদের আধ্যাত্মিক স্তরে পৌঁছানোর কটি লক্ষ্য আছে ও কী কী?

১৭. তরিকত কী?

১৮. হকিকত কী?

১৯. ভারতের দুজন সুফি সাধকের নাম লেখ।

২০. সুলতাল-উল-হিন্দ কাকে বলা হয়?

২১. নকশাবন্দিয়া তরিকা অনুসরণকারী দুটি দেশের নাম লেখ।

২২. সুফিবাদ মতবাদ পতনের দুটি কারণ লেখ।

বিভাগ — খ

(প্রশ্নের মান ৫)

১. সুফিবাদের উৎপত্তির ইতিহাস আলোচনা করো।

২. সুফিবাদের মূলনীতি সমূহ আলোচনা করো।

৩. সুফি স্তর সম্পর্কে যাহা জান লেখ।

৪. কাদেরিয়া তরিকা সম্বন্ধে যাহা জান লেখ।

৫. সোহরাবর্দী তরিকা সম্বন্ধে যাহা জান লেখ।

৬. চিশতি তরিকা সম্বন্ধে যাহা জান লেখ।

৭. নকশাবন্দিয়া তরিকা সম্বন্ধে যাহা জান লেখ।

৮. সুফিবাদের গুরুত্ব লেখ।

বিভাগ — গ

(প্রশ্নের মান ১০)

১. সুফিবাদের উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে যাহা জান লেখ।

২. দশম শতাব্দীর পর থেকে বিভিন্ন সূফি তরিকা সম্পর্কে যাহা জান লেখ।

২১.৩.১৭ নির্বাচিত গ্রন্থপঞ্জী

১. কে. আলি, মুসলিম সংস্কৃতির ইতিহাস, দ্বিতীয় মুদ্রণ, আলেয়া বুক ডিপো, ঢাকা, বাংলা বাজার, ২০১৯।

২. Rakesh Kumar, Ancient and Medieval world. Sage Publication, New Delhi, 2018

৩. ওসমান গনী,ইসলাম ও সুফী সমাজ, পুনর্মুদ্রণ, পারুল প্রকাশনী, কলকাতা, ২০১৮।

৪. Marshall G. S. Hodgson, Venture of Islam, Vol. 1, Chicago University Press, Chicago, 1974.

৫. ফিলিপ. কে. হিট্টি, আরব জাতির ইতিহাস, পুনর্মুদ্রণ, আদি মল্লিক ব্রাদার্স, কলকাতা, ২০১৬।

website

৬. https://www.britannica.com

পর্যায়-৭

একক ২২ ❐ নগরায়ণ এবং বানিজ্য

গঠন

২২.০ : উদ্দেশ্য

২২.১ : নগরায়ন

২২.১.১ : সূচনা

২২.১.৩ : মক্কা

২২.১.৪ : মদিনা

২২.১.৫ : তায়েফ

২২.১.৬ : কুফা

২২.১.৭ : বসরা

২২.১.৮ : দামাস্কাস

২২.১.৯ : উমাইয়া আমলের গুরুত্বপূর্ণ নগর

২২.১.১০ : বাগদাদ

২২.১.১১ : উপসংহার

২২.২ : বাণিজ্য

২২.২.১ : সূচনা

২২.২.২: উমাইয়া আমলের বাণিজ্য

২২.২.৩ : রেশমপথ

২২.২.৪ : মশলাপথ

২২.২.৫ : আব্বাসীদ আমলের বাণিজ্য

২২.২.৬ : উপসংহার

২২.৩. : নির্বাচিত প্রশ্নাবলী

২২.৪. : নির্বাচিত গ্রন্থপঞ্জী

একক ২২.০ উদ্দেশ্য

- আলোচ্য একক পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা মুসলিম ভূখণ্ডে নগরায়নের কারন সম্পর্কে অবগত হবে।
- মধ্য প্রাচ্যের উল্লেখযোগ্য নগর সমুহ সমন্ধে সম্যক ধারনা প্রদান করা উক্ত এককের অপর উদ্দেশ্য।
- এই এককের দ্বারা শিক্ষার্থীরা প্রাচীন আরব, উমাইয়া ও আব্বাসীদ আমলের ব্যবসা বানিজ্যের অগ্রগতি সম্পর্কে জানতে পারবে।

২২.১: নগরায়ণ

২২.১.১: সূচনা

নগরায়ণ হল এমন একটি প্রক্রিয়া যার দ্বারা বিপুল সংখ্যক মানুষ স্থায়ীভাবে তুলনামূলক ছোটো অঞ্চলে কেন্দ্রীভূত হয়ে শহর তৈরি করে এবং অধিকাংশ মানুষ অ-কৃষি কাজের সঙ্গে যুক্ত হয়ে পড়ে। সাধারণত নগর জনপদের পেশাগত কাঠামো, সামাজিক ও সাংস্কৃতিক মূল্যবোধ গ্রামীণ জনপদ থেকে পৃথক হয়ে থাকে এবং এই জনপদের নাগরিকরা ব্যাবসা-বাণিজ্য, শিক্ষা, প্রশাসন, উৎপাদন ইত্যাদি বহুবিধ কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দুরূপে কাজ করে। পাশাপাশি বিনোদন, স্থাপত্য, ভাস্কর্য, শিল্প, সাহিত্য প্রভৃতি কর্মকাণ্ডের চর্চা ও বিকাশে সুযোগ ও সহায়তা করে।

প্রাক ইসলামিক যুগে আরবভূমিতে কিছু নগর থাকলেও খোলাফায়ে রাশেদীন, উমাইয়া ও আব্বাসীদ আমলে মধ্য ইসলামিক ভূখণ্ডে একাধিক নগর গড়ে উঠেছিল (যেমন- মক্কা, মদিনা, কুফা, বসরা, দামাস্কাস, বাগদাদ, মার্ভ, সমরখন্দ)। বিশেষত সপ্তম, অষ্টম ও নবম আরবজাতির কর্তৃত্ব আরবভূমি অতিক্রম করে নিকট প্রাচ্য এবং সাসানীয় ও বাইজানটাইন সাম্রাজ্যের প্রতিষ্ঠিত হলে, এই পর্বের নগরায়ণ প্রক্রিয়া এক নতুন মাত্রা পায়।

২২.১.২ : নগরায়ণের কারণ

১. রাজনৈতিকভাবে বিশৃঙ্খল, সামাজিক ও নৈতিক কুসংস্কারে আচ্ছন্ন আরবজাতিকে সুসংহত করে ইসলামিক রাষ্ট্রব্যবস্থার ভিত্তি স্থাপন করেন হজরত মহম্মদ। তার জন্মস্থান, ধর্মপ্রচার ইত্যাদি ধর্মীয় মাহাত্ম্যের প্রভাবে নগরের শ্রীবৃদ্ধি ঘটে। যেমন মক্কা, মদিনা।

২. খলিফা দ্বিতীয় উমর যে সকল সৈন্য শিবির স্থাপন করেছিল তা কালক্রমে বর্ধিষ্ণু নগরের আকার পায়। যেমন বসরা, কুফা।

৩. উমাইয়া ও আব্বাসীদ আমলে আরব ভূখণ্ডের ভৌমিক সম্প্রসারণ।

৪. ব্যাবসা-বাণিজ্য (বিশেষত আন্তর্জাতিক বাণিজ্যের বিকাশ)।

৫. কৃষির উন্নয়ন ও আর্থিক সমৃদ্ধি।

৬. খলিফাদের প্রবর্তিত সুষ্ঠ প্রশাসনিক নীতি - ইত্যাদি।

২২.১.৩ : মক্কা

মুসলিমদের কাছে সবথেকে পবিত্র শহর হল মক্কা। টলেমী বর্ণিত 'মাকুবারা' শব্দ থেকে মক্কা শব্দটি এসেছে। যার অর্থ হল উপাসনাস্থল। হজরত মহম্মদের জন্মের বহু আগে থেকেই এই শহরটি ধর্মীয় স্থানে পরিণত হয়েছিল।লোহিত সাগর থেকে প্রায় ৪৮ মাইল দূরে দক্ষিণ আল হিজাজের অন্তর্গত তিহামাতে এক রুক্ষ ও পাথুরে উপত্যকায় মক্কার অবস্থান।

মক্কা

কুরআনে মক্কাকে চাষযোগ্য বলে বর্ণনা করা আছে। তবে এখানকার তাপমাত্রা ছিল অসহনীয়। কথিত আছে যে, তাঞ্জিয়ার থেকে আগত বিখ্যাত পর্য্যটক ইবন বতুতা যখন খালি পায়ে কাবার চারদিক প্রদক্ষিণ করতে চেয়েছিলেন, তখন পাথরের দ্বারা বিকিরিত তাপের ফলে তিনি ব্যর্থ হন। অর্থাৎ স্বাভাবিকভাবে গ্রীষ্মকালে প্রচণ্ড দাবদাহে এখানকার জনজীবন অতিষ্ঠ হয়ে ওঠে। এখানকার জমজমের কূপ থেকে পানীয় জল পর্যাপ্ত পাওয়া যেত ঠিকই, কিন্তু পাথুরে পাহাড়ি অঞ্চলে মক্কা শহর অবস্থিত হওয়ায় কৃষিকাজ সম্ভব ছিলনা। চাষবাস নয় মক্কার খ্যাতি ও সমৃদ্ধির আসল কারণ ছিল ব্যবসা বাণিজ্য ও ধর্ম।

মহানবীর জন্মস্থান হিসেবে ১) মুসলিমদের কাছে যেমন মক্কার গুরুত্ব আছে, অপরদিকে মক্কায় অবস্থিত কাবা হল আদিম ধর্মবিশ্বাসের প্রতীক যা পরে ইসলামের রক্ষাকবচ হয়ে উঠেছিল, কাবার তত্ত্বাবধায়ক কোরায়েশদের দায়িত্বে এটি একটি জাতীয় ধর্মীয় স্থানে পরিণত হয়। এই পবিত্র কাবাকে কেন্দ্র করে ধর্মীয় উৎসব ও ব্যবসা বাণিজ্য মক্কার সুনাম বৃদ্ধি করেছিল। মহম্মদের প্রথম উদ্ঘাটক কুরআন ও তীর্থযাত্রা হজ হিসেবে মক্কার উল্লেখ আছে। তাছাড়া উকাজের মেলাটি বাণিজ্যিক ও বৌদ্ধিক মিলন কেন্দ্রে পরিণত হয়েছিল। দক্ষিণ থেকে উত্তরে যাওয়ার যে বাণিজ্য পথটি, এই শহরের মধ্য দিয়ে গেছে। তাছাড়া প্রাচীন এই শহরটি প্রথম দিকেই মা'আরবি ও গাজ্জার মধ্যবর্তী একটি বাণিজ্য কেন্দ্রে পরিণত হয়।অন্যদিকে মক্কায় অবস্থিত ক্যারাভান পথ ধরে মশলা, চামড়া, বস্ত্র, অস্ত্র, শস্য এবং মদের ব্যাবসা চলত।

মক্কা বিজয়ের পর হজরত মুহম্মদ (দঃ) মদিনার অন্যতম বিশিষ্ট সুধী মুয়াদ বিন-জাবালের ওপর সাধারণ মানুষের শিক্ষার দায়িত্ব অর্পণ করেছিলেন। তিনি প্রথম যুগের কুরআন ও হাদিস সংগ্রহকারীদের অন্যতম। ইবনে জাবালের মৃত্যুর পর আবদুল্লাহবিন-আব্বাস তাঁর স্থলাভিষিক্ত হন। মক্কায় শিক্ষা প্রসারের ক্ষেত্রে তাঁর দান উল্লেখযোগ্য। আবদুল্লাহ প্রথমে বসরা ও মদিনার শিক্ষকতা করতেন। আবদুল মালিক-বিন-মারওয়ান ও আবদুল্লাহবিন-আল-যুবাইরের মধ্যে যখন রাজনৈতিক কলহ চলছিল, তখন তিনি মক্কায় শিক্ষকতা করতেন। তিনি কাবা প্রাঙ্গণে বসে হাদিস, ধর্মতত্ত্ব, আইনশাস্ত্র ও সাহিত্য পড়াতেন। তাঁর জন্য মক্কার শিক্ষাকেন্দ্র যথেষ্ট খ্যাতি লাভ করেছিল। এই স্কুল থেকে মুজাহিদ-বিন-জবর, আতা-বিন-আবিরা বা'আ ও তাউস-বিন-কায়সানের মতো ব্যক্তি উচ্চশিক্ষার সনদ লাভ করেছিলেন। তাঁদের সকলেই ছিলেন মাওয়ালি। মুজাহিদ কুরআনের ব্যাখ্যাকারী হিসেবে প্রসিদ্ধি লাভ করেছিলেন। দ্বিতীয় পণ্ডিত ছিলেন আতা। তিনি হজ ও সংশ্লিষ্ট অন্যান্য সমস্যা সমাধানের সবচেয়ে নির্ভরযোগ্য পণ্ডিতরূপে খ্যাতি অর্জন করেছিলেন। তাউস-বিন-কায়সান ছিলেন পারস্যের অধিবাসী। তিনি ইবনে আব্বাসের প্রিয় ছাত্র হিসেবে বিখ্যাত হয়ে আছেন। তিনি পরবর্তী সাহাবাদের শিক্ষক হিসেবে স্বীকৃতি লাভ করেছিল।

পরিশেষে বলা যায় হজরত মহম্মদ ও পবিত্র খলিফাদের আমলে মক্কা ও মদিনা শহরের খ্যাতি সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল। তাছাড়া শিক্ষা, সংস্কৃতির কেন্দ্র রূপে মক্কার যথেষ্ট খ্যাতি ছিল। কিন্তু উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা মুয়ারিয়া ইসলামিক সাম্রাজ্যের রাজধানী দামাস্কাসে স্থানান্তরিত করলে মক্কা ও মদিনা শহরদুটি তাদের জৌলুস হারিয়েছিল। অবশ্য এই শহরদুটির ধর্মীয় মহিমা অক্ষত ছিল।

২২.১.৪: মদিনা

খ্রিস্টীয় প্রথম শতকে রোমানদের প্যালেস্টাইন বিজয়ের সময় ইহুদিরা এখানে বসবাস করতে শুরু করে। সম্ভবত এই সিরিয়াবাসী ইহুদিরা ইয়াসরিব শহরের 'মেডিন্টা' নামে ব্যবহার করতে শুরু করে। যার থেকে 'মদিনা' নামের উৎপত্তি। মক্কা থেকে ৩০০ মাইল উত্তরে হেজাজ প্রদেশে মদিনা শহর অবস্থিত।

মদিনা

সিরিয়া ও ইয়েমেনের সংযোগকারী বাণিজ্য পণ্যের উপরে ছিল মদিনার অবস্থান। এই শহরটি ছিল আসলে একটি মরূদ্যান। সেখানে প্রচুর খেজুর ও পাম চাষ হত। খেজুর চাষ ছাড়াও এটি ছিল আরব ভূখণ্ডের একটি উল্লেখযোগ্য কৃষিক্ষেত্র। মুলত: তিনটি গোষ্ঠীর ইহুদী এখানে বাস করত যথা - কায়নুকা, নাদির এবং কুরাইযা। নাদির ও কুরাইযা গোত্র দুটি ছিল সমৃদ্ধ জমির মালিক এবং ভূস্বামী। এদের দ্বারা শহরটি একটি অগ্রণী কৃষি কেন্দ্রে পরিণত করেছিল। কায়নুকা গোত্রটি স্বর্ণকার, ব্যবসা ও কারিগরি শিল্পের সঙ্গে যুক্ত। ইহুদিদের পাশাপাশি কিছু আরব গোত্রের বাস ছিল এখানে। এই গোত্রগুলির মধ্যে আউস ও খযরায, তারা সবসময় নিজেদের মধ্যে বিবাদ ও কলহে লিপ্ত থাকত অবশ্য এই সংঘাতে ইহুদি গোত্রগুলি জড়িয়ে পড়তো। এই অচলাবস্থা থেকে রেহাই পেতে মদিনা বাসী আমন্ত্রণ জানিয়েছিল মহানবীকে।

অন্যদিকে আবার হজরত মহম্মদ মক্কায় জন্মগ্রহণ করলেও কোরায়েশদের অত্যাচারে জন্মভূমি মক্কা ত্যাগ করে মদিনায় গমন করে যা ইসলামের ইতিহাসে হিজরত নামে পরিচিত। ইসলামের প্রাথমিক পর্বে মদিনা ছিল ইসলামিক ধর্মাবলম্বীদের প্রধান আশ্রয়স্থল। বদর, উহুদ ও খন্দকের যুদ্ধে মদিনার অধিবাসীরাই হজরত মহম্মদকে যোগ্য সহায়তা করেছে। ইসলামকে রক্ষার জন্য মদিনার বহু আনসার প্রাণ বিসর্জন দিয়েছে। মদিনার নিরাপদ অবস্থান , প্রাকৃতিক সৌন্দর্য, মনোরম জলবায়ু এবং সর্বোপরি আনসারদের আন্তরিকতায় মুগ্ধ হয়ে হজরত মহম্মদ মদিনায় থাকার সিদ্ধান্ত নিয়েছিলেন। এই মদিনায় তিনি ধর্মীয় নেতার পাশাপাশি রাষ্ট্রপ্রধান হিসেবে আত্মপ্রকাশ করেছিল। উম্মাহ সম্প্রদায়ের গঠন করেন। তাছাড়া হজরত মহম্মদের পবিত্র কবরস্থান অবস্থিত হওয়ায় প্রতি বছর বহু পূণ্যার্থীর আগমন ঘটে এই পবিত্র শহরে। প্রথম তিন খলিফার আমলে মদিনা ছিল মুসলিম সাম্রাজ্যের রাজধানী। পরে অবশ্য চতুর্থ খলিফা হজরত আলি মদিনা থেকে রাজধানী কুফায় স্থানান্তরিত করেছিল।

তবে মক্কা অপেক্ষা মদিনাই অধিকতর গুরুত্ব লাভ করেছিল। কারণ ঐতিহাসিক সমৃদ্ধির জন্য এখানে ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়েছিল। নতুন সংস্কৃতি সম্পর্কে জ্ঞানার্জনের জন্য জ্ঞানান্বেষণকারীগণ এখানে সমবেত হতেন; কারণ এর নির্ভরযোগ্য ব্যাখ্যাকারীগণ মদিনাতেই বাস করতেন। এই যুগের অধিকাংশ শিক্ষিত লোকই মদিনার শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শিক্ষালাভ করেছিলেন। সমগ্র মুসলিম জগৎ থেকে ইতিহাস, ধর্মতত্ত্ব, হাদিস ও আইনশাস্ত্রের ছাত্ররা এখানে শিক্ষালাভ করতে আসতেন। আবদুল আজিজ-বিন-মারওয়ান ও তাঁর পুত্র ওমর-বিন আবদুল আজিজকে শিক্ষালাভের জন্য মদিনায় প্রেরণ করেছিলেন।

গুরুত্বের দিক দিয়ে মক্কার পরেই মদিনার স্থান। এটি হজরতের জীবদ্দশায় শুধু ইসলামের কেন্দ্রই ছিল না, বরং তাঁর পরবর্তী তিনজন উত্তরাধিকারীর আমলেও এটি সাম্রাজ্যের রাজধানী ছিল। মক্কা ও মদিনা এই উভয় স্থানই ইসলামি শিক্ষা ও সংস্কৃতির ও সঙ্গীত চর্চার গুরুত্বপূর্ণ কেন্দ্র ছিল।

২২.১.৫: তায়েফ

নাজদ-এর উচ্চভূমি ও তিহামা (নিম্নভূমি) নামে পরিচিত নিম্ন উপকূল অঞ্চলের মধ্যে প্রধান প্রতিবন্ধক (হিজাজ) রূপে দাঁড়িয়েছিল আল-হিজাজের অনুর্বরভূমি। এই আল-হিজাজের একটি উল্লেখযোগ্য শহর হল তায়েফ, কুরআনে যার অর্থ কাবা প্রদক্ষিণকারী। প্রায় ৬০০০ ফুট উচ্চতায় গাছের ছায়ায় অবস্থিতি আল - তায়েফ ছিল মক্কার অভিজাত ব্যক্তিদের গ্রীষ্মকালীন আশ্রয়স্থল। একে 'সিরীয় ভূমির' একটি ছোটো অংশ বলে অভিহিত করা হত। ১৮১৪ খ্রি. বার্কহার্ড এই শহরটি পরিদর্শন করতে এসে এই শহরের দৃশ্যগুলিকে খুব মনোরম ও আনন্দদায়ক বলে উল্লেখ করেছেন।



তায়েফ

এখানকার উৎপাদিত দ্রব্যের মধ্যে ছিল মধু, তরমুজ, কলা, ডুমুর, আঙুর, চিনাবাদাম, জাম ও বেদানা। এখানকার গোলাপ ছিল আতরের জন্য বিখ্যাত এবং মক্কার প্রয়োজনীয় সুগন্ধী এখান থেকে সরবরাহ হত। তায়েফকে গোলাপ শহর বলা হত এবং এটির স্বাস্থ্যকর আবহাওয়া, দর্শনীয় সৌন্দর্য, ফলের গুণমান ইত্যাদি কারণে আরব উপদ্বীপের বাকী অংশের দর্শনার্থীদের আকর্ষণ করে। তাছাড়া কুরআন -এ এই শহরটির সৌন্দর্য বর্ণিত আছে।

২২.১.৬: কুফা

খলিফা দ্বিতীয় উমর সৈন্যদুর্গ (Garrison) হিসেবে প্রতিষ্ঠা করেছিলেন। কারণ তিনি মনে করতেন যে , রাজ্য জয় অপেক্ষা রাজ্যের স্থায়িত্ব বিধান অধিক জরুরী। অনেক আনুসন্ধানের পর হীরা পর্বতের নিকট কুফা নগরীর পত্তন হল। এটা ইউফ্রেটিস নদীর তীরে অবিস্থিত ছিল।এর সুবিধা ছিল যে, শত্রু কর্তৃক কোন সময় আক্রান্ত হলে সহজেই এই স্থান ত্যাগ করা যেত এবং সৈন্যবাহিনীকে মরুভুমিতে স্থানান্তর করা সম্ভব ছিল। শহরটি আল নাফাজের উত্তর পূর্ব দিকে অবস্থিত। কুফা হল পাঁচটি ইরাকি শহরগুলির মধ্যে অন্যতম একটি, যা শিয়া মুসলমানদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রাচীন কুফা

চতুর্থ খলিফা হজরত আলি ৬৫৭ খ্রি. মদিনা থেকে ইরাকের কুফায় রাজধানী স্থানান্তরিত করেছিলেন। অধ্যাপক সৈয়দ আব্দুল কাদির এবং মহম্মদ সুজাউদ্দিন তার 'History of Islam' গ্রন্থে রাজধানী স্থানান্তরের কারণ বলেছেন।

১. হজরত আলি উটের যুদ্ধে কুফাবাসীর সহযোগিতা পেয়েছিলেন।

২. তৃতীয় খলিফা উসমানের হত্যার পর মহম্মদের শহর মদিনাকে ধ্বংসাত্মক বা অপবিত্রতার হাত থেকে রেহাই দিতে কুফায় রাজধানী নিয়ে যান।

৩. কুফার অবস্থান ছিল সাম্রাজ্যের কেন্দ্রস্থলে।

৪. 'History of Islam' গ্রন্থে বলা হয়েছে মুয়াবিয়ার বিদ্রোহকে মদিনা থেকে কুফায় বেশি করে নজর রাখা যেত।

সমসাময়িক তথ্য থেকে জানা যায় যে, অষ্টম শতাব্দীর সূচনায় এই নগরের জনসংখ্যা ছিল প্রায় ১০০,০০০ জন। কুফার বাজারে শুধু পণ্য দ্রব্যের আদান-প্রদান হত না। সাংস্কৃতিক, ভাষাগত, বুদ্ধিবৃত্তিরও আদান-প্রদান হত। আরবীয় সংস্কৃতিতে কুফাবাসীদের দান বসরাবাসীদের দানের মতোই উল্লেখযোগ্য। হজরত (দঃ)-এর সাহাবাদের মধ্যে যারা কুফায় স্থায়ীভাবে বসবাস করেছিলেন, তাঁদের মধ্যে আলী-বিন-আবু-তালিব ও আবদুল্লাহবিন-মাসুদের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। হজরত আলির যথেষ্ট বিদ্যা থাকা সত্ত্বেও ইরাকে তাঁর রাজনৈতিক কর্মব্যস্ততার জন্য সাংস্কৃতিক ইতিহাসে আবদুল্লাহবিন-মাসুদ এক বিশিষ্ট স্থান অধিকার করে রয়েছেন। দেশের সাংস্কৃতিক জীবনকে মাসুদ গভীরভাবে প্রভাবিত করেছিলেন। তিনি কুরআনে একজন অনুরাগী শিক্ষার্থী ও হাফিজ ছিলেন। কুরআনের সঠিক ব্যাখ্যা ও ভাষ্যের জন্য লোকে তাঁর মুখাপেক্ষী হত। হজরত উমর (রাঃ) —এর আমলে তিনি জনসাধারণকে শিক্ষা দেওয়ার জন্য কুফায় প্রেরিত হয়েছিলেন। ইবনে মাসুদের গভীর পাণ্ডিত্য ও বিচারজ্ঞান ছিল। কোন বিশেষ বিষয়ের ওপর কুরআন বা হাদিসে স্পষ্ট বিধান না থাকলে, সেখানে তিনি নিজের মতামত প্রদান করতে ইতস্তত করতেন না। ইবনে মাসুদ ৮৪৮টি হাদিস সংগ্রহ করেছিলেন। তাঁর তত্ত্বাবধানে কুরআনের অনেক খ্যাতিমান শিক্ষার্থী শিক্ষালাভ করেন। তাঁদের মধ্যে আলকামা, আল-আসওয়াদ, মাসরুক, উবায়দা আল-হারিস, ইবনে কায়েস ও আমর-বিন-সুরাহ্বিল আল-সাবিহ প্রধান। এই সকল পণ্ডিত বিচারক হিসেবেও প্রসিদ্ধ ছিলেন। ইবনে মাসুদের আরদ্ধ কর্ম সম্পন্ন করে কুফায় তাঁরা সাংস্কৃতিক আন্দোলনের পুরোধা হিসেবে স্মরণীয় হয়ে রয়েছেন।

এই নগরের সুন্দর জলবায়ু, উর্বর ভুমি, এবং আধুনিক জীবনের সাজ-সরঞ্জাম বহু আরব গোত্রের লোককে আকৃষ্ট করেছিল। উমাইয়া ও আব্বাসীদ যুগে ব্যাবসা বাণিজ্য ও শিক্ষা সংস্কৃতির কেন্দ্ররূপে খ্যাতি অর্জন করেছিল।

২২.১.৭: বসরা

দক্ষিণ ইরাকে সাত-আল-আরব নদীর তীরে নগর বসরা, যার একটি সমৃদ্ধ রাজনৈতিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক ইতিহাস আছে।



বসরা

৬৩৮ খ্রিষ্টাব্দে খলিফা দ্বিতীয় উমর সেনা শিবির হিসেবে বসরা শহরটি প্রতিষ্ঠিত করেছিলেন আরব উপজাতিদের নিয়ে সৈন্যবাহিনী গঠনের জন্য। ইসলামিক সাম্রাজ্যের বিস্তৃতি ও সুদৃঢ় করণের জন্য এই নগরটি ব্যবহার করা হয়েছিল। তাছাড়া খলিফাদের সামরিক ও প্রশাসনিক কেন্দ্র হিসেবে বসরা বিখ্যাত ছিল।

অষ্টম শতাব্দীর শুরুতে এই শহরের জনসংখ্যা ছিল প্রায় ২০০,০০০। টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর নিকটে অবস্থিত হওয়ায় এটি মূলতঃ এই নগরের বাণিজ্যে জোয়ার আসে। এই নগরটি মূলতঃ পারস্য উপসাগরের মুখে অবস্থিত হওয়ায় খাদ্য ও সৈন্য পরিবহনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বানিজ্য কেন্দ্রে পরিণত হয়েছিল এবং ভারত মহাসাগরীয় বাণিজ্যের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়।

মক্কা ও মদিনার ন্যায় ইরাকের বসরা ও কুফা শহর দুটি জ্ঞান-বিজ্ঞানের কেন্দ্রে পরিণত হয়েছিল। সাম্রাজ্যের বিভিন্ন স্থান থেকে ছাত্ররা আরবি উচ্চারণ ও কবিতা শিখবার জন্য এখানে সমবেত হত। কথিত আছে, এই দুটি নগরীতেই আরবি চর্চা আরম্ভ হয়েছিল। আরবি ব্যাকরণের প্রতিষ্ঠাতা আবুল আসওয়াদ আল-দুয়ালি বসরায় জন্মগ্রহণ করেছিলেন। তাঁর পরে বসরার বিখ্যাত পণ্ডিত আল-খলিল-বিন আহমদ জন্মলাভ করেন এবং আনুমানিক ৭৮৬ খ্রিস্টাব্দে মারা যান। তিনিই প্রথম 'কিতাবুল আইয়ান' নামে আরবি অভিধান রচনা করেন। হজরত (দঃ)-এর সাহাবাদের মধ্যে আবু মুসা আল-আ'শআরি ও আনাস-বিন-মালিক বসরায় বাস করতেন। আবু মুসা ইয়েমেনের অধিবাসী ছিলেন। মক্কায় এসে তিনি ইসলাম ধর্ম গ্রহণ করেছিলেন। হজরতের শিক্ষিত সাহাবাদের মধ্যে তিনি ছিলেন অন্যতম। পরবর্তীকালে তিনি বসরায় এসে মানুষকে কুরআন শিক্ষা দিতে থাকেন।

প্রথমে এই স্থান শুধু প্রথমে সামরিক সেনানিবাস ছিল এবং এখানে মুসলিম সৈন্যরা তাদের গোত্র ও লোকজন সহ বাস করত। কিন্তু খোলাফায়ে রাশেদীনের শেষে এবং উমাইয়া খলিফাদের আমলে এই নগরটি ব্যবসা - বাণিজ্য ও সংস্কৃতির কেন্দ্রে পরিনত হয়। শুধু তাই নয় বসরা ছিল বহু আরব ব্যাকরণবিদ, কবি গদ্য লেখক, সাহিত্যিক এবং ধর্মীয় পণ্ডিতদের আবাস। উমাইয়া শাসনের শেষের দিকে এবং আব্বাসীদ আমলে কুফা ও বসরা - উভয় নগর ইসলামিক শিক্ষা কেন্দ্রে পরিণত হয়েছিল। কুফা শহরের মতো বসরা একটি উন্মুক্ত শহর হওয়ায় আব্বাসীদ খলিফা আল মানসুর উভয় শহরের চারিদিকে পাঁচিল দিয়ে দিয়েছিলেন।

২২.১.৮: দামাস্কাস

সিরিয়ায় অবস্থিত দামাস্কাস ছিল উমাইয়াদের রাজধানী ও প্রশাসনিক কেন্দ্র। উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা মুয়াবিয়া খলিফার কর্তৃত্বকে কেন্দ্রীভূত করতে চেয়েছিলেন দামাস্কাসে। ৬৩৭ খ্রিস্টাব্দে মুসলিম বাহিনী সিরিয়া জয় করেছিল। এই সিরিয়ার সৈন্যবাহিনীরা উমাইয়াদের সামরিক শক্তির আধার হয়ে দাঁড়িয়েছিল। তাছাড়া বিজিত অঞ্চলের ওপরে কর্তৃত্ব রাখতে এবং আরব উপজাতির বিরোধিতা মোকাবিলা করার জন্য মুয়াবিয়া দামাস্কাসকে (৬৬১ খ্রি.) রাজধানী হিসেবে বেছে নিয়েছিলেন। সিরিয়ার এই দামাস্কাস শহরটি উমাইয়া আমলে সমৃদ্ধির শিখরে পৌঁছায়। এটি ছিল একটা বৃহৎ বাণিজ্যিক কেন্দ্র এবং অলিভ তেল, বস্ত্র, ধাতু, ওষুধ কাগজ এবং শুকনো ফল ইত্যাদি পণ্যকে কেন্দ্র করে ফুসতাত ও বাগদাদের সঙ্গে বাণিজ্য চলত।

সিরিয়া বহু নবীর জন্মভূমি। এটি বহু প্রাচীন সভ্যতার লীলাভূমি। এইখানে ফিনিসীয়, কালদীয়, মিশরীয়, হিব্রু, গ্রিক ও রোমান সভ্যতার মিলন ঘটেছিল। অ্যান্টিয়ক, বৈরুত, দামাস্কাস, হিমস প্রভৃতি সিরিয়ার নগরগুলো শিক্ষা-সংস্কৃতির কেন্দ্র হিসেবে প্রসিদ্ধি লাভ করেছিল। এই সকল কেন্দ্রে সিরিয়াবাসীগণ ফিনিসীয়দের কাছে বর্ণমালা, হিব্রুদের কাছে ধর্মতত্ত্ব, গ্রিকদের কাছে দর্শনশাস্ত্র ও রোমানদের নিকট বিচার পদ্ধতি শিক্ষা করেছিল। এসব শিক্ষাই পরবর্তীকালে মুসলিম সংস্কৃতিতে সিরিয়ার স্থায়ী প্রভাব অক্ষুণ্ণ রেখেছিল। মুসলমানদের সিরিয়া বিজয়ের সঙ্গে সঙ্গে কোরায়েশদের আঞ্চলিক আরবি ভাষাই আদর্শ ভাষা হিসেবে গৃহীত হয়। আরামীয় ও গ্রিক ভাষাও আরবি ভাষার পাশাপাশি চলতে থাকে।



দামাস্কাসের মসজিদ

অষ্টম শতাব্দীতে আব্দুল মালিক দামাস্কাসে যে মসজিদ নির্মাণ করেছিলেন তা স্থাপত্য ভাস্কর্যের অনন্য নজির। অবশ্য পরবর্তীকালে প্রথম ওয়ালিদ এই উমাইয়া মসজিদটির পুনরায় নির্মাণ করেন। তাছাড়া দামাস্কাস শিক্ষা সংস্কৃতির কেন্দ্র হিসেবে খ্যাতি অর্জন করেছিল। তবে উমাইয়াদের পতনের সঙ্গে সঙ্গে দামাস্কাসের গৌরব ম্লান হয়ে গিয়েছিল।



উমাইয়া আমলের গুরুত্বপূর্ণ নগর

২২.১.৯ : উমাইয়া আমলের গুরুত্বপূর্ণ নগর

তাছাড়া উমাইয়া যুগে সিরিয়ার অ্যান্টিয়ক এবং আলেপ্পো, নগর দুটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল আরব জনজীবনে। অন্যদিকে প্যালেস্টাইনের জেরুজালেম শহরটি শুধু খ্রিস্টান বা ইহুদি নয় মুসলিমদের ধর্মীয় কেন্দ্র হিসাবে খ্যাতির শীর্ষে পৌঁছেছিল উমাইয়া আমলে। তাছাড়া উমাইয়া যুগে মিশরের ফুসতাত, মাগরিরেবের কায়রাবান (Qayrawan), ফেজ-নগরের শ্রীবৃদ্ধি ঘটে। ফুসতাত শহরটি শুধু বড়ো ছিল না, এটি ছিল প্রধান ভূমধ্যসাগরীয় বন্দর। তাছাড়া স্পেনের কর্ডোভা (৭১৯) নগরটি ছিল পশ্চিম ইউরোপের আরবদের প্রধান শহর।

২২.১.১০: বাগদাদ

আব্বাসীদ খলিফা আল মানসুর ৭৫৮ খ্রিস্টাব্দে সিরিয়া, মেসোপটেমিয়া এবং অন্যান্য প্রদেশ থেকে দক্ষ স্থপতি শিল্পী এবং শ্রমিক নিয়োগ করে বাগদাদ নগরের নির্মাণকার্য শেষ করেন ৭৬২ খ্রিস্টাব্দে। আল-বাগদাদের যে জায়গায় রাজধানী গড়ে ওঠে, সেখানে প্রাচীন সাসানীয় আমলে 'বাগদাদ' নামে একটি গ্রাম ছিল যার অর্থ 'আল্লাহার দান'। আলমানসুর এই স্থানটিকে রাজধানী হিসেবে বেছে নেওয়ার পিছনে অবশ্য একাধিক কারণ আছে

i) ফৌজি ছাউনির পক্ষে বাগদাদ ছিল দুর্দান্ত জায়গা।

ii) চিন পর্য্যন্ত বিস্তৃত সাম্রাজ্য নজরদারি রাখার জন্য এখানে রয়েছে টাইগ্রিস নদী।

iii) বাগদাদের সঙ্গে সংযোগ ছিল পর্য্যাপ্ত খাদ্য উৎপন্নকারী দেশ মেসোপটেমিয়া, আর্মেনিয়া এবং পারিপার্শ্বিক প্রদেশের সঙ্গে, তাছাড়া সিরিয়া, আল-রাক্কাহ এবং সংলগ্ন প্রদেশের উৎপন্ন সামগ্রী নদীপথে আনা যেত।



বাগদাদ শহরের গঠন কাঠামো

বাগদাদ শহরের পোশাকি নাম হয় মদিনাৎ-আল-সালাম (শান্তির শহর)। খলিফা আলমানসুর এই নাম দেন। শহরটি গড়া হয় বৃত্তের আকারে। আবার কেউ কেউ বলত, গোলাকার শহর (আল-মুদাওয়ারা)। পুরো শহরটা ঘিরে ছিল জোড়া প্রাচীর, গভীর পরিখা এবং ৯০ ফুট উঁচু আরেকটি তৃতীয় প্রাচীর, যা নগরীর অন্তঃস্থলকে বেষ্টন করেছিল। প্রাচীরগুলিতে ছিল চারটি করে সমান মাপের ফটক। ওই সমদূরত্বে চার ফটক থেকে শুরু হয়েছিল চারটি জাতীয় সড়কপথ। গোলাকার শহরের মাঝখানে খলিফার প্রাসাদ থেকে শুরু করে গোটা নগরটা ঘুরলে চাকার দণ্ডের মনে হয় হয় চারটি কোণ। এ প্রসঙ্গে ঐতিহাসিক Ira. M. Lapidus বলেছেন যে, সাম্রাজ্যের কেন্দ্রস্থলে খলিফার আসন তার সার্বভৌমত্ব প্রকাশ করে সমগ্র বিশ্বের চতুর্থাংশের মধ্যে। প্রবেশ পথে সোনার ফটক এবং সবুজ গম্বুজ ছিল শহরের কেন্দ্রবিন্দুতে।



বাগদাদ ও প্রতিবেশী রাষ্ট্র

বাগদাদের পণ্যশিল্প ছিল বিখ্যাত। সমুদ্র বন্দর হিসেবে বাগদাদের আলাদা গুরুত্ব ছিল। প্রায় কয়েক মাইলব্যাপী সুদীর্ঘ পোতাশ্রয় জুড়ে শত শত জাহাজ শোভা পেত। এগুলো যুদ্ধ ও নৌবহরের জন্য ব্যবহৃত হত। বাগদাদের বাজার সমূহে চিন হতে আসত চিনামাটির বাসন, সিল্কের কাপড় ও মুখোশ, ভারত এবং মালয় হতে মশলা, খনিজ পদার্থ ও রং। মধ্য এশিয়ার তুর্কিস্তান হতে রুবি, নীলবর্ণের মূল্যবান পাথর, উন্নত বস্ত্র এবং ক্রীতদাস, স্ক্যান্ডেনেভিয়া ও রাশিয়া হতে মধু, ভেড়ার লোম ও দাস, পূর্ব আফ্রিকা হতে হাতীর দাঁত ও কাফ্রী ক্রীতদাস আসত। আবার সাম্রাজ্যের অন্তর্ভুক্ত প্রদেশগুলো হতেও স্থল ও জলপথে দ্রব্য সামগ্রী এসে পৌঁছাত। এগুলোর মধ্যে মিশর হতে চাল, খাদ্যশস্যও লিনেন কাপড়, সিরিয়া হতে কাঁচ ধাতব সামগ্রী ও ফলমূল, আরব হতে কিংখাব, মুক্তা ও হাতিয়ার এবং পারস্য হতে রেশমজাত সামগ্রী, সুগন্ধী ও সবজি বিশেষ উল্লেখযোগ্য।

তিনটি নৌকা সেতুর সাহায্যে নগরীর পূর্ব ও পশ্চিমের মধ্যে সংযোগ রক্ষা করা হত। বাগদাদ ও অন্যান্য রপ্তানি এলাকা হতে আরব বণিকগণ দূরপ্রাচ্য, ইউরোপ এবং আফ্রিকার পথে পাড়ি জমাতেন। তাদের সঙ্গে থাকত স্বর্ণালংকার, বস্ত্র, মশলা ও কাঁচের পুঁতি। সম্প্রতি ফিনল্যান্ড, সুইডেন, জার্মানি এবং রাশিয়ার বিভিন্ন স্থানে আরবীয় মুদ্রার যে ভাণ্ডার আবিষ্কৃত হয়েছে। তা থেকে সে আমলের দুনিয়াব্যাপী মুসলিম বাণিজ্যের সংবাদ অনুমান করা যায় আরব বণিকগণ বিভিন্ন দেশের সঙ্গে ব্যাবসা-বাণিজ্য করে বাণিজ্যলব্ধ সম্পদ দ্বারা বাগদাদের ঐশ্বর্য্য বহুগুণে বাড়িয়ে দিয়েছিল। ঐতিহাসিক পি. কে. হিট্টি বলেন, সে যুগে বাগদাদ ছিল সমগ্র বিশ্বে একটি অদ্বিতীয় শহর।

মধ্যপ্রাচ্যের এই নগরে আন্তর্জাতিক বাণিজ্যের বিকাশ ঘটে বিশেষত, কাগজ, বস্ত্র, চামড়া শিল্পের। বহুমাত্রিক (Cosmopolitan) চরিত্রে আকৃষ্ট হয়ে মধ্যপ্রাচ্যের বিভিন্ন প্রান্ত থেকে সৈনিক, আধিকারিক, বণিক এবং বিদগ্ধ পণ্ডিতদের সমাগম ঘটেছিল। ইহুদি, খ্রিস্টান, মুসলিম প্রভৃতি সম্প্রদায়ের বসবাস ছিল এই নগরে। নবম শতাব্দীতে এই নগরের জনসংখ্যা ছিল প্রায় ৫০০,০০০। মধ্যযুগে সম্ভবত কনস্ট্যান্টিনোপল ছাড়া কোনো শহর সমকক্ষ হতে পারেনি। এ প্রসঙ্গে ঐতিহাসিক Ira. M. Lapidus বলেছেন বাগদাদ নগরী অনেকগুলো প্রাসাদ, মসজিদ, অট্টালিকা এমনকি আব্বাসীদ খলিফা হারুণ-উল-রশিদের আমলে সংগীত চর্চার কেন্দ্র হিসেবে খ্যাতি অর্জন করেছিল। প্রতিষ্ঠাকাল থেকে প্রায় ৫০০ বছর ধরে আরবি ও ইসলামিক সভ্যতার কেন্দ্রস্থল রূপে বিবেচিত হলে ১২৫৮ খ্রি. মোঙ্গল নেতা হলাগু জয় করলে এই নগরের গুরুত্ব হ্রাস পায়।

২২.১.১১: উপসংহার

পরিশেষে বলা যায়, নগরায়ণ প্রক্রিয়া আরব সমাজজীবন পরিবর্তনের ক্ষেত্রে অগ্রদূতের ভূমিকা পালন করেছিল। নগরগুলিতে সমৃদ্ধি ও বসতি বিন্যাস আরব সমাজের শ্রেণি বিন্যাসকে আরও স্পষ্ট করে তুলেছিল। তাছাড়া নগর কেন্দ্রগুলি দ্বারা আরব এবং অ-আরব মুসলিমদের বিভাজন দূর করতে সক্ষম হয়েছিল এবং মধ্যবিত্ত শ্রেণির উত্থান, বিশেষত কিছু নগরে ইরানীয় সভ্যতার প্রভাবে যে আরবীয়, পারসিক সভ্যতার সমন্বয়ে এক অখণ্ড ইসলামিক সভ্যতা গড়ে উঠেছিল তা কয়েক শতক ধরে টিকেছিল।

২২.২: বাণিজ্য

২২.২.১ : সূচনা

আবার মরুভূমির দেশ বলে এখানকার অধিবাসীগণ কখনোই জীবিকার জন্য তাদের দেশের ওপর নির্ভর করতে পারত না, তাই তারা উন্মুক্ত বিশ্বে ভাগ্যের সন্ধানে বের হত। যেসকল কারণে তারা বহির্বিশ্বের বিভিন্ন জাতির সঙ্গে মিলিত

হয়েছিল অর্থনৈতিক কারণ তার মধ্যে প্রধান। অর্থনৈতিক সমস্যা হল যে-কোনও মানুষের জীবনের প্রধান সমস্যা। এই অর্থনৈতিক সমস্যা সমাধানের জন্য ইসলামে পরিশ্রমের নির্দেশ দিয়েছে। এই সমস্যা মেটাতে আরবগণ বিপদসঙ্কুল সমুদ্র যাত্রার উদ্দেশ্যে পাড়ি দিয়েছিল।

ইসলামের আবির্ভাবের পূর্বেও আরবগণ পৃথিবীর বিভিন্ন জাতির সঙ্গে ব্যাবসা-বাণিজ্য করত। পূর্ব আফ্রিকার উপকূলে তারা অনেক উপনিবেশ স্থাপন করেছিল। দক্ষিণ আরব ছিল সে যুগের অন্যতম বাণিজ্য কেন্দ্র। ইহুদি লেখক জব বলেছেন, আরবগণ পশ্চিম ভারত থেকে ওষুধ, মশলা এবং সুগন্ধি নির্যাস আমদানি করে তা মিশর ও ফিলিস্তানে রফতানি করত। প্রাচীন আরবের জাহাজ লোহিত সাগর, পারস্যপোসাগর এবং ভারত মহাসাগরে যাতায়াত করত, পূর্ব আরবের ঘেরর ছিল ভারতীয় বাণিজ্যের প্রধান কেন্দ্র। আরব বণিকগণ স্বর্ণ, রৌপ্য, রত্ন, চন্দন, আবলুস কাঠ ও মশলা ফিলিস্তানে রপ্তানি করত।

ভারতের নারীরাও পুরষদের সঙ্গে ব্যাবসা-বাণিজ্য পরিচালনা করত। হজরতের সঙ্গে বিবাহের পূর্বে খাদিজা আরবের এক ধনী ব্যাবসায়ী ছিলেন। আবু জেহালের মা সুগন্ধী দ্রব্যের বাণিজ্য করত। উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা মুয়াবিয়ার মা হিন্দার সঙ্গে প্রতিবেশী গোত্রের বাণিজ্যিক যোগাযোগ ছিল। তাছাড়াও বহু আরব মহিলা ব্যাবসাকে পেশা হিসেবে গ্রহণ করেছিল। আরব বণিকগণ ইয়েমেনের মাধ্যমে ভারত ও চিনের পণ্য সিরিয়ার সীমান্ত শহরের মাধ্যমে সিরীয় ও মিশরীয় পণ্য, মেসোপটেমিয়ার মাধ্যমে ইরানের রেশম, তুলা, লিনেন, যন্ত্রপাতি, খাদ্যশস্য, তৈল প্রভৃতি পণ্য আমদানি করত। এ যুগের প্রধান রফতানি দ্রব্য ছিল চামড়া, সোনা-রূপার পিণ্ড, মশলা, রত্ন, ওষুধ প্রভৃতি।

দাউদ ও তার পুত্রের অধীনে ইসরাইলদের উত্থান এবং পশ্চিমে রোমান ও পূর্বে সাসানীয় শক্তির বিস্তারের ফলে ইয়েমেনীয়দের প্রভুত্ব ক্ষুণ্ণ হয়। ইয়েমেনীয়গণ সমুদ্রে তাদের প্রভাব ও প্রতিপত্তি হারায়। অবশ্য ইসলামের আবির্ভাবের পর আরবগণ বাণিজ্যের ক্ষেত্রে নতুন উৎসাহ ও উদ্দীপনার স্রোতে গা ভাসিয়েছিল।

কুরআনের মাধ্যমে আল্লাহ ব্যাবসা-বাণিজ্যে উৎসাহিত করেছেন। মহানবী কেবল বাণিজ্যকে উৎসাহিত করেননি তিনি নিজে ব্যবসায়িক আদর্শও প্রতিষ্ঠা করেন। প্রথম জীবনে তিনি শ্রদ্ধেয় চাচা আবুতালিবের সঙ্গে সিরিয়ার একটি বাণিজ্য অভিযানে গমন করেন। পরে অবশ্য তিনি খাদিজার ব্যবসার দায়িত্বভার গ্রহণ করে ব্যবসায়ী হিসেবে বুদ্ধিমত্তা ও যোগ্যতার পরিচয় দেন। ইসলামের আবির্ভাবকালে প্রথম যুগের অধিকাংশ নব মুসলমান ব্যবসায়ী ছিলেন। আবুবকর, ওসমান ও আব্দুর রহমান বিন আউফ ছিলেন প্রথম শ্রেণির ব্যবসায়ী।

ইসলামিক শাসনের প্রথম পর্বে কুফা, বসরা, ফুস্তাদ, মক্কা ও মদিনা বাণিজ্যের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল। প্রাচীনকাল থেকেই মক্কা, মদিনার সঙ্গে সিরিয়া, রোম ও বাইজানটাইনের বাণিজ্যিক সম্পর্ক বজায় ছিল। দ্বিতীয় খলিফা হজরত উমরের সময় থেকে ইসলামিক সাম্রাজ্যের প্রসারণের সঙ্গে সঙ্গে বাণিজ্যের ক্ষেত্রে মুসলিম বণিকদের প্রভাব বৃদ্ধি পেতে শুরু করে। এডওয়ার্ড সাইদ তাই যথার্থ বলেছেন 'ইসলাম ও বাণিজ্যের বিকাশ হাত ধরাধরি করে এগিয়েছে।' তবে মুসলিমদের স্থল বাণিজ্যের ক্ষেত্রে উটচালিত ক্যারাভানগুলি ছিল একমাত্র ভরসা।

২২.২.২: উমাইয়া আমলের বাণিজ্য

উমাইয়া খলিফাদের আমলে ইসলামিক বাণিজ্যকেন্দ্র হিসেবে দামাস্কাস ও কায়রোর গুরুত্ব বৃদ্ধি পায়। যোগাযোগ কাজ করেছিল। এই সময় চট্টগ্রাম বন্দর থেকে শুরু করে ভূমধ্যসাগর ও লোহিত সাগরের ওপর আরব বণিকদের বাণিজ্যিক প্রাধান্য প্রতিষ্ঠিত হয়েছিল। এই পর্বে বসরা থেকে জলপথে পণ্য যেত বাগদাদে, সেখান থেকে সিরিয়ার

মরুপথ ধরে মিশর ও আনাতোলিয়ার মধ্য দিয়ে স্থলপথে পৌঁছে যেত কনস্টানটিনোপল, ব্রেবিজোল্ড। নীচে উমাইয়াদের সাথে অনান্য সভত্যার বান্যিজিক পণ্য আদান প্রদানের তালিকা দেওয়া হল।

সভ্যতা	আমদানি দ্রব্য	রফতানি দ্রব্য
চিন	সিল্ক, চিনামাটির বাসন, বেতোঘোড়া পশম	কোবাল (চিনামাটির দ্রব্য তৈরি করতে নীল রং) মশলা, নুন, হাতির দাঁত
ভারত	গাণিতিক চিন্তাভাবনা, তামা, বস্ত্রজাত দ্রব্য	মশলা, নুন, মূল্যবান ধাতু, সোনা
ভূমধ্য সাগরীয় অঞ্চল	অলিভ অয়েল, আঙুর, মদ	সোনা, দাস, হাতির দাঁত, দুর্লভ কাঠ, বস্ত্রজাত দ্রব্য, নুন মশলা
আফ্রিকা	সোনা, দাস, হাতির দাঁত, দুর্লভ কাঠ, ও মূল্যবান পাথর	নুন এবং মশলাজাত দ্রব্য
পূর্ব ইউরোপ	পশম, চামড়া, ধাতব দ্রব্য, বস্ত্রজাত দ্রব্য	নুন, মশলা, ধাতব দ্রব্য এবং সোনা



২২.২.৩ : রেশমপথ

- রেশম পথ ধরে উমাইয়ারা চিন, ভারতবর্ষ, ভূমধ্যসাগর এবং পূর্ব ইউরোপের সঙ্গে বাণিজ্য করত।
- উমাইয়ারা আফ্রিকা এবং অন্যান্য বাণিজ্যের সঙ্গে সংযোগ স্থাপন করত।

- উমাইয়া বণিক ও ব্যবসায়ীরা আফ্রিকার কাছ থেকে খুব সস্তা দরে পণ্যের আমদানি করত অথচ খুব চড়া দামে পণ্যদ্রব্য বিক্রি করে প্রচুর মুনাফা অর্জন করেছিল।
- অবশ্য এই মুনাফা তারা দীর্ঘদিন ধরে লাভ করেছিল মধ্যস্থতাকারী রূপে।
- রেশমপথের বাণিজ্যের ক্ষেত্রে উটচালিত ক্যারাভানগুলি ছিল একমাত্র ভরসা।

২২.২.৪: মশলাপথ (Spice Route)



উমাইয়া সাম্রাজ্যের মশলা পথ

- রেশম পথের মতো উমাইয়ারা বাণিজ্যিক আদান প্রদান করত অবশ্য এক্ষেত্রে তারা আফ্রিকার সঙ্গে বাণিজ্য করত।
- উমাইয়ারা মশলা পথকে নিয়ন্ত্রণ করত।
- উমাইয়া সাম্রাজ্যে প্রাকৃতিক সম্পদের অভাব থাকলেও কিন্তু পর্যাপ্ত পরিমাণে নুন, মশলা যেমন তেজপাতা, দারুচিনি, এলাচি, আদা ও হলুদ পাওয়া যেত। উমাইয়ারা চাহিদামতো এই মশলাদ্রব্যের জোগান দেওয়ার জন্য যথেষ্ট অতিরিক্ত মূল্য নিত।

মশলাজাত দ্রব্য (উমাইয়া সাম্রাজ্য)

- আরব বণিকদের মধ্যে করিমি গোষ্ঠীর বণিকরাই মূলত মশলার বাণিজ্যকে নিয়ন্ত্রণ করত।
- উমাইয়া আমলে এই ব্যাবসা-বাণিজ্য বৃদ্ধি রাষ্ট্রের আর্থিক ভিত মজবুত হয়। অন্যদিকে ব্যবসায়ী সম্প্রদায় সমাজে বিশেষ মর্যাদা লাভ করে।

২২.২.৫ আব্বাসীদ আমলের বাণিজ্য

উমাইয়া যুগ ছিল মুসলিম সাম্রাজ্যের প্রতিষ্ঠা ও প্রবর্তনের যুগ এবং আব্বাসীদ যুগ ছিল প্রধানত পরিকল্পনা ও প্রযোজনার যুগ। আর ব্যাবসাই ছিল তাদের পরিকল্পনা ও প্রযোজনার ফসল। এই আব্বাসীদ আমলে ব্যবসা বাণিজ্য প্রসারের পিছনে একাধিক কারণ ছিল। যেমন:- ১) কৃষির সম্প্রসারণ, উন্নত কৃষিজাত দ্রব্য উৎপাদন। ২) পুরানো খাল সংস্কার, নতুন খাল নির্মাণ। ৩) ফুল ও ফলের উদ্যানের সংখ্যা বৃদ্ধি। ৪) কাপড়, কাচ, কাগজ ও ধাতব জাত শিল্পের উৎপাদন বৃদ্ধি। ৫) সাম্রাজ্যের প্রসারতা। ৬) মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন। ৭) বিভিন্ন বিলাস সামগ্রীর প্রয়োজনীয়তা। ৮) সে যুগে শান্তির পরিবেশ। ৯) দূরদূরান্তে রাজ্যের সঙ্গে আব্বাসীদ শাসকদের সুসম্পর্ক স্থাপন। ১০) জলপথ ও স্থলপথের প্রধান বাণিজ্য কেন্দ্র ছিল বাগদাদ, বসরা, কায়রো, আলেকজান্দ্রিয়া ইত্যাদি গড়ে উঠেছিল।



আব্বাসীদ বাণিজ্য পথ

স্থলপথে সমরখন্দ ও চিনা তুর্কিস্তান হয়ে যে বাণিজ্যপথটি ছিল, তাকে বৃহৎ রেশমপথ বলে। চিন দেশের পণ্যদ্রব্যের মধ্যে রেশম ছিল প্রধান। এই জন্য এই বাণিজ্যপথের নাম রাখা হয় 'রেশমপথ' (Silk Route) এই দীর্ঘপথ একটি কাফেলা একটানা অতিক্রম করতে পারত না তাই কাফেলার অদল-বদল চলত। চিন দেশ থেকে আমদানিকৃত দ্রব্যগুলির মধ্যে ছিল রেশম, রেশমীবস্ত্র, তৈজস পত্র, কাগজ, কালি স্বর্ণ, রৌপ্য পাত্র এবং দারুচিনি প্রধান। মুসলমান সওদাগরণ খেজুর, চিনি, সুতি ও পশমীবস্ত্র, ইস্পাতের যন্ত্রপাতি ও কাচের জিনিস তাদের সঙ্গে নিয়ে যেতেন, ভারত থেকে চন্দনকাঠ, আবলুস কাঠ, নারিকেল, চিনি, বাঘের চামড়া এমনকি হাতি ও চিতাবাঘ ও আমদানি হত।

সপ্তম শতাব্দী হতে একাদশ শতাব্দীর তারিখ অঙ্কিত হাজার হাজার মুসলিম মুদ্রা পাওয়া গেছে স্ক্যান্ডিনেভিয়া অঞ্চলে, বিশেষ করে সুইডেনে। এই মুদ্রাগুলি থেকে মুসলিম বাণিজ্যের বিস্তারের পরিধি পরিমাপ করা যায়। তাছাড়া ভলগা নদীর তীরবর্তী অঞ্চলে যে সমস্ত মুদ্রাপ্রাপ্তির কথা সে যুগের সাহিত্যে সবিস্তারে বর্ণিত হয়েছে, তা থেকে অনুমান করা সহজ যে, মুসলিম সাম্রাজ্যের সঙ্গে বাল্টিক অঞ্চলের ব্যাবসা-বাণিজ্য কতটা প্রসার লাভ করেছিল। এই সকল অঞ্চল হতে আরবগণ চামড়া, পশম এবং আম্বার (সুগন্ধী) প্রভৃতি আমদানি করত। বার্নার্ড লুইসের মতে, আরবগণ খুব সম্ভবত স্ক্যান্ডেনেভিয়া অঞ্চল পর্যন্ত যেত না। বরং এই সকল উত্তরাঞ্চলের লোকেরা রাশিয়ার আরবদের সঙ্গে মিলিত হত, এই কাজে আরবদের ও উত্তরাঞ্চলের স্ক্যান্ডেনেভিয়ার মানুষদের মধ্যে মধ্যস্থতা করত ভলগা অঞ্চলের খাজার ও বুলারগণ।

আফ্রিকার সঙ্গে আরবগণ স্থলপথে ব্যাবসা-বাণিজ্য চালাত, এই অঞ্চল হতে তারা স্বর্ণ ও ক্রীতদাস আমদানি করত। এমনকি পশ্চিম ইউরোপের সহিত আরবগণের অবাধ বাণিজ্য চলত। এই ব্যাবসায়ে ইহুদিগণ মধ্যস্থকারী রূপে কাজ করত। প্রত্যেক ইহুদি প্রায় আরবি, ফার্সি, গ্রিক, ফ্রাঙ্ক, স্পেনীয় ও স্লাভ ভাষা জানত। এরা-ও স্থলপথে পূর্ব হতে পশ্চিমে এবং পশ্চিম হতে পূর্বে যাতায়াত করত। পাশ্চাত্য হতে তারা খোজা, ক্রীতদাস, ব্রাকেড, পশম, তরবারি ইত্যাদি আমদানি করত। পশ্চিম ভূমধ্যসাগরীয় অঞ্চল হতে জাহাজে মিশরের ফারামা নামক স্থানে অবতরণ করে উষ্ট্রযোগে লোহিত সাগর পর্যন্ত যেত, আবার সেখান থেকে জাহাজে করে সিন্ধু, দক্ষিণ ভারত ও চিনদেশে যাতায়াত করত। অন্যদল পূর্ব ভূমধ্যসাগরীয় অঞ্চলে এশিয়াতে অবতরণ করে স্থলপথে জাবিয়া নামক স্থানে গমন করে। সেখান হতে বাগদাদ, উবুল্লা হয়ে ওমান, সিন্ধু, দক্ষিণ ভারত ও চিন দেশে চলে যেত। ধার্মিক-বণিক-ব্যবসায়ী শ্রেণির মানুষদের আব্বাসীয় জনগণ ইরানি ভাষার সওদাগর বলত। সমানে তাদের স্থান ছিল বহু উচ্চে।

আব্বাসীদ আমলে ব্যাবসা-বাণিজ্যের চরম উন্নতির ফলে নবম শতাব্দীতে আরবদের মধ্যে ব্যাংক ব্যবস্থা গড়ে ওঠে। রূপার মুদ্রা 'দিরহাম' এবং স্বর্ণমুদ্রা দিনারের মধ্যে আনুপাতিক মূল্যের তারতম্য হওয়ায় এক শ্রেণির মুদ্রা বিনিময়কারীর উদ্ভব হয়। যাদেরকে সাররাফ বলা হত। নবম শতাব্দীতে এরাই ব্যাপকভাবে ব্যাংকারের ভূমিকা পালন করত। বড়ো বড়ো ব্যবসায়ীগণ তাদের মূলধন এদের কাছে জমা রাখত। এই সময় বাগদাদে ব্যাংকের কেন্দ্রীয় অফিস ও অন্যান্য শহরে শাখা অফিস গড়ে ওঠে। এই সকল ব্যাংক হতে চেক ও ক্রেডিট পত্র দেওয়া হত। এই আব্বাসীদ যুগে ব্যাংক ব্যবস্থা এত সুষ্ঠভাবে গড়ে উঠেছিল যে, ব্যবসায়ীগণ বাগদাদের চেক সুদূর মরক্কোতে ভাঙাতে পারতেন। এমনকি বসরাতেও ব্যাংক ব্যবস্থা অত্যন্ত প্রসারলাভ করেছিল। দশম শতাব্দীতে আমরা বাগদাদে সরকারি ব্যাংকের কথা জানতে পারি। মুসলমানদের মধ্যে সুদ দেওয়া-নেওয়া অবৈধ বলে বিবেচিত হওয়ায় এই সকল ব্যাংকের পরিচালকগণ প্রায় সকলেই ছিলেন ইহুদি ও খ্রিস্টান।

২২.২.৬ : উপসংহার

এই আব্বাসীদ আমলে ব্যাবসা-বাণিজ্য বিস্তারের ফলে সাম্রাজ্যের সমৃদ্ধি যেমন বৃদ্ধি পায় অপরদিকে ভাব ও সংস্কৃতির আদান-প্রদান জোরালো হয়েছিল। আব্বাসীদ যুগের অর্থনৈতিক অবস্থা এবং ব্যাবসা-বাণিজ্যের কথা উল্লেখ করে ঐতিহাসিক ফিশার বলেন যে মধ্যপ্রাচ্যের পণ্যদ্রব্যের মান ছিল অত্যন্ত উন্নত এবং তা এত মূল্যবান ছিল যে, ইউরোপের দেশসমূহ ও তাদের বিনিময়ে পণ্যদ্রব্য দিতে সম্মত ছিল না। তবে একথা ঠিক যে, শুধু বাণিজ্যিক পণ্যের আদান-প্রদান ঘটেনি, মুক্ত প্রাণে সংস্কৃতির লেনদেনও ঘটেছে।

২২.৩ নির্বাচিত প্রশ্নাবলী

বিভাগ — ক

(প্রশ্নের মান ২)

১. নগরে নাগরিকরা কী কী সুবিধা পায়?

২. মধ্য যুগের মধ্য ইসলামিক ভূখণ্ডের চারটি নগরের নাম লেখ।

৩. নগরায়ণের দুটি কারণ লেখ।

৪. মক্কা ও মদিনার ধর্মীয় গুরুত্ব লেখ।

৫. উকাজের মেলা বিখ্যাত কেন?

৬. মদিনা নামের উৎপত্তি কীভাবে হয়েছে?

৭. হজরত মহম্মদ কেন মদিনার থাকার সিদ্ধান্ত নিয়েছিলেন?

৮. মদিনা শহরটির রাজনৈতিক গুরুত্ব লেখ।

৯. তায়েফ শহরটি কোথায় অবস্থিত?

১০. তায়েফ শহরটির অর্থনৈতিক গুরুত্ব লেখ।

১১. তায়েফ শহরটি দর্শনার্থীদের কাছে আকর্ষণীয় কেন?

১২. বসরা শহরটি কে কবে প্রতিষ্ঠা করেন?

১৩. বসরা শহরটির অর্থনৈতিক গুরুত্ব লেখ।

১৪. কুফা শহরটি কে কোথায় প্রতিষ্ঠা করেন?

১৫. কুফা শহরের রাজনৈতিক গুরুত্ব লেখ।

১৬. দামাস্কাস শহরটি কে কবে প্রতিষ্ঠা করেন?

১৭. উমাইয়া আমলের চারটি গুরুত্বপূর্ণ শহরের নাম লেখ।

১৮. বাগদাদ শহর কে কবে প্রতিষ্ঠা করেন?

১৯. দুজন মুসলিম ব্যবসায়ী নারীর নাম লেখ।

২০. সওদাগর কাদের বলা হত?

২১. দিরহাম ও দিনার কী?

২২. সাররাফ কাদের বলা হত?

বিভাগ — খ

(প্রশ্নের মান ৫)

১. মধ্যযুগের মুসলিম ভূখণ্ডে নগরায়ণের কারণগুলি লেখ।

২. টীকা লেখ : কুফা, বসরা, তায়েফ, দামাস্কাস

৩. উমাইয়া যুগে রেশম বাণিজ্য পথ সম্পর্কে একটি টীকা লিখুন।

৪. উমাইয়া যুগে মশলা বাণিজ্য পথ সম্পর্কে যাহা জান লিখুন।

৫. আব্বাসীদ আমলে ব্যাবসা-বাণিজ্য প্রসার লাভের কারণ।

৬. আব্বাসীদ আমলে ব্যাংকব্যবস্থা সম্পর্কে সংক্ষেপে কী জানা যায়?

বিভাগ — গ

(প্রশ্নের মান ১০)

১. বাগদাদ নগর সম্পর্কে যাহা জান লিখুন।

২. উমাইয়া আমলে ব্যাবসা-বাণিজ্যের বিস্তার সম্পর্কে লিখুন।

৩. আব্বাসীদ আমলের ব্যাবসা-বাণিজ্য সম্পর্কে যাহা জান লিখুন।

২২.৪ নির্বাচিত গ্রন্থপঞ্জী :

১. ফিলিপ. কে. হিট্টি, আরব জাতির ইতিহাস, পুনর্মুদ্রণ, আদি মল্লিক ব্রাদার্স, কলকাতা, ২০১৬।

২. কে. আলী, মুসলিম সংস্কৃতির ইতিহাস, পুনর্মুদ্রণ, আলেয়া বুক ডিপো, ঢাকা, ২০১৯।

৩. ওসমান গনী, আব্বাসীয়া খেলাফত, পুনর্মুদ্রণ, পারুল প্রকাশনী, কলকাতা, ২০১৮

৪. Rakesh Kumar. Ancient and Medieval World. Sage Publication. New Delhi, 2018.

website

৫. https://www.britannica.com

৬. https://www.academia.edu